কৃষ্ণকর্ণামৃতম্।

পূজ্যপাদ-শ্রীল কবিবর-বিল্বমঙ্গল-
বিরচিতং।

শ্রীল কৃষ্ণদাসকবিরাজকৃত "রসিকরঙ্গদা"-
নাম টীকয়া তথা শ্রীযদুনন্দনঠক্কুরবিরচিত-
পদাবল্যা চ সহিতং।

শ্রীরামনারায়ণবিদ্যারত্নেনানুবাদিতং
প্রকাশিতঞ্চ।

মুর্শিদাবাদ।

বহরমপুর,—রাধারমণ যন্ত্রে
তেনৈব মুদ্রিতং।
৪০৫ চৈতন্যাব্দে।
সন ১২৯৭, আষাঢ়ে।

বিজ্ঞাপন।

কৃষ্ণকর্ণামৃত অতিপ্রাচীনগ্রন্থ, ইহা এতদ্দেশে ছিল না, শ্রীমন্মহাপ্রভু সন্ন্যাস গ্রহণ করিয়া যখন দক্ষিণদেশে তীর্থ-পর্য্যটনে গমন করেন সেই সময়ে এই গ্রন্থখানি আনয়ন করিয়া ছিলেন, ইহার রচনার পরিপাটী অতীব উৎকৃষ্ট। শ্রীমন্মহাপ্রভু স্বরূপ ও রামানন্দের সহিত এই গ্রন্থখানির নিরন্তর নির্জনে আস্বাদন করিতেন, এই গ্রন্থের যে রূপ নাম বর্ণনাও তদ্রূপ, ইহা শ্রবণে কর্ণ পরিতৃপ্ত হয়, ভক্তগণ ইহার আস্বাদনে আনন্দানুভব করিয়া থাকেন, বহুকালা-বধি এই গ্রন্থ-প্রকাশে আমার অভিলাষ ছিল, সমুদায় কার্য্য অর্থসাধ্য একারণ শীঘ্র সম্পন্ন করিতে পারি নাই। সম্প্রতি শ্রীহট্ট কানাইবাজার মৈনাগ্রামনিবাসী শ্রীযুক্ত বাবু রাজীব-লোচন দাস মহাশয় অর্থ সাহায্য বিষয়ে অগ্রসর হইয়া আমাকে প্রকাশিত ও মুদ্রিতকরণে অনুরোধ করেন। বোধ করি শ্রীশ্রীমন্মহাপ্রভু তাঁহার প্রতি দয়া কয়িয়া থাকিবেন, নতুবা অর্থব্যয়-সাধ্য কার্য্যে প্রবৃত্ত হইবেন কেন ?। ভারত-বর্ষে বহু বহু ধনাঢ্য ব্যক্তি আছেন কাহাকেও ভাগবতধর্ম্মের প্রচার বিষয়ে উন্মুখ দেখিতেছি না। অতএব বৈষ্ণবগণ সকলেই এই গ্রন্থ পাঠ করিয়া শ্রীযুক্ত রাজীবলোচন দাস মহাশয়কে আশীর্ব্বাদ করুন, তাঁহার যেন শ্রীশ্রীগৌরাঙ্গ-দেবের প্রতি স্থিরতর ভক্তির উদয় হয় এবং তিনি যেন পঞ্চমপুরুষার্থ কৃষ্ণপ্রেম লাভ করেন ইতি॥

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।

বহরমপুর, রাধারমণ যন্ত্র।

উৎসর্গঃ।

বিষমসমরবিজয়ি—

শ্রীশ্রীশ্রীশ্রীশ্রীমন্মহারাজ-বীরচন্দ্র বর্ম্ম-

মাণিক্য-বাহাদুর-সমীপে—

মহারাজ! সম্প্রতি কবিবর শ্রীবিল্বমঙ্গল বিরচিত কৃষ্ণ-কর্ণামৃত গ্রন্থ, মূল শ্লোক, টীকা, অনুবাদ ও যদুনন্দন ঠাকুরের পয়ার সহ মুদ্রাঙ্কনে প্রবৃত্ত হইয়া আপনার করকমলে সমর্পণ করিলাম। আপনি স্বয়ং, বৈষ্ণববর শ্রীযুক্ত বাবু রাধারমণ ঘোষ বি, এ, সেক্রেটরি মহাশয় দ্বারা ইহার আস্বাদন করিলে আমার পরিশ্রম সফল হইবে। নিবেদন ইতি॥

আশীর্ব্বাদক—

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।

গ্রন্থকারের পূর্ব্ব বৃত্তান্ত ॥

দাক্ষিণাত্যে কৃষ্ণবেণ্ণা নদীর পশ্চিমতীর নিবাসী পণ্ডিতপ্রবর কবীন্দ্র শ্রীবিল্বমঙ্গল নামে কোন এক ব্রাহ্মণ ছিলেন। তিনি পূর্ব্ব অর্থাৎ জন্মান্তরীয় দুর্ব্বাসনায় প্রেরিত হইয়া ঐ কৃষ্ণবেণ্ণার পূর্ব্বতীর নিবাসিনী, যিনি সঙ্গীত-বিদ্যায় অধিকৃত কিন্নরীগণকেও নিন্দা করেন তাদৃশী কোন এক চিন্তামণি-নাম্নী বেশ্যায় অতিশয় আসক্ত হয়েন। তিনি কোন সময় বর্ষাকালের অন্ধকারময়ী রজনীতে মেঘের মন্দ মন্দ গর্জনে কন্দর্প পীড়ায় অন্ধের ন্যায় হইয়া পথের বিঘ্ন সকল গণনা না করত গৃহ হইতে নির্গমন পূর্ব্বক সেই নদীতে শবাবলম্বনে অর্থাৎ মৃতদেহকে আশ্রয় করিয়া উত্তীর্ণ হইলেন, পরে চিন্তামণি বেশ্যার গৃহসমীপে গিয়া দেখিলেন দ্বারে কপাট বদ্ধ রহিয়াছে, বিল্ব-মঙ্গল শত২ ফুৎকার (উচ্চ ধ্বনি) করিলেও যখন কেহ শুনিল না,তখন তিনি ইতস্তত: ভ্রমণ করিতে করিতে দেখিতে পাইলেন ভিত্তি-(প্রাচীর)-গর্ত্তে অর্দ্ধ-প্রবিষ্ট একটা কৃষ্ণসর্প রহিয়াছে,তিনি রজ্জু ভ্রমে ঐ সর্পের পুচ্ছ অবলম্বনপূর্ব্বক ভিত্তি উল্লঙ্ঘন করিয়া গৃহে প্রবেশ করিবেন,অমনি একটা প্রণালিকা (নর্দ্দমা) মধ্যে পতিত হওত মূর্চ্ছিত হইলেন। অনন্তর চিন্তামণি বেশ্যা সখীগণের সহিত বিদ্যুদালোকে তাঁহাকে দেখিতে পাইয়া,"হা কষ্ট"! এই বলিয়া তাঁহাকে আনয়ন করত বিবিধোপচারে সুস্থ অর্থাৎ চেতন করাইলেন। পশ্চাৎ তাঁহার কথিত আগমনের বৃত্তান্ত শ্রবণ করিয়া চিন্তামণি কম্পিত কলেবরে নির্ব্বেদ অর্থাৎ বৈরাগ্যযুক্ত বাক্য প্রয়োগ করত বলিতে লাগিল, "হা কষ্ট! তুমি সকলশাস্ত্রবিশারদ হইয়াও মূঢ় হইলে?, তোমা ব্যতিরেকে কোন্ অন্য ব্যক্তি পরিণামে দুঃখদায়ক রসলেশের নিমিত্ত আপনাকে বিনষ্ট করে?, হায়! আমাকে ধিক্ থাকুক, আমি মহাপাপীয়সী, কপট ভাবদ্বারা পুরুষ সকলকে প্রতারণা করিয়া তাহাদের মনোরূপ ধন সকল হরণ করিয়াছি। অহো! এতাদৃশী ভক্তি যদি শ্রীকৃষ্ণে উৎপন্ন হইত তাহা হইলে কি না হইত?, আমি কল্য সমস্ত পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণের ভজনা করিব" এই বলিয়া চিন্তামণি সেই রাত্রে সখীগণের সহিত বিল্বমঙ্গলকে শুশ্রূষা করিতে করিতে শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণের রাসলীলাময় গীত সকল গান করিতে লাগিল। তখন সেই বিল্বমঙ্গলও তাহার বাক্যে নির্ব্বেদযুক্ত হইয়া আত্মধিক্কার

করিতে করিতে কহিলেন, "আমিও কল্য সমুদায় পরিত্যাগ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণেরই ভজন করিব" এই চিন্তায় উন্নিদ্র হইলেন এবং চিন্তামণির গীত শ্রবণ মাত্রে তাঁহার স্বীয় পূর্ব্বসিদ্ধ প্রেমাঙ্কুর স্মৃতিপথে উদিত হওয়ায়, তখন তিনি শ্রীরাধাকান্তকে আপনার কোটি কোটি প্রাণ অপেক্ষা প্রিয়তম বলিয়া মান্য করত প্রাতঃকালে চিন্তামণিকে প্রণাম করিয়া যে পথে আসিয়া ছিলেন সেই পথে ঐ কৃষ্ণবেণ্বানদীতীরস্থ "সোমগিরি"নামক বৈষ্ণব শ্রেষ্ঠের নিকট গিয়া আপনার বৃত্তান্ত নিবেদন করিলে তিনি তাঁহাকে শ্রীমদ্গোপাল মন্ত্র-রাজ প্রদান করিলেন। বিল্বমঙ্গল মন্ত্রগ্রহণমাত্রে প্রোদ্বুদ্ধ অনুরাগ, কম্প, অশ্রু ও পুলকাদিতে ব্যাকুল হইয়া শ্রীবৃন্দাবন গমনবিষয়ে উৎকণ্ঠাসত্ত্বেও গুরু-সেবার নিমিত্ত কতিপয় দিবস সেই স্থানেই অবস্থিতি করিলেন এবং সে স্থানে থাকিয়া শ্রীকৃষ্ণের লীলাদি বর্ণনময় গ্রন্থ সকল রচনা করিতে লাগিলেন। বহুবিধগ্রন্থে পাণ্ডিত্য দেখিয়া গিরি মহাশয় বিল্বমঙ্গলকে"লীলাশুক"এই আখ্যা প্রদান করেন। তদনন্তর বিল্বমঙ্গল অতিশয় উৎকণ্ঠায় শ্রীগুরুদেবকে নিবে-দন করিয়া শ্রীবৃন্দাবনে যাত্রা করিলেন। গমন করিতে করিতে পথে পথে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তিসমুচ্ছলিত প্রেমপ্রবাহ-জনিত উৎকণ্ঠাতরঙ্গে পতিত হইলেন, তাহাতে আপনাকে শূন্য জ্ঞান করিয়া তত্তল্লীলাবিশিষ্ট শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি প্রার্থনা করত মথুরামণ্ডল হইতে আগত লীলা বিশেষের স্ফূর্ত্তি হওয়াতে তদ্দ্বারা উচ্ছলিত অনুরাগসিন্ধু-জনিত উদ্গত লালসারূপ গর্ত্তে পতিত হইলেন এবং শ্রীকৃষ্ণের দর্শন প্রার্থনা করত তথা হইতে মথুরায় আসিয়া উপস্থিত হইলেন। তৎপরে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তিতে তাঁহাকে সাক্ষাৎকার মানিয়া মথুরা হইতে বৃন্দাবনে আগমন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে সাক্ষাৎ দর্শন করিয়া বাক্যমনের অগোচররূপে তাঁহাকে বর্ণন করিতে করিতে যাহা যাহা প্রলাপ করিয়াছিলেন সেই সমুদায় তাঁহার সঙ্গতিক্রমে তখনি তাঁহার সঙ্গের বৈষ্ণবগণ লিখিয়া রাখিয়াছিলেন। তদনন্তর কিছু দিন বৃন্দাবনে বাস করিলেন, পরে শ্রীকৃষ্ণ লীলাশুককে আপনার লীলার মধ্যে প্রবেশ করান। গ্রন্থকর্ত্তার এই বিবরণ গুরুপরম্পরা প্রাপ্ত এবং ইহা সর্ব্বলোক প্রসিদ্ধ। এই কৃষ্ণকর্ণামৃত খানীকে "কোষকাব্য" বলা যায়, কারণ ইহার শ্লোক গুলি প্রত্যেকই বিভিন্ন ভাবের, পূর্ব্বাপর অসম্বদ্ধ। "কোষঃ শ্লোকসমূহস্তু স্যাদন্যোন্যানপেক্ষকঃ। ব্রজ্যাক্রমেণ রচিতঃ স এবাতিমনোরমঃ" ॥ ইতি সাহিত্যদর্পণে ॥

"ভূমিকা" ॥

—————০:*:০—————

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ ॥

যদ্ভাবভাবিতধিয়ঃ প্রণয়োত্থবাচাং, মুদ্রাপি দুর্গমতমা মুনিপুঙ্গবানাং। রাসোৎসুকং মদনমোহনমচ্যুতং তং, রাধাসমেধিতরসোল্লসিতং নতোঽস্মি ॥১॥ কৃপাসুধাসরিদ্যস্য বিশ্বমাপ্লাবয়ন্ত্যপি। নীচগৈব সদা ভাতি তং শ্রীচৈতন্যমাশ্রয়ে ॥ ২ ॥ রমন্তী কৃষ্ণমাধুর্য্যকেলিসৌন্দর্য্যসম্পদং। কৈশ্চিন্ন ভাবজ্ঞা সম্যগ্‌জ্ঞেয়া লীলাশুকস্য গীঃ ॥৩॥ মন্দোঽপি কশ্চিচ্ছ্রীরূপপাদাম্ভোজমধূন্মদঃ। কৃষ্ণকর্ণামৃতব্যাখ্যাং বিবৃণোতি যথামতি ॥ ৪ ॥ স্পষ্টে বাহ্যদশোক্ত্যর্থে নির্ব্বন্ধং পরিমুঞ্চতা। নিগূঢ়োঽন্তর্দ্দশোক্ত্যর্থো ব্যাখ্যেয়ঃ সাগ্রহং ময়া ॥ ৫ ॥ মদাস্যনক্রসঞ্চারখিন্নাং গাং গোকুলোন্মুখীং। সন্তঃ পুঞ্চন্তিমাং স্নিগ্ধাঃ কর্ণকাসারসন্নিধৌ ॥৬॥ সদ্ভক্তভাগ্যগন্ধর্ব্বগান্ধর্ব্বরসলম্পটৈঃ। সারঙ্গৈঃ শোধ্যতামেষা টীকা সারঙ্গরঙ্গদা ॥ ৭ ॥

অথ দাক্ষিণাত্যঃ কৃষ্ণবেণ্বাপশ্চিমতীরনিবাসী পণ্ডিতঃ কবীন্দ্রঃ শ্রীবিল্বমঙ্গলনামা কশ্চিদ্ব্রাহ্মণঃ কিলাসীৎ। স চ পূর্ব্বদুর্ব্বাসনাপ্রেরিতস্তৎপূর্ব্বতীরবাসিন্যাং সঙ্গীতবিদ্যাধিকৃতকিন্নরীনিকরায়াং কস্যাঞ্চিচ্চিন্তামণিনাম্ন্যাং বেশ্যায়ামতীবাসক্তো বভূব। স চ কদাচিৎ প্রাবৃট্‌তমিস্রায়াং জীমূতমন্দগর্জ্জিতজাতহৃচ্ছয়োঽন্ধ ইবাগণিতগমনপ্রত্যূহচয়ঃ স্বগৃহান্নির্গত্য তাং নদীং হস্তাভ্যাং শবালম্বনেনোত্তীর্য্য কীলিতকবাটং তদাবাসদ্বারমাসসাদ। তত্রাপি তত্রত্যৈরশ্রুতফুৎকারশত ইতস্ততো ভ্রমন্ ভিত্তিগর্ত্তেঽর্দ্ধপ্রবিষ্টকৃষ্ণভুজঙ্গপুচ্ছমালম্ব্য ভিত্তিমুল্লঙ্ঘ্য প্রণালিকামধ্যে নিপতন্ মূর্চ্ছিতো বভূব ততঃ সা সখীভিঃ সহ বিদ্যুদ্রোচিষা তং দৃষ্ট্বা হা কষ্টমিতি বদন্তী তমানীয়োপচারৈঃ সুস্থং চক্রে। ততস্তেন কথিতং স্বাগমনবৃত্তান্তং শ্রুত্বা জাতবেপথুঃ সা সনির্ব্বেদং তমাহ। "অহো সকলশাস্ত্রবিশারদমপি ভবন্তং মূঢ়ং বিনা কোঽন্যঃ পরিণতিবিরসরসলেশার্থমাত্মানং ঘাতয়েৎ। হা ধিক্ ধিগস্তু মাং, যাহং পাপীয়সী কপটভাবৈঃ পুরুষান্ প্রতার্য্য তেষাং মনো-

ধনানি চাহরং। অহো এতাদৃশ্যাসক্তি র্যদি ভগবতি শ্রীকৃষ্ণে জায়তে তদা কিং ন স্যাৎ। শ্বঃ সর্ব্বং পরিত্যজ্য শ্রীকৃষ্ণভজনমেব ময়া কার্য্যং” ইতি নিশ্চিত্য তাং রাত্রীং তং শুশ্রূষমাণা সখীভিঃ সহ শ্রীকৃষ্ণস্য শ্রীরাধয়া সহ রাসকুঞ্জাদি-লীলাময়গীতান্যগাসীৎ। স চাপি তদ্বাক্যমাকর্ণ্য জাতনির্ব্বেদ স্বং ভর্ৎসয়ন্ ময়াপি শ্বঃ সর্ব্বং ত্যক্ত্বা ভগবদ্ভজনমেব কার্য্যমিতি চিন্তয়ন্নুন্নিদ্র এব তদ্গীতশ্রবণমাত্রেণ প্রোদ্বুদ্ধপূর্ব্বসিদ্ধপ্রেমাঙ্কুরস্তং শ্রীরাধাকান্তমেব প্রাণ-কোটিদয়িতং মন্যমানঃ প্রাতস্তাং নমস্কৃত্য তেনৈব পথা তং নদীতীরস্থং সোমগিরিনামানং বৈষ্ণবোত্তমমাসাদ্য নিবেদিতস্ববৃত্তান্তস্তস্মাৎ শ্রীমদ্গো-পালমন্ত্ররাজমগ্রহীৎ। গৃহীতমন্ত্র এব প্রোদ্বুদ্ধানুরাগঃ কম্পাশ্রুপুলকাদি-ব্যাকুলঃ শ্রীবৃন্দাবনগমনোৎকণ্ঠিতোঽপি গুরুসেবার্থং কতিচিদ্দিনানি তত্রৈ-বাবাৎসীৎ। তত্রাপি শ্রীকৃষ্ণলীলাদিবর্ণনময়গ্রন্থাংশ্চকার। তদ্দৃষ্ট্বা সোমগিরি-গুরুণা লীলাশুক ইতি প্রখ্যাপিতোঽভূৎ। অত্র স্বীয়ৈরুপদ্রুতস্তত এব সন্ন্যাসং চক্রে ততঃ পরোৎকণ্ঠয়া শ্রীগুরুং বিজ্ঞাপ্য শ্রীবৃন্দাবনায় প্রতস্থে গচ্ছংশ্চ পথি পথি প্রথমং তৎস্ফূর্ত্তিসমুচ্ছলিতপ্রেমপ্রবাহজোৎকণ্ঠাকল্লোলপতিতঃ শূন্যমিবাত্মানং মত্বা তত্তল্লীলাবিশিষ্টস্য তস্য স্ফূর্ত্তিং প্রার্থয়ন্ ততো মথুরা-মণ্ডলগতো লীলাবিশেষস্ফূর্ত্ত্যুচ্ছলিতানুরাগসিন্ধূদ্গত-লালসাবর্ত্ত-গ্রসিতস্তদ্দ-র্শনং প্রার্থয়ন্ ততো মথুরাগতস্তৎস্ফূর্ত্তৌ সাক্ষাৎকারং মন্বানস্ততো বৃন্দা-বনাগতস্তং সাক্ষাদ্দৃষ্ট্বা বাঙ্মনসাগোচরত্বেন তং বর্ণয়ংশ্চ যদ্যৎ প্রললাপ তত্তৎ সর্ব্বং তৎসঙ্গিভি র্বৈষ্ণবৈস্তদা তদৈব লিখিত্বা স্থাপিতমাসীৎ। ততো বৃন্দাবনে কতিচিদ্দিনান্যবাৎসীৎ পশ্চাৎ শ্রীকৃষ্ণেন স্বলীলাং প্রবেশিতঃ। ইতি হি গুরুপরম্পরাগতা সার্ব্বলৌকিকী প্রসিদ্ধিরিতি॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

কৃপাসুধাসরিদ্যস্য বিশ্বমাপ্লাবয়ন্ত্যপি।
নীচগৈব সদা ভাতি, তং শ্রীচৈতন্যমাশ্রয়ে॥

বন্দ গুরুপাদপদ্ম-নখাগ্র-অঞ্চলে। যাতে হৈতে বিঘ্ন-নাশ সর্ব্বাভীষ্ট মিলে॥ কৃষ্ণকর্ণামৃত গ্রন্থ অতি মনোহর। যাহা আস্বাদিলা প্রভু শচীর কুমার॥ রায় রামানন্দ সনে

শ্রীবিদ্যানগরে। আস্বাদিলা কর্ণামৃত অর্থ সুদুষ্করে॥ শ্রীলীলাশুকের বাণী সমুদ্র-গম্ভীর। সমস্ত জানিতে নারে ভাবজ্ঞ * সুধীর॥ আদ্য অন্তে কৃষ্ণকেলি মাধুর্য্যে রসময়। কৃষ্ণের সৌন্দর্য্য রস অতি রসময়॥ শ্রীকৃষ্ণদাস কবিরাজ সেই ভাবে মগ্ন হৈয়া। টীকা লিখিয়াছেন অতি সুন্দর করিয়া॥ অতিক্ষুদ্র আমি তার অর্থ কিবা জানি। তাহাই লিখিয়ে সাধুমুখে যাহা শুনি॥ ঠাকুর বৈষ্ণব পায়ে প্রণতি আমার। কলিযুগে উদ্ধারিলা বহু দুরাচার॥ তোমার চরণে যেন নহে অপরাধ। নিজগুণে এই মোরে করিবা প্রসাদ॥ ভাবমগ্ন লীলাশুক দুই রূপে স্থিতি। অন্তর্দ্দশা বাহ্যদশা হয় শ্লোক প্রতি॥ বাহ্যদশার অর্থ আমি না লিখিব হেথা। যথামতি লেখ মুঞি অন্তর্দ্দশার কথা॥ এই লীলা শুকের বাণী শুন সাবধানে। যাতে ভাব জানা যায় কৃষ্ণের ভজনে॥

দাক্ষিণাত্য দেশে আছে কৃষ্ণবেণ্বা নদী। যাহার পশ্চিম পারে তাহার বসতি॥ শ্রীবিল্বমঙ্গল নাম ব্রাহ্মণ পণ্ডিত। কবীন্দ্র অবধি সর্ব্ব লোকেতে বিদিত॥ পূর্ব্ব দুর্ব্বাসনা তারে কৈল আকর্ষণ। কন্দর্পচেষ্টাতে মগ্ন হৈল তার মন॥ সেই নদীর পূর্ব্বদিকে বেশ্যার বসতি। চিন্তামণি তার নাম সুন্দরী যুবতী॥ বড়ই আসক্তি তার সেই বেশ্যা সনে। সদা সেই চেষ্টা বিনে আন নাহি জানে॥ এক দিন বর্ষাকালে রাত্রি ঘোর তর। মেঘ গর্জন বৃষ্টিধারা পড়ে নিরন্তর॥ তাতে কামচেষ্টা অতি হইল অন্তরে। সে চেষ্টাতে অন্ধ হৈলা কিছু নাহি স্ফুরে॥ নদীপারে যাইতে বিঘ্ন শঙ্কা নাহি গণে। নিজ

* ভাবজ্ঞ বাণী, অর্থাৎ শ্রীলীলাশুকের অনির্ব্বচনীয় ভাবজনিত বাক্য॥

ঘর হৈতে যান সেই বেশ্যাস্থানে॥ নৌকা নাহি নদী পার হইতে না পারে। মৃতকে ধরিয়া গেলা সেই নদী পারে॥ বেশ্যা দ্বারে গেলা কপাট খিল লাগে তায়। প্রবেশিতে নারে তাতে মহাচেষ্টা পায়॥ প্রাচীরের চতুর্দ্দিকে ডাকিয়া বেড়ায়। মেঘের গর্জ্জনে তারা শুনিতে না পায়॥ সেই কালে দেখে ভিত্তিগর্ত্তের ভিতরে। কালসর্প অর্দ্ধ অঙ্গ প্রবেশে কুহরে॥ অর্দ্ধ অঙ্গ আছে বাহে তার পুচ্ছ ধরি। প্রাচীর লঙ্ঘিয়া পড়ে প্রণালী উপরি॥ পড়িতে হইল মূর্চ্ছা নাহিক চেতন। শব্দ শুনি বেশ্যা দেখে লঞা সখীগণ॥ বিজুরী ছটায় তারে দেখিয়া তখন। শীঘ্র তারে আনে বেশ্যা লঞা সখীগণ॥ হাহাকার করি বেশ্যা বহু চেষ্টা পাইল। শুশ্রূষা করিয়া তারে সুস্থির করিল॥ তবে আগমন কথা বিবরি কহিলা। যেন যেন রূপে নদী পারাদি হইলা॥ বৃত্তান্ত শুনিয়া বেশ্যা লাগিলা কাঁপিতে। অতিশয় দুঃখী হৈয়া লাগিল কহিতে॥ "শাস্ত্র জানি মূর্খ কেহ নাহি তোমা বিনে। বিরস রসের লাগি বধহ আপনে॥ হাহা ধিক্ ধিক্ রহু জীবন আমার। মহাপাপীয়সী আমি জানিনু নির্দ্ধার॥ নানান্ কপটভাবে পুরুষ বঞ্চিয়া। মন ধন হরি লাউ তাকে প্রতারিয়া॥ এমন আসক্তি যদি জন্মে কৃষ্ণ লাগি। তবে কিবা লাভ নহে কৃষ্ণ অনুরাগী॥ কালি আমি প্রাতঃকালে সকল ছাড়িয়া। ভজিব কৃষ্ণের পায়ে একান্ত করিয়া॥" এইরূপে সেই রাত্রি সখীগণ লৈয়া। তাহার শুশ্রূষা করে নির্ব্বেদ কহিয়া॥ শ্রীকৃষ্ণ শ্রীরাধা সনে রাস-কুঞ্জলীলা। গান করে সখী সনে হৈয়া এক মেলা॥ তার

বাক্য শুনি লীলাশুক মহাশয়। মনে মনে দুঃখ ভাবি আপনা ভৎর্সয়॥ মনে কহে কালি প্রাতে এসব ছাড়িয়া। ভজিব কৃষ্ণের পায়ে একান্ত হইয়া॥ নিদ্রা নাহি হয় সদা চিন্তিত অন্তর। রাধাকৃষ্ণ লীলা গীত শুনয়ে বিস্তর॥ সে লীলা শ্রবণমাত্র মায়াবন্ধ গেল। পূর্ব্ব সিদ্ধ প্রেমাঙ্কুর তবহি জন্মিল॥ সেই রাধাকান্ত মোর কোটি প্রাণ প্রাণ। তারে ছাড়ি কিবা মুই করু অনুষ্ঠান॥ এত বিচারিতে মনে পোহাইল রাতি। প্রাতে উঠি বেশ্যা পায়ে কৈল নুতি স্তুতি॥ সেই পথে চলি গেলা সেই নদী তীরে। বৈষ্ণব আছেন যথা সোমগিরিবরে॥ আপন বৃত্তান্ত তারে কহিলা সকল। উপাসনা কৈলা শ্রীগোপাল মন্ত্রিবর॥ সে মন্ত্র লইতে-মাত্র কি কহিব আর। অতি অনুরাগ হৈল উদয় তাহার॥ স্তম্ভ কম্প পুলকাশ্রু আদি ভাবগণ। ব্যাকুল হইলা অঙ্গ না যায় ধারণ॥ যদ্যপি হ বৃন্দাবন যাইতে উৎকণ্ঠিত। গুরুসেবা লাগি কত দিন কৈলা স্থিত॥ কৃষ্ণ-লীলা বর্ণনাদি গ্রন্থ বহু কৈলা। তাহা দেখি গুরু "লীলা-শুক" নাম থুইলা॥ কুটুম্বের উপদ্রব বারণ লাগিয়া। সন্ন্যাস করিলা সূত্র ত্যাগিত হইয়া॥ তবে অতি উৎকণ্ঠিত বাঢ়ি গেল মনে। বিনয় করিয়া আজ্ঞা নিল গুরুস্থানে॥ বৃন্দা-বন যাইতে যাত্রা প্রভাতে করিলা। পথে পথে যাইতে আগে কৃষ্ণস্ফূর্ত্তি হৈলা॥ তাতে হৈতে উছলিল অতি প্রেমপূর। উৎকণ্ঠা কল্লোলে তেঞি পড়িলা প্রচুর॥ তাতে পড়ি শূন্য প্রায় আপনাকে মানে। বিশেষ লীলার স্ফর্ত্তি করেন প্রার্থনে॥ এরূপে আইলা তেহোঁ মথুরা-

মণ্ডলে। বিশেষ কৃষ্ণের লীলা স্ফূর্ত্তি সেই স্থলে॥ অনুরাগ সিন্ধু তাতে হইতে উছলিলা। লালসা-আবর্ত্তে সর্ব্ব চিত্ত গ্রাস কৈলা॥ কৃষ্ণের দর্শন লাগি করয়ে প্রার্থনা। মথুরা-ভিতরে গেলা লৈয়া কত জনা॥ সাক্ষাৎ কৃষ্ণের স্ফূর্ত্তি মানিলেন তথা। তবে বৃন্দাবনে গেলা চিত্ত উৎকণ্ঠিতা॥ সাক্ষাতে দেখিল তথা ব্রজেন্দ্রনন্দন। মনো বাক্য অগোচরে করিয়া বর্ণন॥ প্রলাপ করিয়া যথা সে সব বর্ণিল। স্বসঙ্গী বৈষ্ণব তাহা লিখিয়া রাখিল॥ তবে কত দিন তেহোঁ রহে বৃন্দাবনে। পাছে কৃষ্ণ নিত্যলীলায় কৈল প্রবেশনে॥ গুরু পরম্পরায় এই লীলাশুক বাণী। প্রসিদ্ধ লোকের স্থানে এই কথা শুনি॥

এই ত কহিল লীলাশুকের চরিত। যাহার শ্রবণে কৃষ্ণ মিলয়ে ত্বরিত। লীলাশুক পায়ে মোর প্রণতি বিস্তর। সাক্ষাতে কৃষ্ণের সনে যার প্রত্যুত্তর॥

———

কৃষ্ণকর্ণামৃতম্।

শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

চিন্তামণির্জয়তি সোমগিরি র্গুরুর্মে
শিক্ষাগুরুশ্চ ভগবান্ শিখিপিঞ্ছমৌলিঃ।
যৎপাদকল্পতরুপল্লবশেখরেষু
লীলাস্বয়ম্বররসং লভতে জয়শ্রীঃ ॥ ১ ॥

অথ প্রেমোন্মত্তঃ স্বালয়াৎ লালসয়া শ্রীবৃন্দাবনায় প্রস্থানং কুর্ব্বন্নেব শ্রীলীলা-শুকঃ স্বগুরোঃ স্বগুরুত্বেনৈব স্বেষ্টদৈবতস্য চ সংকীর্ত্তনরূপং মঙ্গলমাচরতি। ইদং মঙ্গলাচরণমন্যেষাং গ্রন্থকারাণামিব ঈপ্সিতপূর্ত্তিবিঘ্ননিরসনপ্রয়োজনং ন ভবতি প্রেমোন্মাদপ্রলাপেঽস্মিন্ গ্রন্থকরণপ্রস্তাবাভাবাৎ। তত্রাপি দাক্ষিণা-

গ্রন্থকার লীলাশুক প্রেমোন্মত্ত হওত নিজালয় হইতে লালসান্বিতচিত্তে বৃন্দাবন দর্শনে বহির্গত হইয়াই পথ-মধ্যে কৃষ্ণগুণকীর্ত্তনরূপ গ্রন্থারম্ভ করিয়া নিজাভীষ্টদেব শ্রীকৃষ্ণের এবং শ্রীগুরু চিন্তামণির নামকীর্ত্তনরূপ মঙ্গলাচরণ করিতেছেন ॥

চিন্তামণি অর্থাৎ আশ্রয়মাত্রেই যিনি অভীষ্টপূরক সেই

যদুনন্দনঠাকুরের পদ্য।

এই সব শ্লোকের অর্থ টীকাতে লিখিলা। সারঙ্গ রঙ্গদা নাম টীকা যে হইলা ॥ তার অনুসারে লিখোঁ প্রাকৃত কথনে। শ্রীকৃষ্ণদাস কবিরাজের বন্দিয়া চরণে ॥

ত্যানাং সামান্যানামেব সংস্কৃতোক্তিরিত্যস্য তু কবীন্দ্রত্বাৎ পদ্যোক্তিঃ। কিন্তু শুদ্ধবৈষ্ণবানাং স্বভাবোঽয়ং যচ্ছয়ন-ভোজন-গমনাদিষু গুর্ব্বিষ্টদেবতাস্মরণং। তদ্যথা চিন্তামণিরিতি। সোমগিরি স্তন্নামা মে মম গুরুর্জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। কীদৃক্। চিন্তামণিঃ। আশ্রয়মাত্রেণাভীষ্টপূরকত্বাৎ চিন্তামণিত্বং সর্ব্বোৎকর্ষতাচাস্য। কিম্বা। জয়তি তং প্রতি প্রণতোঽস্মীত্যর্থঃ। তথাহি কাব্য-প্রকাশে। জয়ত্যর্থেন নমস্কার আক্ষিপ্যতে। অতস্তং প্রতি প্রণতোঽস্মীত্যর্থ ইতি। তথা মে মমেষ্টদেবো ভগবাংশ্চ জয়তি কোঽয়ং ভগবান্ ইত্যত আহ

সোমগিরিনামা আমার গুরুদেব জয়যুক্ত হউন, কিম্বা তাঁহার প্রতি আমি প্রণত হই এবং আমার অভীষ্টদেব যাঁহার মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া বিদ্যমান তথা যিনি বৃন্দা-বনবিহারী সেই ভগবান্ শ্রীকৃষ্ণও জয়যুক্ত হউন। কারণ, যাঁহার সর্ব্বাভীষ্টপ্রদ কল্পতরুরূপি চরণদ্বয়ের অঙ্গুলি সক-লের নখাগ্রে জয়শ্রী লীলাবশতঃ স্বয়ম্বর সুখ লাভ করেন অর্থাৎ বহু বহু জয়সম্পত্তি যাঁহার চরণদ্বয়ের নখাগ্রে পতিত হইয়া রহিয়াছেন, তাঁহার জয় আর আমি কি বর্ণন করিব॥

পক্ষান্তরে। চিন্তামণিনাম্নী সেই বেশ্যা জয়যুক্ত হউন, যে হেতু-তাঁহার বাক্যমাত্রেই আমার সাংসারিককার্য্যে বিরাগ উৎ-পন্ন হইয়াছে, সুতরাং তিনিও আমার গুরু, অতএব তাঁহার সর্ব্বপ্রকারে উৎকর্ষ হউক ॥ ১ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

কৃপাসুধা নদী যার বিশ্ব ভাসাইলা। সদা নীচ স্থানে পূর্ণ হইয়া রহিলা ॥ সে প্রভু চৈতন্য পায়ে করোঁ পরণাম। তাঁর পায়ে রহু মন হৈয়া একতান ॥ এবে কহি শুন লীলা শুকের চরিত। যাতে কৃষ্ণ ভাবোদ্গম অতি বিপরীত ॥

প্রেম উন্মত্ত লীলা শুক মহাশয়। বৃন্দাবন যাত্রা কৈল হৈতে নিজালয় ॥

মৌলিঃ। শিখিপিঞ্ছৈস্তানোব বা মৌলিঃ শিরোভূষণং যস্য সঃ। ইতি শ্রীবৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণ এব জয়তি ইতি বর্ত্তমানপ্রয়োগেণ নিত্যলীলা সূচিতা। আচার্য্যচৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তীতি। দদামি বুদ্ধিযোগং তমিত্যাদি। আচার্য্যং মাং বিজানীয়াদিত্যাদি দিশা। তথা। কর্ণাকর্ণি সখীজনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া, পত্যুর্ব্বঞ্চনচাতুরী গুণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি। বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতি ব্রতান্, কৈশোরেণ তবাদ্য কৃষ্ণ গুরুণা গৌরীগণঃ পাঠ্যতে। ইত্যাদি দিশাচ। তস্য তত্তন্মাধুর্য্যাদ্যনুভবাদৌ সএব মে গুরুরিত্যাহ স-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রথমেত শ্রীগুরুচরণ স্মৃতি কৈলা। নিজ ইষ্টদেব নিজ গুরুকে মানিলা॥ দোঁহা সঙ্কীর্ত্তন রূপ মঙ্গলাচরণ। করিয়া করিলা যাত্রা শ্রীবৃন্দাবন॥ এই মঙ্গলাচরণ অন্য গ্রন্থ টীকা হেন। বিঘ্ননাশ লাগি নহে শুনহ কারণ॥ প্রেমে উন্মত্তচিত্ত সদা মহাশয়। গ্রন্থ করণের কথা তাতে নাহি হয়॥ তবে যদি বল কেনে শ্লোকবন্ধ বাণী। দাক্ষিণাত্য সবে কহে সংস্কৃত বাণী॥ তাতে লীলাশুক মহাকবীন্দ্র পণ্ডিত। ইহাঁর মুখে শ্লোক বাণী এ কোন বিস্মিত॥ কিন্তু শুদ্ধ বৈষ্ণবের ভাব এক হয়। শয়ন গমন আদ্যে গুরু কৃষ্ণ স্মরয়॥ তেঞি কহে সোমগিরি নাম গুরু মোর। জয়যুক্ত হউ সর্ব্ব সুমঙ্গল ওর॥ চিন্তামণি হেন যাঁর বৈভব বিস্তার। আশ্রয় মাত্রেই দেন সর্ব্বাভীষ্ট সার॥ প্রণাম করঙ সেই গুরুর চরণে। বিশ্বপ্রকাশে জয়-শব্দে প্রণাম বাখানে॥

তৈছে মোর ইষ্টদেব জয় ভগবান্। ময়ূরের পিচ্ছ শিরে যাঁর অবিরাম॥ বৃন্দাবনবিহারি কৃষ্ণ পূর্ণ রসময়। জয়শব্দে নিত্যলীলা বৃন্দাবনে কয়॥ তেহোঁ মোর শিক্ষাগুরু বন্দো তাঁর পায়। যাঁহার শিক্ষায় প্রেমভাব উপজয়॥

কৃষ্ণের মাধুর্য্যগুণ অনুভাব হৈতে। শিক্ষাগুরু করি

কীদৃক্ মে শিক্ষাগুরুঃ। বক্ষ্যতে চৈতৎ প্রেমদক্ষেত্যাদৌ শিখিপিঞ্ছমৌলিরিতি তচ্ছ্রীবিগ্রহস্ফূর্ত্যা সাক্ষান্মন্মথমন্মথ ইত্যাদিনা। যন্মর্ত্যলীলৌপয়িকমিত্যাদিনা। গোপ্যস্তপঃ কিমচরন্নিত্যাদিনা চ বর্ণিতং তত্তন্মাধুর্য্যমনুভূয় তদঙ্গোপমানযোগ্যপদার্থান্ মনসি বিচিন্ত্য তেষামতীবাযোগ্যতামালোচ্য তৎপদনখশোভয়ৈব তে নির্জ্জিতা ইতি স্ফূর্ত্যা তথা শ্রীরাধায়াস্তন্মাধুর্য্যাকৃষ্টচিত্ততাস্ফূর্ত্যা চ শব্দশ্লেষেণ সমাদধদাহ যৎপাদেতি। যস্য শ্রীকৃষ্ণস্য পাদাবেব কোমলারুণ্যসর্ব্বাভীষ্টপূরকত্বাদিনা কল্পতরুপল্লবৌ তয়োঃ শেখরেষু তদঙ্গুলীনখাগ্রেষু লীলয়া যঃ স্বয়ম্বরস্তদ্রসং তজ্জন্যসুখং জয়শ্রী র্লভতে। তদেব বক্ষ্যতি। কমলবিপিনবীথীগর্ব্বসর্ব্বঙ্কষাভ্যাং। বদনেন্দুবিনির্জ্জিতঃ শশীত্যাদৌ বহুত্র। শ্লেষেণ দ্যূতনর্ম্মজলকেলিসুরতাদিষু চ জয়েনোৎকর্ষেণ শ্রীঃ শোভা যস্যাঃ।

যদুনন্দনঠাকুরের পদ্য।

বোলে কৃষ্ণ এই রীতে॥ শিখিপিঞ্ছ মৌলি নামে বিগ্রহ স্ফুরিল। মদন মদনরাজ বেকত হইল॥ ভূষণভূষণ অঙ্গ ললিত ত্রিভঙ্গ। কৈশোর বয়স্ বেশ রসময় অঙ্গ॥ যাঁর ঊর্দ্ধ অন্য নাহি অখিলের মাঝে। ব্যাস শুক ভাগবতে যাঁরে বর্ণিয়াছে॥

এরূপ মাধুর্য্য কৃষ্ণের স্ফূর্ত্তি হৈল যবে। অঙ্গের উপমা যোগ্য বিচারয়ে তবে॥ যতেক পদার্থ আছে সব বিচারিল। কেহ অঙ্গতুল্য নহে অতিতুচ্ছ হৈল॥ কৃষ্ণপদ-নখশোভা সবারে জিনিল। এত বিচারিতে মনে আর উপজিল॥ শ্রীরাধিকা-চিত্ত হরে পদনখ-শোভা। শব্দশ্লেষে সমাধান করে হৈয়া লোভা॥ যেই কৃষ্ণপাদ-কল্পতরু শোভা বরে। কোমল্য আরুণ্য সর্ব্বাভীষ্ট পূর্ণ করে॥ তাহার পল্লব হয় অঙ্গুলীর গণ। তাহার শেখর নখরাগ্র মনোরম॥ যত শোভা যত লীলা যত রসগণ। পদ নখ স্বয়ম্বর হেন সুখগণ॥

আলিঙ্গন পাশাখেলা নর্ম্ম জলকেলি। সুরতাদিলীলা

কিম্বা। সৌন্দর্য্যাদিপাতিব্রত্যাদিসৌভাগ্যবৈদগ্ধ্যাদিভির্গৌর্য্যাদ্যরুন্ধত্যাদিব্রজকিশোরিকাকুলাদয়োঽপি নির্জ্জিতা যয়া সা। জয়যোগাং জয়া সা চাসৌ শ্রিয়োঽপ্যংশিনীত্বাৎশ্রীশ্চ জয়শ্রীরাধৈব। নারায়ণস্ত্বমিত্যাদৌ নারায়ণোঽঙ্গমিত্যাদিং দিশাচ। বিষ্ণুর্ম্মহান্ স ইহ যস্য কলাবিশেষো, গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ইতি দিশাচ কৃষ্ণস্য মূলনারায়ণত্বেন তৎপ্রেয়স্যাস্তস্যা অপি মূললক্ষ্মীত্বাৎ। কীদৃশী। সাপি স্বস্য লজ্জাশীলত্বাৎ সদৈবাধোমুখী স্থিত্বা প্রথমং তচ্ছ্রীচরণনখদর্শনাৎ তচ্ছোভাব্ধিমগ্ননেত্রা মোহিতা সতী লীলয়া গাঢ়ানুরাগেণ যে ভাবোদ্গারবিশেষা স্তৈর্ধর্ম্মমর্য্যাদালজ্জাদিত্যাগপূর্ব্বকো যঃ স্বয়ম্বররসস্তদ্রসং লভতে। তন্মাধুর্য্যাণাং স্বানুরাগস্য চ প্রতিক্ষণং নবনবত্বেনানুভবাৎ বর্ত্তমানপ্রয়োগঃ। কেষাঞ্চিন্মতে সোমগিরিরপি বিশেষণং। যৎপাদেত্যাদি। অত্র

যদুনন্দনঠাকুরের পদ্য।

যাঁর জয় শোভা মেলি॥ কিম্বা সৌন্দর্য্যাদি পাতিব্রত্য আদি গুণে। সৌভাগ্য বৈদগ্ধী আদি অতি মনোরমে॥ গৌরী অরুন্ধতী আদি হৈতে শ্রেষ্ঠা অতি। ব্রজকিশোরিকা হৈতে যেহোঁ কলাবতী॥ সর্ব্ব-জয়-যোগ্যা যেঁহো লক্ষ্মীর অংশিনী। সর্ব্বত্র উৎকর্ষা হয় রাধা ঠাকুরাণী॥ কৃষ্ণ যেন মূল নারায়ণ অবতরী। রাধা তেন মূল লক্ষ্মী অংশিনীত্বে বলি॥

যদ্যপিহ রাধা সর্ব্বশ্রেষ্ঠা সর্ব্বাধিকা। অতিলজ্জাশীলা সর্ব্বগুণেতে অধিকা॥ সেই লজ্জা হৈতে সদা অধোমুখে রহে। প্রথমেই কৃষ্ণপদ নখ নিরীখয়ে॥ কৃষ্ণপদ নখ দেখি শোভাসিন্ধু মাঝে। মগ্ন হৈয়া নেত্র হর্ষে মোহ হৈলা পাছে॥ লীলা গাঢ় অনুরাগে যে ভাববিশেষ। উদ্গার হইল তার কি কহিব শেষ॥ তাতে ধর্ম্ম সুমর্য্যাদা লজ্জাদি ছাড়িয়া। কৃষ্ণপদে স্বয়ম্বর রস লভে যাঞা॥ কৃষ্ণের মাধুর্য্য নিজ অনুরাগময়। প্রতিক্ষণে নব নব অনুভব হয়॥ নব নব বর্ত্তমান প্রয়োগেই রহে। ক্ষণে ক্ষণে বাঢ়ে দুহুঁ কেহ ঊন নহে॥

কামাদ্যরিষড়্বর্গচক্ষুরাদীন্দ্রিয়পঞ্চক্লেশোত্থবিষমাদ্যন্তরায়াণাং জয়সম্পত্তি র্যং-পাদনখরাবলম্বিনীত্যর্থঃ। কিম্বা। বর্ত্মোদ্দেশগুরুর্মন্ত্রগুরুঃ শিক্ষাগুরুরিতি

যদুনন্দনঠাকুরের পদ্য।

এবে শুন গুরুপাদাশ্রয় বিশেষণ। যে গুরুর পাদপদ্ম কৈলে আশ্রয়ণ॥ কাম ক্রোধ লোভ মোহ মদ অভিমান। চক্ষু আদি পঞ্চক্লেশ অতি বলবান্॥ * বাষট্টি প্রকার মতি-অন্তরায়গণ। † গুরুপদ-নখালম্বে জিনে সর্ব্বগণ॥ কিম্বা

* কাম ক্রোধাদি সমস্তই মনের ধর্ম্ম। চক্ষুরাদি দশ ইন্দ্রিয়ের ও মনের বৃত্তি-ভেদে অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ এই পাঁচ প্রকার ক্লেশ। ইহারই অবান্তর ভেদ লইয়া বাষট্টি প্রকার মনের অন্তরায় (বিঘ্ন) সাঙ্খ্যতত্ত্ব কৌমুদীতে ৪৮ কারিকার ব্যাখ্যায় শ্রীশ্রীবাচস্পতিমিশ্র নিরূপণ করিয়া-ছেন যথা——তমঃ। ৮। মোহ। ৮। মহামোহ। ১০। তামিস্র। ১৮। এই সমষ্টিতে ৬২ হয়। ক্রম যথা-। তম—অব্যক্ত (প্রকৃতি), মহত্তত্ত্ব ও অহঙ্কার-বিষয়ক। ৩। এবং পঞ্চতন্মাত্র অর্থাৎ রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ তন্মাত্র বিষ-য়ক। ৫। এই উভয়ে। ৮। অষ্ট প্রকার মোহ যথা—অণিমাদি অর্থাৎ অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব ও কামাবসায়িত্ব এই আট্ বিষয় ভেদে মোহ আট। মহামোহ দশ প্রকার যথা—দেবগণের ভোগ্য শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচ এবং মনুষ্য ভোগ্য ঐ শব্দাদি পাঁচ এই উভয়ে দশ। দেব ও মনুষ্য উভয়কেই অণিমাদি আট ঐশ্বর্য্য তথা দিব্যাদিব্য ভেদে দশ প্রকার শব্দাদি নিজ গুণে অনুরক্ত করে, সুতরাং আট ঐশ্বর্য্য ও দশ শব্দাদিতে তামিস্র আঠার প্রকার। আঠারপ্রকার অন্ধ তামিস্র যথা—অন্ধ-তামিস্র শব্দে অভিনিবেশ অর্থাৎ ত্রাস (আমাদের ভোগ্য শব্দাদি দিব্য ও অদিব্য ভেদে দশ, ভোগ বিষয়ে ক্ষমতার কারণ বলিয়া অণিমাদি আট ঐশ্বর্য্য অর্থাৎ এই অষ্টাদশ বিষয়কে অসুরাদিগণ নষ্ট না করুক) এইরূপে দেবগণেরও ত্রাসের কারণ বলিয়া অন্ধতামিস্র আঠার প্রকার হয়। সমষ্টিসংখ্যা যথা—তম। ৮। মোহ। ৮। মহামোহ। ১০। তামিস্র। ১৮। অন্ধতামিস্র। ১৮। সাকল্যে ৬২ হইল॥

† অন্তরায় যথা—মতি অর্থাৎ মনকে আত্মতত্ত্ব-বিষয়ে যাইতে না দিয়া

গুরুত্রয়েষ্টদেবস্মরণমিতি কেচিদাহুঃ। অত্র চিন্তামণিঃ সা বেশ্যা জয়তি। তদ্বাক্যমাত্রেণ স্বস্য জাতানুরাগত্বাত্তস্যাঃ সর্ব্বোৎকর্ষতা॥ ১॥

অথ পথি পথ্যাগচ্ছতোঽস্য বাহ্যদশায়াং সাধকরীত্যোৎকণ্ঠয়া ভক্তি-সিদ্ধান্তোদ্গারিণী তৎকালমেবান্তরাবেশাৎ সিদ্ধবল্লালসয়া কেবলরসোদ্গারিণ্যুক্তিঃ। অতস্তদ্দশাদ্বয়বাসিত্বাদেকৈব সার্থদ্বয়মুদ্গিরতি। তত্রান্তর্দশো-খার্থো বিবৃত্য বাহ্যদশোত্থার্থস্তু সংক্ষিপ্য ময়া দর্শিতব্যঃ। যদ্যুন্মাদপ্রলাপেঽত্র

যদুনন্দনঠাকুরের পদ্য।

বর্ত্মোদ্দেশ শ্রীল গুরু এক হয়। মন্ত্রগুরু শিক্ষাগুরু এই গুরুত্রয়॥ হেথা লীলাশুকের গুরু বেশ্যা চিন্তামণি। বর্ত্মোদ্দেশী গুরু তেঁহো এই মতে জানি॥ তাঁর বাক্য-মাত্রে হৈল কৃষ্ণে অনুরাগ। তাঁহার উৎকর্ষ তেঞি কহে মহাভাগ॥ এই ত প্রথম শ্লোকের কহিলাম অর্থ। শ্রীকৃষ্ণদাস কবিরাজ টীকা প্রমাণার্থ॥ ১॥

দ্বিতীয় শ্লোকের অর্থ করিতে প্রকাশ। প্রথমে কহিয়ে শ্লোকের অর্থের আভাস॥ পথে পথে চলি যায় বাহ্যদশায় স্থিতি। সাধকের হেন অতি উৎকণ্ঠিত মতি॥ ভক্তিসিদ্ধা-ন্তের কথা কহিতে কহিতে। অতিশয় অন্তর আবেশ হৈল তাতে॥ সিদ্ধ প্রায় লালসাতে ভরি গেল মন। রসো-দ্গার উক্তি হেন কেবলা-লক্ষণ॥ অতএব ফলদ্বয়ে বাসিত হইয়া। এক শব্দে দুই অর্থ কহে বিবরিয়া॥ অন্তর্দশার তার অর্থ বিবরিয়া। লিখি বুঝাইব মুই আপনার হিয়া॥ বাহ্য-

পূর্ব্বোক্ত পার্থিব ও স্বর্গীয় বিষয়সমূহে মুগ্ধ করিয়া ফেলে, সুতরাং বাষট্টি প্রকার মনের বিষয়কে অন্তরায় (বিঘ্ন) বলা যায়। মনুষ্য ও দেবগণ ক্রমশঃ বিষয় ভোগ করত পুনঃ পুনঃ সংসারে ভ্রমণ করেন, সুতরাং এই সমষ্টির মূলী-ভূত অবিদ্যাদি পাঁচটী ক্লেশ অতীব বলবান্ শত্রু। ইহা কেবল আত্মপথ প্রদ-র্শক সদ্গুরুর কৃপাতেই নিবৃত্ত হয়॥ ইতি॥

তস্য তত্তদনুসন্ধানাদিকং নাস্তি তথাপি শুদ্ধপ্রেমৈব ভক্তিসিদ্ধান্তং রসঞ্চাবিরুদ্ধমেব স্ফোরয়তি। শুদ্ধপ্রেম্নঃ স্বভাবোঽয়ং যৎ সিদ্ধান্তবিরুদ্ধং রসাভাসম্বা মোহোন্মাদাদাবপি ন স্পৃশতি। তত্র প্রথমং গচ্ছন্তং তমনুগচ্ছতাং বৈষ্ণবানাং, "স্বামিন্ কিমর্থং ত্বয়া গম্যতে কিন্তত্রাস্তি" ইতি প্রশ্নান্ প্রতি প্রাভববৈভবাংশাবতারশক্ত্যাবেশাবতারাদিস্ববিলাসবাল্যপৌগণ্ডাদিস্বপ্রকাশরূপস্বস্বরূপাণাং তথা চিচ্ছক্তেস্তদ্বিলাসানন্ত বৈকুণ্ঠানাং মায়াশক্তেস্তদ্বৈভবানন্তব্রহ্মাণ্ডানাং জীবশক্তেশ্চ পরমাশ্রয়ভূতানাং তং শ্রীভাগবতাদাবাশ্রয়ত্বেনোক্তং

যদুনন্দনঠাকুরের পদ্য।

দশার অর্থগণ সংক্ষেপ করিয়া। দিগ্ দেখাইব মাত্র বাহুল্য ছাড়িয়া॥ যদ্যপি উন্মাদময় প্রলাপ বচন। সিদ্ধান্ত-সন্ধান কিছু নাহি তাঁর মন॥ তথাপিহ শুদ্ধ প্রেম প্রায় যত যত। অবিরোধ রসভক্তি সিদ্ধান্ত কহে কত॥ বিশুদ্ধ প্রেমের এই স্বভাব আচার। সিদ্ধান্ত বিরোধ উন্মাদ মোহে নাহি তার॥ রসাভাস আদি কিছু নাহি তাঁর মুখে। শুদ্ধ প্রেম শুদ্ধ রস এই সরে মুখে॥ এই শ্লোকের বাহ্য অর্থ কহি কিছু হেথা। লীলাশুক সঙ্গে যান যে বৈষ্ণব তথা॥ তারা কহে মহাশয় যাবে কোন স্থানে। কি নিমিত্ত কিবা বস্তু আছে সেই স্থানে॥ সেই সব সঙ্গী প্রতি কহে মহাশয়। অন্তর-আবেশে কৃষ্ণ মহিমা কহয়॥ প্রাভব বৈভব অংশ অবতার গণ। শক্ত্যাবেশ অবতার লীলাবতার গণ॥ স্ববিলাস বাল্য আর পৌগণ্ডাদি যত। স্বপ্রকাশ রূপ নিজ স্বরূপাদি কত॥ চিৎশক্তি মহিমাগণ কহে বিবরিয়া। অনন্ত বৈকুণ্ঠ যাঁর বিলাস গণিয়া॥ তবে বিবরিয়া মায়া শক্তির লক্ষণ। তাঁহার বৈভবানন্ত ব্রহ্মাণ্ডের গণ॥ জীবশক্তি আদি করি যত যত্ন গণ। পরম আশ্রয় যেঁহো পুরুষ উত্তম॥ শ্রীভাগ-

অস্তি স্বস্তরুণীকরাগ্রবিগলৎকল্পপ্রসূনাপ্লুতং
বস্তু প্রস্তুতবেণুনাদলহরীনির্ব্বাণনির্ব্যাকুলং।

সর্ব্বোত্তমং সর্ব্বভজনীয়ং পরতত্ত্বরূপং বস্তু নিরূপয়ন্ তৎকালমেবাম্বরাবেশা-ত্তাদৃশং শ্রীকৃষ্ণং পুরঃ স্ফুরন্তং বিলোক্য প্রলপন্নাহ অস্তীতি। অস্য বাহ্যার্থঃ। কিমপি বস্তু অস্তি সদা বিরাজতে। শ্রীবৃন্দাবন ইতি শেষঃ। বসন্ত্যস্মিন্ প্রাগু-ক্তানি তথা বসতি। কালত্রয়েঽপ্যেকরূপতয়া দীব্যতীত্যর্থদ্বয়োরপ্যৌণাদিতুন্-প্রত্যয়াদ্বস্তু। সামান্যনির্দ্দেশাৎ নপুংসকত্বং। নন্ু। কিং নিরাকারং ব্রহ্ম নেত্যাহ। কিশোরাকৃতি। কিশোরী প্রত্যহং নবযৌবনা আকৃতিঃ স্বরূপং যস্যেতি জীব-বদ্দেহদেহিভেদো নিরস্তঃ। তথাহি শ্রীভাগবতে। বেদ্যং বাস্তবমত্র বস্ত্বিতি। বিনাচ্যুতাৎ বস্তুতরাং ন বাচ্যমিতি। নাতঃপরং পরমযদ্ভবতঃ স্বরূপমিতি চ। নন্ু। ভগবদ্রূপাণি সর্ব্বাণ্যেব কিশোরাকৃতীনীত্যত্র কতরদিদমিত্যত্রাহ প্রস্তুত-বেণ্বিতি। রাসে ব্রজসুন্দরীণামাকর্ষণার্থং প্রস্তুতা যে বেণোর্নাদাস্তেষাং যা লহর্য্যঃ স্বরগ্রামাস্ত্রয়ঃ মূর্চ্ছনাস্ত্বেকবিংশতিরূপাস্তরঙ্গাস্তজ্জন্যং যন্নির্ব্বাণং পরমানন্দস্তাসু মন আদীনাং লয়ো বা তেন নির্ব্যাকুলং। নিরিত্যব্যয়মভাবার্থঃ।

অতঃপর পথে যাইতে যাইতে উৎকণ্ঠাবশতঃ সাধক-রীত্যনুসারে অন্তর্দ্দশাসমুদ্ভূত ইষ্ট বস্তুর উদ্দেশ পূর্ব্বক কহিতেছেন ॥

বৃন্দাবনে এমন কোন এক বস্তু আছে, যাহা স্বর্গীয়

যদুনন্দনঠাকুরের পদ্য।

বতে যাঁর মহিমা বিস্তার। সর্ব্ব ভজনীয় সর্ব্বোত্তম সর্ব্বসার॥ পরতত্ত্ব বস্তুরূপ যেঁহো নিরূপণ। কহিতে আবেশ কৃষ্ণ হইলা স্ফুরণ॥ এইরূপে কৃষ্ণ যেন আগে দেখা পাইলা। দেখিয়া প্রলাপ করি কহিতে লাগিলা॥ এই ত দ্বিতীয় শ্লোকের কহিল আভাস। বিচারিয়া অর্থ এবে করিয়ে প্রকাশ॥

স্রস্তস্রস্তনিরুদ্ধ-নীবি-বিলসদ্গোপীসহস্রাবৃতং
হস্তন্যস্তনতাপবর্গমখিলোদারং কিশোরাকৃতি ॥ ২ ॥

অব্যাকুলমিত্যর্থঃ। নির্মক্ষিকবৎ ব্যাকুলেভ্যো নির্গতমিতি চ। তত্র মগ্নচিত্তাদিত্বান্নিশ্চলমিত্যর্থঃ। নির্ব্বাণং সুখমোক্ষয়োরিতি বিশ্বাৎ। তথা সায়ং পুষ্পাণ্যবচিন্বত্যস্তন্মাদাকৃষ্টা যাঃ স্বস্তরুণ্যস্তাসাং তন্মাধুর্য্যদর্শনবিবশানাং কম্পমানকরাগ্রেভ্যো বিগলন্তি যানি কল্পপ্রসূনানি কল্পতরুপুষ্পাণি তৈরাপ্লুতং প্রেমবৈবশ্যাৎ কল্পতরুস্থানে কল্প ইত্যুক্তিঃ। কিম্বা। সাহচর্য্যবলাদেকদেশেনাপি পদার্থো বোধ্যতে। তথা স্রস্তস্রস্তা বেণুনাদশ্রবণাৎ গুরুভর্তৃপুর এব স্রস্তা লজ্জাভয়তঃ স্বস্থানে বদ্ধা অপি পুনঃ স্রস্তা অতঃ করেণ রুদ্ধাঃ। কাসাঞ্চিত্তদ্বন্ধনকালবিলম্বাসহিষ্ণুত্বাৎ করাভ্যাং নিরুদ্ধা নীব্যো যাসাং তাশ্চ বয়ঃসৌন্দর্য্যবৈদগ্ধ্যানুরাগাদ্যৈ বিলসন্ত্যশ্চ যা গোপ্যস্তাসাং সহস্রৈরাবৃতং পরিতোবেষ্টিতং। অতঃ শ্রীভাগবতোক্তরাসবিলাসারম্ভি শ্রীকৃষ্ণরূপং তদ্বস্তু নত্বাগমধ্যানোক্তং। অন্যেষামাবরণানামত্রাগ্রেঽপ্যনুক্তত্বাৎ। তথা হস্তেন ন্যস্তো

তরুণীগণের হস্তাগ্র হইতে বিগলিত কল্পতরুর পুষ্পদ্বারা সমাবৃত তথা আরব্ধবেণুনাদ শ্রবণে আনন্দবশতঃ ব্যাকুলতাশূন্য, যাঁহার চতুঃপার্শ্বে সহস্র গোপাঙ্গনাগণ কটিদেশ হইতে বারম্বার বিগলিতনীবিকে অবরুদ্ধ করিতে ২ অতিশয় শোভা ধারণ করিতেছেন, অপবর্গ (মোক্ষ) যাহার করতলে বিন্যস্ত থাকিয়া অবনতভাবে বর্ত্তমান এবং যিনি নিখিল উদার হইতেও উদার এবং যাহার আকৃতি কিশোরী অর্থাৎ সমুদিত নবযৌবন সমন্বিত ॥ ২ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

বৃন্দাবনে আছে কোন বস্তু অতিশয়। কালত্রয়ে একরূপে সদাই রসময় ॥ সামান্য নির্দ্দেশ নহে বস্তু নিরূপণ। নিরাকার ব্রহ্ম তার দেখায় লক্ষণ ॥ সেহো নহে কিশোর

নতানাং স্বভজনোন্মুখানামপবর্গঃ স্বপার্ষদরূপানন্দদেহদানেন লিঙ্গদেহভঙ্গো যেন। তদুক্তং। মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মেত্যাদৌ। যদ্বা। অপবর্গঃ প্রেম-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

আকৃতি মনোহর। নবযুবা কৈশোর মিলন স্থিরতর॥ এই লাগি জীব প্রায় দেহ দেহি ভেদ। নিরস্ত হইল, গুণে নাহি পরিচ্ছেদ॥

ভগবানের রূপ হয় অগণ্য অনন্ত। কিশোর আকার সব হয় মূর্ত্তিমন্ত॥ তার মধ্যে বৃন্দাবনে কাঁহার বিলাস। এত চিন্তি পুনঃ কহে করিয়া প্রকাশ॥ রাসে ব্রজকিশোরিকা আকর্ষণ কাযে। প্রস্তুত বেণুর নাদ বৃন্দাবন মাঝে॥ সে নাদলহরী স্বর গ্রাম মূর্চ্ছাগণ। সে জন্য নির্ব্বাণ শব্দে আনন্দ পরম॥ মন আদি করি তাতে সর্ব্বেন্দ্রিয়গণ। অব্যাকুল মগ্ন প্রায় নিশ্চল লক্ষণ॥ সায়ংকালে দেবনারী পুষ্প তোলে যথা। আচম্বিতে বেণুনাদ প্রবেশিল তথা॥ মাধুর্য্য দেখিয়া তারা বিবশ হইলা। ধৈরয না ধরে নেত্র ঝুরিতে লাগিলা॥ কল্পবৃক্ষ পুষ্প তার হাতেতে হইতে। গলিয়া পড়য়ে হস্ত কাঁপিতে কাঁপিতে॥ সেই সব পুষ্প পড়ে যে কৃষ্ণ উপরে। তাতে পরিপ্লুত রহে কামমোহ করে॥ বেণুধ্বনি শুনিতেই গোপনারীগণ। গুরু ভর্ত্তা আগে স্রস্তনীবিবন্ধ হন॥ লজ্জা ভয়ে তারা নীবি পুনঃ বন্ধ করে। পুনঃ স্রস্ত করে নীবি মহী খসি পড়ে॥ কেহ কেহ করে রুদ্ধ করি নীবিবন্ধ। সহিতে না পারে কেহ বন্ধন বিলম্ব॥ নবীনকিশোর অতি সুন্দরী সকল। বৈদগধী অনুরাগ পরম প্রবল॥ হেন ব্রজাঙ্গনাগণ-সহস্রে আবৃত। শ্রীভাগবতের

ভক্তিযোগো যেন। তথা পঞ্চমস্কন্ধে গদ্যং যথা। বর্ণবিধানমপবর্গশ্চ ভবতীত্যত্র ভক্তিযোগলক্ষণ ইতি। তথৈব ব্যাখ্যাতং শ্রীস্বামিচরণৈঃ। তথা অখিলেভ্যঃ কল্পবৃক্ষাদিভ্য উদারং বাঞ্ছাতিরিক্তদাতৃত্বাৎ। তথাহি। স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিত্যাদি। কিম্বা। অখিলৈর্ন্নায়কসদ্গুণৈরুদারং মহদত্যুত্তমমিত্যর্থঃ। অন্তর্দ্দশোত্থস্ত্বেবং। ইদং কিমপি বস্তুস্তি পুরো বিরাজতে। যস্ত্যস্মিন্ সৌন্দর্য্যমাধুর্য্যবৈদগ্ধ্যাদিসদ্গুণাদীনীতি বস্তু। যদ্বা বস্তে স্বমাধুর্য্যবেণুগীতাদিজনিতমোহমূর্চ্ছাদিভাবৈরাত্মারামাদিভ্যঃ প্রাণপর্য্যন্তানাং বিশেষতঃ স্ত্রীণাং

যদুনন্দনঠাকুরের পদ্য।

রাসে যাঁহারে বেকত॥ সেই বস্তু বৃন্দাবনে সদা বিরাজয়। আগমাদ্যে ধ্যান-উক্ত যেহো তেহো নয়॥ অন্য আবরণ আদি আগে না কহিল। এই ত কারণে ইহা তারে না বলিল॥ প্রণত জনেরে হস্তাবলম্বন দিয়া। নিজ পারিষদ করে আনন্দিত হৈয়া॥ পরম আনন্দ দেহ দান দেয় তার। মায়াদেহ দূর করে কি বলিব আর॥ তাহাতে প্রমাণ তার শ্রীমুখবচন। ভক্তস্থানে কৃপা করি কহিল কথন॥ কিবা অপবর্গ শব্দে প্রেমভক্তি বলি। পঞ্চমস্কন্ধের পদ্য প্রমাণ তাহারি॥

কিম্বা সেই কৃষ্ণচন্দ্র অতিশয় দাতা। কল্পবৃক্ষ আদ্যে জিনে অন্যে কিবা কথা॥

কিম্বা সর্ব্বনায়ক হৈতে গুণেতে প্রবীণা। পরম উত্তম রূপ সর্ব্বরস-সীমা॥ এই ত কহিল শ্লোকের বাহ্যদশা অর্থ। অন্তর্দ্দশার অর্থ শুন পরম সমর্থ॥ এইরূপে কোন বস্তু আগে বিরাজয়। সৌন্দর্য্য মাধুর্য্য সর্ব্ব বৈদগ্ধ্যাদি চয়॥ আপনা মাধুর্য্য বেণুগীত আদি হৈতে। আত্মা প্রাণপর্য্যন্ত সে করয়ে মোহিতে॥ বিশেষতঃ নারীগণের মোহয়ে

ততোঽপ্যতিতরাং ব্রজসুন্দরীণাং চিত্তমাচ্ছাদয়তি ইতি বস্তু। কীদৃশং। কিশোরাকৃতি। ননু গোপ্যঃ সাধ্ব্যঃ পরতন্ত্রাঃ কথমেষ্যন্তি কথম্বা রাসো ভবেদিতি ব্যাকুলোঽপি তথা বেণুনাদলহরীভির্যন্নির্ব্বাণং তদা কৃষ্ণবল্লবীনাং কাঞ্চীনূপুরাদিধ্বনি শ্রবণজানন্দস্তেন নির্ব্যাকুলং। তথাচ হস্তে ন্যস্ত ইচ্ছয়া বেণুনাদেনৈব সম্পাদিতঃ নতানাং স্বচরণাশ্রয়োন্মুখীনাং তাসাং গুর্ব্বাদিবারণধর্ম্মলজ্জাদিশৃঙ্খলাভ্যো হপবর্গো মোক্ষো যেন। তদুক্তং। যা মাতৃজন দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্যেত্যাদৌ। তথা। অখিলাসু বল্লীষু উদারং তত্তদভীষ্টবিলাসপূর্ত্ত্যা সর্ব্বমনোরথদাতৃ। তদুক্তং। শ্রীজয়দেববচনৈঃ। বিশ্বেষামনুরঞ্জনেনেত্যাদৌ। কিম্বা অখিলৈর্ভজনীয়সদা নৈরুদারং মহদত্যুত্তমমিত্যর্থঃ। অন্যৎ সমং। আকৃষ্য রাধাং ব্রজসুভ্রুবাং গণাত্তস্যা তয়া গূঢ়বিলাসলাভতঃ। কুঞ্জে রসাস্বাদবিশেষলক্ষণে

যদুনন্দনঠাকুরের পদ্য।

অন্তরে। তাতে হৈতে ব্রজনারী সদা মোহ করে॥ কিশোর আকৃতি বস্তু গুণের সাগর। মদনমোহন বেশ শ্যাম কলেবর॥ মনে চিন্তে কৃষ্ণ গোপনারী পরতন্ত্র। সহজেই নারীগণ না হয় স্বতন্ত্র॥ কেমনে আসিবে হেথা স্বতন্ত্র হইয়া। ব্যাকুল হইলা মনে এ সব চিন্তিয়া॥ বেণুগান আরম্ভিলা শুনি গোপীগণ। পরম আনন্দবৃন্দে আকর্ষিল মন॥ নির্ব্বাণ শব্দেতে কহি আনন্দ বিশেষ। বিশ্বপ্রকাশে কহে এই অর্থ শেষ॥

হস্তে লৈয়া বেণুগান করিয়া গোবিন্দ। প্রণতগণের মনে বাঢ়ায় আনন্দ॥ গুরু লজ্জা ধর্ম্ম আদি শৃঙ্খলা হইতে। মুক্ত করি আনে কৃষ্ণ আপন ইচ্ছাতে॥

ব্রজনারী বেণু শুনি উন্মত্ত হইয়া। আইসে কৃষ্ণের স্থানে না চায় ফিরিয়া॥ নূপুর কিঙ্কিণী বাজে কঙ্কণ ঝঙ্কারে। সে ধ্বনি শুনিয়া কৃষ্ণ নির্ব্ব্যাকুল ধরে॥ বহু কল্পবৃক্ষ হৈতে উদয় গোবিন্দ। সর্ব্বগোপী অভীষ্ট পূরণ নিরুদ্বন্দ্ব॥

প্রারম্ভি রাসো রসিকেন্দ্রমৌলিনা। পশ্চান্ময়া বাহ্যদশোত্থমর্থং সংগৃহ্যতাদাবপি বক্তুমহর্হং। অন্তর্দশোত্থঃ সবিশেষমর্থঃ পূর্ব্বং নিজেষ্টঃ কিল কথ্যতেঽসৌ। তথাস্য তদ্ বেশ্যাবক্ত্রাৎ শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণেঽনুরাগাদিশ্রবণজাতলোভত্বাৎ রাগানুগামার্গেণৈব ভজনং। অত্র রাগানুগামার্গে অনুৎপন্নরতিসাধকভক্তৈরপি স্বেপ্সিতসিদ্ধদেহং মনসি পরিকল্প্য ভগবৎসেবাদিকং ক্রিয়তে। জাতরতীনাস্তু স্বয়মেব তদ্দেহস্ফূর্ত্তেঃ। অস্যাতু উৎপন্না মধুরজাতীয়া রতিঃ ক্রমেণানুরাগদশাং প্রাপ্তাস্তিতস্তদেহস্ফূর্ত্তিঃ সদৈব। যথা রসামৃতসিন্ধৌ। ইষ্টে স্বারসিকী রাগঃ পরমাবিষ্টতা ভবেৎ। তন্ময়ী যা ভবেদ্ভক্তিঃ সাত্র রাগাত্মিকোচ্যতে। বিরাজন্তীমভিব্যক্তং ব্রজবাসিজনাদিষু। রাগাত্মিকামনুস্হতা যা সা রাগানুগোচ্যতে। রাগাত্মিকৈকনিষ্ঠা যে ব্রজবাসিজনাদয়ঃ। তেষাং ভাবাপ্তয়ে

যদুনন্দনঠাকুরের পদ্য।

রসিকেন্দ্র মৌলী কৃষ্ণ আরম্ভিলা রাস। বহু ব্রজাঙ্গনা সঙ্গে হাস পরিহাস॥ ভঙ্গি করি ব্রজাঙ্গনা মাঝে হৈতে রাধা। আকর্ষয়ে নিগূঢ় বিলাস লোভে সাধা॥ নিকুঞ্জে বিশেষ রস আস্বাদ লাগিয়া। আরম্ভিলা রাসলীলা আনন্দিত হৈয়া॥ দ্বিতীয় শ্লোকের অর্থ কহিল বিস্তার। তৃতীয় শ্লোকের এবে শুন অর্থ সার॥ পাছে বাহ্যদশার অর্থ সংক্ষেপে কহিব। অন্তর্দ্দশার অর্থ কিছু বিস্তারি বর্ণিব॥ নিজ ইষ্ট অন্তর্দ্দশার অর্থসবিশেষ। সেই অর্থ বিস্তারিব জানিতে উদ্দেশ॥ অতঃপর লীলাশুক মহাভাগবত। বেশ্যামুখে রাধাকৃষ্ণ লীলা শুনে যত॥ রাধাকৃষ্ণ অনুরাগ প্রবন্ধ শুনিয়া। অতিলোভ উপজিল আপনার হিয়া॥ রাগানুগা মার্গে কৃষ্ণভজন করিতে। পরম লালসা তার বাঢ়ি গেল চিত্তে॥ এই রাগানুগা পথে অন্য ভক্তগণ। উৎপন্ন রতি কৃষ্ণে সাধক লক্ষণ॥ তাহারাহ বাঞ্ছিত দেহ মনেতে কল্পিয়া। কৃষ্ণসেবা আদি করে একান্ত হইয়া॥ জাতরতিগণে তাহা সদা স্ফূর্ত্তি হয়। নিজ সুখ

চাতুর্য্যৈকনিদান সীম চপলাপাঙ্গচ্ছটামন্থরং
লাবণ্যামৃতবীচিলোলিতদৃশং লক্ষ্মীকটাক্ষাদৃতং।

লুব্ধো ভবেদত্রাধিকারবান্ তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রুতে ধী র্যদপেক্ষতে। নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোৎপত্তিলক্ষণমিতি। অথোজ্জলনীলমণৌ। স্যাদ্দৃঢ়েয়ং রতিঃ প্রেমা প্রোদ্যন্ স্নেহঃ ক্রমাদয়ং। স্যাম্মানঃ প্রণয়ো রাগোঽনুরাগো ভাব ইত্যপি। বীজমিক্ষুঃ সচ রসঃ স গূড়ঃ খণ্ড এব সঃ। সা শর্করা সিতা সা স্যাৎ সা যথা স্যাৎ সিতোপলেতি। তত্রানুরাগলক্ষণং। সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ং। রাগো ভবন্নবনবঃ সোঽনুরাগ ইতীর্য্যতে॥ ইতি। তথৈবাগ্রে ব্যক্তীভবিষ্যতি॥ ২॥

ততঃ শ্রীকৃষ্ণপার্শ্বে সর্ব্বমুখ্যায়াঃ পূর্ব্বশ্রুতানুরাগসৌভাগ্যায়াঃ শ্রীরাধায়াঃ

তদনন্তর শ্রীকৃষ্ণের পার্শ্বে পূর্ব্বে যাঁহার অনুরাগ ও সৌভাগ্য শ্রুত হইয়াছে, সেই শ্রীরাধার পার্শ্বস্থা এবং উপাসনাকারিণী সখীগণের মধ্যে আপনাকে তাদৃশী একটী জানিয়া কোন এক সখী নিবেদন পূর্ব্বক কহিলেন॥

হে সখিগণ! যিনি চাতুর্য্যের একমাত্র নিদানের সীমা স্বরূপ অপাঙ্গ অর্থাৎ নেত্রপ্রান্তভাগের ছটায় মন্থর, লাবণ্যা-

যদুনন্দনঠাকুরের পদ্য।

দুঃখে তাহা কভু না বাধয়॥ লীলাশুকে উপজিল মধুর জাতি রতি। ক্রম অনুরাগ দশা তাতে প্রাপ্ত অতি॥ সদা সেই দেহ স্ফূর্ত্তি হয় তার মনে। রসামৃতসিন্ধু গ্রন্থে যে সব লক্ষণে॥ ২॥

এই সব কথা আগে সব ব্যক্ত হবে। তৃতীয় শ্লোকের অর্থ কহি কিছু এবে॥ কৃষ্ণপার্শ্বে সর্ব্বমুখ্য রাধা গুণবতী। অনুরাগ সৌভাগ্যপূর্ণা পূর্ব্বে যার খ্যাতি॥ তার পার্শ্বে আছে সখী তার উপাসিকা। আপনাকে তার মাঝে জানে সেই একা॥

কালিন্দীপুলিনাঙ্গণপ্রণয়িনং কামাবতারাঙ্কুরং
বালং নীলমমী বয়ং মধুরিমস্বারাজ্যমারাধ্নুমঃ ॥ ৩ ॥

পার্শ্বস্থসখীনাং তদুপাসিকানাং মধ্যে আত্মানং তাদৃশীমেকাং জ্ঞাপয়ন্নাহ। অমী বয়ং তৎপরিবাররূপা বালং কিশোরং আরাধ্নুমঃ। চামরান্দোলন তাম্বূলদানাদিনা বয়ং সেবামহে। পূর্ব্বং কিশোরাকৃতিত্বেন নিরূপিতত্বাৎ। অগ্রেঽপি তল্লীলায়া এব বর্ণিতত্বাৎ। স্মৃত্যলঙ্কারাদিষু ত্রিবিধবয়োবিবেচনে বাল্যষোড়শাব্দান্তমিতি প্রসিদ্ধেশ্চ বালশব্দেনাত্র কিশোর এবোচ্যতে। অন্যথা ব্যাখ্যায়াং কামাবতারাঙ্কুরত্বাসম্ভবাৎ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। কীদৃশং। নীলং ইন্দ্রনীলমণিশ্যামং মূর্ত্তং শৃঙ্গাররসমিত্যর্থঃ। যদুক্তং। শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিতি।

মৃতের তরঙ্গে চঞ্চললোচন, লক্ষ্মীদেবীর কটাক্ষে সমাদৃত, যমুনার পুলিনাঙ্গনের প্রণয়ী কামরূপ অবতারের অঙ্কুর এবং নিখিল মাধুর্য্যের নিজায়ত্ত রাজ্য স্বরূপ, সেই নীলবর্ণ বালক অর্থাৎ কিশোরকে আমি আরাধনা করি ॥ ৩ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

রাধিকার পরিবার আমি সর্ব্বথায়। আরাধিব কিশোর শেখর শ্যামরায় ॥ চামর দোলাব আর যোগাব তাম্বূল। পাদসম্বাহন আদি সেবা অনুকূল ॥ বাল শব্দে কিশোর বয়স শাস্ত্রে কহে। স্মৃতি অলঙ্কার আদ্যে ইহা ব্যক্ত হয়ে ॥ ত্রিবিধ বয়স কৃষ্ণের বিবেচনা কাযে। ষোড়শাব্দ অন্তবাল্য তাতে কহিয়াছে ॥ এই লাগি বাল শব্দে কিশোর কহিয়ে। এই মত এই গ্রন্থে সর্ব্বত্র বুঝিয়ে ॥ আর কহি বাল শব্দে কাম অবতার। প্রকট অঙ্কুর যেন বিনোদ আকার ॥ কিশোর আকার কৃষ্ণ ব্রজেন্দ্রনন্দন। ইন্দ্রনীলমণি শ্যামবর্ণ মনোরম ॥ কেবল শৃঙ্গার রসায়ন মূর্ত্তিমান্। শ্রীগীতগোবিন্দ যার লীলা-রস গান ॥

রাসরঙ্গকালিন্দীপুলিনমেব মাধবীচতুঃশালিকায়া অঙ্গনং তত্র প্রণয়িণং সদা তত্র বিলসন্তমিত্যর্থঃ। তথা প্রবললজ্জাবাম্যাভ্যাং পরমোৎকণ্ঠায়ামপ্যধোমুখস্থিতায়াঃ লক্ষ্যাঃ শ্রীরাধায়াঃ কটাক্ষে তৎপ্রাপ্তাবাদৃতং সাদরং তথা পরিতঃ স্থিতাস্বপ্যন্যাসু শ্রীরাধায়া এব লাবণ্যামৃতবীচিভি র্লোলিতে সতৃষ্ণীকৃতে দৃশৌ যস্য তং। অতোঽন্যাস্ত্যক্ত্বা তয়া সহ রহলীলোৎকণ্ঠয়া সর্ব্বসমাধানপূর্ব্বকগম্যা লক্ষিতপ্রেরণয়া তস্মিন্ক্রামণস্বনিষ্ক্রামণাদিষু তস্য তত্র চ চাতুরীং স্ফূর্ত্ত্যাহ। চাতুর্য্যেতি। চাতুর্য্যাণাং নেত্রান্তাদিদ্বারৈব তত্তজ্জ্ঞাপনরূপাণাং

যদুনন্দনঠাকুরের পদ্য।

মাধবীর চতুঃশালা কালিন্দীপুলিনে। রাসরঙ্গ লীলা করে তাহার অঙ্গনে॥ কালিন্দীপুলিন তার অতিপ্রিয় স্থান। প্রিয়া লৈয়া লীলা তাহা করে অবিরাম॥ অতি লজ্জা বাম্য আর অতি উৎকণ্ঠিতা। অধোমুখী সদা রহে সেই যে রাধিকা॥ তাহার কটাক্ষ যার আদর অপার। আদরে ভজিব আমি চরণ তাঁহার॥ রাসমধ্যে শতকোটি গোপী সঙ্গে লীলা। রাধার লাবণ্যে যেহ আকৃষ্ট হইলা॥ রাধার লাবণ্য সুধা তরঙ্গে ভরল। সদাই তৃষিত নেত্র যাহার প্রবল॥ সেই কৃষ্ণ ভজিব আমি এই মনে দৃঢ়। হৃদয়ে লালসা মোর বাঢ়ি গেল বড়॥ রাসমধ্যে অন্য গোপীগণ তেয়াগিয়া। রাধাসঙ্গে কুঞ্জলীলায় ভুলে যায় হিয়া॥ নেত্র অন্ত দ্বারে তাহা ব্যক্ত জানাইতে। চপল অপাঙ্গ ছটা সীমারূপ যাতে॥ এই যে নয়ন ভঙ্গী বুঝেন রাধিকা। অন্য কেহো নাহি বুঝে তাহাতে অধিকা॥ কিম্বা রাধা কটাক্ষেতে আদর যাহার। সঙ্কেত জানিয়া তেঁহ করে অঙ্গীকার॥ যাহাতে চঞ্চল যার অপাঙ্গের ছটা। তাহারে ভজিব আমি মনে হর্ষ ঘটা॥

লক্ষ্মীগণ কহিতে কহি ব্রজদেবীগণ। কটাক্ষেহ যদ্যপিহ আদর সঘন॥ চাতুর্য্যনিদান-মাত্র এক সেই সীমা।

যানি মুখ্যানি নিদানান্যাদিকারণানি তেষাং সীমা অবধিরূপশ্চ। পুনশ্চপলে যো২পাঙ্গ স্তস্য ছটয়া তাং মন্থরয়তি স্তব্ধাং করোতীতি। অতো লক্ষ্মান্তস্যাঃ কটাক্ষে আদৃতং সাদরং সঙ্কেতজ্ঞাপনমিদং জ্ঞাপয়ত্বিয়মিতি তদভিলসন্ত-মিত্যর্থঃ। যদ্বা। তথা শ্রিয়ঃ কান্তাঃ কান্তঃ পরমপুরুষ ইত্যাদি। লক্ষ্মীসহস্র শতসংভ্রমসেব্যমানমিত্যাদি ব্রহ্মসংহিতাদ্যনুসারেণ লক্ষ্মীণাং ব্রজদেবীনাং কটাক্ষৈরাদৃতমপি তাদৃক্‌চাতুর্য্যাণামবধিরূপশ্চপলায়াস্তল্লীলার্থং জাত-চাপল্যায়াঃ শ্রীরাধায়া যো২পাঙ্গস্তচ্ছটাভির্মন্থরং জাতস্তব্ধতয়া তত্তৎক্রিয়া-দিষপ্যশক্তং বা। তথা প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথামিত্যাদ্যনু-সারেণ কামস্য তদ্বিষয়কপ্রেমবিশেষস্য যো২বতারঃ। প্রাকট্যং তস্যাঙ্কুরঃ

যদুনন্দনঠাকুরের পদ্য।

সেই যে লীলায় যার লোভ অনুপমা। রাধার অপাঙ্গ ছটায় মন্থর হইয়া। স্তব্ধ হৈয়া রহে তাতে শক্তি তেয়াগিয়া॥

কাম শব্দ তাহার বিষয়ে প্রেম কহি। তার যেই অব-তার অঙ্কুর উদই॥ তাহারে ভজিব আমি হইয়া একান্ত। কহিতেই দেখ সর্ব্ব মাধুর্য্যের অন্ত॥ মাধুর্য্য স্বারাজ্যময় এই কৃষ্ণে হয়। সকল সুলভ এথা মাধুর্য্য-আলয়॥ রাধি-কার সখীভাব লীলাশুক মনে। প্রকট হইল গ্রন্থে তাহারি বচনে॥

বাহ্যদশা অর্থ এবে কহিয়ে ইহার। ভঙ্গী প্রতি লীলা-শুক যে কৈল প্রচার॥ পূর্ব্বে যে কহিলাঙ বস্তু নিয়ম তোমারে। কেবল সে বস্তু নহে আর আছে আরে॥ আমরা সভাই যার করি আরাধনে। ব্রহ্মা শুক আদি তারে করিলা স্তবনে॥

সেই যে কিশোর শ্যাম করি আরাধন। আশ্রণীয় তেঁহ সর্ব্ব নায়ক উত্তম॥ বিশেষে কালিন্দীকূলে সদাই

প্ররোহো যস্মাত্তং। সর্ব্বমাধুর্য্যমনুভূয়াহ মধিবতি। মধুরিম্নাং স্বারাজ্যং তং সর্ব্বৈত্রব সুলভমিত্যর্থঃ। তত্রাস্য তস্যাঃ সখ্যেনানুরাগতঃ। রাধাপয়োধরেত্যাদৌ। যে বা শৈশবচাপলব্যতিকরা রাধাবরোধোন্মুখা ইত্যাদৌ চ সুব্যক্তৈব। বাহুদশার্থস্তেবং। স্বসঙ্গিনঃ প্রত্যেব ন কেবলং তাদৃশং বস্তুন্ত্যেব মাত্রং বয়মপি তদুপাস্মহ ইত্যাহ। অমী বয়ং। জানন্তু এব জানন্তু ইত্যাদিনা। নায়ং সুখাপো ভগবানিত্যাদিনা বিধিশুকাদিভিঃ স্তুতং বালং আরাধ্নুম ইতি। স্বরবৈকৃত্যেনাশ্চর্য্যদ্যোতনং। স্বস্য তদ্বহির্মুখপূর্ব্বদশাস্মৃত্যা অদসঃ প্রয়োগঃ। তান্ ক্রোড়ীকৃত্য বহুত্বপ্রয়োগশ্চ। তমেবাশ্রয়ণীয়নায়কং সপ্তভিঃ বিশিনষ্টি। তত্র কালিন্দীতি সদা বিলাসিত্বমুক্তং। মধুরিমেতি রুচিরত্বং তাসামাকর্ষণে উপেক্ষাপ্রত্যায়কবাগ্‌ভঙ্গিপ্রার্থনাদিচাতুরীস্ফূর্ত্ত্যাহ চাতুর্য্যেতি। অনেন বৈদগ্ধ্যং। চপলেতি মোহনত্বং। চপলানাং তাসামপাঙ্গচ্ছটাভি র্মন্থরং স্তব্ধমিতি প্রেমবৈবশ্যত্বং। তস্যা মুখেন্দুদর্শনাদুচ্ছলিতো যো লাবণ্যামৃতার্ণবস্তদমৃতবীচিভি র্লোলিতাঃ সতৃষ্ণীকৃতা স্তস্যাঃ পশ্যতাক্ষ্ণ দৃশো যেনেতি সৌন্দর্য্যং। বেণুনাদাকৃষ্টয়া নভঃস্থিতয়া লক্ষ্ম্যাঃ কটাক্ষৈরাদৃতং সাদরং সলালস-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

বিলাসে। অতিশয় সুমাধুরী যাহাতে প্রকাশে॥ কহিতেই যেন রাসে গোপাঙ্গনা আনি। উপেক্ষা করয়ে হেন কহে ভঙ্গী বাণী॥ প্রার্থনা জানায় তাতে বচন কৌশলে। এই স্ফূর্ত্তে লীলাশুক কহয়ে সত্বরে॥ বৈদগ্ধ্য চাপল্য নিজ প্রকাশ করিলা। মোহনত্ব আপনার তাতে জানাইলা॥ তারা যে চপলাগণ অপাঙ্গ ছটাতে। মন্থর হইল এই প্রেমবশ্য রীতে॥ রাধিকাদি মুখচন্দ্র দর্শন হইতে। উছলিল লাবণ্য অমৃতসিন্ধু যাতে॥ তাহার তরঙ্গে তারে তৃষিত করিয়া। তা সবারে দেখে যেঁহো সুখাবিষ্ট হৈয়া॥ এই ত সৌন্দর্য্য পূর্ণ ইহাতে প্রকাশ। অন্যোন্য চঞ্চল নেত্র মুখে মৃদু হাস॥ বেণু ধ্বনি করি আকর্ষিলা লক্ষ্মীগণ। কটাক্ষে

লীক্ষ্যমাণমিতি। নারীগণমনোহারিত্বং কামাদীনাং চতুর্ব্যূহান্তর্গতপ্রদ্যু-ম্নাখ্যস্বস্বরূপাণাং শাখাস্থানীয়ানাং তদংশলেশাভাসরূপাণামনন্তব্রহ্মাণ্ডান্তর্গত-প্রাকৃতকামানাং পত্রস্থানীয়ানামবতারস্য প্রাকট্যস্য অঙ্কুরং প্রথমোদ্ভিন্ন-কোমলস্কন্ধাংশং। প্রাকৃতাপ্রাকৃতকন্দর্পনিদানবৃন্দাবনাভিনবকন্দর্পমিত্যর্থঃ। আগমাদৌ কামগায়ত্র্যা কামবীজেন চ তস্য তদ্রূপেণোপাস্যত্বাৎ। কোটিমদন-বিমোহনাশেষচিত্তাকর্ষকসহজমধুরতরলাবণ্যামৃতাপারার্ণবেন মহানুভাবচয়ো-ঽনুভূয়মানতত্তন্মহাভাবনিবহেন শ্রীমদনগোপালরূপেণাধুনাপি বৃন্দাবনে বিরাজ-মানত্বাচ্চ। অনেন সর্ব্বাবতারবীজত্বসর্ব্বমাধুর্য্যে উক্তে। রাসলীলা জয়তোষা যয়া সংযুজ্যতেঽনিশং। হরে বিদগ্ধতাভের্য্যা রাধাসৌভাগ্য-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

পূজিলা তারা লোভি হৈয়া মন॥ নারীগণ মনোহারি লীলার প্রকাশ। না পাইলা সঙ্গী লক্ষ্মী গেলা দুঃখে বাস॥ চতুর্ব্যূহ অন্তরেতে যত কামগণ। প্রদ্যুম্নাখ্য আদি স্বস্বরূপ মনো-রম॥ শাখাস্থানীগণ আর আছে কত কত। তার অংশ লেশাভাস রূপ যত যত॥ অনন্ত ব্রহ্মাণ্ড মধ্যে যত কামগণ। পত্রস্থানী আছে তার না হয় গণন॥ তার অবতারী কৃষ্ণ প্রাকট্য অঙ্কুর। বৃন্দাবনে নব কামদেব সর্ব্বমূল॥ প্রাকৃতা-প্রাকৃত যত কন্দর্পের গণ। প্রথম কমলস্কন্ধ অংশ মনো-রম॥ আগমাদি শাস্ত্রে গায়ত্রী কামবীজে। তার উপাসনা করে সর্ব্বভাবে ভজে॥ কোটি মনোমথ এই রূপের প্রকাশ। সর্ব্ব চিত্ত আকর্ষক সহজ বিলাস॥ লাবণ্য মধুরোত্তম অমৃ-তের সিন্ধু। মহা অনুভাব চয়ে অনুভবে বিন্দু॥ সেই সেই মহা মহা প্রভাবের গণ। মহা মহাশয় সবে করে আস্বাদন॥ অদ্যাবধি মদনগোপাল রূপ ধরি। বৃন্দাবনে বিরাজয়ে সঙ্গে গোপনারী॥ সর্ব্ব অবতার বীজ মাধুর্য্য আলয়। বৈদগ্ধ

দুন্দুভিঃ ॥ ৩ ॥

অথাস্য বাহ্যে তিস্রো দশা দৃশ্যন্তে। প্রথমস্ফূর্ত্তৌ স্ফূর্ত্তিজ্ঞানং। ততঃ স্ফূর্ত্তিসাক্ষাৎকারয়োর্ভ্রমঃ। ততঃ সাক্ষাৎকার ইতি। অত্রাস্য মধুরজাতীয়-ভাবাশ্রয়ত্বাৎ পূর্ব্বরাগবিপ্রলম্ভোৎপন্নলালসাদশোৎপন্নাস্তি তয়া অন্তঃস্ফূর্ত্তা-বপি বাহ্যদশোত্থদৈন্যবৈকল্যাদিবাসিতমনস্তয়া রাসবিলাসিনস্তস্য স্ফূর্ত্তি-প্রার্থনমেবাষ্টাদশভিঃ। তানি স্পর্শসুখাদীনি তেচ তরলা ইত্যাদৌ। সা বিম্বাধরমাধুরীতি বিষয়াসঙ্গেঽপি চেন্মানসং, তস্যাং লগ্নসমাধি হন্ত বিরহ-ব্যাধিঃ কথং বর্দ্ধতে। ইতিবৎ ॥

তত্র একেন স্বনিশ্চয়কথনং। ততো গোপীনাং রাসান্তর্হিতকৃষ্ণদর্শ-

যদুনন্দনঠাকুরের পদ্য।

চাতুর্য্য সর্ব্ব রসের আশ্রয় ॥ এই কৃষ্ণ আরাধিমু মোর মনে লয়। যাতে লোভি হয় মন সেই সে মিলয় ॥ জয় জয় রাগ-লীলা জয় রাসলীলা। অহর্নিশি এই লীলা যেহ ঘোষাইলা ॥ কৃষ্ণবিদগ্ধতা ভেরী গম্বন বাজায়। রাধার সৌভাগ্যময় দুন্দুভি ঘোষয় ॥ ৩ ॥

চতুর্থ শ্লোকের অর্থ প্রকাশ করিতে। আভাস লিখিয়ে তার টীকা অভিমতে। এই লীলাশুকের বাহ্য তিন দশা হয়। প্রথমে কৃষ্ণের স্ফূর্ত্তে স্ফূর্ত্তি জ্ঞান হয়॥ দ্বিতীয়েতে হয় স্ফূর্ত্তি সাক্ষাৎকার ভ্রম। তৃতীয়ে সাক্ষাৎকার এইত লক্ষণ ॥ মধুর জাতীয় ভাব আশ্রয় হইতে। পূর্ব্বরাগ বিপ্রলম্ভ উৎপন্ন তাহাতে। প্রথমে লালসা দশা উৎপন্ন হইলা। যদ্যপি চিত্তেতে তার লালসা স্ফুরিলা ॥ বাহ্যদশা উত্থাপিত দৈন্য বিকলতা। তাহাতে বাসিত মন হইল সর্ব্বথা ॥ শ্রীরাসবিলাসী কৃষ্ণ স্ফূর্ত্তির লাগিয়া। অষ্টাদশ শ্লোক করে প্রার্থনা যাচিয়া॥

একশ্লোকে আপনার নিশ্চয় কহিলা। তবে রাসে কৃষ্ণ

নোৎকণ্ঠা প্রলাপস্ফূর্ত্ত্যা তদ্দর্শনং প্রার্থনং ত্রয়স্ত্রিংশতা। ততঃ স্ফূর্ত্তিসাক্ষাৎকারয়ো র্ভ্রমঃ পঞ্চভিঃ পুনর্দর্শনোৎকণ্ঠা সপ্তভিঃ। ততঃ সাক্ষাত্তদ্দর্শনাদ্বাঙ্মনসাগোচরত্বেন তদ্বর্ণমষ্টাবিংশত্যা। ততস্তেন সহোক্তিঃ প্রত্যুক্তিঃ সপ্তদশভিরিতিক্রমঃ। তত্রাদৌ তয়া সহ নিভৃতলীলোৎকণ্ঠয়া সর্ব্বসমাধানার্থং। বাহুপ্রসারেত্যাদিবৎ। তথা তস্যাস্তাসাং তদুৎকণ্ঠাং বর্দ্ধয়িতুমুত্তম্ভয়ন্ রতিপতিমিত্যাদিবচ্চ। তাভিঃ সহ বিলসতস্তস্য স্ফূর্ত্ত্যা স্বসমানসখীঃ প্রত্যাহ। প্রথমং

যদুনন্দনঠাকুরের পদ্য।

অন্তর্দ্ধান স্ফূর্ত্তি হৈলা॥ তাতে গোপীগণ কৃষ্ণ দর্শন লাগিয়া। উৎকণ্ঠাতে ফিরে তারা প্রলাপ করিয়া॥ তাহা দেখিবারে স্ফূর্ত্তি প্রার্থনা করয়। তেত্রিশ শ্লোকেতে লীলাশুক নির্ব্বাচয়। তবে স্ফূর্ত্তি সাক্ষাৎকার ভ্রম অতিশয়। পঞ্চশ্লোকে বিশেষিয়া করিল নিশ্চয়॥ পুনর্ব্বার দরশন লাগি উৎকণ্ঠিত। সপ্তশ্লোকে সেই সব করিল নিশ্চিত॥ সাক্ষাৎ দর্শন তবে হইল তাহার। বাক্য মন অগোচর বর্ণনা প্রচার॥ অষ্ট বিংশতি তার শ্লোক মনোহর। উক্তি প্রত্যুক্তি কৃষ্ণ সঙ্গে তার পর॥ সপ্তদশ শ্লোকে তাহা করিল বিস্তার। এইরূপে ক্রমে অর্থ করিয়ে প্রচার॥ তাহার প্রথম লীলা রাধিকার সনে। নিভৃতে করিতে সাধ বাঢ়ে কৃষ্ণ মনে॥ সর্ব্ব সমাধান লাগি সর্ব্ব গোপী সনে। বাহুপ্রসারাদি লীলা করে হর্ষমনে। রাধা আর গোপীগণের উৎকণ্ঠা বাঢ়াইতে। রাসে নান লীলা করে কৃষ্ণ নানামতে॥

রাধা আদি গোপাঙ্গনা সনে কৃষ্ণচন্দ্র। রাসলীলা করে মনে পাইয়া আনন্দ॥ সেই রাসলীলা স্ফূর্ত্তি হৈল লীলাশুকে। নিজ সম সখী প্রতি কহে নিজমুখে॥

প্রথমতঃ কৃষ্ণের লাবণ্য ছটা সনে। ভূষণ অম্বর কান্তি

বর্হোত্তংসবিলাসকুন্তলভরং মাধুর্য্যমগ্নাননং

তল্লাবণ্যচ্ছটোচ্ছলিতং তদ্ভূষণাম্বরং গোপীলাবণ্যভূষাদিজ্যোতিঃপুঞ্জং নির্ব্বিশেষতয়ানুভূয়েব জাতাহ্লাদো লোভাৎ সসংভ্রমমাহ॥

ইদং জ্যোতিঃ স্বপরপ্রকাশকং মনোনেত্ররসায়নং বস্তু নশ্চেতসি চকাস্তু। ঈষদ্বিশেষস্ফূর্ত্ত্যাহ। কুণ্ডলমণ্ডিতগণ্ডাধরস্মিতাদীনাং মাধুর্য্যে তৎপ্রবাহে মগ্নং কৃতমজ্জনমাননং যস্য তৎ। সমগ্রবিশেষস্ফূর্ত্ত্যাহ। প্রকর্ষেণ উন্মীলন্নবযৌবনং চরমকৈশোরং যস্য তৎ। তথা বর্হোত্তংসস্য যো বিলাসঃ নৃত্যগত্যা মন্দানিলেন

অনন্তর সখীগণ সহ বিলাসকারি শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি বোধ করত আপনার সমান সখীগণের প্রতি কহিতে লাগিলেন—হে সখীগণ! যিনি ময়ূরপিচ্ছ চূড়ার সহিত সংযুক্ত কুন্তলে

যদুনন্দনঠাকুরের পদ্য।

ঘটা উছলনে॥ তৈছে গোপাঙ্গনা-অঙ্গ লাবণ্যের ছটা। তার বিভূষণ বাস জ্যোতিঃপুঞ্জ ঘটা॥ নির্ব্বিশেষ জ্যোতিঃপুঞ্জ দেখি লোভ হৈল। সসংভ্রম হৈয়ে কিছু কহিতে লাগিল॥ নিজ পর প্রকাশক এই জ্যোতিঃপুঞ্জ। মন নেত্র রসায়ন সর্ব্বজনরঞ্জ॥ আমার মনে ত সদা রহুক লাগিয়া। তিল এক কভু যেন না ছাড়য়ে হিয়া॥ এতেক কহিতে অল্প বিশেষ স্ফুরিলা। তাহার কারণে কিছু কহিতে লগিলা॥ কুণ্ডলমণ্ডিত গণ্ড অধরমাধুরী। মন্দ মন্দ হাস্য তাহে বচনচাতুরী॥ মাধুর্য্যপ্রবাহে মগ্ন কৃষ্ণের আনন। দেখ দেখ সুমাধুর্য্য করয়ে মজ্জন॥ কহিতেই সামগ্রী বিশেষ স্ফূর্ত্তি হৈলা। বিবরিয়া সেই কথা কহিতে লাগিলা॥ নবীনযৌবন বয়ঃ উদয় হইল। চরম কৈশোর স্থির হইয়া রহিল॥ চাঁচর কেশরে চূড়া তাতে মনোহর। তাহাতে বর্হিয়া শোভে পরম সুন্দর॥ নটন গমনে

প্রোন্মীলন্নবযৌবনং প্রবিলসদ্বেণুপ্রণাদামৃতং।
আপীনস্তনকুট্মলাভিরভিতো গোপীভিরারাধিতং

চান্দোলনং তদ্দ্যুক্তকুন্তলভরস্তৎকলাপো যস্য। তথা স্বরালাপাদিভঙ্গিভি বি’ল-সন্তো যে বেণোঃ প্রকৃষ্টা নাদা স্তএবাতিমধুরত্বাৎ শুষ্কস্থাবরাদি জীবদত্বাচ্ছামৃতানি যস্মিন্।, তথা গোপীভিরভিতশ্চুম্বনালিঙ্গনাদিভিরারাধিতং সেবিতং। আপীনানি স্তনকুট্মলানি যাসাং তাভিঃ। তথা জগতাং তৎস্পর্শতৃষ্ণয়াভিতঃ কুটিলং ভ্রমন্তীনাং তাসাং মধ্যে একস্যাং শ্রীরাধায়াং অভি সর্ব্বতোভাবেন যো রাসঃ রমণং তেন পশ্যতাং স্মরতাং চাদ্ভুতং চমৎকারকারকং। তয়া সহ মিথঃ স্কন্ধন্যস্তহস্ততয়া কৃতনৃত্যত্বাৎ। বাহে তান্ প্রত্যেবাহ। অর্থঃ স এব

শোভিত, যাঁহার বদন মাধুর্য্যে নিমগ্ন, যিনি সমুদিত নব-যৌবনশোভিত,বেণুনিনাদরূপ অমৃতযুক্ত,স্থূলতর স্তন কুট্মল-শালিনী গোপাঙ্গনাগণ কর্ত্তৃক সর্ব্বতোভাবে আরাধিত এবং যিনি জগতের মধ্যে একমাত্র শ্রীরাধায় সর্ব্বতোভাবে অনুরক্ত এবং যিনি দর্শন ও স্মরণকারিদিগের সম্বন্ধে চমৎকারকারী

যত্নন্দনঠাকুরের পদ্য।

মন্দ বাতাসে দোলায়। তাহার বিলাসে সদা ভুবন ভুলায়॥ বিম্বাধরে বিলাস মুরলী মনোহর। স্বরভঙ্গি আলাপনে মাধুরী বিস্তর॥ কেবল অমৃত ধ্বনি সদা বরিষয়। শুষ্ক কাষ্ঠ আদিগণে জীবন রচয়॥ তাতে মুগ্ধ হৈয়া রহু গোপাঙ্গনাগণ। চুম্বনালিঙ্গনে সদা করয়ে সেবন॥ তথা জগজ্জনে মনে স্পর্শ তৃষ্ণা হয়। হেন রূপ শোভা সখী বর্ণন না হয়॥ গোপ-কিশোরীর মধ্যে রাধা গুণবতী। রাসমধ্যে দেখ কৃষ্ণের যাতে অতি আর্ত্তি॥ দুহু স্কন্ধে দুঁহু বাহু আরোপণ করি। অন্যোন্যে নাচে সুখে সর্ব্ব মনোহারি॥ রাধাতেই কৃষ্ণ মন

জ্যোতিশ্চেতসি নশ্চকাস্তু জগতামেকাভিরামাদ্ভুতং ॥৪॥
মধুরতরস্মিতামৃতবিমুগ্ধমুখাম্বুরুহং

কিম্বা ত্রিজগতাং একং প্রধানমভিরামং চাদ্ভুতঞ্চ যত্তৎ ॥ ৪ ॥

পুনরতিমাধুর্য্যস্ফূর্ত্ত্যা তাঃ প্রতি সলালসমাহ মধুরতরেতি। পূর্ব্বরীত্যা ইদং কিমপ্যনির্ব্বচনীয়ং ধাম মম চেতসি চিরং চকাস্তু। নন্থ চিত্তসন্তাপকস্যাস্য স্মৃতিলালসয়াহলমিত্যত্র চিত্তং তচ্চ দুষয়ন্নাহ। কীদৃশে। বিশেষেণ সিনোতি স্বমাধুর্য্যমধুনি মনোভৃঙ্গং বধ্নাতীতি বিষয়ং। তচ্চ বিষবদ্দাহকত্বাদ্বিষঞ্চ তথাপ্যমৃতবদামিষং লোভ্যং যদেতদ্ধাম তস্য যৎ গ্রসনং ঝটিত্যাত্মসাৎকরণং। তত্র গৃধ্নু লম্পটং যত্তস্মিন্। তদুক্তং। পীড়াভির্নবকালকূটকটুতাগর্ব্বস্য

সেই জ্যোতি অর্থাৎ স্বপর প্রকাশক মনোনেত্র রসায়ন কোন অনির্ব্বচনীয় বস্তু আমার চিত্ত মধ্যে প্রকাশ প্রাপ্ত হউন ॥৪॥

পুনশ্চ শ্রীকৃষ্ণের মাধুর্য্য অত্যন্ত স্ফূর্ত্তি পাওয়ায় সেই সমস্ত সখীগণের প্রতি লালসা সহকারে কহিতে লাগিলেন—

অহে সখীগণ! যাঁহার মধুরতর হাস্যামৃতে বদনপদ্ম

যদুনন্দনঠাকুরের পদ্য।

নয়ন বিলাসে। দরশনে কার মনে সুখ যে না আইসে ॥

এই ত কহিল শ্লোকের অন্তর্দ্দশার অর্থ। বাহ্য অর্থ স্পষ্ট আছে সঙ্গী প্রতি সর্ব্ব ॥ ত্রিজগতের প্রধান এক অভিরাম রূপ। বৃন্দাবনে আছে সর্ব্ব মাধুর্য্যের ভূপ ॥ কহিতেই পুনঃ অতি মাধুর্য্য স্ফূরিল। সম সখী প্রতি কহে লালসা বাড়িল ॥ ৪ ॥

সখি হে এই কৃষ্ণের অঙ্গের মাধুরী। সদা স্ফূর্ত্তি হউ মোরে, জ্যোতিঃপুঞ্জ যেই ধরে, অভিরাম নয়ন চাতুরী ॥ ধ্রু ॥

যদি বল এই কৃষ্ণ, না পাইলে সদা তৃষ্ণ, মন হয়

মদশিখিপিঞ্ছলাঞ্ছিতমনোজ্ঞকচপ্রচয়ং।
বিষয়বিষামিষগ্রসনগৃধ্নুনি চেতসি মে

নির্ব্বাসনং নিস্যন্দেন মুদাং সুধামধুরিমাহঙ্কারসঙ্কোচনঃ। প্রেমা সুন্দরি নন্দনন্দনপরো জাগর্ত্তি যস্যান্তরে জ্ঞায়ন্তে স্ফুটমস্য বক্রমধুরাস্তেনৈব বিক্রান্তয়ঃ॥ ইত্যাদৌ। তত্র হেতুমাহ। মধুতরং যৎস্মিতামৃতং তেন বিমুগ্ধং মনোহরং মুখাম্বুরুহং যস্য। তথা। বিপুলে বিলোচনে যস্য। তথা অস্মং পিঞ্ছান্যেবায়ব তংসয়তীতি সৌভাগ্যমদযুক্তাস্তথা নবঘননিন্দি তৎকান্তিদর্শনোদ্গতানঙ্গমদযুক্তাশ্চ যে শিখিনস্তেষাং পিঞ্ছৈর্লাঞ্ছিতঃ স্বভাবমনোজ্ঞশ্চ কচপ্রচয়ো যস্য। মধ্যপদলোপী সমাসঃ। মদাতিশয়াৎ তএব মদরূপা ইতি বা। শিখিনাং মত্ততোক্ত্যা পিঞ্ছানাং স্ফীততোক্তা। বাহ্যে তু। বিষয়ো বনিতাদিঃ। অন্যৎসমং। অতঃ সএব কৃপয়াচেৎ স্ফুরতি তদৈব তৎস্ফুরণমন্যথা তদপি দুর্লভমিতি দৈন্যং। আমিষং পললে লোভ্যে ইতি মেদিনী। লোভ্যে বস্তুনীতি

অতিশয় মনোহর, যাঁহার কেশকলাপ মদমত্ত ময়ূরপিঞ্ছে লাঞ্ছিত হইয়া অতিশয় শোভা প্রকাশ করিতেছে এবং যিনি বিশাল লোচনযুক্ত, সেই কোন এক অনির্ব্বচনীয় ধাম (তেজঃ) আমার বিষয় বিষরূপ আমিষগ্রাসে লুব্ধতর চিত্ত-

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাপিত বিস্তর। ছাড়হ লালসা কায, সেহ নহে মূল লাজ, দোষি মোর হইল অন্তর॥ নিজাঙ্গমাধুরী দানে, মনোভৃঙ্গ বান্ধি টানে, গ্রাস কৈল তাতে মোর মন। দাহক বিষের সম, আবিষয়ামৃত যেন, পরম লম্পট অনুক্ষণ॥ মনোহর মুখপদ্ম, বিদগ্ধ আনন্দ সদ্ম, তাতে স্মিত মধুরিমামৃতে। বিপুল লোচনদ্বয়, শ্রবণ পরশে তায়, দেখি লোভ নহে কার চিত্তে॥ মনোজ্ঞ কুন্তল চূড়ে, মত্তশিখি-পিচ্ছ উড়ে, কিবা শিখিপিচ্ছের বান্ধন। কহিতেই কৃষ্ণমুখে, মন মুগ্ধ হৈল

বিপুলবিলোচনং কমপি ধাম চকাস্তু চিরং ॥ ৫ ॥ *
মুকুলায়মাননয়নাম্বুজং বিভো-

কোষঃ ॥ ৫ ॥

অথ শ্রীমন্মুখাম্বুজলগ্নমনস্তয়া সলালসমাহ। বিভোস্তন্মাধুর্য্যচাতুর্য্যসম্পৎ-পূর্ণস্য মুখপঙ্কজং মে মনঃসরসি বিজৃম্ভতাং। কীদৃশং। মুরলীনিনাদ এব মকরন্দস্তেন নির্ভরং পূর্ণং। তথা প্রোজ্জ্বলেন্দ্রনীলমণিমুকুর ইবাচরতীতি মুকুরায়মাণে মৃদুনী গণ্ডমণ্ডলে যস্মিন্। তথা স্মরমদেন ভাবোদ্গারেণ চ মুকুলায়মানে নয়নাম্বুজে যস্মিন্। স্ফুটপদ্মোপরি দরবিকসিতপদ্মযুগলং চেৎ স্যাৎ

মধ্যে চিরকাল শোভা প্রাপ্ত হউন ॥ ৫ ॥

অনন্তর শ্রীকৃষ্ণের মুখপদ্মে মন সংলগ্ন হওয়ায় লালসার সহিত স্বীয় সখীর প্রতি কহিতেছেন ॥

হে সখি! যাহাতে মুকুলসদৃশ নয়নপদ্ম বিরাজমান,

যদুনন্দনঠাকুরের পদ্য।

সুখে, পুনঃ শ্লোক কৈল উচ্চারণ ॥ ৫ ॥

সখি হে, কৃষ্ণ-মুখপদ্ম মনোহর। মাধুর্য্য চাতুর্য্য সীম, স্ফূর্ত্তি হউ রাত্রি দিন, মোর মন নদী মধ্যস্থল ॥ ধ্রু ॥

মুরলী নিনাদ যাতে, মকরন্দ পূর্ব্ব রীতে, মাতায় তরুণীগণ মন। ইন্দ্রনীলমণি যেন, মুকুর স্বচ্ছটা হেন, যাতে মৃদু গণ্ডের মোহন ॥ কামমদ ভাবোদয়, নয়ন অম্বুজদ্বয়, মুকুলায়মান তাতে সদা। স্ফুট পদ্মোপরি যেন, অল্প বিকসিত হেন, দুই পদ্ম রহয়ে বিষদা ॥ কিবা গণ্ড দর্পণেতে, মহ-

* অস্মিন্ শ্লোকে নর্দ্দটকং ছন্দঃ। যদি ভবতো নজৌ ভ জ জ লা গুরু "নর্দ্দটকং"। "জয় জয় জহ্যজামজিত দোষগৃভীতগুণাং" ইতি ভাগবতীয়শ্রুত্যধ্যায়পদ্যোক্তচ্ছন্দোবৎ ॥

মুরলীনিনাদমকরন্দনির্ভরং।
মুকুরায়মাণমৃদুগণ্ডমণ্ডলং
মুখপঙ্কজং মনসি মে বিজৃম্ভতাং ॥ ৬ ॥ *
কমনীয়-কিশোরমুগ্ধমূর্ত্তেঃ

তদা তৎসমমিতদ্ভুতোপমেয়ং। কিম্বা শ্রীগণ্ডমুকুরসংক্রমিতানি তেন মুখপঙ্কজেন সহ সখ্যং কর্ত্তুমিবাগতানি তাসাং ভাবোদ্গার--মুকুলায়মান--নয়নাম্বুজানি শ্রীরাধায়াস্তাদৃশ নয়নাম্বুজে খঞ্জনস্থানীয়ে বা যস্মিন্। বাহ্যার্থঃ স্পষ্ট ইব। প্রথমে প্রকাশতাং দ্বিতীয়ে চিরং তৃতীয়ে বিশেষেণেতি শ্লোকত্রয়ে ক্রমেণোৎকণ্ঠাধিক্যং। এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ৬ ॥

অথ তন্মাধুর্য্যাব্ধিস্ফূর্ত্ত্যাদিরসেঽপ্যোতদ্বর্ণনে কৃষ্ণাদর্শনবিক্লবাং প্রিয়সখীং প্রীণয়ামীতি তদভ্যস্যন্ তদানন্তাস্ফূর্ত্ত্যা স্তম্ভিতঃ সন্নাহ। মুরারেঃ

যাহা মুরলীর নিনাদরূপ মকরন্দে সুশোভিত, তথা যাহাতে মৃদু গণ্ডমণ্ডল দর্পণতুল্য, বিভুর সেই মুখপদ্ম আমার মনোরূপ সরোবর মধ্যে শোভিত হউক ॥ ৬ ॥

অনন্তর শ্রীকৃষ্ণের মাধুর্য্য সমুদ্র স্ফূর্ত্তি হওয়ায় শ্রীকৃষ্ণের অদর্শনে বিক্লবা শ্রীরাধাকে "প্রীত করিব" এই অভিপ্রায়ে

যদুনন্দনঠাকুরের পদ্য।

যোগী মুখাম্বুজ তাতে, আসে সখ্য করিবার আশে। রাধার নয়নাম্বুজ, আইল যাতে ভাবপুঞ্জ, সে যেন খঞ্জনদ্বয় বৈসে ॥ মাধুর্য্যসমুদ্র সার, কহিতেই স্ফূর্ত্তি আর, শ্লোক এক পড়ে অদভুত। কৃষ্ণের মাধুর্য্য লীলা, বর্ণিতে বর্ণিতে হইলা, লীলাশুক অত্যন্ত স্তম্ভিত ॥ ৬ ॥

সখি হে, সুন্দর মুরারি-মধুরিমা। আমার বচনে আসি,

* অত্র মঞ্জুভাষিণী ছন্দঃ। স জ সা জগৌ চ যদি "মঞ্জুভাষিণী" ॥

কলবেণুকণিতাদৃতাননেন্দোঃ।
মম বাচি বিজৃম্ভতাং মুরারে-
র্মধুরিম্নঃ কণিকাপি কাপি কাপি ॥ ৭ ॥ +

মুরা কুৎসা তদরেস্তদ্রহিতস্য পরমসুন্দরস্য মধুরিম্নঃ কণিকাপি মম বাচি বিজৃম্ভতাং অল্পকণঃ কণী। পশ্চাদত্যল্পার্থে কণ্ কণিকা সা। অতিসূক্ষ্মেত্যর্থঃ। তত্রাপি কাপি কাপি কৈশোরসৌষ্ঠবসবেণুমুখসম্বন্ধিনীত্যর্থঃ। তাং তামেব প্রকাশয়তি। কীদৃশঃ। কমনীয়া কিশোরী মুগ্ধা মনোহরা চ মূর্ত্তি র্যস্য। তথা কলবেণুকণিতৈরাদৃতঃ সেবিতস্তৈর্বেণুভিঃ প্রশস্তো বা মুখেন্দু র্যস্য। বাহ্যে দৈন্যোদয়াচ্চিত্তে স্ফূর্ত্তিস্তাবদাস্তাং বাচ্যপি তত্রাপ্যতিদৈন্যাৎ। নমু সমধুরিমা-করঃ সএব কিন্তু তন্মধুরিমা। তত্রাপ্যতিতরাং দৈন্যোদয়াৎ নতু মধুরিমসিন্ধুঃ কিন্তু তৎকণিকাপি যয়াখিলব্রহ্মাণ্ডমেবাপ্লাবিতং স্যাৎ। ততোঽপ্যতিতমাং

তাঁহার নিকটে গমন করত তদীয় আনন্ত্য-স্ফূর্ত্তিতে স্তম্ভিত হইয়া লীলাশুক কহিতেছেন॥

যিনি কমনীয় অথচ কিশোরী ও মনোহারিণী মূর্ত্তিশালী এবং মধুরাস্ফুট বেণুধ্বনিতে যাঁহার বদনচন্দ্র সুশোভিত, সেই মুরারির মাধুর্য্যের কোন এক কণিকামাত্রও আমার

যত্নন্দনঠাকুরের পদ্য।

সদা করউঁ বিলাসি, অত্যল্প কণার এক কণা ॥ ধ্রু ॥

কৈশোর সৌষ্ঠব যাতে, বেণুমুখ বিলাসিতে, কোন কোন লীলার সময়। তার তার কণাগণ, স্ফুরু মোর বচন, প্রকাশ করিয়া অতিশয় ॥ এত কহি মনে মনে, করে মাধুর্য্য বর্ণনে, রাধিকার সঙ্গে কৃষ্ণচন্দ্র। কুঞ্জমাঝে লীলাকাযে,

+ ইদং উপবৃত্তং ছন্দঃ। "উপবৃত্ত"মিদং তদা পরশ্চেদগুরুবর্ণঃ খলু সুন্দরী-পদান্তে। সুন্দরী চেয়ং। অযুজো র্যদি সৌ জগৌ যুজোঃ সভরা ল্গৌ যদি"সুন্দরী" তদা॥

মদশিখণ্ডিশিখণ্ডবিভূষণং
মদনমন্থরমুগ্ধমুখাম্বুজং।

দৈন্যোদয়াৎ কাপি কাপি যা কাপীত্যুক্তিঃ ॥ ৭ ॥

অথ মনসি তন্মাধুর্য্যং বর্ণয়ন্। তস্য তয়া সহ রহোলীলোৎকণ্ঠাস্ফূর্ত্ত্যা তদ্দর্শনোৎকণ্ঠয়া সহর্ষমাহ। তদ্বর্ণনবাসিতমনস্তয়া বাগ্বাচায়োরেকতাস্ফূর্ত্ত্যা ইদং মম বাঙ্ময়জীবিতং রহস্তল্লীলার্থং গচ্ছন্নিত্যর্থঃ। যদ্বা। মম বাঙ্ময়ঞ্চ তস্য জীবিতং জীবনহেতুঃ তৎ বিজয়তাং কা মম চিন্তেত্যর্থঃ। আয়ুর্ঘৃতমিতিবৎ। কীদৃশং মদেতি পূর্ব্ববৎ। হৃদ্যাচ্ছলিতমদনেন মন্থরং মানসং তত্তৎক্রিয়াসু মুগ্ধঞ্চ মুখাম্বুজং যস্য। মদনমপি মন্থরয়তি স্তম্ভয়তি মুগ্ধং মুখাম্বুজং যস্যেতি বা। মিথো ব্রজবধূনাং চুম্বনেনাঞ্জনৈরঞ্জিতং। নয়নযুগকপোলং দন্তবাসো মুখান্ত-

---

বাক্যমধ্যে শোভা প্রাপ্ত হউক ॥ ৭ ॥

অনন্তর মনোমধ্যে শ্রীকৃষ্ণের মাধুর্য্য বর্ণন করিতে করিতে শ্রীকৃষ্ণের শ্রীরাধার সহিত নির্জন লীলা স্ফূর্ত্তি হওয়াতে অদর্শনোৎকণ্ঠায় সহর্ষে লীলাশুক কহিতেছেন ॥

মদমত্ত ময়ূরগণের পিঞ্ছই যাঁহার ভূষণ, যাঁহার মুখপদ্ম মদনমন্থর ও মনোহর, যাহা ব্রজবধূগণের নয়নাঞ্জনে

যদুনন্দনঠাকুরের পদ্য।

দর্শন উৎকণ্ঠা সাজে, হর্ষে পড়ে শ্লোক প্রবন্ধ ॥ ৭ ॥

মোর বাণী প্রাণধন, ব্রজরাজ নন্দন, জয়যুক্ত হউ সর্ব্বক্ষণ। রাই সঙ্গে কুঞ্জমাঝে, যত রাসলীলা কাযে, সদা চিন্তা করে যার মন ॥ ধ্রু ॥

যার মুখপদ্ম সদা, মন্থর-মদন-মদা, কামক্রিয়া অলস মোহন। কিবা কাম স্তম্ভ করে, মুখাম্বুজ মনোহরে, কোটি কাম জিনিয়া সোহন ॥ মদমত্ত শিখিপুচ্ছ, চূড়ায়ে কুসুম

ব্রজবধূনয়নাঞ্জনরঞ্জিতং
বিজয়তাং মম বাঙ্ময়জীবিতং ॥ ৮ ॥ *
পল্লবারুণপাণিপঙ্কজসঙ্গিবেণুরবাকুলং

স্তনযুগলললাটং চুম্বনস্থানমাহুরিতি। বাহ্যে তদ্দোর্লভ্যং কথয়তঃ স্বান্ প্রতি। ক্বচিদ্বিহিতো ভাবো দ্রব্যবৎ প্রকাশত ইতি ন্যায়াৎ। তন্মাধুর্য্যময়-স্ববাচাং তৎ-স্বরূপত্বেন স্ফূর্ত্ত্যা সহর্ষমাহ। ইদং বিজয়তাং। কা মম চিন্তেত্যর্থঃ ॥ ৮ ॥

অথ রাসবিলাসিনস্তস্য তন্মাধুর্য্যস্ফূর্ত্ত্যা প্রেমবৈবশ্যাদপূর্ব্বমিব তং মত্বা-

রঞ্জিত সেই আমার বাঙ্ময় অর্থাৎ বাক্যের জীবনস্বরূপ কোন এক অনির্ব্বচনীয় বস্তু জয়যুক্ত হউন ॥ ৮ ॥

অনন্তর রাসবিলাসি শ্রীকৃষ্ণের মাধুর্য্য-স্ফূর্ত্তি বশতঃ প্রেম বৈবশ্য হওয়ায় তাঁহাকে যেন অভূতপূর্ব্ব জানিয়া বাহ্য-দশার স্ফূর্ত্তিহেতু পুনর্ব্বার লালসার সহিত কহিতেছেন ॥

পল্লবতুল্য অরুণবর্ণ পাণিপঙ্কজে সঙ্গতবেণু ধ্বনিতে

যদুনন্দনঠাকুরের পদ্য।

গুচ্ছ, তরুণীনয়ন যাতে বান্ধা। রাসমধ্যে ব্রজনারী, চুম্বনে হরয হরি, অধরে অঞ্জন তাতে রঞ্জা ॥ এইরূপে রাসরসে, নানা লীলা পরকাশে, সে মাধুর্য্য সব তারে স্ফুরে। প্রেমের বৈবশ্য হৈতে, অপূর্ব্ব মানয়ে চিতে, বাহ্য-গন্ধ সঙ্গে পুনঃ বলে ॥ ৮ ॥

সখি! হে, এই কৃষ্ণাশ্রয় সাধ মোরে। রাসমধ্যে এক অঙ্গে, বহু ব্রজাঙ্গনা সঙ্গে, বিলসিয়া সর্ব্ব বাঞ্ছা পূরে ॥ ধ্রু ॥

* অত্র দ্রুতবিলম্বিতং ছন্দঃ। "দ্রুতবিলম্বিত" মাহ নভৌ ভরৌ ॥

ফুল্লপাটলপাটলীপরিবাদিপাদসরোরুহং।

বাল্যদশাবাসিতমনস্তয়া স্ফূর্ত্তিপ্রার্থনবৎ সলালসমাহ দ্বাভ্যাং। প্রভুমেকেন বপুষৈবানন্তকোটিগোপীবাঞ্ছাপূর্ত্তিসমর্থমহমাশ্রয়ে। কীদৃশং পল্লবাদপ্যরুণয়োঃ পাণিপঙ্কজয়োঃ সঙ্গী যো বেণুস্তস্য রবৈস্তাঃ স্মরোল্লাসৈরাকুলয়তীতি তং। তদুক্তমনঙ্গবর্দ্ধনমিতি। নৃত্যে তাভিরনঙ্গদৃপ্তকুচেষু ন্যস্তত্বাদপূর্ব্বকান্তি-শ্রীচরণ-স্ফূর্ত্ত্যাহ। তদুরোজস্পর্শাৎ ফুল্লঞ্চ সহজারুণমপি স্তনচরণপ্রস্বেদপঙ্কিলং তৎ কর্পূরমিশ্রিতচন্দনারুণারুষিতত্বাৎ পাটলঞ্চ তৎ। শ্বেতরক্তস্ত পাটল-ইত্যুক্তেঃ। তচ্চ অতঃ পাটলীং পরিবাদিতুং শীলং যস্য তাদৃশং পদসরোরুহং যস্য তং। ফুল্লানি পাটলানি যস্যাং তাং পাটলীমিতি বা। পাটলপাটল্যো-রীষদ্ভেদো বা জ্ঞেয়ঃ। তথা তন্নেত্রচুম্বনলগ্নাঞ্জনেন স্মিতকান্ত্যা চোল্লসন্তী সুধা-সারাদপি মধুরা চ যাধরস্য শিতশ্যামারুণা দ্যুতিমঞ্জরী তয়া সরসমাননং যস্য।

আকুল এবং যাঁহার পাদপদ্ম প্রফুল্ল পাটলপুষ্পকে নিন্দা করিতেছে, উল্লসিত ও মাধুর্য্যময় অধরের কান্তিমঞ্জরী-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

নবীন পল্লব হৈতে, অরুণিমাপুঞ্জ যাতে, হেন দুই করাম্বুজ যার। তার সঙ্গী যেবা বেণু, তার ধ্বনি সুধা জনু, চিত্ত আউলায় গোপিকার॥

কহিতেই দেখ যেন, রাসে কৃষ্ণ নাচে হেন, চরণ ছোয়ায় গোপীস্তনে। উরোজ পরশ পায়, প্রফুল্ল চন্দন তায়, শ্বেতরক্ত বর্ণ দুচরণে॥

প্রফুল্ল পাটলী পুঞ্জ, অতিশোভা মনোরঞ্জ, চরণপঙ্কজ হেন যার। দেখিতে চরণ শোভা, মন হৈল অতি লোভা, ঊর্দ্ধনেত্র দেন আরবার॥

সুধাসার হৈতে অতি, মধুর অধরদ্যুতি, গোপীনেত্র

উল্লসন্মধুরাধরদ্যুতিমঞ্জরীসরসাননং
বল্লবীকুচকুম্ভকুঙ্কুমপঙ্কিলং প্রভুমাশ্রয়ে ॥ ৯ ॥ *
অপাঙ্গরেখাভিরভঙ্গুরাভিরনঙ্গরেখারসরঞ্জিতাভিঃ।

তথা বল্লবীনাং কুচকুম্ভকুঙ্কুমৈঃ পঙ্কিলং চর্চ্চিতাঙ্গং। বেণুনাদৈস্তা ব্যাকুলীকৃত্য তাভিশ্চুম্বনালিঙ্গনাদিকং কৃতবানিতি ভাবঃ। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৯ ॥

পুনস্তাভিঃ সলালসমীক্ষ্যমাণস্য স্ফূর্ত্যা পূর্ব্ববদেবাহ। পূর্ব্ববদ্বিভুং আশ্র-

---

(দীপ্তিশ্রেণী) দ্বারা যাঁহার মুখপদ্ম সরস, এবং যাঁহার অঙ্গ বল্লবীগণের কুচকুম্ভের কুঙ্কুমপঙ্কে পঙ্কিল অর্থাৎ পঙ্কযুক্ত, সেই প্রভুকে আমি আশ্রয় করি ॥ ৯ ॥

পুনর্ব্বার গোপীগণ লালসার সহিত শ্রীকৃষ্ণকে দর্শন করিতেছেন এই স্ফূর্ত্তিতে লীলাশুক কহিতে লাগিলেন ॥

গোপাঙ্গনাগণ অনঙ্গরেখার রসরঞ্জিত, ভঙ্গুর অপাঙ্গরেখা

যদুনন্দনঠাকুরের পদ্য।

অঞ্জন তাহাতে। শ্যাম অরুণিমা-দ্যুতি, মঞ্জরী কি সুমূরতি, যার মুখ সরস ইহাতে ॥

এত কহি প্রতি অঙ্গে, দেখি বাঢ়ে বহু রঙ্গে, ব্রজাঙ্গনা কুচকুম্ভ পঙ্কে। চর্চ্চিত হইল গাত্রে, বেণুনাদে মোহে তাতে, আলিঙ্গন চুম্বনের বন্ধে ॥

এতেক কহিতে পুন, দেখে গোপাঙ্গনাগণ, রাসলীলায় বড়ই লালসা। সেই স্ফূর্ত্তে পুনর্ব্বার, পড়ে শ্লোক মনোহর, লীলাশুক তার আপ্ত্যে আশা ॥ ৯ ॥

সখি ! হে, সর্ব্ব ত্যজি ভজিব ইহাঁরে। রাসমধ্যে ব্রজ-

---

* অত্র হরনর্ত্তনং ছন্দঃ। সৌ জজৌ ভরসংযুতৌ করিবাণৈঃর্থ "হরনর্ত্তনং" ইতি বৃত্তরত্নাকরপরিশিষ্টে। এতচ্ছন্দসা গ্রথিতং পদ্যং যথা স্তবমালায়াং

অনুক্ষণং বল্লবসুন্দরীভিরভ্যস্যমানং বিভুমাশ্রয়ামঃ॥১০॥

য়ামঃ। কীদৃশং বল্লবসুন্দরীভিরনুক্ষণং নিরন্তরং অপাঙ্গরেখাভিরবিচ্ছিন্ননেত্রান্ত-দৃষ্টিধারাভিরভ্যস্যমানং তৃষিতনেত্রান্ত--নল--নালিকাভি র্গম্ভীরামৃতাব্ধিমিব। কিয়দ্দূরাদাসাদ্যমানং। কিম্বা। বিয়োগভীত্যা দিবসেঽপি নেত্রাগ্রে তৎ-স্ফূর্ত্তয়ে অভ্যস্যমানং। অভঙ্গুরাভিরবক্রাভিঃ। নেত্রভ্রুবোরবক্রতা দৃষ্টিধারা ঋজ্বীত্যর্থঃ। অপ্রতিহতাভিরিতি বা। তথা অনঙ্গরেখায়াস্তৎপরম্পরায়া যো রসস্তেন রঞ্জিতাভি র্ভাবিতাভিঃ। কোটিকন্দর্পরসোদ্গারিকাভিরিত্যর্থঃ। ভঙ্গ্যা বাণশ্রেণীভি র্লক্ষমিব কটাক্ষধারাভিরভ্যস্যমানং কামরসহিঙ্গুলাদিরঞ্জি-

---

দ্বারা নিরন্তর যাহাকে অভ্যাস করিতেছে, সেই প্রভুকে আমি আশ্রয় করি॥ ১০॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

নারী, অপাঙ্গরেখার সারি, নিরন্তর অভ্যাসয়ে যাঁরে॥ ধ্রু॥

নয়নের অন্ত যত, অনঙ্গনালিকামত, কিছু দূরে রহি সুধাসিন্ধু। পান করে অবিরত, তৃষিত অঙ্গনা কত, যেন নাহি পায় একবিন্দু॥

কিম্বা বিচ্ছেদের ভয়ে, নদী যেন নেত্রে বহে, কৃষ্ণাঙ্গ লাবণ্য মধুরিমা। তাহার অভ্যাস কাজে, অঙ্গনা নেত্রান্ত সাজে, নিমিষ পড়িতে নাহি ক্ষমা॥

অভঙ্গুর অবক্রতা, নেত্রধারা মনোরতা, কথনে বক্রতা নাহি যায়। তথা অনঙ্গের রেখা,সে রসে রঞ্জিত দেখা, যারে রঞ্জে এই নেত্রধারা॥

নেত্রান্তের ভঙ্গিবাণ, মোহে যাতে কোটি কাম, শ্বেতা-রুণ অঞ্জনরেখায়। রস হিঙ্গুলাদি যেন, বাণ সাজে সুগো-

---

মুকুন্দমুক্তাবল্যাং। পর্ব্ববর্ত্তুলশর্ব্বরীপতিগর্ব্বরীতিহরাননং॥

হৃদয়ে মম হৃদ্যবিভ্রমাণাং

তাভিঃ। যদ্বা। কীদৃশীভিস্তাভিঃ অপাঙ্গান্তররুণা রেখা যাসাং বাহেস্বঞ্জনরেখা যাসাং তাভিঃ। অভঙ্গুরাভিঃ পরাজয়মপ্রাপ্তাভিরিত্যর্থঃ। কামশ্রেণীরসভাবিতাভিশ্চ বাহ্যার্থঃ স্পষ্টএব ॥ ১০ ॥

অথ রসিকশেখরত্বাৎ বৈদগ্ধ্যাত্তাসামুৎকণ্ঠাং সম্বর্দ্ধ্য তা হিত্বা তয়া সহ রহোলীলোৎকণ্ঠয়া সর্ব্বসমাধানার্থং শ্লিষ্যতি কামপীত্যাদিবৎ। তাভিঃ সহ বিল-

অনন্তর "শ্রীকৃষ্ণ নিজের রসিকশেখরত্ব ও নিখিলকলার গুণে গোপীদিগের উৎকণ্ঠা বর্দ্ধন করত, "তাঁহাদিগকে ছাড়িয়া শ্রীরাধার সঙ্গে নির্জনে বিলাস করিবেন" এই আশায় ভাবি দোষ সমাধান জন্য সকলকে আলিঙ্গন করিতেছেন" লীলাশুক এই ভাবে কহিতে লাগিলেন ॥

যিনি মনোজ্ঞ বিভ্রমশালিনী ব্রজসুন্দরীদিগের হর্ষবিলাস

যদুনন্দনঠাকুরের পদ্য।

হন, তেন বাণ পড়ে যার গায় ॥

এতেক কহিতে পুনঃ, দেখে অতি বিলক্ষণ, গোবিন্দের রসিকতা হৈতে। গোপাঙ্গনার বিদগ্ধতা, বাড়ে অতিশয় তথা, বাঢ়াইয়া উৎকণ্ঠিতা তাতে ॥

তা সবা ছাড়িয়া রাসে, কুঞ্জলীলায় মন বাসে, রাই সঙ্গে বিলাসের কাজে। সর্ব্ব সমাধান করে, চুম্বনে আশ্লেষ ধরে, এইরূপে কৃষ্ণের অঙ্গ সাজে ॥

সে রূপ কৃষ্ণের দেখি, লীলাশুক হৈল সুখী, রাই সঙ্গে বিলাস দেখিতে। উৎসুক বাড়িয়া গেল, শ্লোকবন্ধে প্রকাশিল, কেবা পারে সে শ্লোক বর্ণিতে ॥ ১০ ॥

সখি! হে, এই কান্তিপুঞ্জ মনোরম। আমার হৃদয় মাঝে,

হৃদয়ং হর্ষবিশাললোলনেত্রং।
তরুণং ব্রজবালসুন্দরীণাং

সন্তং তমালোক্য তদ্দিদৃক্ষয়া সোৎসুক্যমাহ। পূর্ব্বরীত্যা ইদং কিঞ্চন জ্যোতিঃ-পুঞ্জমপি চংক্রমতীত্যনির্ব্বচনীয়ং ধাম মম হৃদয়ে। মঞ্চাঃ ক্রোশন্তীতি ন্যায়াৎ হৃৎস্থিতলীলাবিশেষে সন্নিধত্তাং। তদর্থমেতা হিত্বা অনয়া সহ শীঘ্রং তত্র গচ্ছতীত্যর্থঃ। হৃদয়ে তত্তুল্যান্তরীয়ে শ্রীরাধাযূথ এবেতি বা। কীদৃশং। তরুণং নবকিশোরং তথা ব্রজবালসুন্দরীণাং নবকীশোরীণাং হৃৎ অয়তি জানাতি হৃদয়ং। গত্যর্থানাং জ্ঞানার্থত্বাৎ। যদ্বা। তাসাং হৃদঃ অয়ঃ শুভাবহো বিধিঃ সৌভাগ্যমিত্যর্থঃ। কীদৃশাং। হৃদি বিভ্রমা যাসাং। তথা তরলং নৃত্যগত্যা সর্ব্বসমাধানার্থং চঞ্চলং। তাসামেব তরলং হৃন্নায়ক-নীলমণিবৎ তন্নিকটস্থিতত্বা।

দর্শনে লোলনেত্র ও তরল অথচ তরুণ সেই কোন অনি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

চিত্তস্থিত লীলাসাজে, স্ফূর্ত্তিরূপে দিছে দরশন ॥ ধ্রু ॥

রাসে গোপাঙ্গনা ছাড়ি, যাঞা কুঞ্জ-লীলাবাড়ি, সঙ্গে লৈয়া রাই সখীবৃন্দ। করু তথা রসকেলি, আনন্দমোহন মেলি, তবে মোর নেত্র হয় ধন্য ॥

নবকিশোর নট শ্যাম, নবকিশোরীর কাম, জানে সব মনের বিচার। কিম্বা তা সবার হিয়ে, সদাই সৌভাগ্য-ময়ে, নানা সুখ করেন প্রচার ॥

চঞ্চল নৃত্যের গতি, সর্ব্ব সমাধান মতি, সর্ব্বনারী জানে মোর কাছে। ব্রজাঙ্গনা হৃদি হার, মাঝে যে নায়কসার, নীলমণি প্রায় শোভিয়াছে ॥

তথা অতিহর্ষভরে, ফুল্লনেত্রাম্বুজবরে, যার শোভা অতি অদভুত। গোপাঙ্গনা হৃদি ভাব, জানি ভ্রম অনুভাব,

তরলং কিঞ্চন ধাম সন্নিধত্তাং ॥ ১১ ॥ *
নিখিলভুবনলক্ষ্মীনিত্যলীলাস্পদাভ্যাং

তথা হর্ষেণ বিশালে প্রোৎফুল্লে লোলে নেত্রে চ যস্য। তাসাং হৃদ্যা হৃদিভবা যে বিভ্রমা স্তেষাং হৃদয়ং তত্ত্বহস্যজ্ঞমিতি বা। বাহেতু প্রকাশতামন্যং সমং ॥ ১১ ॥

অথান্যা তদঙ্ঘ্রিকমলং সন্তপ্তা স্তনয়োরধাদিতিবৎ। কয়াপি হৃদি ন্যস্তং তৎপাদকমলং দৃষ্ট্বা সহর্ষলালসমাহ চেতঃ শ্রীরাধায়া ইতি শেষঃ। মদীয়হৃদয়ে অরুণপাদসরোরুহাভ্যাগাক্রীড়তামিত্যগ্রেত্যুক্তেঃ। শ্রীকৃষ্ণপাদাম্বুজাভ্যাং কিমপি

র্ব্বচনীয় ধাম (তেজঃ) আমার হৃদয়ে সন্নিহিত হউন ॥ ১১ ॥

অনন্তর "অন্য কোন গোপী শ্রীকৃষ্ণের চরণপদ্ম হৃদয়ে স্থাপন করিয়াছেন" দেখিয়া লীলাশুক ইষ্ট হইয়া এই ভাবে লালসার সহিত কহিতে লাগিলেন ॥

যাহা নিখিল ভুবনলক্ষ্মীর নিত্য লীলার আস্পদ (স্থান), যাহা কমলকাননের বীথী (শ্রেণী) স্থিত গর্ব্বকে অপহরণ

যদুনন্দনঠাকুরের পদ্য।

জানাইতে যার নেত্র দূত ॥

এত বিচারিতে মনে, স্ফূর্ত্তি হৈল সেই ক্ষণে, রাস মধ্যে কৃষ্ণের চরণ। যেন অন্য গোপাঙ্গনা, লৈয়া কৈল সুযোজনা, তাহে বাঢ়ে লালসার গণ ॥ ১১ ॥

অরুণ সরোজ জিনি, পদদ্বন্দ্ব সুলাবণি, সদা স্ফুরু আমার হৃদয়ে। নিভৃত নিকুঞ্জ মাঝে, রাধা সঙ্গে লীলা-কাজে, অতিশীঘ্র করাহ উদয়ে ॥ ধ্রু ॥

প্রফুল্ল কমলবন, শ্রেণী অতি বিলক্ষণ, গন্ধ শৈত্য মৃদু মধু

---

* অত্রাপি উপবৃত্তং ছন্দঃ।

কমলবিপিনবীথীগর্ব্বসর্ব্বঙ্কষাভ্যাং ।
প্রণমদভয়দানপ্রৌঢ়িগাঢ়াদৃতাভ্যাং

তৎস্পর্শজং সুখং কুঞ্জে বহতু । কীদৃগ্‌ভ্যাং কমলবিপিনবীথীনাং তচ্ছ্রেণীনাং পঞ্চেন্দ্রিয়াহ্লাদকানাং শৈত্য-সৌগন্ধ্য-কৌমল্য-সৌন্দর্য্য মকরন্দালিধ্বনি-মত্ত্বাদিগুণৈ র্যো গর্ব্বস্তস্য সর্ব্বঙ্কষে ছেদকে যে তাভ্যাং। তথা নিখিলভুবনে যা লক্ষ্মাঃ শোভা সম্পত্তয় স্তাসাং নিত্যলীলাস্পদে কেলিগ্রহরূপে যে তাভ্যাং। তথা প্রকর্ষেণ নমন্তীনাং হৃদি তদর্পণার্থমুপবিশন্তীনাং তাসাং কন্দর্পতাপা-দিভ্যো যদভয়দানং তত্র যা প্রৌঢ়িস্তয়া গাঢ়াদৃতে যে তাভ্যাং। গোঢ়োদ্ধ-তাভ্যামিতি পাঠে। তদর্পনে গাঢ়োদ্ধতে যে তাভ্যাং। কিম্বা তয়া সহ রহো-লীলান্তে তৎসম্বাহনং কুর্ব্বত্যা মম চেত ইতি। বাহেতু। তাভ্যাং তাভ্যাং কিমপি তৎপ্রাপ্তিসুখং বহতু। বৈকুণ্ঠাদীনামখিলভুবনানাং যা লক্ষ্মাঃ সম্পত্তয়-স্তাসাং তাদৃগ্‌ভ্যাং। কিম্বা নারায়ণাদিতদংশানাং তৎপ্রেয়স্যো যা লক্ষ্ম্যস্তাসাং তৎপ্রপ্ত্যুৎকণ্ঠয়াধ্যেয়ত্বেন মনস আশ্রয়াভ্যাং। যদ্বাঞ্ছয়া শ্রীর্ললনাচরত্তপ

করেন এবং যাহা প্রণত-জন-গণের প্রতি অভয়দান-বিষয়ে প্রগাঢ় প্রৌঢ়ি (সামর্থ্য) শালী ও আদৃত সেই শ্রীকৃষ্ণপাদপদ্ম

যদুনন্দনঠাকুরের পদ্য ।

শোভা। ইহার যতেক গর্ব্ব, পদশোভা নাশে সর্ব্ব, পঞ্চে-ন্দ্রিয় করে অতিলোভা ॥

বৈকুণ্ঠাদি লক্ষ্মী যাতে, বাঞ্ছে ব্রজলীলামৃতে, না পাইয়া ব্যাকুল সদায়। অনন্ত ভুবনে যত, শোভা আছে কত কত, কৃষ্ণপদ তাহার আলয় ॥ তথা ব্রজকিশোরিকা, অনঙ্গতাপিতাধিকা, উন্নত উরজে সদা ধরে। সে তাপ নাশিতে অতি, যার হয় প্রৌঢ়মতি, সেই পাদ সম্বাহিব করে ॥

এত কহি দেখে পুনঃ, গোবিন্দের নেত্র যেন, রাই

কিমপি বহতু চেতঃ কৃষ্ণপাদাম্বুজাভ্যাং ॥ ১২ ॥
প্রণয়পরিণতাভ্যাং শ্রীভরালম্বনাভ্যাং

ইত্যুক্তেঃ ভক্তানামভয়দানে যা প্রৌঢ়িঃ সকৃদেব প্রপন্নো যস্তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ব্রতং মম ইত্যাদিকাস্তত্রোদ্ধতাভ্যামন্যৎ সমং ॥ ১২ ॥

অথান্যালক্ষিতদৃগ্‌ভঙ্গ্যা নিকুঞ্জায় তাং প্রেরয়ন্তং তমালোক্য সাশ্চর্য্যহর্ষোৎকণ্ঠমাহ। অয়ং প্রাণনাথঃ কিশোরঃ নঃ সর্ব্বাসাং সখীনাং হৃদয়ে প্রস্ফুরল্লোচনাভ্যাং শ্রীরাধিকাবিষকপ্রণয়রসপ্রবাহরূপেণ প্রবহতু সর্ব্বা আপ্লাবয়ত্বিত্যর্থঃ। হৃদয়ে তত্তুল্যায়াং শ্রীরাধায়ামিতি বা। লোচনাভ্যাং

যুগল দ্বারা শ্রীরাধার চিত্ত কোন এক অনির্ব্বচনীয় স্পর্শসুখ লাভ করুক ॥ ১২ ॥

অনন্তর "শ্রীকৃষ্ণ অন্য' গোপীর অলক্ষ্যভাবে নেত্রকটাক্ষে শ্রীরাধাকে নিকুঞ্জে প্রেরণ করিতেছেন" লীলাশুক এই ভাবে শ্রীকৃষ্ণের দর্শন প্রাপ্ত হইয়া বিস্ময় ও হর্ষ সহকারে কহিতে লাগিলেন ॥

যাহা শ্রীরাধার প্রণয়পরিব্যাপ্ত ও শোভাসমূহের

যদুনন্দনঠাকুরের পদ্য।

কেলিকুঞ্জে যাইবারে। সঘন প্রেরণ করে, অন্য তাহা নাহি হেরে, প্রফুল্ল হইয়া শ্লোক পড়ে ॥ ১২ ॥

সখি হে, প্রাণনাথ কিশোর আকার। প্রফুল্ল লোচনদ্বয়, রাধা প্রতি প্রেমময়, প্লাবি রহু হৃদয়ে আমার ॥ ধ্রু ॥

প্রণয়-প্রবাহময়, রাধার বিষয়ে হয়, সে প্রবাহ রহুক হৃদয়ে। তোমা সবার চিত্তে রহু, রাধার হৃদয়ে বহু, গোবিন্দের নেত্র সরসময়ে ॥

প্রতিপদললিতাভ্যাং প্রত্যহং নূতনাভ্যাং।
প্রতিমুহুরধিকাভ্যাং প্রস্ফুরল্লোচনাভ্যাং

স্ফুরন্নিতি বা। অত্র স্বানুস্বারোচ্চারণং। কীদৃগ্ভ্যাং। শ্রীরাধাবিষয়কপ্রণয়ৈরেব পরিণতাভ্যাং ঘটিতাভ্যাং। শ্রীঃ শোভা তত্তরস্যালম্বনাভ্যাং আশ্রয়াভ্যাং। পুনঃ সবিচারমাহ। প্রত্যহং নূতনাভ্যাং। যে যে দৃষ্টে ততোঽপ্যতিসুন্দরে ইত্যর্থঃ। পুনঃ সবিমর্ষমাহ। প্রতিমুহুঃ ক্ষণে ক্ষণেঽধিকাভ্যাং প্রণয়শোভাদিভিরুচ্ছলিতাভ্যাং। অদ্যৈব তদানীং যে দৃষ্টে ততো ঽপ্যতিমধুরে ইত্যর্থঃ। পুনঃ সশঙ্কং। প্রতিপদং পদে পদে নিমিষে নিমিষে ললিতাভ্যাং। ইদানীং নিমিষান্তরে যে দৃষ্টে ততোঽপ্যতিমনোহরে ইত্যর্থঃ। অনুরাগস্বভাবোঽয়ং যৎ সবিষয়ং নবং নবমিত্যনুভাবয়তি। তথাহি। অনুসবাভি-

আশ্রয় স্বরূপ, তথা প্রত্যেক পদবিন্যাসেই যাহা ললিত এবং প্রত্যহই নূতন নূতন, অপিচ যাহা প্রতি মুহূর্ত্তেই অধিক অধিক, সেই প্রফুল্লিত লোচনযুগল দ্বারা এই প্রাণনাথ কিশোর (শ্রীকৃষ্ণ) আমাদের (সমস্ত সখীগণের)

যদুনন্দনঠাকুরের পদ্য।

পুনঃ বিচারয়ে মনে, কৈছে সেহ দুনয়নে, প্রত্যহ নূতন হেন লয়। পূর্ব্ব দিনে যে দেখিল, তাহা হৈতে এ লখিল, কভু নাহি দেখি তেঁহ লয়॥

কহিতে সশঙ্ক হৈলা, নিরখিয়া বিচারিলা, সুললিত নিমিষে নিমিষে। এখনি দেখিল যাহা, নিমিষ অন্তরে তাহা, অতিশয় মাধুরী বরিষে॥

অতিশয় অনুরাগে, সদা নব নব লাগে, গোবিন্দের প্রতি অঙ্গগণ। কৃষ্ণকর্ণামৃত কথা, অমৃত হৈতে পরামৃতা, ভাগ্যবান্ করে আস্বাদন॥

প্লবহতু হৃদয়ে নঃ প্রাণনাথঃ কিশোরঃ ॥ ১৩ ॥
মাধুর্য্যবারিধি-মদাম্বু-তরঙ্গভঙ্গী-

নবমিতি। তথাপি তস্যাঙ্ঘ্রিযুগলং নবং নবমিতি বা। বাহে তু। শ্রীঃ সর্ব্বসম্পত্তিঃ তৎকটাক্ষেণৈব তৎপ্রাপ্তেরন্যৎ সমং ॥ ১৩ ॥

তথা সস্মিতমুখোদ্গতভাবাদিনা তাং প্রেরয়ন্তং তং তদানন্দোচ্ছলিতং বীক্ষ্য সহর্ষমাহ। ইদমানন্দসংপ্লবং সর্ব্বাপ্লাবকোচ্ছলিতানন্দপ্রবাহং মে মনঃ অনুপ্লবতাং উন্মজ্জন নিমজ্জনাদিভিরত্রৈবাক্রীড়তাং। কীদৃশং। আমন্দোঽতিমন্দস্তয়ৈব গম্যো যো হাসস্তেন ললিতমাননচন্দ্রবিম্বং যস্য। তথা চন্দ্রাংশু-

---

প্রণয় রস প্রবাহে বহমান হইতে থাকুন ॥ ১৩ ॥

অপিচ, "শ্রীকৃষ্ণ নিজ মুখ হইতে নির্গত মধুর হাস্যময় ভাবহারাদি দ্বারা ও শ্রীরাধাকে নিকুঞ্জে প্রেরিত করিতেছেন" লীলাশুক তাহা দেখিয়া হর্ষভরে কহিতে লাগিলেন ॥

যাঁহাতে মাধুর্য্যাম্বুধির আনন্দরূপ তরঙ্গমালা বিদ্যমান,

যদুনন্দনঠাকুরের পদ্য।

পুনঃ দেখে কৃষ্ণমুখ, মন্দ হাসি রসকূপ, অন্তরে আনন্দ অন্য ভাবে। সে হাসিতে রাধিকারে, কহে কুঞ্জে যাই বারে, দেখি হৃদে সুখ অনুভাবে ॥ ১৩ ॥

সখি হে, এই যে আনন্দসিন্ধু মাঝে। মোর মন নিমজ্জন, উম্মজ্জন অনুক্ষণ, বিহরহু রসলীলা কাজে ॥ ধ্রু ॥

রসকেলি রসমাঝে, শ্যাম নটবর সাজে, চন্দ্রবিম্ব বদনসুষমা। তাতে অতি মন্দ স্মিত, রাইর অগম্য রীত, যার সেই হাস্য মধুরিমা ॥

সেই মুখচন্দ্র ছটা, বহু চন্দ্রকান্তি-ঘটা, উছলে মাধুর্য্যসিন্ধু তায়। তাহাতে উদ্যত কত, কন্দর্পের মদ যত,

শৃঙ্গারশঙ্কুলিতশীতকিশোরবেশং।
আনন্দহাসললিতাননচন্দ্রবিম্ব-

চ্ছলিতো যো মাধুর্য্যবারিধিস্তত্রোদ্গতা যে কন্দর্পমদাস্ত এবাম্বুতরঙ্গা যস্মিন্। তাদৃশশ্চ ভঙ্গ্যা যঃ শৃঙ্গারো বেশরচনং তেন সংকুলিতো যুক্তশ্চ শীতঃ সর্ব্বতাপহরশ্চ কিশোরবেশ স্তত্বপুর্যস্য। বেশো বপুষি চেতি কোষাৎ। তত্তরঙ্গ-

---

শৃঙ্গাররসে সঙ্কুলিত ও শীতল, অথচ কিশোর বেশ যাঁহাতে বর্ত্তমান এবং ঈষৎ হাস্যে যাঁহার বদনচন্দ্র মনোহর, সেই আনন্দসংপ্লব অর্থাৎ মহানন্দরূপ জলযান আমার মনোরূপ

যদুনন্দনঠাকুরের পদ্য।

সমুদ্রেতে জল সেই হয়॥

নানা ভঙ্গীগণ তাতে, সেই তরঙ্গের মাতে, মদন অনঙ্গ তার নাম। তাহাতে রচনা বেশ, যাহাতে ভুলায় দেশ, সেই মুক্তা অতি অনুপাম॥

কিশোর বয়স বেশ, সর্ব্ব তাপহরাশেষ, অতি সুশীতল কৃষ্ণঅঙ্গ। শৃঙ্গারতরঙ্গভঙ্গী, তরঙ্গশৃঙ্গার-সঙ্গী, সংগলিত মাধুর্য্য-তরঙ্গ॥

এতেক কহিতে পুনঃ, আর দেখে মনোরম, সঙ্কেত মধুর বেণুধ্বনি। রাইর অগম্য যাহা, প্রকাশে গোবিন্দ তাহা, রাসমধ্যে শুনে সর্ব্ব জনি॥

যমুনা--নির্ম্মল জলে, প্রফুল্ল কমল ভরে, তাহার নিকট তীরোপরে। প্রফুল্ল অশোক কুঞ্জে, ঝঙ্কারে ভ্রমরা পুঞ্জে, তথা যাইতে কহেন রাইরে॥

দেখিয়া গোবিন্দ রীত, লীলাশুক হরষিত, কহে নিজ সব সখীগণে। অতিশয় শ্লাঘ্য মানি, কহে কৃষ্ণ মর্ম্ম বাণী,

মানন্দসংপ্লবমনু প্লবতাং মনো মে ॥ ১৪ ॥

অব্যাজমঞ্জুলমুখাম্বুজমুগ্ধভাবৈ-

ভঙ্গৈব শৃঙ্গারো বা। তত্তরঙ্গভঙ্গী শৃঙ্গারাভ্যাং সংকুলিত ইতি বা। বাহ্যে সম-এবার্থঃ ॥ ১৪ ॥

অথ তৈরগম্যৈঃ সঙ্কেতবেণুনাদাদ্যৈ র্নীরজ-রাজি-রাজিত-যমুনানীর-নিকট-, তীর-বানীর-কুঞ্জায় তাং প্রেরয়ন্তং তং বিলোক্য সশ্লাঘমাহ। পূর্ব্বরীত্যা ইদ-মোজঃ মদীয়ানাং সখীজনানাং হৃদয়ে তত্তুল্যে রাধায়াং তদ্গণ এব বা অরুণ-পাদসরোরুহাভ্যাং আ সম্যক্ ক্রীড়তাং। কীদৃশে। আর্দ্রে তৎপ্রেমস্নিগ্ধে। তাভ্যা-মার্দ্রে বা। বিচ্ছেদপ্রতপ্তহৃদস্তৎস্পর্শেনৈব স্নিগ্ধতোৎপত্তেঃ। তদুক্তং। তে পদা-

---

সরোবরে ভাসমান হউন ॥ ১৪ ॥

অনন্তর "শ্রীকৃষ্ণ অন্যের অবোধ্য বেণুনাদ-প্রভৃতি সঙ্কেত দ্বারা পদ্মশোভিত যমুনাজলের নিকটস্থ তীরভূমিতে অশোক কুঞ্জে শ্রীরাধাকে প্রেরণ করিতেছেন" লীলাশুক এই ভাবে শ্রীকৃষ্ণদর্শন প্রাপ্ত হইয়া কহিতেছেন—

স্বভাবসুন্দর মুখপদ্মদ্বারা যিনি নিজ বেণুনাদ আস্বাদন

যদুনন্দনঠাকুরের পদ্য।

এক শ্লোক করি উচ্চারণে ॥ ১৪ ॥

সখি হে, গোবিন্দের জ্যোতি মনোরম। আমা সবাকার মনে, রাধিকার সখী মনে, সর্ব্বভাবে করউ ক্রীড়ন ॥ ধ্রু ॥

পদদ্বন্দ্ব মনোরম, অরুণ অম্বুজ সম, অতিস্নিগ্ধ অতি-সুকোমল। বিরহে প্রতপ্ত কত, গোপাঙ্গনা কুচোন্নত, ধরি তাপ নাশে যার তল ॥

বেণুনাদে যা সবারে, বিদ্ধ করে মৃদুস্বরে, তা সবা উরোজ তাপ নাশে। ভুবন আর্দ্রতা তায়, এই হেতু মনে

রাস্বাদ্যমান নিজবেণুবিনোদনাদং।
আক্রীড়তামরুণপাদসরোরুহাভ্যা-

ম্বুজং কৃণু কুচেষু নঃ কৃদ্ধি হৃচ্ছয়মিতি। তত্র হেতুঃ। ভুবনেতি। ভুবনমেবার্দ্রং যস্মাৎ। বেণুনাদাদ্যৈস্তদার্দ্রয়তীতি বা তথা অব্যাজমঞ্জুলং যৎ কৃষ্ণমুখাম্বুজং তস্য সঙ্কেতরূপ ভ্রূনেত্রান্তচালননিরক্ষরকথনাদিরূপৈ মুগ্ধভাবৈঃ সহ শ্রীরাধয়ৈব আস্বাদ্যমানো নিজঃ স্বপ্রেরণনিমিত্তকঃ বেণোর্বিনোদনাদঃ কাঞ্চনবল্লীসঙ্গিনীত্বমজ্জবনীং বিহায় তা ভ্রমরীঃ মধুপীঃ মধুসূদনস্থাং রময়িতুমেষ্যত্যসৌ নিভৃতমিত্যাদিনিগূঢ়প্রেরণরূপো নাদো যস্য। কিম্বা। তস্যাস্তৎপ্রেরণা জ্ঞানজ্ঞাপকতাদৃশমুখাম্বুজভাবৈঃ সহাস্বাদ্যমানো নিজবেণোস্তাদৃশনাদো যেন। বাহেতু মম

করেন এবং অরুণবর্ণ পাদপদ্ম যুগলদ্বারা উদ্যানশোভা প্রাপ্ত হয়েন, সেই ভুবনার্দ্রকারী কোন এক অনির্ব্বচনীয় তেজঃ

যদুনন্দনঠাকুরের পদ্য।

ভয়, ব্যাজ ত্যজি হৃদি করু বাসে॥

অব্যাজ মঞ্জুল সার, গোবিন্দ মুখাব্জ তার, ভুরু আর নেত্রান্ত চালনে। নিরক্ষর কথা রূপ, সঙ্কেত-কথন-ভূপ, রাই যাহা করে আস্বাদনে॥

তাহাতে বেণুর গান, রাধিকা প্রেরণ সান *, রাই বাহিনীর সে সন্ধান। তাতে মুগ্ধ হৈয়া ধনী, সুখী হয় যাহা শুনি, কিবা বেণু গানের বন্ধান॥

বেণু কহে শুন ভৃঙ্গী, কাঞ্চন লতার সঙ্গী, শীঘ্র তুমি করহ গমন। অজবন ত্যাগ করি, গুপ্তলীলা মনে ধরি, মধুসূদন গেলা সেই স্থান॥

ইত্যাদি নিগূঢ় কথা, কহ যে সঙ্কেত মতা, আকর্ষণ রূপ যার ধ্বনি। কিবা সেই ভাব সনে, রাই-মুখ-আস্বাদনে,

* সান=সানযন্ত্র, যাহাতে ক্ষুরাদি অস্ত্র ধারাল করান হয়।

মার্দ্রে মদীয়হৃদয়ে ভুবনার্দ্রমোজঃ ॥ ১৫ ॥

মণিনূপুরবাচালং বন্দে তচ্চরণং বিভোঃ।

হৃদয়ে প্রকাশতাং হৃদয়স্য প্রাকৃতত্বমাশঙ্ক্য সমাদধাতি। তৎপদাব্জাভ্যামার্দ্রে তৎপ্রকাশযোগ্যতাং নীতে। অন্যৎ সমং ॥ ১৫ ॥

অথ তত্র জ্ঞাত্বা কুঞ্জগতাং তামন্যালক্ষিতমনুগচ্ছন্তং তং পশ্চাদ্দূরতোঽনুগচ্ছত ইব স্বস্য তন্নূপুরধ্বনিশ্রবণস্ফূর্ত্ত্যা সহর্ষমাহ। বিভোস্তাদৃশালক্ষিত-

আমার হৃদয়ে শোভিত হউন ॥ ১৫ ॥

অনন্তর "শ্রীকৃষ্ণের সঙ্কেতাদি জানিতে পারিয়া শ্রীরাধা কুঞ্জমধ্যে আসিয়াছেন এবং শ্রীকৃষ্ণ যেন তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছেন," লীলাশুক যেন ঐ গমনে নূপুরের শব্দ শুনিতে পাইয়াই সহর্ষে কহিতেছেন—

যাঁহার লালিত্য বৃন্দাবনের পথে পথে প্রসৃত হইতেছে,

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাদৃশ মুরলী সুমোহনী ॥

জানি সে সঙ্কেত গণে, না দেখিতে অন্য জনে, রাই গেলা সেই কুঞ্জ-মাঝে। তাহা দেখি অলক্ষিতে, কৃষ্ণ যান সে পশ্চাতে, লীলাশুক চলে পাছে পাছে ॥

কৃষ্ণের মঞ্জীর ধ্বনি, শ্রবণেও স্ফূর্ত্তি মানি, হর্ষে শ্লোক কৈল উচ্চারণ। সেই শ্লোক অর্থ যাহা, পদবন্ধে লিখি তাহা, যাতে সুখী ভক্তগণ-মন ॥ ১৫ ॥

সেইরূপ অলক্ষিত, গতির যে প্রভুমত, রাধিকার পাছে পাছে যাইতে। বন্দি সে চরণদ্বন্দ্ব, সকল-আনন্দ-কন্দ, মাধুর্য্য সকল বৈসে যাতে ॥

যাহাতে বাচাল মণি, মঞ্জীরের রণরণি, শ্রবণে আনন্দময়

ললিতানি যদীয়ানি লক্ষ্মানি ব্রজবীথিষু ॥ ১৬ ॥
মম চেতসি স্ফুরতু বল্লবীবিভো-

গতিসমর্থস্য তত্তাদৃশং তামনুগচ্ছচ্চরণং বন্দে। কীদৃশং। মণিনূপুরাভ্যাং বাচালং। মার্গে তচ্চিহ্নানি দৃষ্ট্বাহ। হৃদি যানি লক্ষ্মাণি ন কেবলমত্রৈব সর্ব্বাসু ব্রজবীথিষ্বপি বিরাজন্ত ইতি শেষঃ। কীদৃশানি। ধ্বজবজ্রাদিভির্লালিতানি। বাহ্যার্থঃ স্পষ্ট এব ॥ ১৬ ॥

অথ পদ্মষণ্ডমণ্ডিতযমুনা-নীর-তীর-বানীর-কুঞ্জে তয়া সহ রমমাণস্য তস্য

সেই মণিময় নূপুর দ্বারা যেন বাচাল প্রায়,সুতরাং শোভিত শ্রীকৃষ্ণের পাদযুগলকে আমি বন্দনা করি ॥ ১৬ ॥

অনন্তর "পদ্মরাজি-বিরাজিত যমুনার তীরস্থ অশোক-

যদুনন্দনঠাকুরের পদ্য।

রসে। এতেক কহিতে পথে, পদচিহ্ন শোভা চিত্তে, দেখিয়া বিচারে সহরিষে ॥

এই পদচিহ্নগণ, এই পথে নাহি হন, কিন্তু সর্ব্বব্রজ পথ ময়। ধ্বজবজ্রাঙ্কুশ মীন, স্বস্তিক গোষ্পদ চিহ্ন, অর্দ্ধচন্দ্রাম্বুজ যাতে হয় ॥ ১৬ ॥

যমুনার তীরকুঞ্জে, কৃষ্ণ রাধিকার সঙ্গে, আসি করে নানান বিলাস। দোঁহার নূপুর ধ্বনি, কুঞ্জ-মাঝে তাহা শুনি, লীলাশুক লালসা প্রকাশ ॥

নিজসম-সখী-সনে, রহি কুঞ্জ-বাহ্য স্থানে, সেই স্ফূর্ত্তি মানিয়া অন্তরে। ভাবাবেশে নিজ সুখে, শ্লোকবন্ধে পরকাশে, যাহার শ্রবণে মন হরে ॥

এই গোপাঙ্গনাশ্রেণী, তাহার যে শিরোমণি, রাধা

র্মণিনূপুরপ্রণয়িমঞ্জু শিঞ্জিতং।
কমলাবনেচরকলিন্দকন্যকা-

নূপুরধ্বনিং সখীভিঃ সহাগত্য বহিঃ স্থিত্বা শৃণ্বন্নিব সলালসমাহ। বল্লবী তচ্ছেষ্ঠা রাধা তস্যা বিভোরমণস্য শিঞ্জিতং ভূষণধ্বনি র্মম চেতসি স্ফুরতু। কস্য ভূষণস্যেত্যাহ। মণিনূপুরপ্রণয়কেলিবিশেষেণোর্দ্ধস্থিতশ্রীচরণয়োর্নূপুরোদ্ভবমিত্যর্থঃ। অতো মঞ্জু মনোহরং। কিম্বা তস্যাঃ প্রণয়স্তুচ্যত্বেন বিদ্যতে যস্যাস্তৎপ্রণয়ি তচ্চ মঞ্জু মনোজ্ঞঞ্চ তৎ তাদৃশং মণিনূপুরয়ো র্যং শিঞ্জিতং তৎ। তথা কমলা লক্ষ্মীস্তস্যাবনেচরা যে পদ্মবনেচরাঃ কলিন্দকন্যকায়াঃ কলহংসাস্তৈঃ কলকণ্ঠকূজিতৈরাদৃতং তৎসাম্যশিক্ষার্থমাদরেণাভ্যসিতং।

কুঞ্জে শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণ বিলাস করিতেছেন,” লীলাশুক যেন বাহিরে থাকিয়া সখীদিগের সহিত ঐ বিলাসের নূপুরধ্বনি শুনিয়াই লালসান্বিত চিত্তে কহিতেছেন—

যাহা কমলবনে কলিন্দকন্যা যমুনার কলহংসের কণ্ঠকূজনে সম্যক্ প্রকারে আদৃত, সেই বল্লবীপতি শ্রীকৃষ্ণের

যদুনন্দনঠাকুরের পদ্য।

সুধামুখী অতিধন্যা। তার প্রভু শ্যামচন্দ্র, সর্ব্বানন্দ রসিকেন্দ্র, সদা মোর চিত্তে স্ফুরু রম্যা॥

যে মঞ্জু মঞ্জীরমণি, রাধিকাপ্রণয় ভণি, যার ধ্বনি শ্রুতিমনোহর। রাইর মঞ্জীরধ্বনি, শুণে যেই প্রণয়িনী, সে স্ফুরুক আমার অন্তর॥

কালিন্দী কমলবন, চরে যেই হংসগণ, তার কণ্ঠধ্বনি জিনি ধ্বনি। তাহার আদর করে, যে মঞ্জীর ধ্বনি বরে, সে ধ্বনি শিক্ষার্থ অভ্যাসিনী॥

কিম্বা সেই হংসগণ, স্বকণ্ঠ-কুজিতগণ, শ্লাঘা করে যেই

কলহংসকণ্ঠকলকূজিতাদৃতং ॥ ১৭ ॥ *

তরুণারুণ-করুণাময়-বিপুলায়ত-নয়নং

তেষাং কলকণ্ঠকূজিতৈঃ শ্লাঘিতং বা। বাঞ্ছে তৎস্ফূর্ত্ত্যোক্তিরর্থঃ সএব ॥ ১৭ ॥

অথ সুরতান্তং জ্ঞাত্বা সখীভিঃ সহ কুঞ্জরন্ধ্রে মুখং দত্বা তং পুষ্পতল্পোপর্য্যু-পবিশ্য তস্যাঃ শ্রমাপনোদনং পুনর্মদনোদ্দীপনঞ্চ কুর্ব্বন্তং পশ্যন্নিবানন্দো-

---

মণিময় নূপুর শিঞ্জিত অর্থাৎ নূপুরধ্বনি আমার চিত্তমধ্যে শোভিত হউক ॥ ১৭ ॥

অনন্তর "শ্রীকৃষ্ণের সুরত-বিহার শেষ হইয়াছে" জানিয়া লীলাশুক সখীদিগের সহিত কুঞ্জদ্বারের ছিদ্রে মুখ দিয়া

যদুনন্দনঠাকুরের পদ্য।

সর্ব্বক্ষণে। সেই কৃষ্ণ-নূপুর ধ্বনি, মোর হিয়ে অনুক্ষণি, স্ফূর্ত্তি হব স্বভাব লক্ষণে ॥ ১৭ ॥

অতঃপর লীলাশুক, অন্তরে বাঢ়িল সুখ, জানি ক্রীড়া অবসান কাজ। সখীগণ সঙ্গে করি, কুঞ্জরন্ধ্রে মুখ ধরি, দেখে দোঁহা রতিশ্রম সাজ ॥

মৃদু-পুষ্পশয্যা-মাঝে, রাইরে বসাঞা কাছে, করে কৃষ্ণ শ্রম-নিবারণ। রতিশ্রম জলবিন্দু, ভাসিয়াছে মুখ-ইন্দু, করুণায়ে করেন বীজন ॥

মদনোদ্দীপনা পুনঃ, করে কৃষ্ণচন্দ্র যেন, এই মত আনন্দ মানিয়া। সুধাময় সুবিলাস, মানি মত্ত শুকোল্লাস, প্রকাশয়ে শ্লোক পঢ়িয়া ॥

সখি হে, এই লীলা অমৃতের সার। মোর সখী রাধিকার, সৌভাগ্য আনন্দ সার, মোদে খেলু অন্তরে আমার ॥ ধ্রু

---

* অত্রাপি "মঞ্জুভাষিণী" বৃত্তং।

কমলাকুচকলশীভরবিপুলীকৃতপুলকং।

স্মর্ত্তস্তমমৃতং মত্বাহ। ইদমমৃতং মম স্বসখীসৌভাগ্যানন্দমদযুক্তে চেতসি খেলতু ঈদৃগেব বিলসতু। অমৃতস্বাদাদপি মধুরসরসঃ স্বাদুঃ প্রিয়ো মনোহরশ্চাধরো যস্য। মধুরং রসবৎস্বাদু প্রিয়েম্বপি মনোহরে ইতি বিশ্বাৎ। তথা তরুণে মদনমদোদ্গারিণী স্বতো মধুপানেন চারুণেচ বীজনাদিনা তচ্ছ্রমাপনোদনার্থং স্বহৃদ্গতা যা করুণা তন্ময়ে তদুদ্গারিণীচ স্বতো বিপুলে আয়তেচ নয়নে যস্য। অঙ্কনিষণ্ণায়াঃ কমলায়াঃ পূর্ব্বরীত্যা শ্রীরাধায়াঃ কুচকলস্যো র্ভরেণ স্পর্শাতি-

"পুষ্পশয্যার উপরি শ্রীকৃষ্ণ শ্রীরাধার শ্রমাপনোদন এবং মদন উদ্দীপন করিতেছেন"- ইহা দর্শন করিয়াই যেন আনন্দামৃত অনুভব করত কহিতেছেন—

যাহা অরুণের ন্যায় অরুণ (রক্ত) বর্ণ ও করুণাময় তথা আয়ত (বিশাল) লোচন শোভিত এবং কমলা (রমা) দেবীর কুচকলসের ভারে যাহার পুলক বিপুল হইয়াছে এবং

যদুনন্দনঠাকুরের পদ্য।

অমৃত হৈতে সুমধুর, কৃষ্ণের অধরপর, অতি রস সুমাধুর্য্যময়। রাধার অধর পানে, প্রফুল্ল যে অনুক্ষণে, চিত্তে স্ফুরু সেই রসময়॥

তথা সে নয়ন যোগ, তারুণ্য মদন মোদ, উদ্গারিণী সহজে অরুণে। তাতে হেন মধুপান, দ্বিগুণ অরুণ ঠাম, এই শোভা খেল মোর মনে॥

তাতে রাই-শ্রম দেখি, করুণাতে ভরে আঁখি, সে করুণায় বীজন করিলা। সহজে করুণাময়, নেত্র অতি দীর্ঘ হয়, তাতে রাই-মাধুর্য্য দেখিলা॥

দ্বিগুণ প্রফুল্ল দৃষ্ট, অখিল নয়ন ইষ্ট, এইরূপ স্ফুরু

মুরলীরব-তরলীকৃত-মুনিমানসনলিনঃ

শয়েন বিপুলীকৃতঃ পুলকো যস্য। তথা তচ্ছ্রমাপনোদনং কৃত্বা পুনঃ কেলিলালসোৎপাদনায় মুরলীং মৃদু বাদয়ন্তং তং বীক্ষ্য কৈমুত্যেনাহ। মুরলীরবেণ তরলীকৃতানি মুনীনাং পাদপতিতেঽপি তস্মিন্ মৌনশীলানাং গ্রহিলমানিনীজনানাং মানসনলিনানি যেন কিমুত তাদৃশ্যা স্তস্যা ইত্যর্থঃ যাহেতু মুনীনাং জ্ঞানিনাং মেরুবৎস্থিরকঠিনান্যপি মানসানি নলিনবৎকোমলানি চঞ্চলানি কৃতানি

যে মুরলীর রবে মুনিগণের মানসপদ্মকেও চঞ্চল করিতেছে

যদুনন্দনঠাকুরের পদ্য।

মোর চিত্তে। আর এক অপূর্ব্ব দেখি, কহে অতি হৈয়া সুখী, দেখি কৃষ্ণ চাপল্য চরিতে॥

রাইকে লইয়া ক্রোড়ে,কুচ কলসের ভরে, বিপুল পুলক কৈল যার। রতিশ্রম করি দূরে, পুনঃ কেলি করিবারে কেলি লোভ বাড়ায় প্রিয়ার॥

করেন মুরলী গান, অতি সুমাধুর্য্য তান, তাহা দেখি কহে পুনঃ আর। যেই মৌনশীলা নারী, কৃষ্ণ তার পায়ে ধরি, নারে মান দূর করিবার॥

সে সব মানিনী-মন, স্নিগ্ধ করে বংশীস্বন, কি তাহে রাধিকা এ সময়ে। কৃষ্ণকর্ণামৃত কথা, অতি সুললিত গাথা, শুন ভাব যাতে প্রকাশয়ে॥

সে গানে রাধিকা মন, পুনঃ হৈল দ্রবমাণ, পুনঃ তার কেলি লোভ হৈল। তাহা হেরি শ্যামরায়, বামপার্শ্বে রাধা তায়, দেখি অতি আনন্দ বাড়িল॥

কেলিলোভ বাড়ে যাতে, কৃষ্ণচন্দ্র সেই রীতে, নেত্র অন্তে নিরিখে রাধিকা। তার শোভা দেখি লীলা—,শুক

মম খেলতু মদচেতসি মধুরাধরমমৃতং ॥ ১৮ ॥ †

আমুগ্ধমর্দ্ধনয়নাম্বুজচুম্ব্যমান-

যেনেত্যর্থঃ। অন্যৎ সমং ॥ ১৮ ॥

অথ পুনর্জাতকেলিলালসাং তামুত্থায় বামপার্শ্বে নিষণ্ণাং তদর্দ্ধকনেত্রান্তেন পশ্যন্তং তং বীক্ষ্যাহ। অস্য কেঽপ্যনির্ব্বাচ্যা ইমে ভাবা মম চেতসি আবির্ভবন্তু। কীদৃশঃ। পূর্ব্বতোঽতিমধুরস্বেনারব্ধবেণুরবং যথাস্যাত্তথা আত্তা গৃহীতা

সেই মুরারির মধুর অধরামৃত আমার মদমত্ত মনোমধ্যে খেলা করুক ॥ ১৮ ॥

অতঃপর "কেলি শেষ হইলেও পুনশ্চ শ্রীরাধার চিত্তে কেলি বাঞ্ছা উপস্থিত হইয়াছে" শ্রীকৃষ্ণ ইহা জানিয়া এবং তাঁহাকে উঠাইয়া বাম পার্শ্বে স্থাপন করত অর্দ্ধমুদ্রিত লোচনদ্বারা চুম্বন করিতেছেন" লীলাশুক এই ভাবেই যেন শ্রীকৃষ্ণের দর্শন পাইয়া কহিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

হৈল চঞ্চলা, শ্লোক পড়ে যাতে রসাধিকা ॥ ১৮ ॥

সখি হে, এই ভাবে মোর চিত্ত মাঝে। আবির্ভাব করু সদা, নির্ব্বাচ্য না হয় কথা, কোন রসময় মনোরাজে ॥ ধ্রু ॥

পূর্ব্ব হইতে অতিশয়, বেণুগান সুধাময়, যাহা প্রকটিলা শ্যামরায় ॥ মন্মথ-মন্মথ কোটি, রূপে গুণে নাহি ত্রুটি, কিশোরশেখর ব্যক্তি যায় ॥

মঞ্জু অর্দ্ধ নেত্রাম্বুজে, বধূশ্রেষ্ঠা যেহো ব্রজে, তার নাম রাধা সুধামুখী। তার মুখচন্দ্র চুম্বে, পরমলালসা-রূপে, সে

† অষ্টদশাক্ষরো গীতিবিশেষঃ। স্তবমালায়াং মুকুন্দমুক্তাবল্যাং এতদ্বিধং ছন্দোঽস্তি। সংস্কৃতসঙ্গীতোপযোগি, নতু কাব্যাদ্যুপযোগি ॥

হর্ষাকুল-ব্রজবধূ-মধুরাননেন্দোঃ।
আরব্ধবেণুরবমাত্তকিশোরমূর্ত্তে-
রাবির্ভবন্তু মম চেতসি কেঽপি ভাবাঃ ॥ ১৯ ॥

কোটিমন্মথত্বেন প্রকাশিতা কিশোরমূর্ত্তি র্যেন। তথা আ সম্যক্ মুগ্ধং যথা-স্যাত্তথার্দ্ধনয়নাম্বুজেন চুম্ব্যমানো হর্ষাকুলায়া ব্রজবধ্বাস্তচ্ছ্রেষ্ঠায়াস্তস্যা মধুরাননেন্দুর্যেন। বাহ্যে স্পষ্ট এবার্থঃ ॥ ১৯ ॥

যিনি কোটি ২ মন্মথ মোহন ও অর্দ্ধ মুকুলিত লোচন-প্রান্ত দ্বারা হর্ষাকুলা ব্রজবধূ অর্থাৎ শ্রীরাধার সুমধুর মুখ-চন্দ্রকে চুম্বন করিতেছেন এবং আরব্ধ বেণুরবে যাঁহার কিশোর-মূর্ত্তি প্রকাশিত হইতেছে, সেই শ্রীকৃষ্ণের কতিপয় অনির্ব্বচনীয় ভাব সমূহ আমার মনোমধ্যে আবির্ভূত হউক ॥ ১৯ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

ভাব স্ফুরুক চিত্তে থাকি ॥

এ রূপে রাইর মনে, বাঢ়ে কেলিলোভগণে, তাহা দেখি ব্রজযুবরাজ। রসিকশেখর গুণে, পুনঃ রাধিকার মনে, বাঢ়াইছে সে লোভ অব্যাজ ॥

রাস স্থানে গন্তু মনে, উঠে কৃষ্ণ সেইক্ষণে, কোন ছদ্ম করিয়া গোবিন্দ। রাইর উৎকণ্ঠা চেষ্টা, দেখিতে মনের ইষ্টা তাহা লাগি এই পরবন্ধ ॥

গোবিন্দ রোধন রাই, দেখি অতি সুখ পাই, লীলাশুক কহে সখীগণে। কৃষ্ণকর্ণামৃত এই, লীলাশুক কহে যেই, শুন সবে করি এক মনে ॥ ১৯ ॥

•কলক্বণিতকঙ্কণং করনিরুদ্ধপীতাম্বরং
ক্লমপ্রস্থতকুন্তলং গলিতবর্হভূষং বিভোঃ।

অথ তস্যাঃ কেলিলালসাং বীক্ষ্য রসিকশেখরত্বাৎ পুনস্তামত্যুদ্দীপয়িতুং তদুৎকণ্ঠাচেষ্টিতং তং দ্রষ্টুঞ্চ রাসস্থানগমনচ্ছদ্মনা তদুত্থানং তয়া তন্নিরোধনঞ্চ দৃষ্ট্বাহ। বিভোস্তত্তৎকেলিসমর্থস্য মদনকেলিশয্যোত্থিতমুত্থানং মম মানসে স্ফুরতু। ভাবে ক্তঃ। কীদৃশং পূর্ব্বকৃতলীলাবিশেষবেশপরিবর্ত্তনেন তয়া পরিহিতপীতাম্বরস্য তেনাকর্ষণাত্তয়া রোধনাচ্চ দ্বয়োঃ করৈ র্নিরুদ্ধং পীতাম্বরং যস্মিন্। অতঃ কলং কণিতানি দ্বয়োঃ কঙ্কণানি যস্মিন্। পূর্ব্বং স্থতাপি ক্লমেন প্রকর্ষেণ স্থতা বিলুলিতা তস্যাশ্চূড়াত্বেন তস্য বেণীত্বেন বদ্ধাঃ

অনন্তর "রসিকশেখর শ্রীকৃষ্ণ শ্রীরাধার কেলিলালসা দেখিয়া তাহার উদ্দীপনার্থ উৎকণ্ঠিত এবং রাসস্থানে যাইবার ছদ্মে শ্রীরাধাকে উঠাইতেছেন, কিন্তু শ্রীরাধা তাহাতে বারম্বার যাইতে নিষেধ করিতেছেন" লীলাশুক এই অবস্থায় শ্রীকৃষ্ণ দর্শন পাইয়াই যেন কহিতেছেন॥

যাহাতে কঙ্কণ মধুর কণ শব্দ করিতেছে, পীত বসন করে অবরুদ্ধ হইতেছে, ক্লান্তিজন্য কুন্তল ইতস্ততঃ প্রস্থত

যদুনন্দনঠাকুরের পদ্য।

মদনকেলি শয্যোত্থান, মোর চিত্তে অবিরাম, স্ফূর্ত্তি হউ অতি দীপ্তি রূপে। সেই সেই লীলার প্রভু, শ্যামচন্দ্র অঙ্গ বিভুঁ, মন রহু এই সুধাকূপে॥

কিশোর কিশোরী রসে, নিমগন নিশি দিশে, কোন রসে বেশ ফিরাইয়া। নীলবাস পরে শ্যাম, পীতবাস হেম ধাম, রাই কেলি কৈল তাহা লৈয়া॥

সেই পীতবাস লৈতে, কৃষ্ণ অতি হর্ষ চিত্তে, করে ধরি

পুনঃ প্রকৃতিচাপলং প্রণয়িনীভুজাযন্ত্রিতং
মম স্ফুরতু মানসে মদনকেলিশয্যোত্থিতং ॥ ২০ ॥ *

কুন্তলাঃ যস্মিন্। অতো গলিতে স্রংসিতে তয়ো র্বর্হভূষে যত্র তত্র তস্যাশ্চূড়ায়াঃ বর্হং তস্য বেণীমূলে বতংসং রত্নসকলং জ্ঞেয়ং। তথা প্রকৃত্যা স্বভাবেন দ্বয়োশ্চাপলং যস্মিন্। অতঃ পুনঃ প্রণয়িনীভুজাভ্যাং কান্তকণ্ঠস্য যন্ত্রিতং যন্ত্রণং যস্মিন্। তস্যা বস্ত্রং ত্যক্ত্বা ভুজাভ্যাং কণ্ঠে গৃহীত্বা তল্পে উপবেশিতঃ স ইত্যর্থঃ। যদ্বা। প্রকৃষ্টাকৃতিঃ স্তনাধরাদিগ্রহণং তত্র চাপলং কৃষ্ণস্য যত্র। অতঃ প্রোদ্যৎকুট্টমিতাখ্যানুভাবেন প্রণয়িনীভুজাভ্যাং অবিরোধিবাঞ্ছং যথা তথা কৃষ্ণকরয়োর্যন্ত্রিতং যন্ত্রণং যত্র। তল্লক্ষণং। স্তনাধরাদিগ্রহণে হৃৎপ্রীতাবপি সম্ভ্রমাৎ। বহিঃ ক্রোধব্যথিতবৎ প্রোক্তং কুট্টমিতং বুধৈরিতি।

হইতেছে, পুনঃ পুনঃ স্বভাববশে চপল এবং যাহা প্রণয়িনীর ভুজদ্বয়ে আবদ্ধ,সেই প্রাতঃকালীন মদনাবেশ বশতঃ শয্যোত্থান-লীলা আমার মানসে নিয়ত স্ফূর্ত্তি হউক ॥ ২০ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

করে আকর্ষণ। ধ্বনি তাহা নাহি ছাড়ে,পীত বাস দুঁহু করে, আকর্ষিতে ঝঙ্কারে কঙ্কণ ॥

কেলিক্রমে গলিয়াছে, দুঁহার দুকূল পাছে, গোবিন্দের বেণী রাই চুড়ে। চূড়ায় ময়ূরপুচ্ছ, বেণীতে রত্নের গুচ্ছ, খসিয়াছে নেত্র মন জুড়ে ॥

প্রকৃতি চঞ্চল দুঁহু, মুখে হাস্য লহু লহু †, পুনঃ রাধিকার ভুজ লৈয়া। নিজ কণ্ঠে ধরে শ্যাম, শোভা হৈল অনুপাম, তেহোঁ কণ্ঠ ধরে বস্ত্র থু'য়া ॥

* অত্র পৃথ্বী ছন্দঃ। "জসৌ জসজলা বসুগ্রহযতিশ্চ "পৃথ্বী" গুরুঃ"। যথা—অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ ॥

† লহু লহু—লঘু লঘু ॥

স্তোকস্তোকনিরুদ্ধ্যমানমৃদুলপ্রস্যন্দিমন্দস্মিতং

মহঃ স্ফুরতু ইতি পাঠে কেলিশয্যোত্থিতং মহঃ স্ফুরতু ইতি। বাহ্যে তু স্ফূর্ত্ত্যা তথৈবোক্তং। নিশান্তে কৃষ্ণস্য শয্যোত্থানমিতি কেচিৎ॥ ২০॥

পুনর্বিলাসারম্ভং দৃষ্ট্বা সখীভিঃ সহ দূরং গত্বা লীলাবসানং জ্ঞাত্বা পুনঃ কুঞ্জমাগত্য বহিঃ সখীনাং নূপুরাদিধ্বনিং শ্রুত্বা তাভিঃ সহ তস্থা নর্ম্মশুশ্রূষয়া

অনন্তর "শ্রীকৃষ্ণের শ্রীরাধার সহিত পুনশ্চ বিলাসারম্ভ হইয়াছে" জানিয়া লীলাশুক সখীদের সহিত দূরে গিয়া এবং লীলার শেষ জানিয়া পুনশ্চ কুঞ্জে আসিয়া বাহির হইতেই গোপীদের নূপুরাদির শব্দ শ্রবণ করত দেখিলেন যে, "শ্রীকৃষ্ণ গোপীদের সহিত শ্রীরাধার পরিহাস শুনিতে কপট ভাবে সুপ্ত আছেন" লীলাশুক যেন এই ভাবে দর্শন পাইয়াই বর্ণন করিতেছেন॥

ভগবান্ শ্রীকৃষ্ণ গোপাঙ্গনাগণের শ্রবণ-মধুর পরস্পর বাক্য শ্রবণ করিতে ইচ্ছুক হইয়া কপট নিদ্রা ধারণ করিয়া রহিয়াছেন এবং মধ্যে মধ্যে সেই সমস্ত কথা শ্রবণে কিছু ২ হাস্য প্রকাশ পাইলেও তাহাকে অল্পে অল্পে নিরুদ্ধ করি

যদুনন্দনঠাকুরের পদ্য।

বসিলেন পুষ্পশেযে, শোভাতে ভুবন মজে, কান্ত্যের প্রবাহ বহি যায়। এই কেলি শয্যোত্থান, শোভা স্ফুরু হৃদি স্থান, এ যদুনন্দন দাস গায়॥ ২০॥ 10.3.54

এই মতে দুই জন রতিকেলিরসে। আরম্ভিলা দেখি লীলাশুক মনোল্লাসে॥ সখী সনে অন্য স্থানে গেলা শীঘ্র-গতি। পূর্ব্ব রঙ্গ দুই সঙ্গ আলপয়ে অতি॥ কেলিকাম অব-সান জানি পুনর্ব্বারে। শীঘ্রগতি হর্ষমতি আইলা কুঞ্জদ্বারে॥

প্রেমোদ্ভেদনিরর্গলপ্রসৃমরপ্রব্যক্তরোমোদ্গমং।

কপটসুপ্তং কৃষ্ণমালোক্য সবিতর্কমাহ। ভগবতঃ সর্ব্বসৌন্দর্য্যাদিশ্রীযুক্তস্যাস্য ব্রজবধূনাং লীলয়া মিথোজল্পিতং তৎ শ্রোতুং মিথ্যাস্বাপং কপটশয়ানং উপাস্মহে পশ্যামঃ। কীদৃশং জল্পিতং। তস্য শ্রোত্রং মনশ্চ হরতি তৎ। অয়ি কিমস্মান্ হিত্বা পুন্নাগসুমনোহরণায় একাকিনী বনে প্রবিষ্টাসি দিষ্ট্যা বনে বকান্তেন পরাভবো ন জাতঃ। অয়ি শ্রুতং সুদ্যুম্নশিখণ্ডিভ্যামত্রাগতং তয়ো-

---

তেছেন এবং কখনও বা প্রেমবশতঃ অঙ্গের লোমাঞ্চসকল

যদুনন্দনঠাকুরের পদ্য।

রাই অতি সূক্ষ্মমতি নূপুর শুনিয়া। কুঞ্জবাহে সখী সহ মিলিলা আসিয়া॥ সখীসনে নর্ম্ম ভণে রাই তা শুনিতে। নিদ্রাছলে কুঞ্জতলে কৃষ্ণচন্দ্র শতে॥ তাহা দেখি হৈয়া সুখী লীলাশুক রঙ্গে। তর্ক করি হর্ষ ভরি কহে সেই রঙ্গে॥

নবব্রজবধূগণে, মৃদুবাক্য অনুপমে, কহে লীলা পরিহাস কথা। শুনিতে কপট করি, যে রহে শয়ন করি, সেই কৃষ্ণ দেখিব সর্ব্বথা॥ সেই ব্রজবধূবাণী, কর্ণ-মন-রসায়নী, যাতে কর্ণ মন হরি লয়। এমতি মধুরবাণী, কৃষ্ণ যাহে সুখ মানি, শুনিতে কপটে শ্রুতি রয়॥

রাই প্রতি কহে সখী, শুন অহে সুধামুখি!, কেনে তুমি আমা সবা ছাড়ি। একা বনে প্রবেশিতে, পুন্নাগ সুমনো নীতে *, শীঘ্র গেলা সেই পুষ্পবাড়ী॥

ভাগ্যে বনরক্ষি-হাতে, না ঠেকিলা বনপথে, 'পরাভব না হইল তায়। শুনিল সুদ্যুম্না আর, শিখণ্ডির সমাচার, এথা তার আগমন হয়॥

কিশোর কিশোরী দুই, এথা সদা বিহরই, সুদ্যুম্না

---

* পুন্নাগ সুমনো নীতে অর্থাৎ পুন্নাগ পুষ্প চয়ন করিতে।

শ্রোতুং শ্রোত্রমনোহরং ব্রজবধূলীলামিথোজল্পিতং

বিদ্যা চ ভবন্ত্যাং শিক্ষিতেতি কিং সত্যং। ইত্যাদি সখীনাং নর্ম্ম শ্রুত্বা স্তোক-স্তোকমল্লাল্পং তেন রুধ্যমানং মৃদুলং প্রগুন্দি প্রকর্ষেণ বিকসচ্চ মন্দস্মিতং যস্মিন্। আ ভোঃ শিখণ্ডিশিক্ষিতবিদ্যাচার্য্যাঃ সত্যং আত্মবৎ কলঙ্কিনীং কর্ত্তুং দৃগ্‌ভঙ্গিনাস্থ হস্তেন মাং বিক্রীয় প্রচ্ছন্নাস্থ ভবতীষু মদ্ধর্ম্মরক্ষিণ্যা প্রিয়সখ্যা নিদ্রয়ালিঙ্গিতেঽস্মিন্ যুষ্মন্নাগরে একাকিনা শিখণ্ডিনাগত্যোক্তং। হ্যঃ স কৃষ্ণ-স্ত্বৎসখীগণাধিষ্ঠিতং কুঞ্জে সখ্যা সুদ্যুম্নেন সহাহমাগমং ততস্তাভিঃ প্রার্থ্য

আবৃত করিলেও অবাধে প্রকাশিত হইয়া পড়িতেছে,

যদুনন্দনঠাকুরের পদ্য।

শিখণ্ডি সঙ্গ পাঞা। দোহা স্থানে বিদ্যা শিখি, হইয়া পরম-সুখী, বিদ্যাভ্যাস কৈল কুঞ্জে যাঞা॥

করিলা বিহার দোঁহে, আপনি দেখিলে অহে, তা সবার স্থান যত্ন করি। এই মত পরিহাস, শুনি কৃষ্ণ মন্দহাস, অল্পে অল্পে রোধে সুখ ভরি॥ তা সবার বাণী শুনি, রাধিকা কহেন পুনি, শুন অহে চঞ্চলার গণ। তোমরা শিখিলা বিদ্যা, শিখণ্ডী সুদ্যুম্ন পদ্মা, তাতে গুরু হৈলা সর্ব্ব জন॥

করিতে কলঙ্কি মোরে, নয়নের ভঙ্গীদ্বারে, তুমি সবে কৃষ্ণ ধৃষ্ট করে। আমাকে বিক্রয় করি, লুকাইলে অন্যস্থলি, ছদ্মবাক্য কহ পুনঃ মোরে॥

সদ্ধর্ম্ম রক্ষিণী মোর, প্রিয়সখী নিদ্রাঘোর, কৃষ্ণচন্দ্রে আসি কৈল কোলে। তবে-মাত্র একাকিনী, এথা আইলা শিখণ্ডিনী, পূর্ব্বাহ্ণিক কহিল আমারে॥

কালি কৃষ্ণ তুয়া সখী, গণসঙ্গে হৈয়া সুখী, সর্ব্ব বিদ্যা শিখে দুঁহু স্থানে। আজি মোরে যত্ন করি, পাঠাইলা সহ-

মিথ্যা স্বাপমুপাস্মহে ভগবতঃ ক্রীড়ানিমীলদ্দৃশঃ ॥ ২১ ॥

মত্তো মদ্বিদ্যা গৃহীতা তেন তেন চ মৎসখ্যঃ সংপ্রতি তদ্বিদ্যানৈপুণ্য-পরীক্ষার্থমাগতোঽহং। তাভিস্তদ্দীক্ষার্থং প্রার্থ্য প্রেষিতোঽস্মি তথা কুর্ব্বিতি শ্রুত্বা যুষ্মাসু সরুষা ময়াভৎর্সিতোঽসৌ গুরুর্গতস্তন্মদনপেক্ষকাভি দুর্মুখীভি-র্য়ুষ্মাভিঃ সহ সংলাপোঽপি ময়া ন কার্য্য ইতি। তন্নর্ম্ম শ্রুত্বা প্রেমোদ্ভেদেন নিরর্গলাঃ যত্নৈরপি নিরোদ্ধুমশক্যাঃ প্রস্থমরাস্তস্যা রোমোদ্গমা যস্মিন্।

এতাদৃশ মুরারির মিথ্যা স্বপ্ন অর্থাৎ কপট নিদ্রাকে আমি নিয়তকাল সানন্দচিত্তে স্মরণ করি ॥ ২১ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

চরী বিদ্যার নৈপুণ্য সঙ্গোপনে ॥

তেঞি আমি আইনু তথা, তুয়া সখীগণ যথা, তারা মোরে বহু যত্ন করি। পাঠাইলা তুয়া স্থানে, বিদ্যা শিখি-বার ভানে, দেহ বিদ্যা উপদেশ বলি ॥

এই বাক্য শুনি তার, রোষচিত্ত যে আমার, অনেক ভৎর্সনা কৈল তারে। বহু দুঃখী হৈয়া পাছে, গেলা আপনার বাসে, তোমরা বলহ গুরু যারে ॥

তস্মাৎ † অপেক্ষা মোর, না করিব সঙ্গ তোর, দুর্ম্মুখী তোমরা সব সখী। সত্য তোমাদিক সঙ্গে, আলাপন পর-বন্ধে, আমাকে ত জানিহ বিমুখী ॥

এই পরিহাস বাণী, শুনিতেই ব্রজমণি, প্রেমোদ্ভেদ হৈল নিরগলা। যত্নেহ রাখিতে নারে, প্রকট বাহিরে ধরে প্রতি অঙ্গে ফুল্ল রোমমালা * ॥

† তস্মাৎ—সেই জন্য। প্রাচীনকালে বাঙ্গালাপদ্যে অবিকল সংস্কৃত পদ কোন কোন স্থলে ব্যবহৃত হইত ॥ * ফুল্ল রোমমালা—লোমাঞ্চসমূহ ॥

বিচিত্রপত্রাঙ্কুরশালিবালা-

বাহে তু তস্য শ্রোত্রস্য মনো হরতি। তথাহি অঙ্গানি যস্য সকলেন্দ্রিয়বৃত্তি-মন্তীত্যাদি ব্রহ্মসংহিতায়াং। অন্যৎ সমং॥ ২১॥

অথ রাসে ত্যক্তগোপীনাং তত্রাগমনশঙ্কয়া তাঃ কুত্রেতি জ্ঞাত্বা তত্রৈব চম্প·

অতঃপর "শ্রীকৃষ্ণ রাসলীলায় অন্য গোপীগণকে ত্যাগ করিয়া আসিয়া ছিলেন, সম্প্রতি "তাহারা কি আসিয়াছে" এই আশঙ্কায় "তাহারা কোথায়?" এই রূপ করিয়া চম্পক পুষ্প আঘ্রাণ করত "তাহারা শীঘ্র আসুক" সখীদিগের প্রতি এই আদেশ করিলে, বহির্ভাগে থাকিয়া লীলাশুকের সখীভাবে ঐ নিজাভীষ্ট সেবারূপ আনয়নাদি কার্য্য করিতে

যদুনন্দনঠাকুরের পদ্য।

রাসে ত্যক্ত নারীগণ, শঙ্কা হৈল আগমন, তার লাগি সব সখীগণ। লীলাশুকে কহে বাণী, শীঘ্র যাহ বাহে তুমি, তারা কোথা জান বিবরণ॥

যাঞা পথে চম্পকাদি, পুষ্প লৈয়া কার্য্য সাধি, শীঘ্র এথা কর আগমন। এই মত সখীবাণী, লীলাশুক কর্ণে শুনি, আনন্দিত হৈল নিজ মন॥

সখীর বচন ধরি, বাহ্য গন্ত মনে করি, দুই তিন সখী লইয়া সঙ্গে। কুঞ্জের বাহিরে আসি, সেই সখী-সঙ্গে বসি, কহে কিছু নর্ম্মের তরঙ্গে॥

সে কালে অভীষ্ট সেবা, না পাইয়া দেখ যেবা, কহে সব সখীগণ মাঝে। সখী স্নেহামৃতপাঞা, কহে আনন্দিত হৈয়া, উচ্চারিয়া এক শ্লোকরাজে॥ ২১॥

বিচিত্রা বলিত যুত, শোভা অতি অদভুত, রাধিকার

স্তনান্তরং যাম বনান্তরং বা।

কাদিপুষ্পাণ্যাদায় শীঘ্রমাগম্যতামিতি সখীনাং প্রেরণয়া দ্বিত্রিসখীভিঃ সহ বহিরাগত্য স্বাভীষ্টতৎকালীনস্বসখীসেবানবাপ্ত্যা স্বস্য সখীস্নেহাধিকসখীত্বাৎ সবিচারমাহ। তেনৈব কুঞ্জে ভূষিতত্বাদ্বিচিত্রপত্রাঙ্কুরশালিনৌ যৌ বালায়াঃ কিশোর্য্যাঃ শ্রীরাধায়াঃ স্তনাবেবান্তরে হৃদি যস্য তং। তয়া সহ রমমাণং কৃষ্ণং বা যাম তন্নিকটে তিষ্ঠাম। পুষ্পাদ্যর্থং বনান্তরং বা যাম। বৃন্দাবন-

---

অধিক প্রেম হইয়াছে” গ্রন্থকার যেন এই ভাবেই কহিতেছেন॥

সুন্দর স্তনশালিনী গোপাঙ্গনাদিগের স্তনব্যবহিত ও বিচিত্র পত্র এবং অঙ্কুরাদি পরিশোভিত বনান্তরে (বৃন্দাবনে)ই গমন করি, কারণ, বৃন্দাবনের ভূমিপ্রদেশে গোপা-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

কুচমধ্যস্থলে। রমে যেই কৃষ্ণচন্দ্র, সকল আনন্দ কন্দ, যাব কি তাহার রম্য স্থানে॥

কিম্বা যাব বৃন্দাবনে, পুষ্প আদি আহরণে, উপাসনা করিব রাধার। বৃন্দাবন মাঝে যার, পদচিহ্ন নৃত্যসার, তাহা বিনু না দেখিব আর॥

অন্য উপাসকগণে, না দেখিব এই মনে, উপাসনা কি করিব তার। এতেক কহিতে মনে, আর অর্থ প্রকাশনে, কহে অর্থ অতিশয় সার॥

বন যাই লীলাশুক, দেখি সব সখীমুখ, কহে নিষ্ঠা জানিবার তরে। হে সখি! দুঃখিতাগণ,রাসে ত্যাগী যতজন, সুখী করি সঁপি কৃষ্ণ করে॥

এই মত কহি বাণী, লীলাশুক মনে গণি, পুনঃ কহে

অপাস্য বৃন্দাবনপাদলাস্য-

রূপং কৃষ্ণং আদত্তে বশীকরোতি তদ্বৃন্দাবনং। পাদং দায়াদ্বৎ তাদৃশং লাস্যং যস্য তং শ্রীবৃন্দাবনেশ্বরীরূপং স্বস্য উপাস্যং অপাস্য অন্যং উপাস্যং ন বিলোকয়াম। কিমুতোপাস্মহ ইত্যর্থঃ। যদ্বা। প্রথমমাগতত্বাৎ। তন্নিষ্ঠাজ্ঞানায় হে সখি দুঃখিতা এতাঃ গোপীঃ কৃষ্ণেন সহ সঙ্গময্য সুখয়াম। ইত্যন্যসখীনাং বচঃ শ্রুত্বা সমস্নেহসখীগুণমাশ্রিত্য সনিশ্চয়মাহ। কৃষ্ণেন সহাপ্রাপ্তরহঃ-কেলিত্বাদ্বিচিত্রপত্রাঙ্কুরশালিন্যো যা এতা ব্রজবালা আসাং বিয়োগ-নীরস-পাণ্ডুচ্ছবীনাং স্তনমেব স্তনশরদভ্রস্তনিতমিব বিলপনধ্বনিস্তং বা যাম তন্মধ্যে বা পতাম। কিম্বা। পুষ্পাণ্যাহর্ত্তুং বনান্তরং বা যাম। তন্নবীনযুবদ্বন্দ্বমিতি বক্ষ্যমুদ্যতঃ। পথি তয়োঃ পাদচিহ্নান্যালোক্যাহ। বৃন্দাবনে পাদলাস্যং যয়োস্তং যুবদ্বন্দ্বরত্নং অপাস্য ত্যক্ত্বা অন্যমুপাস্যং সেব্যং ন বিলোকয়াম। কিমুতোপাস্মহে। তয়োর্লক্ষণং। কৃষ্ণাদল্পগাধিক্যং যাসাং তাসাং সখীনাং স্নেহঃ তাঃ সখীস্নেহাধিকা ইতি। কৃষ্ণে সখ্যাঞ্চ সমস্নেহাৎ সমস্নেহা ইতি। বাহ্যে তু। মূর্চ্ছিতং পথি পতিতং দৃষ্ট্বা অয়ে স তে দয়িতঃ শ্রীকৃষ্ণঃ সর্ব্বান্তর্যামিতয়া সর্ব্বত্রাস্তে তথা বিঠ্‌ঠলশ্রীরঙ্গাদিরূপশ্চ ত্বয়া দৃষ্টএব তমেব স্মর পশ্য বা। ইত্যাশ্বাসনপরান্ স্বান্ প্রতি স্বনিশ্চয়মাহ। তাদৃশবালাস্তন্মধ্যং বা যামঃ। মহাবিষয়মগ্নাভবাম ইত্যর্থঃ। বনান্তরং বৃন্দাবনমধ্যং। কিম্বা। স্বস্য বৃন্দাবনাযোগ্যত্বাদ্বনান্তরং

ঙ্গনাদিগের নৃত্যকালীন পদচিহ্ন পরিত্যাগ করত অন্য

যদুনন্দনঠাকুরের পদ্য।

সমস্নেহ মত। রাসে কৃষ্ণত্যক্ত নারী, চিত্রপত্রাঙ্কুর শালী, বিলাপ বৈবর্ণ্যগণ যত॥

তার মধ্যে যাব কিম্বা, পুষ্প আহরিব কিবা, বনমধ্যে করিব প্রবেশে। যুবদ্বন্দ্বরত্ন বিনা, অন্য নাহি উপাসনা, এই নিষ্ঠা মোর হৃদি দেশে॥

এতেক কহিতে পথে, দেখে পদচিহ্ন তাতে, রাধাকৃষ্ণ একত্র ঘটনা। এই পাদলাস্য যার, পথে দেখি মনোহর,

মুপাস্যমন্যং ন বিলোকয়াম ॥ ২২ ॥
সার্দ্ধং সমৃদ্ধৈরমৃতায়মানৈ-

বা যাম। তাদৃশং তমপাস্যেত্তি পূর্ব্ববৎ। অত্র বিচিত্রপত্রাঙ্কুরশালীতি স্তনবনয়োর্বিশেষণং। বৃন্দাবনেতি বিশেষ এব তাৎপর্য্যাদিবিশেষোক্তিঃ ॥ ২২ ॥

অথ পুষ্পাণ্যাদায় তাভিঃ সহ পুনস্তৎকুঞ্জমাগচ্ছন্তমাত্মানং জানন্ পথি

কোন উপাস্য বস্তুত আমার নয়নগোচর হয় না ॥ ২২ ॥

অতঃপর "পুষ্পাদি আহরণপূর্ব্বক পুনশ্চ কুঞ্জে আসিতেছি এবং পথমধ্যে স্বাধীন ভর্ত্তৃকার ন্যায় গর্ব্ব, মান, ঈর্ষা প্রভৃতির উদয়হেতু, রসোৎকণ্ঠা আচ্ছন্ন হইল, এবং পরস্পর দুর্লভ বোধ করিয়া কৃষ্ণই লুকায়িত হইলেন," তৎকালে শ্রীরাধা কৃষ্ণদর্শন না পাইয়া যে বিলাপ করিয়াছেন, এই ভাব আত্মাতে আরোপ করত লীলাশুক যেন তাঁহাদের সহিত মিলিত হইয়াই কহিতেছেন ॥

যাঁহার মুরলীনিনাদ ব্রহ্মাণ্ডভেদ পূর্ব্বক ক্রমশঃ ঊর্দ্ধগত

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাহা ছাড়ি নাহি উপাসনা ॥

এত কহি আর এক শ্লোক কৈল পাঠ। শ্রীলীলাশুকের বাণী সুধাময় ঠাট ॥ ২২ ॥

ত্রিবিধ ইহার অর্থ অন্তর্দ্দশা এক। দ্বিতীয়ে স্বান্তর্দ্দশা বাহে তিন রেখ ॥ এইরূপে লীলাশুক সখীগণ-সঙ্গে। দিব্য পুষ্প মাল্য আদি গাঁথিলেন রঙ্গে ॥ তাহা লৈয়া সখী-সঙ্গে ফিরি কুঞ্জে আইসে। এই মত জানে তেহোঁ মনের বিলাষে ॥ এথা রাই কৃষ্ণ-সনে কৈলা নানা লীলা। স্বাধীনভর্ত্তৃকা আদি বহু সুখ পাইলা ॥ তাহা হৈতে গর্ব্ব আর মান উপ-

রাতায়মানৈর্মুরলীনিনাদৈঃ।

অত্যন্তস্বাধীনভর্ত্তৃকতয়া সৌভাগ্যগর্ব্বমানাভ্যাং রসাস্বাদকোৎকণ্ঠারহিতাং রসপোষকান্যোন্যদৌর্লভ্যরাহিত্যেন পর্য্যুষিতরসামিব তাং স্বস্ক দৃষ্ট্বা কিঞ্চিদ্ব্যবধানেন তদ্বর্দ্ধনায় তদুৎকণ্ঠপ্রলাপশুশ্রূষয়া চ কুঞ্জান্তিরোহিতে রসিকশেখরে তমন্বেষ্টুং বহির্নির্গতয়া সসখীবৃন্দয়া বিকলয়া শ্রীরাধয়া মিলিত্বা তমন্বিষ্য ভ্রমন্তীনাং তাসাং তদ্দর্শনোৎকণ্ঠা প্রলপিতশ্রবণোদ্গতায়াঃ স্বস্য বাহ্যান্তর্দশাদ্বয়েঽপি তদ্দর্শনোৎকণ্ঠয়া তাসাং প্রলাপমেবানুবদন্নাহ ত্রয়স্ত্রিংশতা শ্লোকৈঃ। অত্রার্থোঽয়মনুসন্ধেয়ঃ। উক্তঞ্চ। সম্ভোগো বিপ্রলম্ভশ্চ শৃঙ্গারো দ্বিবিধো মতঃ। তত্র চ। ন বিনা বিপ্রলম্ভেন সম্ভোগঃ পুষ্টিমশ্নুতে। কষায়িতে হি বস্ত্রাদৌ ভূয়ান্ রাগো বিবর্দ্ধতে। বিপ্রলম্ভোঽপি চতুর্দ্ধা। পূর্ব্বরাগো

হইয়া বৃদ্ধি পাইতেছে এবং ক্ষণে ক্ষণে শ্রবণ কালে যাহা

যদুনন্দনঠাকুরের পদ্য।

জিল। রসের উৎকণ্ঠা-গণ রহিত হইল॥ অন্যোন্য দুর্ল্লভ বিনে রস পুষ্ট নহে। পর্য্যুষিত রস হৈল কৃষ্ণ মনে লয়ে॥ অন্য গোপীগণ পায় বিচ্ছেদ-যাতনা। তাহা জানি লুকাইতে হইল বাসনা॥ রাধিকার অতিশয় উৎকণ্ঠা বাঢ়াঞা। উৎকণ্ঠা প্রলাপ শুনি ইহা হৈল হিয়া॥ তেঞি লাগি কুঞ্জান্তরে কৃষ্ণ লুকাইলা। তারে না দেখিয়া রাই ব্যাকুল হইলা॥ কৃষ্ণ অন্বেষিতে রাই সখীগণ লৈয়া। গমন করেন কুঞ্জ বাহির হইয়া॥ সেই সঙ্গে লীলাশুক নিজ সখী লৈয়া। রাই সঙ্গে ভ্রমে সবে কৃষ্ণ অন্বেষিয়া॥ কৃষ্ণদরশন লাগি প্রলাপয়ে রাই। তাহা শুনি লীলাশুক দুঃখ বহু পাই॥ বাহ্য আর অন্তর্দ্দশায় মন বসাইয়া। প্রলাপানুসারে তাহা প্রলাপয়ে ইহা॥ তেত্রিশ শ্লোকের অর্থ এমতে জানিবে। রাধিকা প্রলাপ কথা কৃষ্ণোদ্দেশে সবে॥ এই

মূর্দ্ধাভিষিক্তং মধুরাকৃতীনাং

মানঃ প্রেমবৈচিত্ত্যং প্রবাসশ্চেতি। প্রবাসশ্চ বুদ্ধিপূর্ব্বাবুদ্ধিপূর্ব্বভেদেন দ্বিধা। বুদ্ধিপূর্ব্বোঽপি কিঞ্চিদ্দূরসুদূরগমনাদ্দ্বিধা। তত্র কিঞ্চিদ্দূর-প্রবাসাখ্যবিপ্রলম্ভেঽস্মিন্ তাসাং বিরহোৎপন্না দশ দশাঃ স্যুঃ। চিন্তাত্র জাগরোদ্বেগৌ তানবং মলিনাঙ্গতা। প্রলাপো ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যু-র্দশা দশেতি। এতাস্তত্তৎশ্লোকেষু বাখ্যাস্যন্তে। তত্র। সার্দ্ধমিত্যাদিভিশ্চিন্তা। অধীরমিত্যাদিভিঃ প্রলাপঃ। স্বচ্ছশবমিত্যাদিভিরুদ্বেগঃ। যাবন্ন মে ইত্যত্র মোহো ব্যাধিশ্চ। যাবন্ন মে ইত্যত্র মৃতিঃ। হে দেবেত্যাদিভি-শ্চোন্মাদঃ। আভ্যামিত্যাদিভির্গ্লানিলক্ষণং তানবমিতি। তত্র প্রথমং নিজা-

অমৃতবৎ প্রতীয়মান হইতেছে। আর যিনি নিখিল অমৃত-

যদুনন্দনঠাকুরের পদ্য।

রূপে শৃঙ্গার এক সম্ভোগ প্রকার। বিপ্রলম্ভ মত আর খ্যাত পরকার॥ বিপ্রলম্ভে চারি মত পূর্ব্বরাগ মান। প্রেম-বৈচিত্ত্য আর প্রবাস আখ্যান॥ সে প্রবাস দুই মত উজ্জ্বল প্রচার। বুদ্ধিপূর্ব্বাবুদ্ধিপূর্ব্ব আখ্যান যাহার॥ বুদ্ধিপূর্ব্ব দুই রূপ খ্যাত শাস্ত্রমত। কিঞ্চিদ্দূর সুদূর গমন খ্যাত যত॥ এইত প্রবাস হয় কিঞ্চিদ্দূর নাম। এই বিপ্রলম্ভ হয় বিরহ বিধান॥ তাহাতে রাধিকা আদি সব সখীগণে। দশদশা উপস্থিত হৈল সেই ক্ষণে॥ চিন্তা জাগরণ আর উদ্বেগ-তানব। মলিন প্রলাপ ব্যাধি উন্মাদাদি সব॥ মোহ মৃত্যু আদি করি এই দশ দশা। রাধিকাতে উপজিল কহি সেই ভাষা॥ তাহার প্রথম দশা চিন্তা উপজিলা। কৃষ্ণ দরশন কাযে চিত্তোৎকণ্ঠা হৈলা॥ আস পাশ সব সখী ললিতাদি করি। তাহা প্রতি কহে রাই এই শ্লোকোচ্চারি॥ সেই ভাবে মগ্ন হৈয়া লীলাশুক এথা। সেই সব ভাব মত কহে

বালং কদা নাম বিলোকয়িষ্যে॥ ২৩॥

শ্বাসনপরসখীঃ প্রতি তাসাং তদ্দর্শনচিন্তোৎকণ্ঠয়া প্রলপিতমনুবদন্নাহ তন্নাদ-মুরলীনিনাদৈরিতি সার্দ্ধং। তং বালং কদা নাম বিলোকয়িষ্যে। তন্নাদমুদ্গিরন্তং তমিত্যর্থঃ। কীদৃশৈঃ। সমৃদ্ধৈঃ। তানবমূর্চ্ছনাদিমাধুর্য্যৈঃ পুষ্টৈঃ। অমৃতবদাচর-ন্তিতী তথা তৈঃ। আতায়মানৈঃ স্বমাধুর্য্যেণ ব্রহ্মাণ্ডং নির্ভিদ্য বৈকুণ্ঠপর্য্যন্ত-প্রসরণশীলৈঃ। লক্ষ্ম্যা অপ্যাকর্ষণাৎ। তদুক্তং। কৃষ্ণস্মভৃত ইত্যাদৌ, ভিন্দন্নণ্ডকটাহভিত্তিগভিতো বভ্রাম বংশীধ্বনিরিতি। কীদৃশং তং। মধুরা-

ময়ী আকৃতির মূর্দ্ধাভিষিক্ত অর্থাৎ মহারাজ স্বরূপ সেই মাধুর্য্যরাজ বালক অর্থাৎ কিশোরকে কবে আমি অবলোকন করিব?॥ ২৩॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

সেই কথা॥ এইত শ্লোকের এই কহিল আভাস। এবে কহি শুন ইহার অর্থ পরকাশ॥ মুরলীর নাদ সঙ্গে কিশোর শেখর। কবে নিরখিব আমি শ্যামল সুন্দর॥ তান মূর্চ্ছা আদি গান সমৃদ্ধ সহিতে। মাধুর্য্য পুষ্টতা যার অমৃত চরিতে॥ অতি দীর্ঘ ধ্বনি যাতে ব্রহ্মাণ্ড ভেদয়। যে ধ্বনি বৈকুণ্ঠ যা'ঞা লক্ষ্মী আকর্ষয়॥ মধুর আকার যত আছে ত্রিভুবনে। তার শিরোধার্য্য রূপ সর্ব্ব মনোরমে॥ অন্ত-র্দ্দশার এই অর্থ কৈল প্রকটনে। স্বান্তর্দ্দশার অর্থ এবে শুন করি মনে॥ সখীভাবে লীলাশুক কহে সখীগণে। কবে সে দেখিব শ্যামকিশোর মোহনে॥ মুরলীর নাদ যাতে মাধুর্য্যের সীমা। রাই আকর্ষণ করে অতি মনোরমা॥ সে শব্দ সঙ্কেত বাণী কহেন রাইরে। কবে তাহা শুনি সুখী হইব অন্তরে॥ স্বান্তর্দ্দশার এই অর্থ বাহ্য দশা আর॥

শিশিরীকুরুতে কদা নু নঃ

কৃতীনাং মূর্দ্ধাভিষিক্তং শ্রেষ্ঠমিত্যর্থঃ। স্বান্তর্দ্দশায়াং তৎপ্রেরকসঙ্কেতমুরলী-নিনাদমুদ্দিশ্যরস্তং তমিতি। অন্যৎ সমং। বাহ্যে তু। আশ্বাসনপরান্ স্বান্ প্রত্যুক্তিঃ। স এব॥ ২৩॥

অথ পুনর্মুহ্যন্তীনাং করুণার্দ্রোঽসাবধুনৈব দর্শনং দাস্যতি, মা খেদং গচ্ছ-তেতি। সখিভিরাশ্বাসিতানাং তদ্দর্শনবহ্নিজ্বালাবলীঢ়নেত্রাণাং তাঃ প্রতি তথোক্তিমনুবদন্নাহ। নু ভো সখ্যঃ স শিশুঃ কিশোরঃ শ্রীকৃষ্ণো নোঽস্মাকং দৃশো-র্যুগলং মুখেন্দুনা কদা শিশিরীকুরুতে তথা করিষ্যতি। কীদৃক্। শিখিপিঞ্ছৈরা-

অতঃপর "সকল সখীই কৃষ্ণদর্শনাভাবে মূর্চ্ছিত হইয়াছে, সুতরাং শ্রীকৃষ্ণ অবশ্যই দর্শন দিবেন, খেদ করিওনা" এইরূপ সখীর আশ্বাসবাক্যে অন্য সখীগণ তাহার বাক্যে শ্রীকৃষ্ণের বহুবল্লভত্ব বোধ করিয়া ক্রোধযুক্ত নেত্রে আশ্বাসকারিণী সখীদিগকে কহিতেছেন" লীলাশুক ঐ ভাব আত্মায় আরোপ পূর্ব্বক কহিতেছেন॥

হে সখি! ময়ূরপিচ্ছধারী বালক অর্থাৎ কিশোর শ্রীকৃষ্ণ

যদুনন্দনঠাকুরের পদ্য।

সঙ্গী প্রতি কহে সেই ভক্তি অর্থ সার॥ কবে সে কিশোর কৃষ্ণ দেখিব নয়নে। শিরোধার্য্য হয় যেহ মাধুর্য্যের গণে॥ অমৃত মুরলী ধ্বনি সম্বন্ধের মনে। কবে সে দেখিব শ্যাম মদনমোহনে॥ এই তিন মত অর্থ কৈল প্রকটন। এই মত জানিহ তেত্রিশ শ্লোকে ক্রম॥ অন্তর্দ্দশার অর্থ এথা কহিব বিবরি। সংক্ষেপে জানিহ দুই অর্থের চাতুরী॥ ২৩॥

এতেক কহিতে রাই, পুনঃ রহে মোহ পাই, গোবিন্দের বিরহ বেদনে। তাহা দেখি সখীগণ, কহে কৃষ্ণ এই ক্ষণ, তোমাকে তোষিবে দরশনে॥ খেদ না বাঢ়াহ সখি!,

শিখিপিঞ্ছাভরণঃ শিশুর্দৃশোঃ।

যুগলং বিগলন্মধুদ্রব-

ভরণং মৌলির্যস্য। কীদৃশেন তেন বিগলন্তো মধুদ্রবা যস্মিন্ তাদৃশং যৎ স্মিতং তস্য মুদ্রয়া ভঙ্গ্যা মৃদুনা। স্বান্তর্দ্দশায়াং প্রেয়সীপ্রেরণহর্ষজতাদৃশ স্মিতস্যান্যতো

কবে আমার লোচন যুগলকে বিগলিত মধুধারা সম্বলিত

যদুনন্দনঠাকুরের পদ্য।

দেখি তোমা সবে দুঃখি, ক্ষণেক ধৈর্য্যতা কর মনে। এই আশ্বাসয়ে তারা, অন্তরে বিরহজ্বালা, নেত্রজ্বালা কৃষ্ণ অদর্শনে॥

তা সবাকে ধনী কহে, বিরহবেদনাচয়ে, সেই কথা লীলাশুক কহে। কহিল আভাস এই, এবে শুন শ্লোক যেই, অর্থগণ সুধা সব হয়ে॥

সখি হে! শ্যামধাম কিশোর শেখর। দেখাইয়া মুখচন্দ্র, দিবে মোরে সুখানন্দ, নেত্র কবে করিবে শীতল॥ ধ্রু॥

শিখিপিচ্ছ ভূষা যার, স্মেরমুদ্রা মনোহর,যাতে গলে মধুদ্রবধার। স্মিতভঙ্গী মৃদু অতি, মাতায় যুবতিমতি, হেন মুখচন্দ্রশোভা যার॥

এই অন্তর্দ্দশা অর্থ, শুন স্বান্তর্দ্দশা অর্থ, লীলাশুক মনে যাহা লয়। রাধিকা প্রেরণ সার, এই স্মিত মনোহর, কবে সে জুড়াবে নেত্রদ্বয়॥

বাহ্যে সঙ্গী প্রতি কহে, কৃষ্ণ মুখচন্দ্রময়ে, তাতে মৃদুস্মিত মধুদ্রবে। শিখিপিচ্ছভূষাকেশ, মোর নেত্রযুগ দেশ, সুশীতল করিবেন কবে॥

ওথা অতি উৎকণ্ঠাতে, পৃথক্ পৃথক্ রীতে, গোবিন্দ প্রার্থনা করে সবে। তাহাতে রাইর মন, হৈল অতি উচাটন,

স্মিতমুদ্রামৃদুনা মুখেন্দুনা ॥ ২৪ ॥
কারুণ্যকর্ব্বুরকটাক্ষনিরীক্ষণেন,
তারুণ্যসম্বলিতশৈশববৈভবেন ।

বন্মুদ্রণং গোপনং তেন মৃদুনা অন্যৎ সমং । বাহেতু পূর্ব্ববৎ ॥ ২৪ ॥

অথাত্যুৎকণ্ঠয়া শ্রীকৃষ্ণমেব পৃথক্ পৃথক্ প্রার্থয়মানানাং বচোঽনুবদন্নাহ । হে কৃষ্ণচন্দ্র কারুণ্যেন কর্ব্বুরং চিত্রং যৎ কটাক্ষনিরীক্ষণং তেন মে লোচনং শিশিরীকুরু করুণরসস্য চিত্রবর্ণত্বাৎ কর্ব্বুরত্বং । কীদৃশেন তারুণ্যসম্বলিতং শৈশবকৈশোরং তস্য বৈভবেন সম্পদ্রূপেণ তথা ভুবনমপ্যাপুষ্টতা সম্যক্ স্থূলী কুর্ব্বতা । তথা অদ্ভুতবিভ্রমো বিলাসো যস্য তেন । শ্রীকৃষ্ণস্য চন্দ্ররূপকত্বেন

স্বীয় মুখচন্দ্র দ্বারা শীতল করিবেন ॥ ২৪ ॥

অতঃপর "অতিশয় উৎকণ্ঠাবশতঃ শ্রীকৃষ্ণকেই পুনঃ পুনঃ প্রার্থনা করিতেছেন" এই বাক্যের অনুবাদ করিয়াই যেন গ্রন্থকর্ত্তা বলিতেছেন ॥

হে কৃষ্ণচন্দ্র ! আপুনি কারুণ্যপূর্ণ কটাক্ষ দৃষ্টি ও ভুবন

যদুনন্দনঠাকুরের পদ্য ।

সেই বাক্যে পড়ে শ্লোক লোভে ॥ ২৪ ॥

সখি হে ! কৃষ্ণের করুণাময় আঁখি । বিচিত্র কটাক্ষ তার, যাতে নানা ভাবোদ্গার, নিরখিয়া নেত্র করু সুখী ॥ ধ্রু ॥

কৈশোর বিলাস যাতে, বিভ্রম বিলাস তাতে, অদ্ভুত বৈভব মধুরিমা । অখিল ভুবনজন, সুখ পুষ্টি অনুক্ষণ, করে যার কটাক্ষের কণা ॥

কৃষ্ণচন্দ্র রূপরাশি, মাধুর্য্য তরঙ্গ হাসি, তাহে আর তারুণ্যের ঘটা । বিলাস বিভ্রম তাতে, অপাঙ্গ মাধুরী যাতে, স্নিগ্ধ করু মোর নেত্র ছটা ॥

আপুষ্ণতা ভুবনমদ্ভুতবিভ্রমেণ
শ্রীকৃষ্ণচন্দ্র শিশিরীকুরু লোচনং মে ॥ ২৫ ॥
কদা বা কালিন্দীকুবলয়দলশ্যামলতরাঃ

স্বলোচনয়ো র্বিরহার্কপ্রতপ্তকুমুদত্বং ধ্বনিতং। যদ্বা নিরীক্ষণেন বৈভবেন বিভ্রমেণ চ মে লোচনং তথা কুরু। আপুষ্ণতেতি ত্রয়াণাং বিশেষণং। চন্দ্রোঽপি তথা করোতি ইতি রূপকং। স্বান্তর্দ্দশায়াং তু প্রেয়সীপ্রেরণরূপং তন্নিরীক্ষণং অন্যৎ সমং। বাহ্যে তু স্পষ্টং ॥ ২৫ ॥

পুনর্মূর্চ্ছন্তীনাং মা খেদং গচ্ছতাধুনৈব মুরলীং বাদয়ন্ শ্রীকৃষ্ণঃ কটাক্ষাব-

---

পোষণকারী তথা আশ্চর্য্য শোভাশালী তারুণ্যযুক্ত শৈশব বৈভব দ্বারা আমার লোচন দ্বয়কে শীতল করুন ॥ ২৫ ॥

অতঃপর "সখীগণ মূর্চ্ছিত প্রায় হইলে, "খিন্ন হইওনা" এই বলিয়া আশ্বাসকারিণী সখীদের বাক্যই অনুবাদ করিয়া যেন গ্রন্থকর্ত্তা বলিতেছেন ॥

হে সখীগণ! কালিন্দীর কুবলয়দলতুল্য শ্যামবর্ণ করুণা-

যদুনন্দনঠাকুরের পদ্য।

এতেক কহিতে রাই, পুনঃ রহে মোহ পাই, তাহা দেখি সব সখীগণ। আশ্বাস করিয়া কহে, ধৈর্য্যধর সখী ওহে, কৃষ্ণচন্দ্র আসিবে এখন ॥

মুরলীবাদন করি, কটাক্ষে তোমারে হেরি, অতিসুখী করিবে তোমারে। এ রূপ আশ্বাস শুনি, চেতন পাইলা ধনি, প্রলাপ করিয়া পুছে তারে ॥ ২৫ ॥

সখি হে! সত্য মোরে কহ সুনিশ্চয়। কৃষ্ণের কটাক্ষ ধারা, সুধারস সত্য পারা, কবে জুড়াইবে নেত্রদ্বয় ॥

কবে বা আসিবে হরি, সে কটাক্ষ ভঙ্গী করি, আজি

কটাক্ষা লক্ষ্যন্তে কিমপি করুণাবীচিনিচিতাঃ।

লোকনেন বঃ প্রণয়িষ্যতীত্যাশ্বাসয়ন্তীঃ সখীঃ প্রতি সোৎকণ্ঠপ্রশ্ন প্রলাপানমুবদন্নাহ। তে কটাক্ষাঃ কদা বা লক্ষ্যন্তে লক্ষিষ্যন্তে তৎ কথয়েতি শেষঃ। ইত্যুৎকণ্ঠোক্তিঃ। কিম্বা। নালীকিনীং নিশি ঘনোৎকলিকামশঙ্কং ক্ষিপ্ত্বা বৃতীরতনুরন্যগজঃ ক্ষুণত্তি। অত্রানুরাগিণী চিরাদুদিতেঽপি ভানৌ হা হন্ত কিং সখী মুখং ভবিতা বরাক্যা ইতিবৎ। ইদানীং ম্রিয়ামহে কদা বা তে লক্ষিষ্যন্তে তে, বা কদা তোষং ধাস্যন্তীতি নৈরাশ্যোক্তিঃ। কীদৃশাঃ কালিন্দীকুবলয়নাং দল-

পূর্ণ কটাক্ষবিক্ষেপ এবং কোন এক অনির্ব্বচনীয় করুণা-

যদুনন্দনঠাকুরের পদ্য।

মোর প্রাণ অন্ত হয়া কবে বা দেখিব তারে, শুন প্রিয়া সখি আরে, না দেখিলে প্রাণ নাহি রয়॥

কালিন্দীর কুবলয়, দল করে পরাজয়, অতি শ্যাম তরল কটাক্ষ। করুণাতরঙ্গ তাতে, সংযোগ উত্তম রীতে, তা দেখিতে কোথা মোর ভাগ্য॥

কৃষ্ণের মুরলীধ্বনি, ত্রিভুবনবিমোহিনী, অতিসুশীতল সুকোমলা। কামবৈরি রুদ্রজটা, চন্দ্র হৈতে শৈত্য ঘটা, কবে সে শুনিব গানকলা॥

জটাস্থিতা জাহ্নবীর, সদা স্থিতি শৈত্য তার, তাতে ঢাকা যেই চন্দ্র আছে। তাহার শৈত্যতা জিনি, মুরুলীর কল ধ্বনি, তা শুনিতে ভাগ্য কোথা আছে॥

এতেক কহিতে রাই, দিব্যোন্মাদ দশা পাই, মোহিতা হইলা সেই ক্ষণে। ললিতাদি সখীগণ, করাইলা সচেতন, কৃষ্ণকণ্ঠমাল্যগন্ধার্পণে॥

চেতন করাঞা কহে, শুনহ সরলা ওহে, শঠ কৃষ্ণ অতি

*কদা বা কন্দর্পপ্রতিভটজটাচন্দ্রশিশিরাঃ

তোঽপি শ্যামলতরা অতিশ্যামলাঃ। শ্যামতরলা ইতি পাঠে ততোঽপি শ্যামাস্তরলাশ্চ যে অত্র কুবলয়শব্দেন শ্যামলশব্দসাহচর্য্যাৎ নীলোৎপলমেবোচ্যতে। কিমপ্যনির্ব্বনীয়ায়াঃ করুণাবীচয়ঃ তাভির্নিচিতাঃ খচিতাঃ তথা ভাগ্যং নাস্তি চেত্তদা দূরতোঽপি তে মুরল্যাঃ কেলিনিনদাঃ কমপ্যন্তস্তোষং কদা বা দধতি ধাস্যন্তি তেষাং বিয়োগজকামাগ্নিদাহনাশকাতিশৈত্যমাহ। কন্দর্পপ্রতিভটস্য রুদ্রস্য জটাস্থিতচন্দ্রতোঽপ্যতি শিশিরাঃ। জটারণ্যচ্ছায়া শীতলগঙ্গাজলপ্লাবিতত্বাৎ চন্দ্রস্যাতিশৈত্যমুক্তং। তথা কন্দর্পপ্রতিভটজটাশব্দেন কামাপযানং চ

তরঙ্গ নিচিত ও কন্দর্প প্রতিদ্বন্দ্বি রুদ্রজটাস্থ চন্দ্র অপেক্ষা

যদুনন্দনঠাকুরের পদ্য।

দুঃখদায়ী। তার চিন্তা ত্যাগ করি, সুখী হও চিত্ত ভরি, কেনে দুঃখি চিন্তা করি স্থায়ী॥

এমত সখীর বাণী, শুনি রাই সুনয়নী, যত্ন করে চিন্তা ছাড়িবারে। এই কালে রাসে ত্যক্ত, বিরহিণীগণ যত, কৃষ্ণ গুণ গান উচ্চৈঃস্বরে॥

তাহা শুনি সুধামুখী, ব্যাকুল হইয়া দুঃখী, সখী প্রতি কহেন বচন। ইহা সবাকারে সখি, সান্ত্ব কর এবে দেখি, কহিতে হৈল দিব্যোন্মাদগণ॥

তাহাতে সাক্ষাৎ হেন, কৃষ্ণচন্দ্র দেখে যেন, অন্য নারী ভোগ করি আইলা। নিজ-কুচ-কুঙ্কুমেত, সানে অন্য নারী ভুক্ত, এইরূপ কৃষ্ণকে দেখিলা॥

যেন কৃষ্ণ আসি কহে, শুন প্রাণপ্রিয়া ওহে, আইলাঙ্ আমি শুনি তুয়া গান। সুপ্রসন্না হও মোরে, যেরূপ বিনয় করে রাইর সাক্ষাৎ হেন জ্ঞান॥

কম্যপ্যন্তস্তোষং দধতি মুরলীকেলিনিনদাঃ ॥ ২৬ ॥
অধীরমালোকিতমার্দ্রজল্পিতং

সূচিতং। স্বান্তর্দশায়াং প্রেয়সীপ্রেরণকটাক্ষবেণুনাদা জ্ঞেয়াঃ। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ২৬ ॥

ইতঃ পরং শ্রীরাধায়া উন্মাদাবস্থোত্থ প্রলাপানুবদনং যাবৎ শ্রীকৃষ্ণদর্শনং। তত্র প্রথমং তস্যাশ্চিত্রজল্পাখ্যপ্রলপিতমনুবদন্নাহ পঞ্চভিঃ শ্লোকৈঃ। অথান্যা ব্রজদেব্যো জয়তি তেঽধিকং জন্মনেত্যাদিবৎ তদ্গুণগানাবলম্বনা বভূবুঃ। শ্রীরাধাতু মূর্চ্ছন্তী সখীভিঃ সহ শ্রীকৃষ্ণকণ্ঠমালাং নাসায়াং ন্যস্য প্রবোধিতা। তথা অয়ি শরলে, শঠস্য তস্যাতিদুঃখদাং চিন্তাং বিহায় ক্ষণং সুখিনী ভবেতি সখীবচনাৎ তথা প্রযত্নং কুর্ব্বন্তী তাভি র্বর্ণিততদ্গুণশ্রবণবিকলা এতা বারয়-তেতি সখীঃ প্রতি কথয়ন্ত্যেব দিব্যোন্মাদোন্মত্তা পুরস্থিতং স্বকুচঘুসৃণাঙ্কিত-মপ্যন্যাসংভুক্তং প্রিয়ে তব সদ্গুণগানশ্রবণাদাগতোঽস্মি প্রসীদেত্যনুনয়ন্তমিব ত্বং মত্বা সের্ষ্যোদাসীন্যং স্বাভিজ্ঞত্বপ্রকাশং যং প্রললাপ তদনুবদন্নাহ। হে নাথে-ত্যৌদাসীন্যেন গোপিকা এব নিন্দার্থে ক প্রত্যয়ঃ। এতা অবিদগ্ধা এব তে অধীরং

অতীব সুশীতল মুরলীর কেলিনিনাদ কবে আমার অন্ত-করণে সন্তোষ বিধান করিবে ॥ ২৬ ॥

অতঃপর শ্রীকৃষ্ণ দর্শনাভাবে শ্রীরাধার উন্মাদ ও প্রলা-পাদি অনুবাদ করত গ্রন্থকর্ত্তা বর্ণন করিতেছেন ॥

হে নাথ! গোপিকাগণ তোমার চঞ্চল দৃষ্টি, প্রজল্প,

যদুনন্দনঠাকুরের পদ্য।

ঈর্ষা করি কহে কথা, যেন উদাসীন মতা, প্রলাপে স্বাভিজ্ঞ প্রকাশয়। লীলাশুক তাহা শুনি, কহেন রাইর বাণী, এক শ্লোক অতি অর্থময় ॥ ২৬ ॥

দিব্যোন্মাদ উপজিল, রাই সর্ব্ব পাসরিল, কৃষ্ণচন্দ্র সাক্ষাৎ মানিয়া। ঈর্ষা করি কহে বাণী, নাথ প্রতি উদা-

গতঞ্চ গম্ভীরবিলাসমন্থরং।

সর্ব্বত্যাগেণাশ্রিতায়ামপি কস্যাঞ্চিৎ স্থৈর্য্যরহিতং। আ ঈষৎ লোকিতমধীরং মদীয়নর্ত্তনমিব মনোজ্ঞং শরদুদাশয় ইত্যাদিনা বদন্তী গায়ন্তী। বিদন্তীতি পাঠে জানন্তি। তথা ধূর্ত্তস্য তে জল্পিতং আ ঈষদার্দ্রং ব্যাধানামিব মুখএবার্দ্রং যজ্জল্পিতং গম্ভীরবিলাসেন পুতনাবধবাসনৈধিতস্ত্রীবধেচ্ছাস্বরূপেণ। মন্থরং স্থগিতমপি স্নিগ্ধগম্ভীরনর্ম্মসূচক-শব্দার্থধ্বনিরূপবিলাসেন মন্থরং বদন্তি-মধুরয়া গিরেত্যাদিনা গায়ন্তি। উক্তঞ্চ। মুখং পদ্মদলাকারং বাচঃ পীযূষ-শীতলাঃ। হৃদয়ং কর্ত্তরীতুল্যং ত্রিবিধং ধূর্ত্তলক্ষণমিতি। তথাগতং গমনং রাসাৎ কুঞ্জতশ্চালক্ষিতান্তর্দ্ধানাৎ জ্ঞাতুমশক্যো যো বিলাসস্তেন মন্থরমপি মত্তগজস্যেব গম্ভীরবিলাসমন্থরং। বর্ম্ম ধূর্য্যগতিরিত্যাদিনা গায়ন্তি। তথা-লিঙ্গিতং। অমন্দং ন বিদ্যতে মন্দং পরদাহকং যস্মাৎ তাদৃশমপি অমন্দং গাঢ়ং

গম্ভীর-বিলাস-শোভিত-মন্থর গমন, প্রগাঢ় রূপে আলিঙ্গন

যদুনন্দনঠাকুরের পদ্য।

সীনী, নিন্দা অর্থ প্রকট করিয়া॥

শুন নাথ কহি যে নিশ্চয়। অজ্ঞ গোপাঙ্গনাগণ, না জানে তোমার মন, দোষ গুণে গুণ বিস্তারয়॥ ধ্রু॥

সর্ব্বত্যাগী যেই জন, করে তারা আশ্রয়ণ, তাতে তুয়া ধৈর্য্য আলোকন। অজ্ঞ গোপাঙ্গনাগণ, কহে নৃত্য খঞ্জন, হেন তোমার কমললোচন॥

বচন কোমল তেন, ওহে আর্দ্রগুণ হেন, মুখে মাত্র কোমল বচন। বধিয়া পুতনা নারী, বধিতে বাসনা ভারি, নারীবধ ইচ্ছা প্রপূরণ॥

অজ্ঞ গোপাঙ্গনা কহে, তোমার বচন ওহে, স্নিগ্ধ সুগম্ভীর নর্ম্মময়। শব্দ অর্থ ধ্বনি রূপ, বিলাসের স্বরূপ, প্রত্যক্ষরে মাধুরী স্রবয়॥

অমন্দমালিঙ্গিতমাকুলোন্মদ-

পীনস্তনীগণসুখদং বদন্তি। আলিঙ্গনস্থগিতমিত্যাদিনা গায়ন্তি তথা প্রেক্ষকানাকুলয়ন্তীত্যাকুলং তচ্চ তানেবোন্মদয়তি গ্লপয়তীত্যুন্মদঞ্চ তাদৃশং যং স্মিতং কীদৃশং অমন্দং ন বিদ্যতে মন্দং পরদাহকং যস্মাৎ তাদৃশমপি অমন্দং সর্ব্বসুখদং নিজজনস্ময়ধ্বংসন স্মিতেত্যাদিনা গায়ন্তি। মদিধাতো গ্লেপনার্থে ঘটাদিত্বাৎ বৃদ্ধ্যাভাবঃ। কিম্বা সোল্লুণ্ঠমাহ। এতা এব তবালোকিতাদিকমধীরমধৈর্য্যং বদন্তি অহন্তু মনোজ্ঞং বদামীতি বিপর্য্যয়েণ ব্যাখ্যেয়ং। তত্র দিব্যোন্মাদলক্ষণং। যথোজ্বলনীলমণৌ। পূর্ব্বোক্তো যঃ প্রেম্নঃ পরাবস্থারূপোভাবঃ স দ্বিবিধঃ। রূঢ়োঽধিরূঢ়শ্চ। অধিরূঢ়োঽপি দ্বিধা মোদনো মাদনশ্চ।

এবং আকুল ও উন্মত্ত ভাবে ঈষৎ হাস্য কীর্ত্তন করি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

গমন তেমনি তোমা, রাস হৈতে কুঞ্জাভূমা, কুঞ্জ হৈতে পুনঃ অন্য স্থানে। জানিতে বিষম যার, বিলাসের সুবিস্তার, তেমন মন্থর গতি মানে॥

অজ্ঞ গোপাঙ্গনা বোলে, মদমত্ত গজবরে, জিনিয়া মন্থর গতি অতি। আলিঙ্গন হয় তেন, এই লয় মোর মন, পরপোড়াইতে মন্দ অতি॥

অজ্ঞ কহে শ্যামধাম, আলিঙ্গন অনুপাম, পীনস্তনীগণ সুখদায়ী। তেমনি তোমার স্মিত, উন্মাদয়ে নিরীক্ষিত, জনে সদা ব্যাকুল করয়ী॥

পরের দাহক যেই, মন্দ নহে স্মিত সেই, অজ্ঞ নারী কহে সুখদায়ী। অমৃত মাধুরী ঘটা, কহে মন্দ স্মিত চ্ছটা, যাতে করে ধ্যানের বিষয়ী॥

এইমত অর্থ এক, শ্লোক দেখি পরতেক, আর মত অর্থ

স্মিতঞ্চ তে নাথ বদন্তি গোপিকাঃ ॥ ২৭ ॥

মোদন এব বিশ্লেষদশায়াং মোহনো ভবতি। এতস্য মোহনাখ্যস্য গতিং কাম-প্যুপেয়ুষঃ। ভ্রমাভা কাপি বৈচিত্রী দিব্যোন্মাদঃ প্রকীর্ত্তিতঃ। উদ্ঘূর্ণাচিত্র-জল্পাদ্যাস্তদ্ভেদা বহবো মতা ইতি। তত্র চিত্রজল্পঃ। প্রেষ্ঠস্য সুহৃদালোকে গূঢ়রোষবিজৃম্ভিতঃ। ভূরিভাবময়ো জল্পশ্চিত্রজল্প উদাহৃতঃ। সুহৃদালোক-ইতি তস্য তদীয়ানাং চোপলক্ষণং। স চ দশাঙ্গঃ। প্রজল্পপরিজল্পবিজল্পো-জ্জল্পসংজল্পাভিজল্পাজল্পপ্রতিজল্পসুজল্পাঃ। এষ শ্রীদশমে ভ্রমরগীতায়াং ব্যক্তএব। তত্র শ্লোক এবায়ং প্রজল্পঃ। তল্লক্ষণং। অসূয়ের্ষ্যামদযুজা যোঽবধীরণমুদ্রয়া। প্রিয়স্যাকৌশলোদগারঃ স প্রজল্প ইতীর্য্যতে। যথা মধুপেত্যাদি গোপিকা এব বদন্তি। তথার্দ্রজল্পিতমিত্যাদি জল্পোঽপি তল্লক্ষণং। ভঙ্গ্যান্যসুখদং প্রোক্তং জৈম্ভোক্তিরাজল্পঃ। যথা বয়মৃতমিবেত্যাদি। এতা এব নাহমিতি স্ববৈচক্ষণ্য-

তেছেন ॥ ২৭ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

শুন সার। কহেন গোল্লুণ্ঠ বাণী, কৃষ্ণ প্রতি সুনয়নী, যাতে অতি মাধুর্য্যপ্রচার ॥

অধীর আলোক মধু, বাণী তেন স্নিগ্ধ সীধু, ধৈর্য্য গতি গম্ভীর বিলাস। আলিঙ্গন নহে মন্দ, স্মিত তেন সদানন্দ, গোপী কহে নারী-দুঃখ-ফাঁস ॥

দিব্যোন্মাদ লক্ষণ, করায় কৃষ্ণস্ফুরণ, উজ্জ্বলে আছয়ে ব্যক্ত তাহা। পূর্ব্বোক্ত প্রেম যেই, পরাবস্থা ভাব সেই, দুই রূপে সদা স্থিতি ইহা ॥

রূঢ় অধিরূঢ় নাম, ব্যক্ত হয় আখ্যান, অধিরূঢ় দুই মত হয়। মোহন মাদন নাম, বিচ্ছেদ দশার স্থান, মাদন মোহন উপজয় ॥

এই যে মোহন নাম, কোন গতি অনুষ্ঠান, ভ্রম আভা

ব্যক্ত্যাগতঞ্চেতিচ পরিজল্পঃ। তল্লক্ষণং। তন্নির্দ্দয়তা শাঠ্যাদ্যুক্ত্যা স্ববিচক্ষণতা-ছ্যুক্তিঃ পরিজল্পঃ। যথা সুমনস ইবেত্যাদি। অধীরমিতি সংজল্পঃ। লক্ষণং। সোল্লুণ্ঠরাক্ষেপমুদ্রয়া তদকৃতজ্ঞতোদ্গারঃ সংজল্পঃ। যথা। স্বকৃত ইহ বিসৃষ্টেত্যাদি। অমন্দমালিঙ্গিতমিত্যবজল্পঃ। লক্ষণং। সভয়েৰ্ষা তৎকাঠিন্য-কামিতোদ্গারোঽবজল্পঃ। যথা স্ত্রিয়মকৃতবিরূপামিত্যাদি। আকুলোন্মদ-স্মিতমিত্যুজ্জল্পঃ। তল্লক্ষণং। সগর্ব্বের্ষয়া তৎকুহকতাখ্যানেন তদাক্ষেপ-উজ্জল্পঃ। যথা কপটরুচিরহাসেত্যাদি। স্বান্তর্দশায়াং। শ্রীরাধাত্যাগজরোষা-ত্তথোক্তিঃ। বাহ্যে গোপিকা এব মধুরত্বেন বর্ণয়িতুং জানন্তি॥ ২৭॥

অথ ক্ষণান্তং তত্রাপশ্যন্তী অবধীরণয়াগতমিব মত্বা জাতপশ্চাত্তাপা সোৎ-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

বৈচিত্রিপ্রকাশে। দিব্যোন্মাদ কহি তারে, উদঘূর্ণাদি যাতে ধরে, চিত্রজল্প আদি ভেদ ভাষে॥

চিত্রজল্প দশ অঙ্গ, ভ্রমরগীতা প্রসঙ্গ, ব্যক্ত আছে প্রতি স্থানে স্থানে। দশমে প্রকট তাহা, উদ্ধব দেখিয়া যাহা, কহিলেন ব্রজদেবীগণে॥

গোবিন্দের প্রিয় দেখি, ভূরিভাব অঙ্গে মাখি, যেই জল্প সেই চিত্রজল্প। অসূয়েৰ্ষা মদ গর্ব্ব, কুহকতা কহে সর্ব্ব, সোল্লুণ্ঠন কহেন অনল্প॥

এই দিব্যোন্মাদে রাই, ক্ষণেকে দেখয়ে তাই, কৃষ্ণ যেন অবজ্ঞা বচনে। অন্যত্র চলিয়া গেলা, এই মনে উপজিলা, তাপোৎকণ্ঠা হৃদি প্রকাশনে॥

চতুঃশ্লোকে কহে কথা, সদৈন্য গাম্ভীর্য্য-মতা, সচাপল্য উৎকণ্ঠা সহিতে। সেই ভাবে লীলাশুক, শ্লোক পড়ে অদ-ভুত, ভক্তসুখ যাহাকে শুনিতে॥ ২৭॥

* অস্তোকস্মিতভরমায়তায়তাক্ষং

কষ্ঠং চতুঃশ্লোকীমাহ সৈব সুজল্পঃ। তল্লক্ষণং। তত্রার্জ্জবাৎ সগাম্ভীর্য্যং সদৈন্যং সহচাপলং। সোৎকণ্ঠঞ্চ হরিঃ পৃষ্টঃ স সুজল্প ইতি স্মৃতঃ। যথা অপি বতেত্যাদি। তত্র যথা চতুর্ষু পাদেষু গাম্ভীর্য্যাদ্যাশ্চত্বারো ভাবা ব্যক্তা স্তথাত্র চতুর্ষু শ্লোকেষু। তত্র প্রথমং তদ্দর্শনোৎকণ্ঠয়া অপি বতেতি প্রথমপাদবৎ সগাম্ভীর্য্যং তৎপ্রলপনমনুবদন্নাহ। তে তব মহঃ কান্তিপূরমপ্যহং দৃশ্যাসং। যথা তত্র মথুরাস্থিত্যা কদাচিদাগমনমপি সম্ভবেত্তথাত্রাপি তৎকান্তিদর্শনে জাতে তদ্দর্শন-

অতঃপর ক্ষণকালে শ্রীকৃষ্ণকে দেখিতে না পাইয়া অবজ্ঞাপূর্ব্বক যেন আসিয়াছেন, এই জানিয়া অনুতপ্তা হইয়া শ্রীরাধা কহিতে লাগিলেন, এই বাক্য গ্রন্থকর্ত্তা বর্ণন করিতেছেন ॥

হে নাথ! তোমার অনল্পহাস্যভরে আয়ত অক্ষিযুগল

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রাণনাথ শুন মোর এই নিবেদন। কুঞ্জেতে প্রেরণ রূপ, যে কটাক্ষ অপরূপ, পুনঃ আসি দেহ দরশন ॥ ধ্রু ॥

রাসমণ্ডলীর মাঝে, শঙ্কেত বংশীর নাদে, সঙ্গে যেই কটাক্ষে প্রেরণ। অতি সুমাধুরী তার, আহ্লাদয়ে নেত্র আর, চিত্তে হয় আনন্দ পরম ॥

যদি বল অন্য নারী, জানিবেন এ চাতুরী, তারা মোরে করিবেন রোষ। নিজগণ সখী সঙ্গে, রহ অন্য পর সঙ্গে, কটাক্ষ প্রার্থনা অতিদোষ ॥

তবে শুন কহি আমি, মন দিয়া শুন তুমি, তুমি যদি

* অত্র প্রহর্ষিণী বৃত্তং। তদুক্তং ছন্দোমঞ্জর্য্যাং। ত্র্যাশাভির্মনজরগাঃ প্রহর্ষিণীয়ং ॥

নিঃশেষস্তনমৃদিতং ব্রজাঙ্গনাভিঃ।
নিঃসীমস্তবকিতনীলকান্তিধারং
দৃশ্যাসং ত্রিভুবনসুন্দরং মহস্তে॥ ২৮॥

মপি সম্ভবেদিতি গাম্ভীর্য্যং। কীদৃশং নিঃসীম সৌন্দর্য্যাদিনাবধিশূন্যং মাং ত্যক্ত্বান্যত্র গমনাগ্নির্মর্য্যাদমপি। অতোঽন্যাসঙ্গলগ্নচন্দনকুঙ্কুম যাবকাদিনা স্তবকিতা নীলকান্তিধারৈব লতা যস্মিন্। অন্যা সঙ্গগোপনেন মৎপ্রতারণয়া স্তোকোঽল্পঃ স্মিতভরো যস্মিন্ তথা তেনৈব হেতুনা আয়তায়তে অত্যায়তে অক্ষিণী যত্র। নম্বন্যাঙ্গনাসম্ভুক্তং মামবধীর্য্য পুনঃ কিমিতি দিদৃক্ষসে ইতি মনস্যাউক্ত্যা সদৈন্যমাহ নিঃশেষৈঃ স্তনৈঃ সর্ব্বাভিব্রর্জাঙ্গনাভিরপি কিমুক্তৈকয়া মৃদিতং তদপি মম সুখদমিত্যর্থঃ। সর্ব্বত্র হেতুঃ ত্রিবিতি ত্রিভুবনমেব সুন্দরং যস্মাৎ। স্বান্তর্দ্দশায়াং প্রেয়সীপ্রেরণায় স্মিতায়তাক্ষাদিবিশিষ্টং তদিত্যর্থঃ। বাহ্যার্থঃ স্পষ্ট এব॥ ২৮॥

ব্রজাঙ্গনাদিগের অশেষরূপে স্তনমর্দ্দনকারি, অসীম রূপে প্রকাশিত লীলার আধার স্বরূপ ও ত্রিভুবন সুন্দর তেজঃ

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রসন্ন হইয়া। সেইরূপ বেশ ধর, সে রূপ কটাক্ষ কর, এই মোর নিকটে আসিয়া॥

অপর গোপিকা অন্য, সহস্র যে আছে ধন্য, কিবা কার্য্য তাতে আছে মোর। কি করিবে রোষ করি, তোমা না দেখিলে মরি, তুমি মাত্র চাহ নেত্র ওর॥

তুমি অপ্রসন্ন যবে, দর্শন না দিবা তবে, অন্য গোপী নিজ সখীগণ। তাহাতে বা কিবা কাজ, দুঃখদায়ী সব সাজ, অতএব দেহ দরশন॥

এতেক কহিতে রাই, চিত্তে মহোৎকণ্ঠা পাই, গোবিন্দের দর্শন লাগিয়া। সগাম্ভীর্য্য প্রলাপন, পঢ়ে শ্লোক

ময়ি প্রসাদং মধুরৈঃ কটাক্ষৈ
র্বংশীনিনাদানুচরৈর্বিধেহি।

অথ পূর্ব্বকৃতকুঞ্জপ্রেরণস্মৃত্যা জাতাভিলাপসম্বাৎ ক্রমমপ্যাল্লজ্য ভুজ-মগুরুসুগন্ধমিতিবৎ সোৎকণ্ঠং প্রলপন্ত্যা বচোৎনুবদন্নাহ হে প্রাণনাথ কুঞ্জ-প্রেরণরূপৈঃ কটাক্ষৈঃ ময়ি প্রসাদং বিধেহি। আগত্য তথা তৈঃ পুনঃ প্রেরয়েত্যর্থঃ। কীদৃশৈঃ। শঙ্কেতরূপং বংশীনিনাদমনুচরন্তীতি তথা তৈঃ। তথা মধুরৈরাহ্লাদকৈঃ। ননু। পুনঃ সর্ব্বাসাং মধ্যে তথা কৃতে তস্যা অমুনি নঃ ভোক্ষমিত্যাদিবৎ। কামিন্যাঃ কামিনেত্যাদিবচ্চ তাস্বাং মাঞ্চ প্রতিক্রুধ্যোযুস্তৎ-সখীভিরেবাত্মানং সুখয়ালম্বনয়া প্রার্থয়েত্যাশঙ্ক্য সগর্ব্বসদৈন্যমাহ। ত্বয়ীতি।

আমি কবে সন্দর্শন করিব॥ ২৮॥

অতঃপরঃ পূর্ব্বের কুঞ্জপ্রেরণ স্মরণ করত, অত্যন্তাভি-লাষে ক্রমোল্লঙ্ঘনপূর্ব্বক উৎকণ্ঠায় শ্রীরাধা প্রলাপ করিতে লাগিলেন, গ্রন্থকর্ত্তা এই বিষয় বর্ণন করিতেছেন।

হে নাথ! আপনি বংশীনিনাদের অনুগামী মধুর কটাক্ষ

যদুনন্দনঠাকুরের পদ্য।

মনোরম, লীলাশুক তাতে মগ্ন হৈয়া॥ ২৭॥

প্রাণনাথে এই তোমার সৌন্দর্য্যবৈভবে। দর্শন করিব আমি, মধুপুরী হৈতে তুমি, কভু যদি আপনে আসিবে॥ধ্রু॥

মোরে ছাড়ি অন্য নারী, ভোগে যাহ অন্য বাড়ী, এই কার্য্য অমর্য্যাদা অতি। অন্যা অঙ্গ সঙ্গ লগ্ন, চন্দন কুঙ্কুম মগ্ন, নীলকান্তি বাধা যাতে অতি॥

করিতে মোরে প্রতারণ, অন্য সঙ্গ সঙ্গোপন, তাতে অল্প নহে যেই স্মিত। তাতে যে বদন শোভা, কামিনীর মনো-লোভা, দর্শন করিব সেই রীত॥

ত্বয়ি প্রসন্নে কিমিহাপরৈর্ন-

ত্বয়ি প্রসন্নে তথা ত্বতে নিকটাগতে বা ইহ দেশে কালে বা অপরৈরন্যৈ-র্গোপীসহস্রৈরপি কিমস্মাকং ন কিমপীত্যর্থঃ। তথা ত্বয্যপ্রসন্নে ইহ এতদ্দশায়াং দর্শনমপ্যদত্তবতি। অপরৈ নির্জ্জনৈরপি সখীকুলৈঃ কান্তাপি অতিদুঃখদা ইত্যর্থঃ। তদুক্তং জয়দেবৈঃ। রিপুরিব সখীসম্বাসোঽয়মিতি প্রিয়সখীগালাপি জালায়ত ইতি চ। স্বান্তর্দশায়াং আগত্য পুনস্তং প্রেরণমেব মে প্রসাদঃ। নম্বস্মা ত্বয্যেতৎ প্রার্থনয়া ক্রুধ্যোয়ু তত্রাহ ত্বয়ি প্রসন্নে অন্যৈঃ কিং ত্বয়ি অপ্রসন্নে এতন্নিকটমপ্যনাগতে নিজৈরপি প্রিয়সখীপ্রভৃতিভিঃ কিং। তেঽপি দুঃখদা এব সমস্নেহসখীনাং স্বভাবোঽয়ং যৎ কৃষ্ণরহিতসখীদর্শনে দুঃখং স্যাৎ। যথো-জ্জলনীলমণৌ। বিনা কৃষ্ণং রাধা ব্যথয়তি সমন্তান্মম মনো বিনা রাধাং কৃষ্ণোঽপ্যহহ সখি মাং বিক্লবয়তি। জনিঃ সা মে মা ভূৎ ক্ষণমপি ন যত্র ক্ষণ-

দ্বারা প্রসাদ (অনুগ্রহ) করুন, আপনি যদি প্রসন্ন হয়েন,

যদুনন্দনঠাকুরের পদ্য।

সেই প্রতারণা হৈতে, চাপল্য যে নেত্ররীতে, অতিদীর্ঘ শোভা মনোরম। সে শোভা দেখিব আমি, যখন আসিবে তুমি, জুড়াইব এ দুই নয়ন॥

তবে যদি বল তুমি, অন্য নারী ভুক্ত আমি, গেলো যবে নিকটে তোমার। অবজ্ঞা করিলা মোরে, এবে কেন দেখি-বারে, চাহ তুমি সেইরূপ আর॥

মনে উট্টঙ্কিতে ইহা, দৈন্য বাড়ি গেল হিয়া, অতিদৈন্যে কহেন বচন। সর্ব্ব ব্রজাঙ্গনাগণ, স্তনে অঙ্গ সুমার্জ্জন, একা হৈতে না হয় মার্জ্জন॥

ত্রিভুবন বিমোহন, অঙ্গ অতি মনোরম, ত্রিভুবন মোহে স্মের মুখে। ত্রিভুবনের সৌন্দর্য্য, নেত্রস্থচাপল্য বর্য্য, দর্শন করিব আমি সুখে॥

স্ত্বয্যপ্রসন্নে কিমিহাপরৈর্নঃ ॥ ২৯ ॥
নিবদ্ধমূর্দ্ধাঞ্জলিরেষ যাচে
নিরন্ধ্রদৈন্যোন্নতিমুক্তকণ্ঠং ।

দ্বয়োঃ যুগে নাঙ্কোলিহাঃ যুগপদনয়োর্বক্ত্রশশিনাবিতি। বাহেতু স্পষ্ট-এবার্থঃ ॥ ২৯ ॥

অথ প্রগাঢ়লালসয়াতিদৈন্যোদয়াৎ স্মরতি স পিতৃগেহানিত্যাদিবৎ দাস্যাস্তে কৃপণায়া মে ইত্যাদিবচ্চ সদৈন্যং প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। হে দেব বহ্বীভিঃ ক্রীড়ারসিক এযোঽহং নিবদ্ধো মূর্দ্ধাঞ্জলির্যেন। তাদৃশস্তব দাসী-

---

তাহা হইলে আর অন্যান্য কার্য্যে প্রয়োজন কি? ॥ ২৯ ॥

অতঃপর প্রগাঢ় লালসায় অতীব দীনভাবে প্রলাপ কারিণী শ্রীরাধার বাক্য গ্রন্থকর্ত্তা বর্ণন করিতেছেন ॥

হে দেব! আমি মস্তকে অঞ্জলিবন্ধন করিয়া নিরতি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

এইকালে পূর্ব্বকৃত, কুঞ্জলীলা সুখ যত, তাতে লোভ বাড়ি গেল মন। অতিশয় দৈন্য করি, কহেন প্রলাপ ভারি, এক শ্লোক করিয়া পঠন ॥ ২৯ ॥

ওহে গোপীক্রীড়ারসরাজে, অঞ্জলি বান্ধিয়া মাথে, নিবন্ধ দৈন্যের রীতে, তোর দাসী ভিক্ষা তোরে যাচে ॥ ধ্রু ॥

মুক্তকণ্ঠ হৈয়া বলি, শুন মোর পদ্যাবলী, ওহে প্রাণনাথ দয়ানিধি। কটাক্ষ অর্পিতে মোরে, রসে বিঘ্ন যদি করে, রহু তবে সে কটাক্ষ বিধি ॥

কটাক্ষের যে দাক্ষিণ্য, ঔদার্য্যের প্রাবীণ্য, তার লেশ অতি অল্পকণা। তাহা দিয়া সিঞ্চ মোরে, দুঃখাগ্নি নির্ব্বাণ ক'রে, শুন বন্ধু অকিঞ্চন জনা ॥

দয়ানিধে দেব ভবৎকটাক্ষং
দাক্ষিণ্যলেশেন সকৃন্নিষিঞ্চ ॥ ৩০ ॥

জনঃ নীরন্ধ্রং নিশ্ছিদ্রং যদৈন্তং তস্য যা উন্নতিঃ তয়া মুক্তকণ্ঠং যথাস্যাত্তথা যাচে। কিং তদ্যাচযে। যদি তে রাসক্রীড়াবিষয়ঃ স্যাত্তর্হি তাদৃশকটাক্ষপ্রেরণাদিকং দূরেঽস্তু ভবৎকটাক্ষস্য যদ্দাক্ষিণ্যমৌদার্য্যং তস্য লেশেনাপি সকৃদপি নিষিঞ্চ তল্লেশেনাপি দুঃখাগ্নিনির্বাপকো নিতরাং সেকঃ স্যাদিত্যর্থঃ। আগত্য সর্ব্বাভিঃ সহ বামং কুর্ব্বিতি ভাবঃ। যদ্যপ্যয়ং জনোঽপরাধী তথাপি তবৈব তদযোগ্যমিত্যাহ হে দয়ানিধে ইতি। বাহ্যদশায়াং। ইমাং মৎসখীং নিষিঞ্চ অন্তৎ সমং। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৩০ ॥

শয় দৈন্যসহকারে মুক্তকণ্ঠে প্রার্থনা করিতেছি যে,হে দয়ানিধে! হে দেব! কিঞ্চিন্মাত্র দাক্ষিণ্যলেশে আপনার কৃপাকটাক্ষ নিক্ষেপ করুন ॥ ৩০ ॥

তুমি সুধীরা মানিনীগণের অগ্রগণ্যা তোমার আর আমাকে অবজ্ঞা করায় কি হইবে? এইরূপ শ্রীকৃষ্ণবাক্যে, উত্তরকারিণী শ্রীরাধার বাক্য গ্রন্থকর্ত্তা বর্ণন করিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

পুনঃ আইস রাস মাঝে, নটবরবেশ সাজে, ক্রীড়া কর গোপাঙ্গনা সনে। যদি অপরাধী আমি, তবু দয়ানিধি তুমি, সেইরূপে দেহ দরশনে ॥

তবে যদি বল তুমি, মানিনীর শিরোমণি, এখনি অবজ্ঞা কৈলে মোরে। এবে কেন দৈন্য কর,লজ্জা কিবা নাহি ধর, অন্যাঙ্গনা উপহাস করে ॥

এই কৃষ্ণের নর্ম্মভঙ্গী, চিত্তে উট্টঙ্কিয়া ব্যঙ্গী, নেত্রের চাপল্য সঙ্কাবিয়া। কহিতে লাগিলা রাই, প্রলপিয়া সেই ঠাঁই, অদভুত শ্লোক উচ্চারিয়া ॥ ২৯ ॥

• পিঞ্ছাবতংসরচনোচিতকেশপাশে
পীনস্তনী-নয়নপঙ্কজ-পূজনীয়ে।

নহু ধীরাণাং মানিনীনাং মূর্দ্ধন্যাসি ইদানীং মামবধার্য্য কিমিতি দৈন্যং কুরুষে অন্যাস্থামুপহসিষ্যন্তীতি তন্মর্ম্মনসুত্বোক্ত্যা কচিদপি স কথাং ন ইতিবৎ। স্বচাপলং নেত্রে সংক্রময্য সচাপলং প্রলপন্ত্যা বচোঽমুবদন্নাহ। নোঽস্মাকং সর্ব্বাসামেব নয়নং তব শৈশবে কৈশোরে তৎসম্বন্ধিবেশলীলাদৌ চাপল্যমেতি চর্ম্মণি দ্বীপিনং হন্তীতিবৎ। তদ্দ্রষ্টুমিত্যর্থঃ। অস্মাভিঃ কিং কর্ত্তব্যমিতি ভাবঃ। অথবা বরাকাণাং নেত্রাণাং কো বা দোষঃ। যৎ এতাদৃশমেতৎ। কীদৃশোঽপি পিঞ্ছাবতংসেন তন্মুকুটেন যা রচনা তস্যামুচিতঃ কেশপাশো যস্মিন্ তথা চন্দ্রার-

হে নাথ! আপনার শৈশবকালে পিঞ্ছ, কর্ণভূষণ, বসন, তৎশোভিত কেশশালিনী পীনস্তনী গোপাঙ্গনাগণের

যদুনন্দনঠাকুরের পদ্য।

শুন ওহে ব্রজরাজ সুত, তোমার কৈশোরবেশ লীলায়ে মোহয়ে দেশ, মোর নেত্র চাপল্যের দূত ॥ ধ্রু ॥

চঞ্চল আমার দিঠি, পাইয়া কৈশোর মিঠি, সদাই দেখিতে করে আশ। তথাপি কি দোষ তার, যাহাতে কৈশোর সার, জাতি কুল শীল ধর্ম্ম নাশ ॥

ভৃঙ্গকান্তি পুঞ্জ জিনি, কেশপাশ সুমোহিনী, তাতে অবতংস শিখিপাখা। পিঞ্ছের মুকুটশোভা, কামিনীনয়ন লোভা, উড়িবারে চাহে হৈয়া পাখা ॥

মদন-মাধুর্য্য তায়, চন্দ্রপদ্ম জিনি যায়, হেন দর্প তাহার সুষমা। এই লাগি পীনস্তনী, নয়নপঙ্কজগণি, পূজনীয় যোগ্য মনোরমা ॥

এই লাগি কহি আমি, মোরে দেখা দেহ তুমি, ওহে

চন্দ্রারবিন্দবিজয়োদ্যতবক্তৃবিম্বে
চাপল্যমেতি নয়নং তব শৈশবেন ॥ ৩১ ॥

বিন্দয়োর্বিজয়েনোদ্যতমুন্দৃপ্তং বক্তৃবিম্বং যস্মিন্ অতঃ পীনস্তনীনাং যুবতীনাং তাভির্ব্বা নয়নপঙ্কজৈঃ পূজনীয়ে তদ্যোগ্যে। অন্তোঽপি বিজয়ী বদ্ধমুকুটঃ সম্রাট্ নগরযুবতিভির্নেত্রাজৈঃ পুষ্পবৃষ্ট্যাচ পূজ্যো ভবতি অতো দর্শনং দেহীতি ভাবঃ। স্বান্তর্দশায়াং শৈশবে শ্রীরাধয়া সহ বিলাসোচ্ছলিতকৈশোরে। পীনস্তনী রাধা তন্নেত্রপঙ্কজাভ্যাং পূজার্হে। বাহ্যার্থঃ স্পষ্টএব ॥ ৩১ ॥

নয়নপদ্ম দ্বারা পূজনীয় এবং চন্দ্র ও অরবিন্দগণের বিজয়ার্থ উদ্যত মুখবিম্বে আমাদিগের নয়ন সাতিশয় চঞ্চল হইতেছে ॥ ৩১ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

শ্যামসুন্দর শেখর। এতেক কহিতে রাই, সমুদ্ঘূর্ণাদশা পাই, ভ্রমে কৃষ্ণ দেখে নেত্রওর ॥

তার যে উদ্বেগ দশা, চারি শ্লোক পরকাশা, মনে মনে চিন্তে এই রাই,। কৃষ্ণ যেন আসি কহে, কেন বা চাপল্য ওহে, হেন আর কভু দেখি নাই ॥

তুমি সাধ্বী সুপ্রবরা, ধৈর্য্য হয় সুগম্ভীরা, শুন এই আমার বচন। দেখ তোমার সখীগণ, প্রবোধয়ে ক্ষণে ক্ষণ তবে কেন ব্যস্ত কর মন ॥

কৃষ্ণের এ নর্ম্ম বাণী, শুনি ধনি শিরোমণি, নিজ মনে নর্ম্ম উট্টঙ্কিয়া। কহিতে লাগিলা রাই, চিত্তেতে উদ্বেগ পাই, অতিশয় প্রলাপ করিয়া ॥ ৩১ ॥

• ত্বচ্ছৈশবং ত্রিভুবনাদ্ভুতমিত্যবেহি

অথ উদ্ঘূর্ণাদশা যাবৎ শ্রীকৃষ্ণদর্শনং। তত্রৈবোদ্বেগদশা চতুর্ভিঃ। তত্র প্রথমং। নন্থ ভবতু নাম নেত্রচাপল্যং কার্পণ্যৈতাদৃক্ বিকলান্ দৃশ্যতে। ত্বং সাধ্বীপ্রবরাসি তদ্গম্ভীরাভাব সখ্যোঽপ্যেবং ত্বাং বোধয়ন্তীতি তস্যা নর্ম্মোপালম্ভং মনস্যুটঙ্কস্য তং প্রতি সোদ্বেগং প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। •ত্বচ্ছৈশবং তব কৈশোরং মাধুর্য্যাদিভির্মাদকত্বাকর্ষকত্বাদিভিশ্চ ত্রিভুবনে

অতঃপর শ্রীরাধা উদ্ঘূর্ণা দশায় শ্রীকৃষ্ণের শৈশবাদি বর্ণন করিলে গ্রন্থকর্ত্তা চতুঃশ্লোকে তাহাই উল্লেখ করিতেছেন।

হে নাথ! তোমার শৈশব (কৈশোর) মাধুর্য্যাদি অর্থাৎ মাদকত্ব ও আকর্ষকত্বাদি দ্বারা ত্রিভুবনে অদ্ভুত রূপে

• যত্নন্দনঠাকুরের পদ্য।

নাগরেন্দ্র শুন মোর সত্য এই বাণী। তোমার কৈশোর সার, মাধুর্য্য মদেক তার, মোর চিত্ত সদা আকর্ষণী॥ ধ্রু॥

এ তিন ভুবনে যে, অদ্ভুত না জানে কে, সেই তুমি জান নিজ মনে। তোমাতে আমার মন, অদ্ভুত চাপল্যগণ, ইহা তুমি করহ স্মরণে॥

কিশোর মাধুর্য্য তোর, মনের চাপল্য মোর, এই দুই তুমি আমি জানি। অন্যের বেদনা মনে, অন্য তাহা নাহি জানে, সখীহ না জানে এই বাণী॥

যাতে ধৈর্য্য করিবারে, কহে মোরে নিরন্তরে, তেঞি না জানয়ে মনব্যথা। কহিতেই অতিশয়, বাঢ়িল উদ্বেগময়, সদৈন্য কহয়ে ধনী কথা॥

তোমা মুখাম্বুজ লাগি, মোর নেত্র অনুরাগী, দেখিবারে

মচ্চাপলঞ্চ মম বা তব বাধিগম্যং।
তৎ কিং করোমি বিরলং মুরলীবিলাসি

অদ্ভুতমবেহি জানীহি স্মরেত্যর্থঃ। মচ্চাপল্যঞ্চ ত্রিভুবনাদ্ভুতমবেহি। এতদ্দ্বয়ং তব বাধিগম্যং জ্ঞেয়ং মম বা। যদ্বা। মচ্চাপলঞ্চ ত্বদুৎপাদিতত্বাত্তব বা স্বীয়ত্বাৎ মম বাধিগম্যং। অন্যোবেদ নচান্য দুঃখমখিলমিত্যাদিন্যায়াৎ। সখ্যোঽপি সম্যগ্‌ জানন্তি যত এবং বদন্তীতি ভাবঃ। পুনঃ প্রোচ্ছলিতোদ্বেগা সদৈন্যমাহ। তদিতি তত্তস্মাত্ত্বন্মুখাম্বুজমীক্ষণাভ্যাং উচ্চৈরীক্ষিতুং কিং করোমি। যৎকৃতে তদ্দৃষ্টং স্যাৎ ত্বমেবোপদিশেত্যর্থঃ। নন্নু ন দৃষ্টং তত্তেন কিং তত্রাহ মুগ্ধং মনোহরং তদ্দর্শনাৎ তদ্বিফলত্বাপত্তেঃ অক্ষণ্বতামিত্যাদি। তথা দানকেলিকৌমুদ্যাং।

অবগত হউন, আমার চাপল্যও ত্রিভুবনের অদ্ভুত রূপে আমার এবং আপনার উভয়ের পরিজ্ঞেয়। কিন্তু লোচন-

যদুনন্দনঠাকুরের পদ্য।

করে বহু আশ। আমি কি করিব তাতে, দেখিতে পাইয়ে যাতে, তুমি তার বল উপদেশ॥

যদি বল না দেখিলা, তবে তাতে কিবা হৈলা, তবে তার শুন বিবরণ। না দেখি সে চাঁদমুখ, না মিটয়ে যার দুঃখ, বিফলতা হয় সে নয়ন॥

তোমার মধুরবাণী, শ্রুতি-মর্ম্ম-রসায়নী, না শুনিল সে কানে কি কাজ। মনোহর মুখচ্ছটা, চাঁদের লহরী ঘটা, না দেখিলে আঁখি মুণ্ডে বাজ॥

তবে যদি বল এবে, না দেখিলে কিবা হবে, বিলম্বে করিহ দরশন। তবে তার কথা শুন, না কহিয় হেন পুন, মোরা অতি কুলবধূজন॥

বিরল নহিলে তোমা, দরশনে নাহি ক্ষমা, ব্রজমাঝে

মুগ্ধং মুখাম্বুজমুদীক্ষিতুমীক্ষণাভ্যাং ॥ ৩২ ॥

ভবতু মাধবজল্পমশৃণ্বতোঃ শ্রবণয়োরলমশ্রবণির্ম্ম তমবিলোকয়তোর-বিলোকনিঃ সখি বিলোচনয়োস্তু কিলানয়োরিত্যাদেঃ। নমু নেদানীং দৃষ্টং তেন কিং স্থিত্বা দ্রক্ষ্যসি তত্রাহ। বিরলং কুলবধূনাং নস্তত্রাপি তস্য গোচারণাদিনা দুর্লভদর্শনং। অতোঽধুনা লব্ধে ঽবসরেঽপি যন্ন দর্শয়সি তত্তব নিষ্ঠুরতেত্যর্থঃ। কিম্বা নমু তৎসমং কিমপি পশ্য তত্রাহ। বিরলং সাম্যরহিতং। তত্র হেতুঃ। মুরলীবিলাসি। স্বান্তর্দশায়াং পূর্ব্ববং তৎসঙ্গোচ্ছলিতং কৈশোরং জ্ঞেয়ং। তদ্দৃষ্টং মচ্চাপলং। চান্যৎ সমং বাহ্যার্থঃ স্পষ্টঃ॥ ৩২ ॥

দ্বয় দ্বারা আপনার বিরল ও মুরলীনাদ ভূষিত সুন্দর মুখাম্বুজ দর্শন করিবার নিমিত্ত কি করিব ॥ ৩২ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

সুলভ না হয়। এইত বিরল স্থান, দরশন দেহ শ্যাম, নহে অতি নিষ্ঠুরতা হয় ॥

পুনঃ যদি বল আন, দেখ মুখ তুল্য ঠাম, মুখ তুল্য আর কিছু নাই। মুরলীর বিলাস যাতে, আর কেবা সাম্য তাতে, তুল্য দিতে না দেখিয়ে ঠাঁই ॥

এতেক কহিতে মনে, পূর্ব্ব যাহা কৃষ্ণ সনে, হইয়াছে চাতুর্য্য আলাপন। নিজ সখীগণ সনে, পুষ্প আদি আহ-রণে, দানঘাটিপথের বর্জ্জন ॥

সনর্ম্ম কলহ তাতে, স্ফূর্ত্তি হৈল নিজচিত্তে, সেই ভাব হইল মনেতে। বাঢ়িল উদ্বেগ অতি, হইল বিষাদ মতি, নানা ভাব উপজিল তাতে ॥

তাহাতে বিষাদ করি, কহে যাহা সুনাগরী, সেই ভাবে মগ্ন লীলাশুক। তেমতি বিষাদ করি, কহে এক শ্লোক পড়ি, শুনিতে শ্রবণে লাগে সুখ ॥ ৩২ ॥

পর্য্যাচিতামৃতরসানি পদার্থভঙ্গী-

অথ মনসি তস্য তত্তৎপ্রতিবচনোট্টঙ্কণাৎ। পুষ্পাদ্যাহরণে দানবর্ত্মাদৌ চ মুখেন স্বসখীভিশ্চ সহ কৃষ্ণস্য নর্ম্মকলহস্ফূর্ত্যা অত্যাবেগেন তৎস্মরণেহপ্যসমর্থায়া তব কথামৃতমিত্যাদিবৎ সবিষাদং প্রলপন্ত্যা বচোহনুবদন্নাহ। মদবল্লভভাবিনীভিঃ সহ তব জল্পিতানি মিথো বাকাবাকরূপাণি সূক্তাং

তৎপরে শ্রীরাধা মনোমধ্যে শ্রীকৃষ্ণের প্রত্যুত্তর সম্ভাবন করত পুষ্পাহরণাদিকার্য্যে সখীর সহিত শ্রীকৃষ্ণবিলাসাদি বর্ণন করিলে গ্রন্থকর্ত্তা তাহার উল্লেখপূর্ব্বক কহিতেছেন॥

হে নাথ! যাহার পদার্থভঙ্গী অর্থাৎ বচনকৌশল পরি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রাণনাথ তুয়া সঙ্গে পরিহাস বাণী। পদ অর্থ ভঙ্গীগণ, সুধা করি নির্ম্মঞ্ছন, সঙ্গে মদবল্লভভাবিনী॥ ধ্রু॥

দুঁহু দুহুঁ বাকাবাক্, অতি মনোহর ভাক্, ভাবাক্রান্ত মনে সদা স্ফুরে। তারা পুণ্যবতীগণ, উদ্বিগ্ন আমার মন, সে কথা স্মরণ ভেল দূরে॥

গর্ব্ব করি বলে তারা, পরের রমণী মোরা, পথরুদ্ধ কর কেন তুমি। প্রণয় সরোষ কহে, সহাস্য রোদন ময়ে, অসূয়া সভয় ক্রোধ বাণী॥

তুমি বল আজি আমি, জানিলাম নিতি তুমি, পুষ্প তুল পল্লব ভাঙ্গিয়া। চৌরী হেমগৌরী, আজি লাগ পাইল তোরি প্রবেশাব কুঞ্জগৃহে যাঞা॥

তারা কহে সদা মোরা, এই বনে পুষ্প তুলা, সুরদেব ভজন লাগিয়া। কাহার নিষেধ বাণী, কভু ইহা নাহি শুনি, কেনে বল প্রগল্ভ বলিয়া॥

মঙ্গূনি বল্গিতবিশালবিলোচনানি।

ভাবে ভাবাক্রান্তচিত্তে লুঠন্তি স্ফুরন্তি মম পুনরুদ্বিগ্নে চেতসি তদপি দুর্লভ-মিতি ভাবঃ। কুন্তাঃ প্রবিশন্তীতি ন্যায়াৎ। তথা প্রবিষ্টৈঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহমিত্যত্র ভাবসরোরুহং হৃদয়কমলমিতিবৎ মদেতি ভামিনীতি শ্চেত্যনেন বয়ং পরকীয়া রমণ্যঃ স্বচ্ছন্দং বনে বিহরামঃ কথময়মস্মান্নিরুন্ধীতি গর্ব্বোদ্ধৃক্ত প্রণয়রোষযুক্তায়া স্তাভিরিতি। তাসাং কিলকিঞ্চিত-ভাবোদ্গমঃ কথিতঃ। তল্লক্ষণং। গর্ব্বাভিলাষরুদিতস্মিতাসূয়াভয়ক্রুধাং। সঙ্করী-করণং হর্ষাদুচ্যতে কিলকিঞ্চিতমিতি। কীদৃশানি পাদানামর্থানাঞ্চ ভঙ্গীভি-র্বল্গিনি মনোজ্ঞানি। পাদানাং যথা বিলাসমঞ্জর্য্যাং। বিজ্ঞাতমদা প্রসূনানি মে

ব্যাপ্ত অমৃতরস দ্বারা মনোহর, যাহাতে বিশাল লোচন বক্রী-কৃত হইয়াছে ও বাল্যোচিত বাক্য হইতেও সমধিক তোমার

যদুনন্দনঠাকুরের পদ্য।

তুমি বল তারে বাণী, কৃষ্ণকুণ্ড লীন আমি, শুন চণ্ডী না ডরাহ মোরে। ফুৎকৃতি ক্রীড়ায়ে যার, মোহ হয় সবাকার, হিতকথা কহিলাম তোরে॥

সে কহেন কুলনারী, ধরিবারে গর্ব্ব ভারি, ভুজঙ্গে সক্ষম কি আছয়। দশনে দংশন তার, দূরে মাত্র গর্ব্ব ভার, অতি সুমঙ্গল প্রকাশয়॥

এই মত মনোহর, নর্ম্মবাণী রসধর, প্রফুল্ল বিশাল বিলোচনে। কৈশোর বয়স দুহু, চাপল্য স্বভাব মুহু, অন্যে অন্য জিনিবার মনে॥

ইত্যাদি বিলাসগণে, কৃতপুণ্যপুঞ্জ মনে, সদা স্ফূর্ত্তি হয় মনোহর। আমার উদ্বেগী মনে, সেহ নাহি বিস্ফুরণে, এই মোর অভাগ্য প্রবল॥

বাল্যাধিকানি মদবল্লভভাবিনীভি-
র্ভাবে লুঠন্তি সুকৃতাং তব জল্পিতানি ॥ ৩৩ ॥

তাং লুনীষে ত্বমেব প্রবালৈঃ সমেতাং। ধৃতা সৌময়া কাঞ্চনশ্রেণিগৌরি প্রবিষ্টাসি গেহং কথং পুষ্পচৌরিঃ। সদাত্র চিহ্নমঃ প্রসূনমজনে বয়ং হি নিরতাঃ সুরাভি-ভজনে। ন কোঽপি কুরুতে নিষেধবচনং কিমদ্য তনুষে প্রগল্ভবচনং। অর্থানাং যথা দানকেলিকৌমুদ্যাং। কৃষ্ণকুণ্ডলিনশ্চণ্ডী কৃতং ঘট্টনয়ানয়া। কুৎ-কৃতিক্রীড়য়া যস্য ভবিতাসি বিমোহিতা। ধর্ষণেন কুলস্ত্রীণাং ভুজঙ্গেশঃ ক্ষমঃ কথং। যদেতা দশনৈরেষ দশন্নাপ্নোতি শোভনমিতি।,অতঃ পরি সর্বতঃ আচি-তানি অমৃতানি রসা শৃঙ্গারাদয়শ্চ যৈঃ তথা বল্লিতানি তস্য তাসাঞ্চ বিশাল-বিলোচনানি যৈ র্যেষু বা। তথা বাল্যেন কৈশোরস্বভাবচাঞ্চল্যেনাধিকানি মিথো জিগীষয়ানবচ্ছিন্নানি স্বান্তর্দশায়াং কর্ণদ্বারা তাদৃশচিত্তে প্রবিশ্য তদা-নন্দয়ন্তীত্যর্থঃ। অন্যৎ সমং বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৩৩ ॥

জল্পিত (বাক্য) মদমত্ত ভামিনীগণের সহিত পুণ্যবান্-দিগের হৃদয়ে বিলুণ্ঠিত হইতেছে ॥ ৩৩ ॥

তৎপরে শ্রীকৃষ্ণের দর্শন পাইয়াই যেন সঞ্জাত মনঃ-পীড়ায় পীড়িত শ্রীরাধাকে সখীগণ আশ্বাস করিলে ঐ বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন।

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহিতে কহিতে রাই, গোবিন্দ দর্শন নাই, মনে হৈল উদ্বেগে পীড়িত। সন্তাস করিতে নারে, উদ্বেগ আসিয়া ধরে, তাতে ধনী হইলা মূর্চ্ছিত ॥

তাহা দেখি সখীগণ, কহে ধৈর্য্য কর মন, কৃষ্ণচন্দ্র আসিবে এখন। শুনিয়া তাহার বাণী, সখীগণে পুছে ধনী, লীলাশুক কহে সে বচন ॥ ৩৩ ॥

পুনঃ প্রসন্নেন্দুমুখেন তেজসা
পুরোঽবতীর্ণস্য কৃপামহাম্বুধেঃ।
তদেব লীলামুরলীরবামৃতং

অথ তদ্দর্শনোদ্ভূতমনঃপীড়োদ্বিগ্নায়া মূর্চ্ছন্ত্যাঃ আশ্বাসনপরাঃ সখীঃ প্রতি স লালসং পৃচ্ছন্ত্যা বচোঽনুবদন্নাহ। পুনঃ পুরোঽবতীর্ণস্য তস্য যেন মাং কুঞ্জে প্রেষিতবান্। তথা লীলাসূচকমুরলীরবামৃতং প্রসন্নেন্দুমুখেন তদ্রূপেণ তেজসা কান্তিপুরেণ সহ মম সমাধেঃ সম্যঙ্মনঃপীড়ায়া বিনাশায় কদা

হে নাথ! আমি যৎকালে সমাধি ধারণ করিয়া থাকিব, সেই সময় মহাকৃপাসমুদ্রস্বরূপ আপনি আমার অগ্রে দণ্ডায়মান হইয়া প্রসন্ন-মুখচন্দ্রে মুরলী-ধারণপূর্ব্বক বাদ্য করিতে

যদুনন্দনঠাকুরের পদ্য।

সখি হে কবে মোর হবে শুভ দিনে। মোর আগে কৃষ্ণ আসি, দরশন দিবে হাসি, পুনঃ কি দেখিব এই চিহ্নে॥

প্রসন্ন বদন চন্দ্র, বেণু গানামৃত মন্দ, যাতে মোরে কুঞ্জে পাঠাইলা। সেই কান্তিপুঞ্জ সঙ্গে, সে মুখ দেখিব রঙ্গে, কবে হবে সেই শুভ বেলা॥

উদ্বেগে আমার মন, পীড়া পায় অনুক্ষণ, তাহা নাশ কবে হবে মোর। পুনঃ তার দরশন, অতিশয় দুর্ঘটন, কৈছে হবে না পাইয়ে ওর॥

এত কহি বিমর্ষণ, ক্ষণ এক রহে মৌন, কহে পুনঃ বিচার বচন। অথবা হইতে পারে, মহাকৃপা সিন্ধুবরে, অঘটন হয় সুঘটন॥

শুনি সখীগণ কহে, শুন সুনাগরী ওহে, যদ্যপি কৃপালু

সমাধিবিঘ্নায় কদানু মে ভবেৎ ॥ ৩৪ ॥

বালেন মুগ্ধচপলেন বিলোকিতেন

ভবেৎ অহো দুর্ঘটমেতদিতি ক্ষণং বিচিন্ত্য অথবা সম্ভাব্যেত ইত্যাহ কৃপেতি। স্বান্তর্দশায়াং তদেব তৎপ্রেরণরূপং মুরলীরসামৃতমন্যৎসমং। বাহ্যসমাধে র্ধ্যানস্যৈবান্যৎ স্পষ্টং ॥ ৩৪ ॥

অয়ে সখি স চেৎ কৃপালুস্তদা স্বয়মায়াস্যতি কিমিতি চপলাসীতি বদন্তীঃ

থাকিলে, ঐ লীলাময় মুরলীর নাদামৃত কবে আমার সমাধির বিঘ্ন সম্পাদন করিবে ॥ ৩৪ ॥

শ্রীরাধার দুঃখ দেখিয়া কোন সখী বলিলেন, হে সখী কেন দুঃখিতা হইতেছ, তিনি যদি কৃপালু হয়েন, অবশ্যই স্বয়ং আসিবেন, সখীর এই কথায় শ্রীরাধা তিরস্কার করিতেছেন। গ্রন্থকর্ত্তা এই বাক্য অনুবাদ করত বর্ণন করিতেছেন ॥

হে নাথ! আপনার বাল্যোচিত অর্থাৎ কৈশোরের

যদুনন্দনঠাকুরের পদ্য।

হয় হরি। আপনি আসিবে হেথা, তুমি কেন পাও ব্যথা, অতিশয় চাপল্য আচরি ॥

রাই কহে শুন সখী, তুমি ত না জান দেখি, তারি অতি দোষ ইথে হয়। চাপল্য করায় তেঁহ, ইহা নাহি বুঝে কেহ, শুন তাহা কহি যে নিশ্চয় ॥

এতেক কহিয়া রাই, মনের স্বয়াস্ত নাই, কহিতে লাগিলা বিবরিয়া। লীলাশুক সেই ভাবে, কহে এক শ্লোক তবে, শুন সবে এক মন হৈয়া ॥ ৩৪ ॥

সখী হে দর্শনেও ভাগ্যহীন আমি। মোর আকর্ষণ

মন্মানসে কিমপি চাপলমুদ্বহন্তং।

সখীঃ প্রতি তদ্দোষমেব বদন্ত্যা বচোঽমুবদন্নাহ লীলা মৎপ্রেরণলীলা তদ্যুক্তং কিশোরং তং সাক্ষাত্তদ্ভাগ্যরাহিত্যাদীক্ষণেনাপ্যুপগ্রহীতুমুৎসুকাঃ স্ম ন কেবলমেকৈবাহং ভবত্যোপীতি বহুত্বং। কীদৃশেন লোচনেন তং দ্রষ্টুমতি-চঞ্চলেন লুব্ধেন চ। তত্র হেতুঃ। কীদৃশং। রোচনং রসায়নং তৎসম্পর্কং। নমু

উপযুক্ত মনোহর চাপল্যযুক্ত দৃষ্টিপাত ও চঞ্চললোচন সম্ব-

যদুনন্দনঠাকুরের পদ্য।

লীলা, যুক্ত যে কৈশোর কলা, আলিঙ্গনে কিবা স্পৃহ জানি ॥ ধ্রু ॥

একা মোরে আকর্ষয়, শুন সখী সেহ নয়, তুয়া সবাকেও আকর্ষয়ে। লোচনের রসায়ন, রূপ অতি মনোরম, দেখি-বারে আঁখি লোল হয়ে ॥

লোভের কারণ এই, আর শুন কহি যেই, নয়নের তৃপ্তি করে সদা। সখী কহে ভাল বল, দ্বিগুণ চাপল্য হৈল, অনু-ষ্ঠানে জানিল সর্ব্বথা ॥

ইহা শুনি রাই কহে, যাহাতে নির্দ্দেশ হয়ে, শুন সখী মোর দোষ নাই। আমার মনে সে আসি, বিলোকয়ে মন্দ হাসি, প্রেরয়ে নয়ন প্রান্তে চাই ॥

তাহে যে নেত্রের ভঙ্গী, দেখি চিত্ত হয় রঙ্গী, বর্ণন না হয় রূপ শোভা। চাপল্য জন্মায় তাতে, নির্ব্বাচ্য না হয় যাতে, অদর্শনে মনে দৃষ্টলোভা ॥

অতএব তারি দোষ, মোরে কেন কর রোষ, সখীগণ দেখ বিচারিয়া। অন্য নারীগণ ভয়ে, আমি জানি হেন হয়ে, অল্প দেখে মানসে পশিয়া ॥

লোলেন লোচনরসায়নমীক্ষণেন
লীলাকিশোরমুপগূহিতুমুৎসুকাঃ স্ম ॥ ৩৫ ॥
অধীরবিম্বাধরবিভ্রমেণ

সাধ্বনুষ্ঠিতং নো বচঃ দ্বিগুণীকৃতং চাপলমুদ্বহন্তমুৎপাদয়ন্তং। সাক্ষাদ্দর্শনমদত্ত্বা মনস্যাবির্ভূয় কুর্ব্বন্তমিতি তস্যৈবায়ং দোষ ইতি ভাবঃ। কীদৃশেন বালেন কোমলেন কিম্বা। অন্যাভ্যঃ সঙ্কোচেন দরবালোকনাৎ সূক্ষ্মেণ ময়ৈব জ্ঞেয়েনেত্যর্থঃ। তথা মুগ্ধঞ্চ তচ্চপলঞ্চ তেন। হৃদি স্ফুরিতেন মাং চঞ্চলয়ন্তং তং সাক্ষাৎ দ্রষ্টুমুৎসুকাঃ স্ম। অন্যৎসমং বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৩৫ ॥

অথ পূর্ব্বস্বপ্রেরণাস্মৃত্যোন্মাদদশারূঢ়ায়াঃ কথং ময়া তে মনশ্চপলং কৃতমিতি

লিত, তথা মদীয় অন্তঃকরণে অত্যন্ত চঞ্চল তোমার কিশোর মূর্ত্তিকে আলিঙ্গন করিতে কবে আমি উৎসুক চিত্ত হইব? ॥ ৩৫ ॥

অতঃপর পূর্ব্বের প্রেরণ স্মরণ করত উন্মত্ত ভাবাপন্ন শ্রীরাধার মন অতি চঞ্চল করিয়াছি, ইত্যাদি উত্তর বাক্যের অনুবাদপূর্ব্বক গ্রন্থকর্ত্তা বর্ণন করিতেছেন।

হা কষ্ট! হা কষ্ট! এই অগ্রবর্ত্তী চঞ্চল বিম্বাধরের

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহিতেই পূর্ব্বে যেন, কৃষ্ণ কৈল সুপ্রেরণ, স্মৃতি হৈতে উন্মাদ বাঢ়িল। গোবিন্দ কহেন যেন, আমি তুয়া মনে কেন, সুচাপল্যগণ বাঢ়াইল ॥

এইরূপে কৃষ্ণচন্দ্র, দর্শনাদর্শন মন্দ, বৈকল্য উদ্বেগ বাঢ়ি গেলা। গোবিন্দের উপলম্ভে, কথা কহে মহারম্ভে, পুনঃ এক শ্লোক পাঠ কৈলা ॥ ৩৫ ॥

হা হা ধূর্ত্ত এই তোমার কেমন চরিত। নিরক্ষর শঙ্কেতে

•হর্ষার্দ্র বেণুস্বর-সম্পদা চ।
অনেন কেনাপি মনোহরেণ

বদতস্তস্য পুরোদর্শনাদর্শনোত্থবৈক্লব্যোদ্বিগ্নায়াস্তমুপালভমানায়াঃ প্রালপমনুবদন্নাহ। তল্লক্ষণং। অতস্মিংস্তদিতি ভ্রান্তিরুন্মাদ ইতি কথ্যতে ইতি। নিরক্ষরসঙ্কেতব্যথনেনাধীরো যো বিম্বাধরস্তস্য বিভ্রমেণ মনো হুনোষি-স্তুঃখয়সি হে ধূর্ত্ত ইতি শেষঃ। হা খেদে হন্ত বিষাদে তয়োরতিশয়ে বীপ্সা। নন্থ ভ্রান্তাসি তত্রাহ। অনেন দৃশ্যমানেন। নম্বেবং চেৎ তদা কুঞ্জং গচ্ছ তত্রাহ। কেনাপি প্রতীয়মানস্যাপ্যসত্যত্বাৎ নির্ব্বক্তুমশক্যেন। অতো মনোহরেণ মনোমাত্রং হরতি কার্য্যং ন সিদ্ধয়তি ইন্দ্রজালবদযন্তেন তথা

শোভা এবং আনন্দ সহিত আর্দ্রীভূত বেণুর নাদ সমূহ যুক্ত

যদুনন্দনঠাকুরের পদ্য।

যে, বিম্বাধর অধীর সে, তাহার বিভ্রম জানে চিত্ত ॥ ধ্রু ॥

দেখ সবিষাদ মেলা, উন্মাদ বাঢ়িয়া গেলা, পুনঃ পুনঃ কহে সেই বাণী। যদি বল ভ্রান্তা তুমি, মন দিয়া শুন বাণী, সাক্ষাতে দেখিবা মন মানি ॥

যদি এ লালস থাকে, তবে যাহ কুঞ্জ মাঝে, সেই খানে পাবে দরশন। কেবা তোমার এই বাণী, প্রতীত করয়ে জানি, সব তুয়া অসত্য বচন ॥

বলিবার শক্য নহে, হেন তুয়া বাণী হয়ে, এই লাগি মনোহর বলি। মন মাত্র হরি লও, কার্য্যসিদ্ধি না করাও ইন্দ্রজাল প্রায় এ সকলি ॥

শঙ্কেতে বেণুর ধ্বনি, তার যে সম্পদ গণি, হর্ষে মাত্র আর্দ্র করে চিত্ত। সকল কুহক হেন, সদা লাগে মোর মন, নারীবধ রঙ্গলাগে ভীত ॥

হা হন্ত হা হন্ত মনো দুনোষি ॥ ৩৬ ॥
যাবন্ন মে নিখিলমর্ম্মদৃঢ়াভিঘাতং,
নিষ্যন্দিবন্ধনমুপৈতি ন কোঽপি তাপঃ।

তাদৃশ্যা হর্ষার্দ্রয়তীতি হর্ষাৎ তাদৃশো যঃ সঙ্কেতবেণুস্বরস্তৎসম্পদা চ। তথা করোষি। অতঃ স্ত্রীবধরঙ্গিনস্তব তন্ন কাভীতিরিতি ভাবঃ। স্বান্তদর্শায়াসম্ভবেঽপি মিথ্যা ত্বন্মনো দুনোষিমাত্রং অন্যৎ সমং। বাহ্যস্ফূর্ত্ত্যা তথোক্তিরর্থ স্পষ্টএব ॥ ৩৬ ॥

অথ তদ্বিচ্ছেদার্কতাপাবলীঢ়ায়া মোহং গচ্ছন্ত্যাঃ প্রগাঢ়মোহোৎপত্তেঃ পূর্ব্বমেব প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। তল্লক্ষণং। মোহো বিচিত্তা প্রোক্ত ইতি। হে বিভো সর্ব্বতাপহরণসমর্থ যাবৎ কোঽপ্যনির্ব্বচনীয়স্তাপঃ। আয়ুর্ঘৃতমিতিবৎ

কোন এক মনোহর মূর্ত্তি আমার মনকে সমধিক সন্তপ্ত করিতেছে ॥ ৩৬ ॥

অতঃপর শ্রীকৃষ্ণের বিচ্ছেদরবির প্রচণ্ড তাপে উত্তপ্তা এবং মূর্চ্ছিতা শ্রীরাধা প্রগাঢ় মূর্চ্ছার পূর্ব্বেই যে প্রলাপ করিয়াছেন ও সেই গ্রন্থকর্ত্তা তাহাবর্ণন করিতেছেন।

হে নাথ! যতক্ষণ কোন (সাংসারিক) সন্তাপ হৃদ-

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহিতে কহিতে রাই, চিত্তের সোয়াস্থ নাই, বিচ্ছেদার্ক তাপ বাড়ি গেল। সে তাপে ডুবিল মন, মোহ হৈল উপশম, পূর্ব্ব প্রায় প্রলাপি বলিল ॥ ৩৬ ॥

সর্ব্বতাপ নাশিবার তুমি প্রভু রূপ! মোর বোল শুন মোর করুণার ভূপ ॥ অনির্ব্বাচ্য কোন তাপ হইয়া উদয়। যাবৎ সে চিত্ত দুঃখে ঘাত নাহি দেয় ॥ সে প্রগাঢ় অতি বাঢ় নিঃসন্ধি বন্ধন। যাবৎ না উপজয় তাবৎ এইক্ষণ ॥

তাবদ্বিভো ভবতু তাবকবক্ত্রচন্দ্র-
চন্দ্রাতপদ্বিগুণিতা মম চিত্তধারা ॥ ৩৭ ॥
রন্ধ্রাদুপৈতি তিমিরীকৃতসর্ব্বভাবাঃ।

মোহহেতুস্থাত্তাপ এব মোহঃ। মম নিখিলমর্ম্মাণাং চিত্তেন্দ্রিয়াণাং দৃঢ়াভিঘাতং যথাস্যাত্তথা নিঃসন্ধিবন্ধনং অতিগাঢ়তামিত্যর্থঃ। ন উপৈতি তাবৎ মম চিত্ত-ধারা তাবকবক্ত্রচন্দ্রচন্দ্রাতপোবিতানং তেন দ্বিগুণিতাচ্ছাদিতা ভবতু। মুখচন্দ্রং দর্শয়িত্বা তাপং বারয়েত্যর্থঃ। চিত্তস্য বৃত্তির্ব্বাহুল্যাদ্ধারাত্বং। অনেন ব্যাধিরপ্যুক্তঃ। স্বান্তর্দশায়াং তৎপ্রেরণভাব মধুরবক্ত্রচন্দ্র ইত্যর্থঃ। অন্যৎ সমং। বাহ্যে পথি ভূয়োঃপ্রাহপতিত অর্থঃ স্পষ্ট এব ॥ ৩৭ ॥

অথ মোহিনাবৃতচিত্তেন্দ্রিয়ায়া উপস্থিতাং মৃতিমাশঙ্ক্য সদৈন্যং তমু-

য়ের নিখিল মর্ম্ম স্থানকে সুদৃঢ় রূপে ভেদ করিয়া উপস্থিত না হয়, আমার চিত্তধারা ততক্ষণ পর্য্যন্ত তোমার মুখচন্দ্ররূপ চন্দ্রাতপে দ্বিগুণিত হইয়া অবস্থিত হউক অর্থাৎ কোন বস্তু যদি সন্তপ্ত হইবার পূর্ব্বেই চন্দ্রকে আশ্রয় করে, তাহা হইলে আর তাহাকে তাপ আসিয়া অভিভূত করিতে পারে না ॥ ৩৭ ॥

শ্রীরাধা মোহ বশতঃ আবৃতেন্দ্রিয় বৃত্তি হইয়া মৃত্যু যেন উপস্থিত, এই আশঙ্কা করত দীনভাবে শ্রীকৃষ্ণকে উদ্দেশ

যদুনন্দনঠাকুরের পদ্য।

মোর চিত্ত ধারা নিত্য তব মুখচন্দ্র। চন্দ্রাতপ হৈয়া তাপ বাড়য়ে অমন্দ ॥ আচ্ছাদন দুই গুণ করি রাখ চিত্ত। ভাব এই দেখা দেই মোর মনোবৃত্ত ॥ কহিতেই মোহ হই মনে-ন্দ্রিয় ঝাপ। মৃত্যু ভয়ে দৈন্য কহে অতিশয় কাঁপ ॥ ৩৭ ॥

প্রাণনাথ নিবেদন এই অবগাও। যাবৎ দশমীদশা, না

যাবন্ন মে নবদশা দশমী কুতোঽপি,
লাবণ্যকেলিসদনং তব তাবদেব

দ্দিশ্য প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। মৃতেরমঙ্গল্যাজ্জাতপ্রায়াং তাং বর্ণয়ন্তি তজ্জ্ঞাঃ অত্র স্বীয়তদ্বর্ণনে সুতরাং পূর্ব্বদশৈব যোগ্যা। যাবন্ন মে দশমী নবদশা-মৃতিঃ কুতোঽপি রন্ধ্রাৎ ছিদ্রাৎ ন উদেতি ভবেদেব তব মুখেন্দুবিম্বং লক্ষ্ম্যা সংদৃশ্যা সমেত্যাস্মানমাশাস্তে। কিমিত্যুৎকণ্ঠসে স্থিত্বা দ্রক্ষ্যসি তত্রাহ। তিমিরী-কৃতসর্ব্বভাবা দেহেন্দ্রিয়াদিনাশিনী। নমু মৃতিশ্চেত্তন্ন দৃষ্টং তত্তেন কিং। তত্র

করিয়া যে বিলাপ করিতেছেন তাহাই গ্রন্থকর্ত্তা বর্ণন করিতেছেন।

হে নাথ! যে পর্য্যন্ত আমার নবমীদশা মূর্চ্ছার পর দশমীদশা মৃত্যু কোন ছিদ্র (দোষ) পাইয়া সমস্ত জগৎ অন্ধকার করত আসিয়া উপস্থিত না হয়, সেই কাল মধ্যে আমি তোমার নিখিল লাবণ্যের বিলাসভবন স্বরূপ, লক্ষ্মী-

যদুনন্দনঠাকুরের পদ্য।

উঠয়ে প্রাণনাশা, মুখেন্দু তাবৎ দরশাও ॥ধ্রু ॥

তবে যদি তুমি বল, উৎকণ্ঠাতে কেন ভুল, থাকিয়া করহ দরশন। তবে তার কথা শুন, অন্য জানি বল পুনঃ অতিতাপ বাঢ়ি যাবে মন ॥

তিমির করিবে ভাব, দেহেন্দ্রিয় নাশে সব, তাতে কৈছে হবে দরশন। তবে যদি বল হেন, মৃত্যু যদি হবে জান, না দেখিলা তাতে কি দূষণ ॥

মনে এই উট্টঙ্কিতে, চিত্ত হৈল উৎকণ্ঠিতে, কহিতে লাগিলা উৎকণ্ঠায়। লাবণ্যের কেলি যে, তোমার বদন সে, মুরলীমধুরধ্বনি তায় ॥

লক্ষ্ম্যা সমুৎক্বণিতবেণুমুখেন্দুবিম্বং ॥ ৩৮ ॥
আলোললোচনবিলোকিতকেলিধারা-

সোৎকণ্ঠমাহ। কীদৃশং তৎ। লাবণ্যানাং কেলিসদনং। তথা উৎক্বণিতো-বেণুর্যস্মিন্। তন্মধুরমুখদর্শনাভাবান্মরণমপ্যধন্যমিতি ভাবঃ। তাদৃশ-প্রেমাক্রান্তচেতসাং স্বভাবোঽয়ং। যদত্যন্তবিচ্ছেদভিয়া মরণমপি নেচ্ছন্তি। তথাহি ন শক্নুমস্তচ্চরণং সন্ত্যক্তুমকুতোভয়মিত্যাদি। স্বান্তর্দশায়াং তৎ-প্রেরণভাবমধুরমুখেন্দুবিম্বমন্যৎ সমং বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৩৮ ॥

ইতি বদন্ত্যেব মূর্চ্ছিতাসীৎ। ততঃ সখীভিঃ কৃষ্ণতাম্বূলোদ্গারং তন্মুখে-

দেবীরও উৎকণ্ঠাজনক এবং বেণুনাদশোভিত মুখচন্দ্র একবার দেখিতে ইচ্ছা করি ॥ ৩৮ ॥

তৎপরে মূর্চ্ছাপন্ন বোধ করিয়া "শ্রীকৃষ্ণ এই আসিয়া-

যদুনন্দনঠাকুরের পদ্য।

সে বদন সুমাধুরী, না দেখিয়া যদি মরি, মরণ অধন্য করি মানি। প্রেমাক্রান্তা চিত্ত যার, মৃত্যু ইচ্ছা নহি তার, জীবনে দর্শন হয় জানি ॥

এতেক কহিতে রাই, মূর্চ্ছা উপস্থিত তাই, ললিতা বিশাখা শীঘ্র যাঞা। কৃষ্ণমুখোদ্গীর্ণ পান, তার মুখে কৈল দান, কহে কৃষ্ণ আইলা দেখসিয়া ॥

শুনিয়া চেতন পাঞা, দুঃখভরে আউলাইয়া, যত্নে নেত্র মেলিবারে নারে। নয়ন মুদিয়া কহে, সত্য কহ সখী ওহে, আইলা নাকি কৃষ্ণ মোর পুরে ॥ ৩৮ ॥

সখি! হে, সত্য যদি আইলা নেত্রানন্দ। সে মণিনূপুর-

নীরাজিতাগ্রচরণৈঃ করুণাম্বুরাশেঃ।

ন্যস্য আগতোঽয়ং তে প্রিয়ঃ পশ্যেতি প্রবোধিতায়া গ্লানিভাবান্মেত্রেঽমুষ্মী-
ল্যেব সত্যং কথয়তেতি প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। নৃত্যন্নিবাগচ্ছতস্তস্য
মণিনূপুরশিঞ্জিতানি আকর্ণয়ামি তৎ সত্যমাগতোঽয়ং। আকর্ণয়ানীতি পাঠে।
আগতাশ্চেত্তদা আকর্ণয়ানি তদৈব মে প্রতীতিরিত্যর্থঃ। আগমনহেতুমাহ।
করুণাম্বুরাশেঃ কীদৃশানি বেণুনিনাদৈরার্দ্রাণি। কীদৃশৈস্তৈঃ পাদতলবলয়-

---

ছেন দর্শন কর, এই বলিয়া সখীগণ প্রবোধ দিতেছেন” নিজের এইরূপ দশা উৎপ্রেক্ষা করিয়া গ্রন্থকর্ত্তা কহিতেছেন।

সখি! এই দেখ করুণাসমুদ্র শ্রীকৃষ্ণ আসিয়া

যদুনন্দনঠাকুরের পদ্য।

ধ্বনি, নৃত্য প্রায় যদি শুনি, তবে হয় প্রতীতের বন্ধ ॥ ধ্রু ॥

আগমন হেতু এই, করুণাসমুদ্র সেই, তাহাতেই প্রতীত জনমে। তথাপি হ কি জানিয়ে, মোর ভাগ্য কি করিয়ে, করুণা বা না হয় উদ্যমে ॥

নৃত্য গতি পদ ভান, বেণু ধ্বনি মৃদু তান, বলয় কিঙ্কিণী-নাদ সঙ্গে। প্রতিনাদপূর যবে, শ্রবণে শুনিয়ে তবে, প্রতীত জনমে তবে রঙ্গে ॥

বংশী গানামৃত তাল, রাখিবার লাগি ভাল, চরণাগ্র দর্শন হইতে। আলোল লোচনদ্বয়, কেলিধারা বিলোকয়, চরণাগ্র নিসঞ্জয়ে তাতে ॥

অন্য তাহা নাহি জানে, জানে ব্রজ নারীগণে, অদ্ভুত বিলাস মনোরম। আমি কি দেখিব তাহা, শুনিব কি কহ হা হা, বল সখী করিয়া নিয়ম ॥

আর্দ্রাণি বেণুনিনাদৈঃ প্রতিনাদপূরৈ-

কিঙ্কিণীনাং প্রতিনাদপুরো যেষু তে তৈর্মিশ্রিতৈরিত্যর্থঃ। তথা আলোল-লোচনয়ো র্বিলোকিতকেলিধারাভি র্নিরাজিতৌ তস্যৈবাগ্রচরণৌ যৈঃ সঃ বংশীবাদননৃত্যে তালোন্নয়নায় চরণাগ্রদর্শনাৎ। কিম্বা। ব্রজদেবীনাং নেত্রাণি

উপস্থিত হইয়াছেন, ইহাঁর চঞ্চল লোচন যুগল হইতে মধুময় দৃষ্টিরূপ কেলিধারা বর্ষণ করত চরণাগ্রভাগকে শোভিত করিতেছেন। প্রতিধ্বনিপূর্ণ বেণুনিনাদে অত্যন্ত আর্দ্রীভূত

যদুনন্দনঠাকুরের পদ্য।

এত কহি উঠে রাই, মনের সোয়াস্থ নাই, চতুর্দ্দিকে করি নিরীক্ষণ। কাঁহা নূপুরের ধ্বনি, সবে মাত্র কানে শুনি, হেথা না আইসে কি কারণ॥

অতিশঠ ধূর্ত্তরাজ, হেন বুঝি কুঞ্জমাঝ, কারো সঙ্গে করয়ে রমণ। সুখে বিলাসয়ে তথা, এ লাগি না আইসে এথা, মোরে কৈছে দিবে দরশন॥

কহিতে কহিতে পুনঃ, উন্মাদ বাঢ়িল মন, আইলা কৃষ্ণ মনে হেন দেখে। অন্যাঙ্গনা ভোগচিহ্ন, প্রতি অঙ্গে পরবিণ, আঘূর্ণ নয়ন হাস্য মুখে॥

দেখিতেই তার গতি, সেহ কৃষ্ণচন্দ্র প্রতি, অতিশয় ক্রোধ উপজিল। তাহা দেখি কৃষ্ণ যেন, তারে ছাড়ি গেলা পুনঃ, পাছে তাপে ঔৎসুক্য হইল॥

এই দুই ভাবে মেলি, ভাবসন্ধি করি বলি, অমর্ষ বিক্ষেপ অপমান। ঔৎসুক্য দর্শন ইচ্ছা, অন্যোন্য না করে ইচ্ছা, শাবল্যের এইত লক্ষণ॥

অমর্ষা অনুগাত্রয়া, অসূয়োগ্রাবহিত্থয়া ঔৎসুক্যে

রাকর্ণয়ামি মণিনূপুরসিঞ্জিতানি ॥ ৩৯ ॥
হে দেব হে দয়িত হে ভুবনৈকবন্ধো

জ্ঞেয়ানি। স্বান্তর্দশায়াং শৃণোমি কিমিত্যর্থঃ। বাহে কদা কিম্বেত্য-ধ্যাহার্য্যং ॥ ৩৯ ॥

অথোত্থায় দিশোঽবলোক্য অয়ি সখ্যঃ নূপুরশব্দঃ শ্রূয়তে স ন দৃশ্যতে। তদত্র কুঞ্জে কয়াপি রমমাণঃ শঠোঽয়ং তিষ্ঠতীতি বদন্ত্যাঃ পুনরুন্মাদাবেশাদন্যস্ত্রী সম্ভোগচিহ্নাঙ্কিতমাগতং পুরঃ পশ্যন্ত্যা স্তং প্রত্যমর্ষোদয়ঃ পুনর্গতমিব মত্বা-

মণিময় নূপুরের মনোহর ধ্বনি আমি শ্রবণ করিতেছি ॥৩৯॥
তৎপরে উত্থিত হইয়া "অহে সখীগণ! নূপুরের শব্দ

যদুনন্দনঠাকুরের পদ্য।

অনুগা আর তিন। অতিদৈন্য সচাপল, মোহোন্মাদে মহা-বল, সন্ধিশাবল্যের এই চিহ্ন ॥ ৩৯ ॥

শুন দেব এথা কেনে তুমি। গোপাঙ্গনা ক্রীড়াবৎ, সেই তোমার অভিমত, তথা যাঞা বিলস আপনি ॥ ধ্রু ॥

এইমত বক্রকথা, বাস্পনেত্রে বক্রগতা, শুনি যেন অবজ্ঞা বচন। পুনঃ যেন কৃষ্ণ গেলা, তাতে তাপ উপজিলা, দরশনে ঔৎসুক্যাগমন ॥

প্রাণের দয়িত তুমি, অদর্শনে মরি আমি, পুনর্ব্বার দেহ দরশন। ইহা শুনি কৃষ্ণ যেন, পুন দিলা দরশন, অনুনয় করে অনুমান ॥

দেখিয়া অমর্ষানুগা, অসূয়ানদার রাগা, সোল্লুণ্ঠ কহয়ে বক্রবাণী। ধীরমধ্যা সমাশ্রয়, তার মতে কথা কয়, ওহে ভুবনের বন্ধু তুমি ॥

হে কৃষ্ণ হে চপল হে করুণৈকসিন্ধো।

জাতপশ্চাত্তাপাদৌৎসুক্যোদয়ঃ। ততস্তয়োঃ সন্ধিঃ। তল্লক্ষণানি। স্বরূপয়োর্ভিন্নয়োর্বা সন্ধিঃ স্যাদ্ভাবয়োর্যুতিঃ। অধিক্ষেপাপমানাদেঃ স্যাদমর্ষাসহিষ্ণুতেতি। কালাক্ষমত্বমৌৎসুক্যমিষ্টেক্ষাপ্তিস্পৃহাদিভিরিতি। তাবেব ভাবাবাশ্রিত্য ভাবশাবল্যঞ্চ। তল্লক্ষণং। শবলত্বস্তু ভাবানাং সম্মর্দ্দঃ স্যাৎ পরস্পরমিতি। তত্রামর্ষানুগা অসূয়ৌগ্র্যাবহিত্থাঃ। ঔৎসুক্যানুগানি মতিদৈন্যচাপলানি অত উন্মাদানুগতাভ্যাং ভাবসন্ধিভাবশাবল্যাভ্যাং প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। অন্যাঙ্গনাসম্ভুক্তং তং মত্বামর্ষোদয়াৎ সহজনিজধীরাধীরমধ্যাত্ব-

---

শুনিতেছি কৈ তাঁহাকে ত দেখিতে পাইতেছি না” এই

যদুনন্দনঠাকুরের পদ্য।

কেবল আমার নও, সর্ব্ব সমাধান চাও, যাঞা কর সর্ব্ব সমাধান। ভুবনের নারীগণ, আর যত গোপীজন, বেণু গানে কর আকর্ষণ॥

পুনঃ যেন গেল কৃষ্ণ, মন হৈল সতৃষ্ণ, ঔৎসুক্য অনুগা মুত্যুদয়। সেই মত ভাবাবেশে, কহে ধনী সবিশেষে, তাতে এই সম্বোধন ত্রয়॥

ওহে কৃষ্ণ শ্যামরায়, চিত্ত আকর্ষহ যায়, তাতে মোর মান কিবা কায। তৎকাল আসিয়া যবে, অল্প দেখা দেহ তবে, তাপ নষ্ট হয় ত অব্যাজ॥

পুন যেন কৃষ্ণচন্দ্র, হাসি কহে মৃদুমন্দ, প্রিয়ে! আমি ছিলাম এথাই। আমারে প্রসন্ন হও, হাসি এক বাণী কও, তবে আমি মনে সুখ পাই॥

মনে ইহা বিচারিতে, তারে করি আচ্ছাদিতে, ঔগ্র্য ভাব হইল উদয়। অধীরমধ্যা গুণ লৈয়া, কহে অতি ক্রোধী

হে নাথ হে রমণ হে নয়নাভিরাম

মাশ্রিত্য সবাষ্পং বক্রোক্ত্যা সম্বোধয়তি। হে দেব অন্যাভিঃ সহ দীব্যসীতি দেবস্ত্বমতস্তত্রৈব গচ্ছেত্যর্থঃ। তল্লক্ষণং। ধীরাধীরাতু বক্রোক্ত্যা সবাষ্পং বদিতি প্রিয়মিতি। তদৈবাবধীরণাদ্গতমিব তং মত্বা জাতপশ্চাত্তাপাৎ তর্দ্দনোৎসুক্যেনাহ। হে দয়িত ত্বন্তু মে প্রাণদয়িতোঽসি কথং ত্যক্ষ্যসে তৎ পুনর্দর্শনং দেহীত্যর্থঃ॥

পুনরাগত্যানুনয়ন্তমিব তং মত্বামর্ষানুগাসূয়োদয়াৎ ধীরাধীরমধ্যাত্বমাশ্রিত্য-বক্রোক্ত্যা সোল্লুণ্ঠমাহ। হে ভুবনৈকবন্ধো তবাত্র কো দোষস্ত্বং ন কেবলং মমৈব সর্ব্বগোপীনামপি। কিমুত তাসামেব বেণুনাদাকৃষ্টানাং ভুবনানাং তদ্গতস্ত্রীণামপি বন্ধুরসি তৎ সর্ব্বসমাধানার্থং গচ্ছেত্যর্থঃ। তল্লক্ষণং। ধীরাতু বক্তি বক্রোক্ত্যা সোল্লুণ্ঠং সাগসং প্রিয়মিতি। পুনর্গতমিব মত্বোৎসুক্যানুগম-ত্যাখ্যভাবোদয়াদাহ। হে কৃষ্ণ হে শ্যামসুন্দর চিত্তাকর্ষক চিত্তং ত্বয়া হৃতং

বলিয়া পুনশ্চ উন্মাদের ন্যায় কহিতেছেন।

হে দেব! হে দয়িত! (প্রিয়!) হে ভুবনের একমাত্র

যদুনন্দনঠাকুরের পদ্য।

হৈয়া, তার বশে এই সম্বোধয়॥

শুনহ চপল রাজ, বল্লবীভুজঙ্গসাজ, পরনারী চোর ধূর্ত্তরাজ। যাও যাও এথা হৈতে, চিনিলাম সঙরিতে, বুঝিলাম যত তুয়া কাজ॥

অবজ্ঞা জানিয়া যেন, কৃষ্ণ পুন গেলা হেন, মনে মনে করেন বিচার। কহিতেই সেই কাল, উপজিল দৈন্য জাল, তাতে কহে সম্বোধন সার॥

ওহে করুণার সিন্ধু, দুঃখিত জনার বন্ধু, যদ্যপি হ অপরাধী আমি। নিজ করুণার বল, সদা তুমি সুকোমল, কৃপা করি দেখা দেহ তুমি॥

হা হা কদা নু ভবিতাসি পদং দৃশোর্মে ॥ ৪০ ॥

কিং মে মানেন তৎ সকৃদপি দর্শনং দেহীত্যর্থঃ। পুনরাগত্য প্রিয়ে ময়া বহিরেব স্থিতং ন কুত্রাপি গতং প্রসীদেত্যনুনয়ন্তমিব মত্বোগ্রোদয়াদধীরমধ্যা-গুণমাশ্রিত্য সরোষমাহ। হে চপল বল্লবীবৃন্দভুজঙ্গ পরস্ত্রীচৌর গচ্ছ গচ্ছেত্যর্থঃ। তল্লক্ষণং। অধীরা পরুষৈর্বাক্যৈ নিরস্যেদ্বল্লভং রুষেতি। পুনর্গতমিব মত্বা হন্তাবধীরণাদ্গতোহয়ং পুনর্নেষ্যতি দৈন্যোদয়াৎ সকাকু প্রাহ। হে করুণৈক-সিন্ধো যদ্যপ্যহমপরাধিনী তথাপি ত্বং করুণাকোমলত্বাদ্দর্শনং দেহীতি। তৎ-পুনরাগত্য প্রিয়ে কিমিতি মুধা মানেন মাং কদর্থয়সি প্রসীদেত্যনুনয়ন্তমিব মত্বা মর্ষানুগাবহিত্থোদয়াৎ ধীরপ্রগল্‌ভাগুণমাশ্রিত্য সৌদাসীন্যমাহ। হে নাথ ত্বন্তু ব্রজবাসিনাং নো রক্ষিতাসি কা নাম হতধীস্ত্বাং ন সম্ভাষতে।

বন্ধু! হে চপল্য! হে করুণার একমাত্র সিন্ধু! হে নাথ!

যদুনন্দনঠাকুরের পদ্য।

পুনঃ যেন কৃষ্ণ আসি, দেখা দিয়া কহে হাসি, প্রিয়ে! কেনে মিছা মান করি। কদর্থ আমারে অতি, কঠিন তোমার মতি, সুপ্রসন্ন হও মান ছাড়ি ॥

এই অনুনয় শুনি, অমর্ষা অনুগ ভণি, অবহিত্থা উপজিল আসি। ধীরপ্রগল্‌ভা গুণাশ্রয়ী, তাতে উদাসীনী ময়ী, মৌন করি ঠারে কহে হাসি ॥

ওহে নাথ ব্রজবাসী, আমরা তোমার দাসী, কত বা বিপদে না রাখিলা। কেবা হত বাক্য হেন, না সম্ভাষি তুয়া মৌন, কিন্তু জানি ব্রাহ্মণী কহিলা ॥

তা সবার বাণী মানি, মৌনব্রতে আছি আমি, এই লাগি কথা না হইল। এই অপরাধ তুমি, না লবে কহিল আমি, ঠারে ঠোরে ইহা জানাইল ॥

কিন্তু ব্রাহ্মণীভি ব্র্তার্থং গ্রাহিতাস্মি তৎ ক্ষন্তব্যোঽয়ং মমাপরাধ ইতি ভাবঃ। তল্লক্ষণং। উদাস্তে সুরতে ধীরা সাবহিত্থা চ সাদরেতি। পুনর্গতমিব মত্বা মুহুর্নিরস্তোঽসৌ নায়াস্যতে বেতি চাপলোদয়াদ্যদি কৃপয়া পুনর্দর্শনং দদাতি তদা স্বয়মেব তং কণ্ঠে গ্রহীষ্যামীতি সদৈন্যমাহ। হে রমণ সদা মাং রময়সীতি রমণস্ত্বমীদানীমপ্যাগত্য তথা কুর্ব্বিত্যর্থঃ। পুরাগতমিব মত্বা তিরস্কৃতাগন্তু-কামর্ষভাবেন প্রবলসহজোৎসুক্যেনাস্তমনস্তয়া তদাশ্লেষায় প্রসারিতবাহুযুগলা তমলব্ধ্বা জাতবাহ্যস্ফূর্ত্তিঃ সবিক্লবমাহ। হে নয়নাভিরাম নয়নানন্দ কদা নু

হে রমণ! হে নয়নের আনন্দদায়ক! হা কষ্ট! হা কষ্ট!

যদুনন্দনঠাকুরের পদ্য।

পুনর্ব্বার ব্রজমণি, গেলা হেন মানি ধনী, মনে মনে করয়ে বিচার। বারে বারে আইলা হরি, এবে গেলা ক্রোধ করি, বুঝি এথা না আসিবা আর॥

এতেক চিন্তিতে মনে, চাপল্য উদয় ক্ষণে, তাতে কহে যদি পুনর্ব্বার। কৃপা করি আইসে হরি, তবে সব মান ছাড়ি, যাঞা কণ্ঠ ধরিব তাহার॥

এত কহি দৈন্য সঙ্গে, কহে চাপল্যের রঙ্গে, হে রমণ এই কুঞ্জে আসি। রমহ আমার সঙ্গে, তুমি কৃপানিধি রঙ্গে, পূর্ব্বে যৈছে বিহরিলা হাসি॥

পুনর্ব্বার আইলা হরি, মনে মনে সুনাগরী, আগন্তুকা-মর্ষে তিরস্করি। সহজ ঔৎসুক্য ভাব, মহাবলী পরতাপ, তাতে চিত্ত আকর্ষয়ে ধরি॥

দুই বাহু পসারিয়া, আলিঙ্গনে যায় ধাঞা, যবে কৃষ্ণ লাগ না পাইলা। বাহ্য স্ফূর্ত্তি পাঞা রাই, কহেন বিক্লব পাই, এই ক্ষণে তুমি কোথা গেলা॥

অমূন্যধন্যানি দিনান্তরাণি

যে দৃশোঃ পদং গোচরো ভবিতাসি। হা হা ইত্যতিখেদে। স্বান্তর্দশায়াং তু শ্রীরাধাসঙ্গমার্থমাত্মানমনুনয়ন্তমিব তং প্রত্যমর্ষোদয়ঃ। গতমিব মত্বা তয়া সঙ্গমনায়োৎসুক্যমন্যদযথাযোগ্যং জ্ঞেয়ং। আরূঢ়ানুরাগদশায়াং ভক্তস্য সাধকশরীরেঽপি তত্তদ্ভাবোদয়াং। বাহ্যে যথাযথং সম্বোধনেষু দৈন্যোৎসুক্যাদিভাবো জ্ঞেয়ঃ॥ ৪০॥

অথ পুনর্বিরহবহ্নিজ্বালোচ্ছলিতোদ্বেগায়াঃ ক্ষণমপ্যহর্গণান্মত্বা সবৈক্লব্যং প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। হে হরে অমূনি দিনস্যাহোরাত্রস্যান্তরাণি

কবে তুমি আমার লোচনদ্বয়ের গোচর হইবে?॥ ৪০॥

পুনশ্চ শ্রীরাধা বিরহাগ্নি জ্বালায় উদ্বিগ্না হইয়া ক্ষণকা-

যদুনন্দনঠাকুরের পদ্য।

ওহে নয়নাভিরাম, নয়ন আনন্দ ধাম, কবে হবে নয়ন-গোচরে। হাহা কৃষ্ণ দীনবন্ধু, অপার করুণাসিন্ধু, দরশন দেহ কৃপাভরে॥

কহিতে কহিতে পুনঃ, বিচ্ছেদাগ্নি জ্বালা হেন, হইতে উদ্বেগ উছলিলা। যাতে সব ক্ষণগণ, মানে যুগশত সম, বৈকল্য প্রলাপ উপজিলা॥

তাহাতে যে কহে রাই, চিত্তে আসোয়াস্থ নাই, সেই ভাব লীলাশুক কহে। কৃষ্ণকর্ণামৃতকথা, অমৃত হৈতে পরামৃতা, এ যদুনন্দনদাস কহে॥ ৪০॥

ওহে কৃষ্ণ তোমা না দেখিয়া। এই রাত্রি দিবা মাঝেণ যতক্ষণ সন্ধি আছে, কৈছে আমি রহিব কাটিয়া॥ ধ্রু॥

কোটিকল্প তুল্য মনে, হৈল মোর একক্ষণে, তোমা বিনা নারি গোঙাইতে। হাহা তোমা দরশন, বিনা আমি

হরে ত্বদালোকনমন্তরেণ।
অনাথবন্ধো করুণৈকসিন্ধো॥

মধ্যগতানি ক্ষণবৃন্দানীতি শেষঃ। অমূনি কোটিকল্পতুল্যত্বেনাতিবাহিতুম-শক্যানীতি বা। হা খেদে। হন্ত বিষাদে। তয়োরতিশয়েন বীপ্সা। ত্বদালোকনং বিনা কথং নয়াম্যতিবাহয়ামি তত্ত্বমেবোপদিশেত্যর্থঃ। তদ্ধেতোরেবাধন্যানি। নন্থ যদ্যনঙ্গতপ্তাসি তদা পতয়শ্চ কো বিচিন্বন্তি তমেব গচ্ছেত্যুক্ত্যা পতিসুতা-দিভিরার্ত্তিদৈঃ কিমিতিবদন্নাহ। হে অনাথবন্ধো অনাথানাং ত্যক্তপতীনাং বল্লবীনাং নত্বমেব বন্ধুরসি। তেতু দুঃখদাত্মত্ত্বা এবেত্যর্থঃ। নন্থ ভর্ত্তুঃ শুশ্রূষণং বো ধর্ম্ম ইদমযোগ্যমিত্যত্র চিত্তং সুখেন ভবতাপহৃতমিতিবদন্নাহ। হে হরে

লকেও বহু দিন বোধে অতীব দুঃখভাবে যে প্রলাপ করিয়া-ছেন গ্রন্থকর্ত্তা তাহাই বর্ণনপূর্ব্বক কহিতেছেন॥

হে অনাথের বন্ধু! হে করুণার একমাত্র সিন্ধু!,

যদুনন্দনঠাকুরের পদ্য।

ক্ষণগণ, তুমি বল গোঞাই সে রীতে॥

অধন্য সকল ক্ষণ, বিনা তোমা বিলোকন, এই কাল কাটা নাহি যায়। কেমনে কাটাবে কাল, তুমি কহ সে বিচার, বিচারিয়া কহ সে উপায়॥

যদি বল কামতাপে, তাপিত হইলা যবে, তবে যাহ নিজপতি ঠাঁই। সেহ অন্বেষয়ে তোমা, আমা প্রতি দিয়া ক্ষমা, পতিসঙ্গে বিলাসহ যাই॥

তবে শুন তার বাণী, পতি ছাড়াইলা তুমি, সে লাগি অনাথাগণ মোরা। তুমি অনাথের বন্ধু, অপার করুণাসিন্ধু, দরশন দেহ আসি ত্বরা॥

হা হন্ত হা হন্ত কথং নয়ামি ॥ ৪১ ॥

চিত্তেন্দ্রিয়হারিন্ সোঽয়ং তবৈব দোষ ইত্যর্থঃ। নন্থ কামিন্যোযূয়ং চপলা এব ময়া কথং ধর্ম্মস্ত্যাজ্য স্তত্র তন্ন প্রসীদেতিবং সদৈন্য মাহ। হে করুণৈকসিন্ধো কৃপাসিন্ধুত্বাৎ ধর্ম্মযপ্যাল্লজ্ব্য দীনাম্মোঽহমুগৃহাণেত্যর্থঃ। স্বান্ত-স্ব'শায়ামনয়া তথা ক্রীড়ৃতস্তব দর্শনং বিনা নান্যৎ সমং। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥৪১ ॥

হা কষ্ট! হা কষ্ট!; হে হরে! এ অবস্থায় কি করি? কাহাকেই বা বলি, কারণ সখীগণও আমার ন্যায় দুঃখিনী। তোমার দর্শন ব্যতিরেকে অধন্য এই দিনসকল আমি কি রূপে যাপন করিব? অথবা আর আশায় প্রয়োজন নাই, আশায় যাহা কর্ত্তব্য তাহা করিয়াছে ॥ ৪১ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

যদি বল পতিসেবা, ধর্ম্ম কেনে উপেক্ষিবা, যোগ্য নহে সে সেবা ছাড়িতে। তাতে দোষ নাহি মোর, সে দোষ হইবে তোর, মনেন্দ্রিয় হরিয়াছ যাতে ॥

তবে যদি বল হেন, আসিয়া তোমার কেন, ধর্ম্ম ছাড়াইব মন হরি। চপলা কামিনী তোরা, আপনি হইয়া ঘোরা, ধর্ম্ম ছাড়ি ফিরে মোহে হেরি ॥

তবে শুন তার বাণী, ধর্ম্মত্যাগী যদি আমি, তবে উদ্ধারিবে কেবা আর। করুণাসমুদ্র তুমি, দেখ ধর্ম্ম-ছাড়া আমি, কৃপা করি করহ উদ্ধার ॥

উদ্বেগেতে প্রাবল্য, হৈল ভাবশাবল্য, তাতে ধনী করয়ে প্রলাপ। সেই ভাব বিভাবিত, লীলাশুক কহে রীত, এ যদুনন্দন হিয়ে তাপ ॥ ৪১ ॥

কিমিহ কৃণুমঃ কস্য ব্রূমঃ কৃতং কৃতমাশয়া

অথোদ্বেগেন পুনর্ভাবশাবল্যোদয়াৎ প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। প্রথমমাবেগোদয়াদাহ। হে সখ্যঃ। ইহ বৈশসে তৎ কিং কৃণুমঃ। যেন তদ্দর্শনং স্যাৎ ততস্তা অপি ব্যগ্রা দৃষ্ট্বা চিন্তোদয়াদাহ কস্য ব্রূমঃ। যূয়মপি তুল্যাবস্থা এব তদন্যঃ কঃ যেন ভাবং স্যাত্তং পৃচ্ছাম ইত্যর্থঃ। তদেব তামাচ্ছাদ্য মত্যাখ্যভাবোদয়াৎ আশা হি পরমং দুঃখমিত্যাদিবদাহ। আশয়া তদাশয়া যৎ কৃতং তৎ কৃতমেবানাস্ন কর্ত্তব্যং। কিম্বা। তয়া যৎ কৃতং তৎ কৃতং বর্থ্যং তৎ তাং

অনন্তর উদ্বেগ দ্বারা পুনর্ব্বার ভাবশাবল্যের উদয় হেতু প্রলাপ কারিণী শ্রীরাধার বাক্যের অনুবাদ করত কহিতে লাগিলেন। প্রথমত আবেগের উদয় হেতু কহিতেছেন॥

হে নাথ! আমি কোথায় কাহাকে স্তব করিব? কাহা-

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রথমে আবেশ ভাব, মনে ভেল আবির্ভাব, সেই ভাবে কহে সখী প্রতি। কহ সখী এ বিপদে, কি করি উপায় যাতে, কৃষ্ণ দরশন পাই সতি॥

কহিতেছি সখীগণে, ব্যগ্র দেখি মনে গুণে, তারে ঝাঁপি চিন্তা ভাব হৈলা। কহয়ে পুছিব কারে, তুমি সব সখী আরে, মোর প্রায় দুঃখিনী ভৈগেলা॥

মোর কেবা আছে আর, কারে বা পুছিব সার, কে কহিবে মঙ্গল উপায়। এতেক চিন্তিতে মনে, চিন্তা করি আচ্ছাদনে, মতিভাব জন্মিল হিয়ায়॥

তাতে কহে কৃষ্ণ আশা, সর্ব্বেন্দ্রিয়-প্রাণ-নাশা, যে কৈল সে কৈল আর না। কিম্বা যত আশা কৈল, বৃথামাত্র দুঃখ পাইল, আশা ছাড়ি রাখহ আপনা॥

কথয়তঃ কথামন্যাং ধন্যামহো হৃদয়েশয়ঃ।
মধুর-মধুর-স্মেরাকারে মনোনয়নোৎসবে

ত্যজতেত্যর্থঃ। তদৈবামর্ষোদয়াদাহ। অতস্তস্যাকৃতজ্ঞস্য বার্ত্তাং ত্যক্ত্বান্যাং কামপি ধন্যাং পুণ্যাং কথাং কথয়ত। কথয়ত্বিতি পাঠে একাং সখীং প্রত্যুক্তিঃ। ভবতীত্যর্থাত্তদেব হৃদি স্ফুরন্তং কৃষ্ণং শরৈর্বিদ্ধ্যৎ কামং মত্বা তমাচ্ছাদ্য ত্রাসোদয়াৎ সবৈক্লব্যমাহ। অহো কষ্টং হৃদয়েশয়ঃ কামঃ শত্রুরয়ং মারয়তি কিং কুর্ম্ম ইত্যর্থঃ। ততস্তামাসাদ্য সহজোৎসুক্যোদয়াত্তজ্জানতীনাং নঃ কৃষ্ণে

কেই বা বলিব? অথবা আর আমার প্রয়োজন নাই, অথবা কোন ধন্য কথা বল? কারণ তুমি আমার হৃদয়নাথ। অপিচ মধুর অপেক্ষাও মধুর হাস্যযুক্ত, তথা মন

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহিতে সে ভাব ঝাঁপি, অমর্ষা জন্মিলা কাঁপি, তাহে কহে শুন সখীগণ। অকৃতজ্ঞ কৃষ্ণকথা, ছাড়িয়া অধন্য গাতা, কহ ধন্য অন্য সুকথন॥

এই কালে হৃদি মাঝে, স্ফূর্ত্তি রূপে কৃষ্ণসাজে, কামশর বিদ্ধ হৈতে মনে। সে ভাবাচ্ছাদন করি, ত্রাস হৈল হিয়াভরি, বিক্লব পাইয়া পুনঃ ভণে॥

অহো কষ্ট কি করিল, কাম বৈরী উপজিল, সদাই সুতিয়া আছে হিয়ে। সদা হিয়ে বিন্ধে সেই, তিলেক না ছাড়ে যেই, হইতে উপায় কি করিয়ে॥

কিবা হিয়ে কৃষ্ণস্ফুরে, তাহাতে আশ্চর্য্য বোলে, বিষাদ করিয়া কহে বাণী। যারে চাহি তেয়াগিতে, সেই সুপিয়াছে চিতে, কোন রূপে না যায় ছাড়নি॥

তবে তাহা আচ্ছাদিয়া, সহজ ঔৎসুক্য হিয়া, উদয় হইল শীঘ্র আসি। বিষাদ করিয়া কহে, খেদ হৈল অতি-

কৃপণকৃপণা কৃষ্ণে তৃষ্ণা চিরং বত লম্বতে ॥ ৪২ ॥

ইত্যাদিবৎ সবিষাদমাহ মধুরেতি। বত ইতি খেদে অস্ত তাবত্ত্যাগঃ প্রত্যুত কৃষ্ণে চিরং তৃষ্ণা লম্বতে প্রতিক্ষণং বর্দ্ধতে। কীদৃশী। কৃপণাদপি কৃপণা উৎকণ্ঠয়াতিদীনেত্যর্থঃ। কীদৃশে। মধুরাদপি মধুরঃ স্মেরো মদনমদাদিভিরুৎফুল্লশ্চাকার আকৃতি র্যস্য তস্মিন্। অতো মনোনয়নয়োরুৎসবো-যস্মাত্তস্মিন্। স্বান্তদর্শায়াস্ত পূর্ব্ববদর্থঃ। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৪২ ॥

ও নয়নের আনন্দপ্রদ শ্রীকৃষ্ণে আমার কৃপণা (দীনা) দৃষ্টি চিরদিনের জন্য সতৃষ্ণ হইয়া আশ্রিত হউক ॥ ৪২ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

শয়ে, কৃষ্ণ আছে জানে মনে বসি ॥

ছাড়িবার মন হৈলে, অতিতৃষ্ণা হিয়া বলে, প্রতিক্ষণ বাঢ়ি তৃষ্ণাগণ। দুঃখভোরা দুঃখী হেন, বাঢ়ে তৃষ্ণা অনুক্ষণ, বাঢ়িবার আছয়ে কারণ ॥

মধুর হৈতে সুমধুর, স্মের যাতে সুখপূর, কামমদে প্রফুল্ল আকারে। মন নয়নের সেই, উৎসব নিবন্ধ যেই, কেবা পারে তারে ছাড়িবারে ॥

এই কালে ব্যাধিভাব, আসি হৈল আবির্ভাব, তাতে অতিকৃশ হৈল অঙ্গ। তাতে গ্লানি উপজিল, ধনী চেষ্টা প্রকটিল, তিন শ্লোক করিয়া প্রবন্ধ ॥

হেমঅঙ্গ ভূমে পড়ে, বিষাদ সুদৈন্য করে, ধনী নিজ নয়ন মুদিয়া। আশ্বাসয়ে সখীগণ, ধৈর্য্য কর নিজ মন, কৃষ্ণ এবে আলিঙ্গিবে গিয়া ॥

সেই সখীগণে রাই, কহে মনোদুঃখ পাই, আশা ত্যজি প্রলাপবচন। সেই শ্লোক পড়ি এথা, লীলাশুক কহে কথা, কহে তাহা এ যদুনন্দন ॥ ৪২ ॥

আভ্যাং বিলোচনাভ্যামম্বুরুহবিলোচনং বালং *।

অথ অত্যাধিভরোৎপন্ন-তানবাতিশয়াদ্ গ্লানিরুৎপন্না তচ্চেষ্টা ত্রিভিঃ শ্লোকৈঃ। তত্র প্রথমং ভূমৌ নিপত্য নেত্রে নিমীল্য তদ্দর্শনোৎপন্নবিষাদদৈন্যাভ্যাং অধুনৈবাগতং তং পরিরপ্স্যসে ধৈর্য্যং কুর্ব্বিত্যাশ্বাসয়ন্তীঃ সখীঃ প্রতি নৈরাশ্যং প্রলপন্ত্যা বচোঽমুবদন্নাহ। আগতেঽপ্যস্মিন্নশক্ত্যা ভুজাচালনাদ্যসামর্থ্যাত্তদালিঙ্গনং দূরে তাবদাস্তাং বিলোচনাভ্যামপি তং বালং কিশোরশেখরং মম দৈবসামগ্রীভাগ্যরূপসাদনং দূরে সা নাস্ত্যেবেত্যর্থঃ। হন্ত বিষাদে। বিষাদে

শ্রীরাধা অতিশয় মানসিক ব্যথা জন্য নূতন দশা প্রাপ্ত হইয়া যে চেষ্টা প্রকাশ করিয়াছিলেন, গ্রন্থকর্ত্তা তাহাই তিন শ্লোকে বর্ণন করিতেছেন॥

হে দেব! আমার অন্যান্য সামগ্রী ত বহু দূরে, সুতরাং সম্প্রতি এই বিস্ফারিত লোচনযুগলের সহিত আপনার

যদুনন্দনঠাকুরের পদ্য।

সখী কৃষ্ণের যদি এথা, আগমন হয় সর্ব্বথা, আইলে না যাবে মোর দুঃখ। বাহু নারি তুলিবারে, আলিঙ্গন রহু দূরে, নয়নের নাহি হবে সুখ॥

কিশোর শেখররাজ, আঁখি আলিঙ্গন কাজ, ভাগ্যরূপ দর্শন সাধন। সেহ মোর দূর হৈল, যাতে গ্লানি উপজিল, মেলিবারে না পারি নয়ন॥

বিষাদ হইল মনে, কহে শুন সখীগণে, বামনেত্র-অন্তে দরশন। ভাবোদ্গারী বিলোকন, দূরে রহু সে দর্শন, প্রায় না দেখিয়ে ইতর জন॥

সখীগণ কহে কেনে, খেদ পাও নিজ মনে, এখনি

* অত্র আর্য্যা জাতিঃ॥

দ্বাভ্যামপি পরিরব্ধুং দূরে মম হন্ত দৈবসামগ্রী ॥ ৪৩ ॥

* অশ্রান্তস্মিতমরুণারুণাধরৌষ্ঠং

হেতুঃ। অন্বিতি। তত্রাপি ভাবোদ্গারিবামনেত্রপ্রান্তেন দর্শনমাস্তাং দ্বাভ্যামপি তব জনবদ্দর্শনভাগ্যং নাস্তীত্যাহ দ্বাভ্যামপি। নন্বধুনৈব দ্রক্ষ্যসি কিমিতি খিদ্যসে ইত্যত্র নেত্রোন্মীলনে প্রযতন্তী তদশক্ত্যাহ আভ্যাং। স চেদাগচ্ছেদা-গচ্ছতু নাম মম পুনরাভ্যাং তদ্দর্শনং নাস্ত্যেবেতি ভাবঃ। স্বান্তর্দশায়াং তয়া সহ বিলসন্তং তং। অন্যৎ সমং। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৪৩ ॥

পুনঃ স্বপ্রেরকতচ্ছ্রীমুখস্ফূর্ত্ত্যা বিষাদৌৎসুক্যাভ্যাং জল্পামস্নন্ ব্রতকৃশা শত-

---

অভিনব পদ্মতুল্য লোচনদ্বয় আলিঙ্গিত হউক, ইহাই আমার একান্ত প্রার্থনা ॥ ৪৩ ॥

পুনশ্চ নিজের প্রেরক শ্রীমুখ স্ফূর্ত্তি হওয়ায় শ্রীরাধা যে, বিলাপ করিয়াছিলেন, গ্রন্থকর্ত্তা তাহাই বর্ণন করিতেছেন ॥

হে নাথ! আপনার যে বদনকমল মধুর হাস্যযুক্ত

যদুনন্দনঠাকুরের পদ্য।

দেখিবা শ্যামরায়। তাহা শুনি সুনয়নী, যতন করিয়া পুনি, নিজনেত্র মেলিবারে চায় ॥

মেলিতে না পারি আঁখি, তাতে কহে হয়ে দুঃখী, যবে আইসে তবে আইস হরি। যে দেখিবে সে দেখউ, আমার কি করে জিউ, আঁখি আমি মেলিবারে নারি ॥

মনে কৃষ্ণমুখস্ফূর্ত্তি, হৈতে বাঢ়ি গেল আর্ত্তি, বিষাদ ঔৎসুক্য ভাবে দোলে, প্রলাপ করিয়া রাই, কৃষ্ণ কৃষ্ণ বলে তাই, এথা লীলাশুক শ্লোক বলে ॥ ৪৩ ॥

কৃষ্ণচন্দ্র শুন আমি কহি যে নিবন্ধ। তোমার মুখাব্জ-

---

* অত্র প্রহর্ষিণীবৃত্তং। ত্র্যাশাভি র্মনজরগাঃ প্রহর্ষিণীয়ং ॥

হর্ষার্দ্রদ্বিগুণমনোজ্ঞবেণুগীতং।
বিভ্রাম্যদ্বিপুলবিলোচনার্দ্ধমুগ্ধং

জন্মভিঃ স্যাদিতিবৎ,ধ্যানেন যাম পদয়োঃ পদবীং সখে তে ইতিবচ্চ তং প্রতি-প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ নু ভো শ্রীকৃষ্ণ তব বদনাম্বুজমত্র জন্মনি ন দৃষ্টমেব কদাপি জন্মান্তরেঽপি বীক্ষিষ্যে। কীদৃশং। অশ্রান্তং সন্ততং স্মিতং যস্মিন্। ঈষৎ স্মিতং বা অরুণারুণৌ অত্যারুণৌ অরুণাদপ্যারুণৌ গ্লানিতমোঘ্নাধরোষ্ঠৌ

অত্যন্ত অরুণ বর্ণ অধরোষ্ঠ শোভিত এবং আনন্দভরে দ্বিগুণিত মনোজ্ঞ বেণুগীত শোভিত, তথা যাহা বিভ্রমশালি

যদুনন্দনঠাকুরের পদ্য।

শোভা, মোর নেত্রভৃঙ্গ লোভা, এ জন্মে দেখিতে ভেল অন্ধ ॥ ধ্রু ॥

জন্মান্তরে তপ করি, আপনার ইচ্ছা ভরি, মুখাব্জ করিব দরশন। সদা যাতে মন্দ হাসি, উগরে অমিয়া রাশি, সদা ঝরে চন্দ্রজ্যোৎস্নাগণ ॥

অরুণ হইতে যাতে, ওষ্ঠাধর অরুণিতে, গ্লানি অন্ধকার-গণ নাশে। এমন সুন্দর মুখ, অখিল-নয়ন সুখ, তবে আমি দেখিব হরিষে ॥

আমার প্রেরণ হর্ষে, মৃদু গান যেই বর্ষে, সেই ত মুরলী তাহে শোহে। তাহাতে দ্বিগুণ শোভা, কামিনী-অন্তর-লোভা, বচন বর্ণন তাহে নহে ॥

পুনঃ পুনঃ প্রেরণার্থ, বিভ্রম লোচন আর্ত্ত, অতি দীর্ঘ অতি শোভাময়। তাহার অর্দ্ধেক ভঙ্গি, কামিনী মোহন রঙ্গি, জন্মান্তরে দেখি ভাগ্য হয় ॥

শুনি কহে সখীগণ, খেদ কর কি কারণ, কৃষ্ণ আসি

বীক্ষিষ্যে তব বদনাম্বুজং কদা নু ॥ ৪৪ ॥

লীলায়িতাভ্যাং রসশীতলাভ্যাং

যস্মিন্। মৎপ্রেরণাহর্ষেণার্দ্রং অতো দ্বিগুণমনোজ্ঞং বেণুগীতং যস্মিন্ যৎ-প্রেরণার্থং বিভ্রাম্যদ্বিপুলবিলোচনয়োর্যৎ অর্দ্ধং তেন মুগ্ধঞ্চ যৎ। স্বান্তর্দশায়াং পূর্ব্ববৎ। বাহ্যে স্পষ্টোহর্থঃ॥ ৪৪ ॥

অতঃ সীদন্ত্যা অয়ি সএবাগত্য ত্বাং দ্রক্ষ্যতি তদা তবাপি শক্তির্ভবিষ্যতীতি সখীবাক্যান্তঃসোৎকণ্ঠং পৃচ্ছন্ত্যা বচোনুবদন্নাহ। স কিশোরঃ নয়নাম্বুজাভ্যাং

লোচনার্দ্ধ দ্বারা মুগ্ধ সেই ভবদীয় বদনাম্বুজ কবে দর্শন করিব ?॥ ৪৪।

অতঃপর শ্রীরাধাকে অবসন্নপ্রায় দেখিয়া সখীগণ বলিলেন "তুমি অবসন্না হইও না, যার জন্য দুঃখ, তিনি নিজেই আসিয়া দর্শন দিবেন" এই কথা গ্রন্থকার বর্ণন করিতেছেন॥

করুণাশালী কিশোর শ্রীকৃষ্ণ, লীলায়িত রসশীতল নীল

যদুনন্দনঠাকুরের পদ্য।

দেখিবে তোমায়। তাতে তুয়া শক্তি হবে, তাহাকে দেখিতে পাবে, সুখী হবে তুয়া নেত্র তায়॥

এইরূপ সখীবাণী, শুনিতেই সুনয়নী, তারে পুছে উৎকণ্ঠিত হৈয়া। লীলাশুক সেই ভাবে, কহিতে লাগিলা তবে, এক শ্লোক অপূর্ব্ব করিয়া॥ ৪৪॥

সখি হে সেই নব কিশোর শেখর। নয়নকমলবরে, কবে নিরীক্ষিবে মোরে, এই দশা দেখিবে সকল॥ ধ্রু।

এখনি মরিয়ে আমি, কিবা বল সখী তুমি, কবে বা আসিবে সে দেখিতে। এরূপ নৈরাশ্য বাণী, কহি খেদ করে ধনী, যেবা খেদ কে পারে শুনিতে॥

নীলারুণাভ্যাং নয়নাম্বুজাভ্যাং।
আলোকয়েদদ্ভুতবিভ্রমাভ্যাং

কদা কালে আলোকয়েৎ মামিতি শেষঃ। ইচ্ছাপ্রকাশনে লিঙ্‌। কিম্বা। ইদানীং ম্রিয়ে কদা বা লোকয়েদিতি নৈরাশ্যোক্তিঃ। কীদৃগ্‌ভ্যাং। প্রেমরস-শৃঙ্গাররসয়োঃ প্রবাহেন শীতলাভ্যাং। তথা তারয়োর্নীলিম্না প্রান্তয়োররুণি-ম্না চ যুক্তাভ্যাং। মদিরয়োরিবাদ্ভুতো বিভ্রমো যয়ো স্তাভ্যাং। অতো লীলা-প্রাচুর্য্যাল্লীলেবং চরতঃ লীলায়তে যে তাভ্যাং। অপরাধিনী মাং পশ্যতি চেত্তদা হিত্বা কথং গত ইতি বিমৃশ্য সদৈন্যমাহ। কারুণিকঃ কৃপয়া সম্ভবেদপি

ও অরুণবর্ণ প্রভৃতিআশ্চর্য্য শোভাযুক্ত নয়নাম্বুজ দ্বারা কবে

যদুনন্দনঠাকুরের পদ্য।

শৃঙ্গার রসের যেই, প্রবাহ বহয়ে সেই, শীতল নয়নপদ্ম-শোভা। তাহাতে নীলিমা যার, অন্তে অরুণিমা আর, পদ্মে নট খঞ্জনের লোভা॥

লীলাতে আয়ত আঁখি, তাহাতে চাপল্য সখি!, কবে তাহে হেরিব আমারে। মুঞি অপরাধী জনে, দেখিতে থাকিত মনে, তবে ছাড়ি কেনে গেলা দূরে॥

এত কহি বিমর্ষিয়া, কহে যে আছয়ে হিয়া, দেখিতেহ পারে আসি মোরে। সহজে করুণাময়, কৃপাতে বা দেখা হয়, মোর ভাগ্যে না জানি কি করে॥

কহিতেই মূর্চ্ছা হৈলা, সখীরা সম্ভ্রম পাইলা, কহে সখী দেখ আগে তারে। আইলা কিশোর রায়, গজগতি সুলীলায়, আঁখি মেল কেনে আর ভোরে॥

সখীর আশ্বাস শুনি, সম্ভ্রমে পাইলা ধনী, যত্নে নেত্র মেলিয়া উঠিলা। সর্ব্ব দিশা দেখি পুনি, নাহি দেখে ব্রজ-

কালে কদা কারুণিকঃ কিশোরঃ॥ ৪৫ ॥
বহলচিকুভারং বদ্ধপিঞ্ছাবতংসং
চপলচপলনেত্রং চারুবিম্বাধরোষ্ঠং।

ইতি। স্বান্তর্দর্শায়ামেনাং কদা লোকয়েদিতি। বাহে কদা কৃপাবলোকনং করিষ্যতীতি॥ ৪৫॥

অথ পুন মূর্চ্ছন্ত্যাঃ সখি উত্তিষ্ঠ পশ্যায়মাগতঃ কৃষ্ণ ইতি সখীনামাশ্বাসনৈঃ সসম্ভ্রমং নেত্রে উন্মীল্যোত্থায় দিশোঽবলোকয়ন্ত্যাস্তমপ্যেতাঃ প্রতি প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। হে সখ্যঃ মুরা কুৎসা তদরেঃ পরমসুন্দরস্যেত্যর্থঃ। মুগ্ধং বেশং মে নয়নং মৃগয়তি শীঘ্রং দর্শয়েতি ভাবঃ। কীদৃশং। বহলস্নিগ্ধ-নিবিড়শ্চিকুরভারো যস্মিন্ তত্রৈব বদ্ধঃ পিঞ্ছাবতংসো যস্য। চপলান্মীনা-

---

আমাকে অবলোকন করিবেন ? ॥ ৪৫ ॥

অতঃপর শ্রীরাধাকে মূর্চ্ছাপন্ন দেখিয়া সখী বলিলেন হে "সখি শয্যা হইতে উঠ, এই দেখ শ্রীকৃষ্ণ আসিয়াছেন," এই রূপ সখীদিগের শ্রীরাধার প্রতি আশ্বাসবাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন॥

আমার নয়ন মুরারির মুগ্ধবেশে মুগ্ধ হইয়া কেবল

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাহাই অন্বেষণ করিতেছে (বেশের কথা অধিক আর কি বলিব) যাহাতে কেশকলাপ সংযত ও তদুপরি ময়ূর-মণি, সখীগণে কহিতে লাগিলা॥ ৪৫ ॥

সখি ! হে, মুরারির মনোহর বেশ। দর্শন লাগিয়া মোর, অন্বেষয়ে দিঠি যোর, তৎকাল দেখাও নাগরেশ ॥ ধ্রু ॥

ঘনস্নিগ্ধকেশ তার, পিঞ্ছ অবতংস আর, নবাম্বুদে যেন ইন্দুধনু। চঞ্চলনয়নঘোর, অতিদীর্ঘ শ্রুতিকোর, সফরি মীনের গতি জনু ॥

মধুরমৃদুলহাসং মন্দরোদারলীলং
মৃগয়তি নয়নং মে মুগ্ধবেশং মুরারেঃ ॥ ৪৬ ॥

দপি চপলে নেত্রে যস্মিন্। চপলঃ পারদে মীনে ইতি বিশ্বাৎ। চারুবিম্বাধরোষ্ঠৌ যত্র মধুরো মৃদুলশ্চ হাসো যত্র। বেশস্য গাম্ভীর্য্যং ক্ষোভকত্বঞ্চাহ। মন্দরাদ্রেরিবোদারা মহতী লীলা যস্য তেন যথা দুগ্ধাব্ধিং সংক্ষোভ্য রত্নাদিকঞ্চ আহৃতং তথা নৈবাস্মাকং ধৈর্য্যাদিকিমতো মহাক্ষোভকমিতি ভাবঃ। স্বান্তর্দশায়াং তৎসঙ্গমমধুরবেশং। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৪৬ ॥

পিচ্ছের কর্ণভূষণ আবদ্ধ, নেত্রদ্বয় অত্যন্ত চপল, মনোজ্ঞ বিম্বফল তুল্য অধরোষ্ঠ তথা হাস্য মধুর অথচ মৃদুল এবং যাহা মন্দরের ন্যায় নীলবর্ণ ॥ ৪৬ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাতে ওষ্ঠ বিম্বাধর, মৃদুহাস্য মধু চোর, গাম্ভীর্য্যক্ষোভক লীলাগণে। মন্দর পর্ব্বত যেন, স্নিগ্ধ সিন্ধু সুমন্থন, করিয়া হরিলা রত্নধনে ॥

হৃদয় গম্ভীর তেন, মথয়ে আমারে যেন, কৃষ্ণলীলা বেশ সুমন্দর। ধৈর্য্যরত্ন হরি লয়ে, শুন শুন সখি! অয়ে, দরশাও দেখি সে সুন্দর ॥

সখী কহে আইলা হরি, তোহে পরিহাস করি, কোন কুঞ্জে লুকাইয়া রহে। চল তাহে অন্বেষিয়া, সেইখানে বিলোকিয়া, শুনি ধনী সখী-সনে যায়ে ॥

তুলসী মালতী জাতি, মাধবী মল্লিকা যূথী, লতা তরু পশু পক্ষী স্থানে। কৃষ্ণকথা প্রশ্ন করে, তার সঙ্গে প্রশ্নোত্তরে, প্রলাপিয়া করে নির্দ্ধারণে ॥ ৪৬ ॥

বহুলজলদচ্ছায়াচৌরং বিলাসভরালসং

নন্বাগতোঽয়ং ত্বাং পরিহসন্ ক্বাপি কুঞ্জে নিলীনস্তিষ্ঠতি তদা গচ্ছত তম ন্বিষ্য পশ্যাম ইতি সখীনাং গিরা তাভি স্তমন্বিষ্য ভ্রমন্ত্যাঃ কচ্চিত্তুলসি অপ্যেন- পত্নীত্যাদিবৎ স্থিরচরান্ প্রচ্ছন্ত্যা স্তেষাং প্রশ্নমুট্টঙ্ক্য তান্ প্রতি প্রত্যুত্তর- য়ন্ত্যা বচোঽনুবদন্নাহ। নন্বু কিমর্থমুন্মত্তা ইব রাত্রৌ ভ্রমথ তত্রাবহিত্থামাহ। যস্য নামাপি চৌরত্বাদগ্রাহ্যং তং কমপি বয়ং মৃগয়ামহে। স জ্ঞায়ত এব বো দৃষ্টশ্চেৎ কথ্যতাং। আং শঠোঽয়ং ক্বাপি কয়াপি গোপ্যা রমমাণস্তিষ্ঠতি তদন্বেষণং তু লাঘবায়ৈব তন্নিবর্ত্তধ্বং তত্র সগর্ব্বসাবহেলমাহ কমলেতি। লক্ষ্যাপাঙ্গস্য য উদগ্রঃ প্রসঙ্গস্তেন জড়ং তন্দ্রসমিতি। কিমুতাস্মদোপ্যা-

অতঃপর সখীগণ বলিলেন "এই দেখ শ্রীকৃষ্ণ আসিয়া- ছেন এবং তোমাকে উপহাস করত কুঞ্জমধ্যে কোথাও লুকায়িত রহিয়াছেন" ইত্যাদি সখীদিগের বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন॥

আমি এমন কোন এক অনির্ব্বচনীয় ব্যক্তিকে অন্বেষণ

যদুনন্দনঠাকুরের পদ্য।

তরুলতা কহে যেন, তোমার উন্মাদ হেন, রাত্রে কেন ভ্রমিয়া বেড়াও। আকার গোপন করি, তারে কহে সুনা- গরী, শুন সবে এক মন হও॥

নাম লৈতে নারি তার, নাম চৌর প্রায় যার, তারে সবে করি অন্বেষণ। তোমরাও জান তারে, দেখি থাক কহ আরে, তাতে কিছু আছে প্রয়োজন॥

তারা যেন কহে তারে, তেঁহ মহাশঠবরে, কোন্ কুঞ্জে কোন গোপী লৈয়া। রমণ করয়ে সুখে, অন্বেষ লাঘব তাকে, থাক মনে নিবৃত্তি হইয়া॥

মন্দশিখিশিখানীলোত্তংসং মনোজ্ঞমুখাম্বুজং।

রমমাণ স্তোহস্মম্মনোরত্নং হৃত্বা গতোহয়ং তদেব প্রার্থ্যং কিং নষ্টেনেতি ভাবঃ। নম্নু শীলে কথং চৌরাপবাদং দদথ। তত্র সহাসশিরোধূননমাহ। বহলেতি। বজ্রেন্দ্রধনুরাদিযুক্তানাং নিবিড়জলদানামপি ছায়া কান্তি স্তচ্চৌরং কিমুতাবলানাং নো মনোরত্নমিতি ভাবঃ। তথা মধ্বিতি। মধুরিম্নাং পরিপাকো যেষু তে মধুরিমপরিপাকাঃ স্মরেন্দুপল্লহংসমৃগগীন পল্লবাদ্যা স্তেষাং উদ্রেকঃ শঙ্কয়াস্মাৎ তং তেষামপি মাধুর্য্যাণাং চৌরিমিত্যর্থঃ। মধুরং সরবৎ স্বাদু প্রিয়েষু ইতি বিশ্বঃ। রেকোবিবেক শঙ্কায়াং রেকঃ স্যাদধমেহপি বেতি বিশ্বঃ। নম্বেবং চেদ্দ রে স্থাস্যতি কথং দ্রক্ষ্যথ তত্রাহ মন্দেতি। পিঞ্ছমুকুটাদ্দ র-

করিতেছি যে, যাঁহার কান্তি নিখিল জলদকান্তিকে অপ-

যদুনন্দনঠাকুরের পদ্য।

এত উট্টঙ্কিতে * মনে, কহে গর্ব্ব ভাব সনে, লক্ষ্ম্যাপাঙ্গ-নামে তেঁহ জড়। সে লক্ষ্মীর সেব্য হয়ে, মোর গোপী সঙ্গে রহে, রমণ করিবে সে চপল॥

তার সঙ্গে মো সবার, কিবা কাজ আছে আর, মনরত্ন যে চুরি করিলা। তাহা লব তাহা স্থানে, এ লাগিয়া অন্বেষণে, ফিরি সবে হৈয়া সখী মেলা॥

তবে যদি বল হেন, স্বধর্ম্ম শীলেরে কেন, চৌর্য্য অপবাদ দেও সবে। তার কথা শুন কহি, সত্য জান বাক্য এহি, মো সবার চিত্ত অনুভাবে॥

বজ্র ইন্দ্রধনু আদি, যাতে আছে নিরবধি, হেন যে নিবিড় জলধর। তার কান্তি চুরি কৈলা, তাহাতে অবলা মোরা, মনোরত্ন হরিতে কি ডর॥

* উট্টঙ্কিতে-উত্থাপন করি নে।

কমপি কমলাপাঙ্গোদগ্রপ্রসঙ্গজড়ং জগ-

তোঽপি দৃশ্যো ভবেদিতি ভাবঃ। নন্থ ততোঽপি ধাবিত্বাপসরেতি তত্রাহ। বিলাসেতি তদতিশয়জালসে ন শীঘ্রং গন্তুমপ্যশক্তমিত্যর্থঃ। নন্থ ঘনতমসি কুঞ্জে নিলীয় স্থাস্যতি তত্রাহ। মনোজ্ঞেতি। কোটিচন্দ্রবন্মনোজ্ঞং মুখাম্বুজং যস্য তৎকান্তিপূরেণৈব দৃশ্যো ভবেদিত্যর্থঃ। যদ্বা। নন্থ প্রাতর্ব্রজ এব তং লপ্স্যাধ্বে তদৈবাত্মানং গ্রাহ্যং সবলোঽহসৌরাত্রৌ কদাচিদ্দেহমপি বঃ চারয়ন্তঃ নিবর্ত্তধ্বং। তত্র আত্মানমনুক্ত্বা ভঙ্গ্যাহ। কমলানাং বরস্ত্রীণামাসামপঙ্গস্যাদগ্রো যঃ প্রসঙ্গস্তেন জড়ং কিমপি কর্ত্তুমশক্তমিত্যর্থঃ। কমলা শ্রীবরস্ত্রিয়োরিতি বিশ্বঃ। স্বান্তর্দশায়াং স্বসমানসখীঃ প্রত্যুক্তিঃ। হে সখ্যঃ আগচ্ছ যেনোন্মাদিতেয়ং তম-

হরণ করিতেছে, যিনি বিলাসভরে অলস, মদমত্ত ময়ূর-গণের পিচ্ছসহ যাঁহার কেশবন্ধ, মুখম্বুজ মনোজ্ঞ, কমলার

যদুনন্দনঠাকুরের পদ্য।

আর শুন মধুরিমা, পরিপাক মনোরমা, চন্দ্র পদ্ম হংস-মৃগ কাম। পল্লবাদ্য শঙ্কা করে, এ সবার মাধুরী হরে, তেঁই চৌর-চক্রবর্ত্তী নাম॥

বৃক্ষলতা কহে যেন, যদি তেঁহু চৌর হেন, তবে তেঁহু আছে দূর স্থানে। লাগ পাবো কোথা তার, কিবা অন্বেষ হ আর, ধৈর্য্য ধরি থাক নিজ মনে॥

পুন কহে সুনাগরী, তেঁহ শিখিপিচ্ছধারী, দূরে হৈতে দেখা পাব তার। লতাগণ কহে তবে, ধাঞা পালাইব যবে, তবে কৈছে লাগ পাব তার॥

রাই কহে অতিশয়, বিলাসে অলস গায়, চলিতেই শক্তি নাহি ধরে। লতা কহে ঘনকুঞ্জে, রহিব তিমির পুঞ্জে, নিজ-তনু গোপন আকা রে॥

স্মধুরিমপরিপাকোদ্রেকং বয়ং মৃগয়ামহে ॥ ৪৭ ॥

ন্বেষয়ামঃ। নন্থ কথং রাত্রৌ লপ্স্যামহে তত্রাহ পঞ্চভি বিশেষণৈঃ। নন্থ প্রাপ্তে কথমায়াস্যতি তত্রাহ। কমলা শ্রীরাধা অস্যাপাঙ্গে তৎপ্রস্তাবেনাপি জড়ং তদ্বৎ সচিত্তং নৈবেষ্যতীত্যর্থঃ। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৪৭ ॥

নেত্রান্তের প্রসঙ্গে যিনি জড়বৎ, অপিচ যিনি অনিয়ত শোভা পারিপাকের উদ্রেক স্বরূপ ॥ ৪৭ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

রাই কহে মনোজ্ঞ অতি, কোটিচন্দ্র জিনি কান্তি, হেন মুখপদ্ম শোভা যার। সেই কান্তিগণ তারে, দেখাইবে অন্ধকারে, ইহাতে সন্দেহ নাহি আর ॥

কিম্বা যেন লতা বোলে, কালি প্রাতে ব্রজস্থলে, লাগ পাবে লৈও নিজ ধন। রাত্রিকালে তেঁহু ফিরি, দেহ পাছে করে চুরি, তেঞি কহি হও নিবর্ত্তন ॥

রাই কহে বরনারী, অপাঙ্গে প্রসঙ্গ ডারি, জড় প্রায় তনু মন হয়। তেঞি আমা সবাকারে, না করিতে পারে আরে, নিজ রত্ন লইব হেলায় ॥

উন্মাদ দশায় ধনী, ভ্রমে কহে কত বাণী, এইকালে কুঞ্জের সমীপে। স্ফূর্ত্তে দেখে আইলা হরি, পুনঃ স্ফূর্ত্ত্যে নাহি হেরি, তাতে ধনী বৈকল্যে বিলাপে ॥

সখীগণ কহে কেনে, খেদ পাও নিজ মনে, এখনি না দেখিলা তাহারে। সখীর আশ্বাস শুনি, তা সবাকে কহে ধনী, প্রলাপ বচন সুকাতরে ॥ ৪৭ ॥

পরামৃশ্যং দূরে পথি পথি মুনীনাং ব্রজবধূ-
দৃশাদৃশ্যং শশ্বত্রিভুবনমনোহারিবদনং ।

অথ কচিৎ কুঞ্জাভ্যর্ণে স্ফূর্ত্ত্যা তং দৃষ্ট্বা পুনঃ স্ফূর্ত্ত্যা বিক্লবায়া দৃষ্টোঽসৌ কিমপি খিদ্যসে ইত্যাশ্বাসয়ন্তীঃ সখীঃ প্রতি প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। হে সখ্যঃ তদেব ক্রীড়াপরং কৃষ্ণং তদা দরীদৃশ্যে ভৃশং বাঞ্ছাপূর্ত্ত্যা পশ্যামি। তত্র হেতুঃ। দরদলিতেতি ত্রিভুবনেতি চ। অতো মুনিসমুদয়ানাং ব্যাসাদীনাং বাচাপ্যনামৃশ্যমস্পৃশ্যমেতাদৃক্‌সৌন্দর্য্যবিশিষ্টতয়া বক্তুমপ্যশক্যমিত্যর্থঃ। অনিশমুদয়ানামিতি পাঠে। অনিশমুদয়ানাং নিত্যোদয়ানাং বাচাং শ্রুতীনামপ্যনামৃশ্যং। কিম্বা। ননু তবৈবায়ং কদাপি দ্রক্ষ্যতি। তত্র, অখিলদেহিনামন্তরাত্মদৃগিতিবৎ তদ্দোর্ল্লভ্যমাহ। মুনীনাং বচোঽপ্যনাদৃশ্যং। নন্বেবং চেৎ ত্বং কথং

অতঃপর কোন কুঞ্জে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি হওয়ায়, পুনশ্চ বিক্লবা শ্রীরাধা খেদ করিলে সখীগণ আশ্বাস বাক্য কহিতেছেন, গ্রন্থকার তাহাই বর্ণন করত কহিলেন ॥

মুনিগণ ধ্যানপথেও যাঁহাকে বহুদূরে অবলোকন করেন কি না এবং যিনি ব্রজবধূগণের নেত্রকটাক্ষে নিরন্তর

যদুনন্দনঠাকুরের পদ্য।

সখি হে ক্রীড়াবান্ কিশোর শেখর। বাঞ্ছা ভরি নেহারিনু, পুনঃ পুনঃ সুখ পাইনু, মুখ ত্রিভুবন মনোহর॥ ধ্রু ॥

নীলোৎপল দলকান্তি, ঈষৎ বিকাস ভাঁতি, তাহা নিজ কান্তি মনোহর। ব্যাস আদি মুনিগণ, যতেক কবীন্দ্র হন, বচনের দূর রূপধর ॥

সখীগণ কহে হরি, সদা বশ হয় তোরি, এখনি দেখিবে চিন্তা নাই। দুর্ল্লভ মানিয়া রাই, কহে সখী বুঝ নাই, মুনি বাক্য অগোচর সেই ॥

অনামৃশ্যং বাচা মুনিসমুদয়ানামপি কদা

দিদৃক্ষ্যসে তত্রাহ ব্রজেতি। ব্রজবধূনাং যুষ্মাকং দৃশাদৃশ্যং তত্রাপি শশ্বন্নির-ন্তরমত ইয়ং লালসেত্যর্থঃ। কিম্বা। নমু। কালে দ্রক্ষ্যসি ইদানীং ক বর্ত্তো-হসাবত্র তদুদ্দেশং কথয়ন্ত্যাহ মুনীতি। মুনয়োবিহগা বনে অস্মিন্ হরিমুপা-সততে ধৃতমৌনা ইত্যাদিদিশা মুনীনাং দর্শনেন জাতস্তম্ভমোহান্বিতয়া ধৃতমৌনানাং যুষ্মাকং তত্রাপি পক্ষিমৃগাণাং পথি পথি পরামৃশ্যং তত্রাপি দূরে দূরে দূরাদেবাত্রৈবাস্ত ইত্যূহ্নেয়ং। স্বান্তদর্শায়াং সমানসখীঃ প্রত্যুক্তিঃ। দেব-মনয়া সহ তথা ক্রীড়য়ন্তং তং কদা দরীদৃশ্যে পুনঃ পুনঃ সাক্ষাৎ পশ্যামি অন্যৎ সমং। বাহ্যে ভাবশাবল্যোদয়াদাহ। তং কদা দরীদৃশ্যে তত্র হেতুঃ দয়েতি। পুনঃ সনৈরাশ্যমাহ অনেনেতি। মুনীনাং বাগগোচরমহং দ্রষ্টুমিচ্ছাম্যতো-

দৃশ্য, যাঁহার বদন ত্রিভুবনের মনোহর, যাহা নিখিল মুনি-গণেরও বাক্যপথের অগোচর, সুতরাং সেই নীলোৎপল কান্তি প্রভুকে কি আমি কোন কালেও পুনঃ পুনঃ দর্শন

যদুনন্দনঠাকুরের পদ্য।

তবে যদি বল ঐছে, তুমি তা দেখিবে কৈছে, দেখিতে লালসা কেনে কর। তবে শুন ব্রজনারী, নেত্রদৃশ্য সদা হরি, তা লাগি দেখিতে আশা বড় ॥

তবে যদি বল থাকি, দেখিও তাহারে সখী, একে তার দেখা পাবে কোথা। তবে শুন পক্ষগণ, মৌন দেখ অনু-ক্ষণ, দূরে পরামৃশি কহে যথা ॥

অনুমান করি এই, এথাই আছয়ে সেই, পথে পথে তারা যুক্তি করে। তাহার দর্শন পাঞা, স্তম্ভ মোহ উপ-জিয়া, তাতে তারা সবে মৌন ধরে ॥

কহিতেই পূর্ব্বে যেন, অন্যে অন্যে দরশন, সে সময়ে

দরিদৃশ্যে দেবং দরদলিতনীলোৎপলরুচিং ॥ ৪৮ ॥
লীলাননাম্বুজমধীরমুদীক্ষমাণং

মূর্খোঽস্মি। পুনঃ সোৎকণ্ঠমাহ ত্রিভুবনেতি। তথা মুনীনাং দূরেঽমুমেয়ং বাগগোচরঞ্চ ব্রজবধূ দৃশাদৃশ্যং নীলোৎপলতয়েত্যাশ্চর্য্যং ॥ ৪৮ ॥

অথ পূর্ব্বপ্রেরণকালোঽন্যোন্যদর্শনস্মৃত্যোৎকণ্ঠং তাঃ স্পৃশন্ত্যা বচোঽমুবদন্নাহ। নু ভোঃ সখ্যস্তং ময়ৈব দয়িতং দেবং ক্রীড়য়ন্তং কদা ব্যতিলোকয়িষ্যে। স মাং কুঞ্জে প্রেরণার্থং দ্রক্ষ্যত্যহমপি তং তদঙ্গীকারজ্ঞাপনার্থং

করিতে সমর্থ হইতে পারিব ॥ ৪৮ ॥

অতঃপর পূর্ব্বকার প্রেরণকালীয় পরস্পর সন্দর্শন স্মরণ করত শ্রীরাধা উৎকণ্ঠিতা হইলে সখীগণ যে আশ্বাস করিয়াছেন, গ্রন্থকার তাহাই বর্ণন করিতেছেন ॥

যাঁহার বদনকমল নীলবর্ণ ও চঞ্চলভাবে ইতস্ততঃ

যদুনন্দনঠাকুরের পদ্য।

স্মৃতি হৈয়া গেল। তার দরশন লাগি, চিত্ত হৈল অনুরাগি, উৎকণ্ঠাতে পুছিতে লাগিল ॥ ৪৮ ॥

সখি হে আমার দয়িত শ্যামরায়। সেই ক্রীড়াযুক্ত কবে, অন্যে অন্যে দেখা হবে, হেন দিন হবে কি আমার ॥ ধ্রু ॥

মোরে কুঞ্জে পাঠাবারে, কৃষ্ণ নিরখিবে মোরে, আমি তাহা অঙ্গীকার কাজ। জানাবার তরে তারে, হেরিব কি সখী আরে, কবে রাসমণ্ডলীর মাঝ ॥

নানারস উদগারি, মুখপদ্ম মনোহারি, নিরক্ষর সঙ্কেত ভঙ্গি যাতে। অধৈর্য্য লোচন তথা, ঊর্দ্ধ চালনে যে কথা, কহয়ে সঙ্কেত কুঞ্জে যাইতে ॥

নর্ম্মাণি বেণুবিবরেষু নিবেশয়ন্তং।
দোলায়মাননয়নং নয়নাভিরামং
দেবং কদা নু দয়িতং ব্যতিলোকয়িষ্যে ॥ ৪৯ ॥

কদা দ্রক্ষ্যামি। কীদৃশং। লীলা নানাভাবোদ্গারযুক্তং নিরক্ষরসঙ্কেতকথনভঙ্গী তদযুক্তমাননাম্বুজং যস্য। অধীরং যথা তথোদীক্ষমাণং উর্দ্ধনেত্রচালনয়া মাং কুঞ্জে প্রেরয়ন্তং। অতোঽন্যজ্ জ্ঞানভিয়া দোলায়মানে নয়নে যস্য তথা নর্ম্মাণি মৎপ্রেরণশঙ্কেতরূপাণি বেণুবিবরেষু নিবেশয়ন্তং। অতো নয়নাভিরামং স্বান্তর্দশায়াং তাং কুঞ্জায় নেতুং মাং সংদ্রক্ষ্যত্যহমপি তজ্ জ্ঞাপনার্থং তং অন্যং সমং। বাহ্যে কৃপাবলোকনং তস্য মমাপি বিস্ময়াবলোকনং ॥ ৪৯ ॥

নিরীক্ষণ শীল, যিনি বেণুবিররে নিখিল নর্ম্ম (পরিহাস) কে বিনষ্ট করিতেছেন, যাঁহার নয়নযুগল দোলায়মান এবং যিনি নয়নের অভিরাম, সেই প্রিয়তম দেবকে আমি কবে সমধিক রূপে দর্শন করিব ? ॥ ৪৯ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

অন্য গোপাঙ্গনা ভয়, যেন সে কৌতুক ময়, তাহাতে দোলায় মান আঁখি। তথা নর্ম্ম বেণু বিন্ধে, শঙ্কেত রূপের বন্ধে, শঙ্কেতে পাঠায় নর্ম্ম তাখি ॥

নয়নের অভিরাম, সেই মোর ধনপ্রাণ, সেই লীলা সর্ব্ব রসময়। কবে অন্যে অন্যে দেখা, হবে সেই প্রেম লেখা, কবে হবে মঙ্গল সময় ॥

এতেক কহিতে রাই, মাধুর্য্যসমুদ্রে যাই, সর্ব্বেন্দ্রিয় মন ডুবি রহে। পুনঃ মোহ উপজিলা, দেখি সব সখী গেলা, কহে সখী পাসরহ তাহে ॥

ক্ষণেক বিস্মৃত হৈয়া, সুখী কর নিজ হিয়া, কেনে দুঃখ

লগ্নং মুহুর্মনসি লম্পটসংপ্রদায়-
লেখাবলেহি নিরসজ্ঞ-মনোজ্ঞবেশং ।

অথ তন্মাধুর্য্যার্ণবে সর্ব্বেন্দ্রিয়মনোনয়নেন পুনর্মোহং গচ্ছন্ত্যা অয়ি সখি ক্ষণং বিস্মৃত্য সুখিনী ভবেতি সখীনামাশ্বাসাত্তচ্ছক্তিং কথয়ন্ত্যা বচোঽনুবদন্নাহ। মুখে কুন্দবদ্ধাস্যং যস্য মুকুন্দস্য বাল্যং কৈশোরং চাপল্যং বা মম মনসি বস্ত্রে, মঞ্জিষ্ঠারাগ ইব লগ্নং কিং করোমীত্যর্থঃ। ননু ততো নিবৃত্যান্যত্র নিবেশয়েত্যত্র তদপি মদ্বশেনেত্যাহ। কীদৃশে। লম্পটসম্প্রদায়স্য লেখামবলেঢ়ুং শীলং

অতঃপর শ্রীকৃষ্ণের মাধুর্য্যার্ণবে শ্রীরাধার সমস্ত ইন্দ্রিয় মগ্ন হওয়ায় প্রলাপ করিতে থাকিলে সখীগণ যে আশ্বাস করিয়াছেন গ্রন্থকর্ত্তা তাহারই বর্ণন করত কহিলেন ॥

শ্রীকৃষ্ণের বাল্যভাব আমার মনোমধ্যে নিয়তই সংলগ্ন রহিয়াছে, যে বাল্যভাব লম্পট বালক বৃন্দের সহিত কানন-

যদুনন্দনঠাকুরের পদ্য।

পাও স্মৃতি করি। তাহা শুনি কহে রাই, পাসরিতে শক্তি নাই, এত কহি কহে তা বিবরি ॥ ৪৯ ॥

সখি হে পাসরিতে নারি যে গোবিন্দ। মোর চিত্ত বস্ত্র যেন, মঞ্জিষ্ঠা রাগের হেন, লাগিয়াছে কি করি প্রবন্ধ ॥ ধ্রু ॥

পুনিম চান্দে ও মুখ, সেবিতে নয়নসুখ, তাতে হাস্য চন্দ্রের সমান। প্রফুল্ল অধর তাতে, রাগযুক্ত মনোনীতে, স্মিত অংশ অরুণ বন্ধন ॥

কৈশোর বয়স তাতে, নানান চাপল্য যাতে, সখী তাহা পাসরিতে নারি। তবে কহে সখীগণ, অন্য কাজে রাখ মন, কোন স্থানে অবলম্ব করি ॥

রাই কহে কি করিব, মনে কত ক্ষমা দিব, সেহ মন মোর

রজ্যন্মৃদুস্মিতমৃদূল্লসিতাধরাংশু-

রাকেন্দু-লালিত-মুখেন্দু-মুকুন্দ-বাল্যং ॥ ৫০ ॥

যস্য মহালম্পট ইত্যর্থঃ। অথবাস্য বরাকস্য কো দোষঃ যত এতাদৃশং তদিত্যাহ। রসজ্ঞানাং মনোজ্ঞো বেশো যস্মিন্। তথা রাগযুক্তশ্চ মৃদুস্মিতেন মৃদূল্লসিতশ্চ যোঽধর স্তস্যাংশু র্যস্মিন্। পৃথক্‌পদং বা। তথা রাকেন্দুভির্লালিতঃ সেবিতঃ মুখেন্দু র্যত্র। স্বান্তর্দশায়াং সমানসখীঃ প্রত্যুক্তিঃ। বাল্যং তয়া সহ

মধ্যে নিরসজ্ঞ (অন্যান্য-সাধারণ) মনোহর বেশে পরিশোভিত এবং সুরঞ্জিত মৃদুহাস্য দ্বারা মৃদুভাবে সমুন্নত অধরকান্তিরূপ রাকাপতি অর্থাৎ পূর্ণচন্দ্র দ্বারা বাল্যভাবে যে মুখচন্দ্র লালিত তাদৃশ মুকুন্দ অর্থাৎ শ্রীকৃষ্ণের বাল্যভাব আমার মনোমধ্যে লগ্ন রহিয়াছে ॥ ৫০ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

বশ নয়। লম্পট সম্প্রদারাজ, তার বিপরীত কাজ, পরধন গ্রাসশীল হয় ॥

অথবা বরাক মন, ইহারি কি দোষ গুণ, কৃষ্ণরূপ সর্ব্ব আকর্ষয়ে। কৃষ্ণাঙ্গ মাধুর্য্যগণে, কেবা ক্ষমা দিবে মনে, এই লাগি পাসরিল নহে ॥

সেই যে মাধুর্য্যে মন, ডুবি হৈল অচেতন, পুন মৃত্যু শঙ্কা হৈল মনে। সখী প্রতি কহে ধনী, বিষাদ প্রলাপ বাণী, এই দেখ তোমা সবাসনে ॥

এত কহি মনে হৈল, কৃষ্ণ সঙ্গে যাহা কৈল, সখীগণ নিকট থাকিতে। স্তনাধর আদি যত, আকর্ষয়ে কৃষ্ণ কত, নর্ম্ম ভঙ্গি মনোহর রীতে ॥

তাতে রতি ফল হয়ে, মাধুর্য্য সমুদ্রাশয়ে, তাহা স্ফূর্ত্তি

* অহিমকরকরনিকরমৃদুমুদিতলক্ষ্মী-
সরসতরসরসিরুহসদৃশদৃশি দেবে।

কুঞ্জে কৈশোরচাপলং। বাহে স্বান্ প্রত্যুক্তিঃ॥ ৫০॥

অথ তস্য তন্মাধুর্য্য-মন আদীনাং লয়েন মুহন্ত্যাঃ পুন র্মৃতিমাশঙ্ক্য সখীঃ প্রতি এতাবানেব ভবতীভিঃ সহ সঙ্গম ইতি প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ ত্রিভিঃ শ্লোকৈঃ। অথ প্রথমং কুট্টমিতাদি ভাববিবশেনামুনা স্বসখীভিঃ সহ তস্য কঞ্চুকাকর্ষণহঠালিঙ্গনর্ম্মাদিভঙ্গীরতিকলহমাধুর্য্যাদি স্ফূর্ত্ত্যা তত্র মন আদিলয়েন প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। অহং দেবে মনোজ্ঞক্রীড়াবিজিগীষাপরে শ্রীকৃষ্ণবিশেষণে তাৎপর্য্যাৎ তন্মাধুর্য্যার্ণবে ইত্যর্থঃ। লীয়ে লীনা-

অতঃপর শ্রীকৃষ্ণের মাধুর্য্যে মন আদি ইন্দ্রিয়গণ মগ্ন হইলে শ্রীরাধা মুগ্ধা হওত মরণাশঙ্কায় সখীর প্রতি প্রলাপ করিলে তাহাদের আশ্বাস-বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন।

শ্রীকৃষ্ণের লোচন অহিমকিরণ অর্থাৎ সূর্য্যদেবের কিরণ দ্বারা যাহার শোভা মুদিত, তাদৃশ অতীব সরস পদ্ম-

যদুনন্দনঠাকুরের পদ্য।

হৈয়া গেল মনে। তাতে মনেন্দ্রিয়গণ, ডুবিয়া রহিল যেন, তিনি শ্লোক কহে প্রকাশনে॥ ৫০॥

সখি হে কৃষ্ণলীলা মাধুর্য্যসিন্ধুতে। ডুবিয়া রহিব আমি, নিশ্চয় জানিহ তুমি, এই দেখা তো সবা সহিতে॥ ধ্রু॥

ব্রজযুবতির সঙ্গে, যে রতি কলহ রঙ্গে, তাহাতে বিজয়ী লীলা কাজে। তাতে যেই মদোময়, সঙ্গে মুখশশি হয়, লীন হব সে মাধুর্য্য মাঝে॥

তথা সূর্য্যকান্তি চয়ে, অল্প বিকসিত হয়ে, প্রভাতাব্জ

* অত্র ৫৩ পদ্য পর্য্যন্তং অন্ত্যৈক গুরুবর্ণাধিক্যেঽপি অচলধৃতি শ্ছন্দো-বিশেষঃ। তদুক্তং ছন্দোমঞ্জর্য্যাং। দ্বিগুণিতবসু লঘুরচলধৃতিরিহ॥

ব্রজ-যুবতি-রতিকলহ-বিজয়ি-নিজলীলা-
মদমুদিত-বদনশশি-মধুরিমণি-লীয়ে ॥ ৫১ ॥

ভবামি। কীদৃশে। ব্রজযুবতিভিঃ সহ যো রতিকলহ স্তত্র বিজয়িনী যা নিজ-লীলা সনর্ম্মকঞ্চুকাকর্ষণস্তনাধরাদিগ্রহণকেলি স্তয়া যো মদো গর্ব্বস্তেন মুদিতো যো বদনশশী তস্য মধুরিমা যস্মিন্। তথা সূর্য্যকরনিকরেণ প্রথমোদ্গতেন মৃদুমুদিতমীষদ্বিকসিতঞ্চ লক্ষ্ম্যা শোভয়া শৈত্যাদিগুণসম্পত্ত্যা সরসতরঞ্চ যৎ সরসীরুহং তৎ সদৃশৌ দৃশৌ যস্য। কুট্টমিতলক্ষণং। স্তনাধরাদিগ্রহণে হৃৎপ্রীতাবপি সম্ভ্রমাৎ। বহিঃক্রোধোব্যথিতবৎ প্রোক্তং কুট্টমিতং বুধৈঃ। স্বান্তর্দশায়াং তয়া সহ তাদৃশক্রীড়াপরে। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৫১ ॥

দলের ন্যায় এবং যিনি আনন্দে বিস্ফারিত-বদন, বিস্ফারিত নিখিল মাধুর্য্যের নিবাসস্বরূপ, সুতরাং এতাদৃশ শ্রীকৃষ্ণের ব্রজযুবতিগণের রতিকলহের বিজয়িনী নিজ লীলা শোভা পাইতেছে ॥ ৫১ ॥

অতঃপর, সস্মিত বংশীধ্বনিদ্বারা সম্পাদিত পূর্ব্বতন প্রেরণ স্মরণ করত প্রেমস্ফূর্ত্তিতে "শ্রীকৃষ্ণের মাধুর্য্যে যেন আমি মগ্না হইয়াছি" এই রূপ বোধে শ্রীরাধা প্রলাপ

*যদুনন্দনঠাকুরের পদ্য।

যেই মনোহর। তার শোভা জিনি যেই, গোবিন্দের পদ দুই, সে মাধুর্য্যে ডুবিব সত্বর ॥

কহিতেই পুনঃ কৃষ্ণ, হৈয়া অতি সতৃষ্ণ, স্মেরমুখে বংশী-ধ্বনি করি। আপনার আকর্ষণ, স্ফূর্ত্তি হৈল সেই ক্ষণ, যাতে লয় প্রাণচিত্ত হরি ॥

সেই কথা সখী প্রতি, কহে হৈয়া আর্ত্ত অতি, তাহা শুনি সেই সব কথা। সে ভাবে গমন হৈয়া, লীলাশুক বিবরিয়া, কহে এক শ্লোক মনোরতা ॥ ৫১ ॥

করকমল-দল-কলিত-ললিততর-বংশী-
কলনিনদ-গলদমৃত-ঘনসরসি দেবে।
সহজ-রসভর-ভরিতদরহসিত-বীথী

অথ সস্মিতবংশীধ্বনিকৃতপূর্ব্বস্বপ্রেরণস্ফূর্ত্ত্যা তন্মাধুর্য্যে প্রলীনমিবাত্মানং মত্বা প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। দেবে এতল্লীলাপরে শ্রীকৃষ্ণে পূর্ব্ববদহং লীয়ে। কীদৃশে। করকমলদলে কলিতা ললিততরা চ যা বংশী তস্যাঃ কলনিনদ এব গলদমৃতানি তেষাং ঘনসরসি সান্দ্রসরোবরে। ঘনঃ সান্দ্রে দৃঢ়ে দার্ঢ্যে বিস্তারে লৌহমুদগরে ইতি বিশ্বঃ। তথা সহজরসভরৈর্ভরিতং পূর্ণং যদ্দরহসিতং তস্য যা বীথী ধারা সরণির্ব্বা তস্যাং তয়া বা সততং

করিতে থাকিলে গ্রন্থকার তাহার বর্ণন করত কহিতেছেন॥

করকমলে অবলম্বিত বংশীর কলনিনাদ রূপ বিগলিত অমৃত অর্থাৎ জলের বা সুধার যিনি নিবিড় সরোবর এবং যাঁহা হইতে নৈসর্গিক রসপূরিত ঈষৎহাস্যশ্রেণী দ্বারা অনবচ্ছিন্নভাবে বহমান তাদৃশ মুখরূপ মণির নিখিল মাধু-

যদুনন্দনঠাকুরের পদ্য।

লীলাপর গোবিন্দের মাধুর্য্য সাগরে। পূর্ব্ব প্রায় লীন আমি হব মনে ধরে॥ হস্তপদ্ম তলে শোভে যে ললিত বাঁশী। তাহার মধুর নাদ গলে সুধারাশি॥ সেই সান্দ্র সরোবরে লীন হব আমি। কহিল না পাসরিহ সব সখি তুমি॥ সহজ রসের ভাব ভাবিয়া যাহাতে। মৃদু মন্দ হাসিধারা নদী মাধুরীতে॥ পদ্মরাগমণি-শোভা অরুণ-অধরে। তাহার কিরণ সুখ সদাই উপরে॥ কহিতে এ সম্ভোগান্তকালীন যে লীলা। গোবিন্দ মাধুরী চিত্তে স্ফূর্ত্তি হৈয়া গেলা॥ তাতে লীনা প্রায় ধনী আপনাকে মানে।

সতত-বহদধরমণি-মধুরিমণি লীয়ে ॥ ৫২ ॥
কুসুমশর-শর-সমর-কুপিত-মদগোপী-
কুচকলস-ঘুসৃণরস-লসদুরসি দেবে।

বহন্ প্রসরন্নধরপদ্মরাগমণে র্মধুরিমা যস্য। স্বান্তদশায়াং পূর্ব্ববৎ। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৫২ ॥

অথ সম্ভোগান্তঃকালীনতন্মাধুর্য্যস্ফূর্ত্ত্যা তত্র লীয়মানমিবাত্মানং মত্বা প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। দেবে এতৎক্রীড়াপরে শ্রীকৃষ্ণে পূর্ব্ববদহং লীয়ে। কীদৃশে কুসুমশরস্য শরেণ তদাঘাতেন সমরে রতিযুদ্ধে কুপিতা-স্মরমদেন মধুপানজমদেন বা যুক্তা যা গোপী তস্যাঃ স্বয়ংগ্রহাশ্লেষেণ লগ্নো যঃ কুচকলসঘুসৃণরসস্তেন লসৎ উরো যস্য। তত্রাত্মস্থানে গোপীতি

র্য্যের যিনি নিলয় অর্থাৎ বাসস্থান স্বরূপ ॥ ৫২ ॥

অতঃপর, সম্ভোগকালের ভাব স্মরণ করত "সেই ভাবে যেন আমি মগ্ন হইয়াছি" এই বোধে বিলাপকারিণী শ্রীরাধার বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন ॥

কুসুমশর কামদেবের শরসংগ্রামে কোপান্বিতা গোপাঙ্গনাগণের কুচকুম্ভের কুঙ্কুমরসে যাঁহার বক্ষঃস্থল উল্লসিত

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রলাপ করিয়া সেই কহেন বচনে ॥ ৫২ ॥

সখি হে এই ক্রীড়াপর শ্যামরূপে। ডুবিয়া রহিব আমি কহিল স্বরূপে ॥ মদনের শরাঘাত রতিযুদ্ধ মাঝে। তাহাতে কোপিতা যত কামমদ সাজে ॥ তাতে মধুপানে সদা গোপাঙ্গনাগণ। তার কুচকলসেতে কুঙ্কুম লেপন ॥ আপনে আগ্রহে তারে আলিঙ্গন দিতে। লাগিলা কুঙ্কুম কুচকলস সহিতে ॥ তার রস বিলসয়ে বক্ষঃস্থল যার।

মদমুদিত-মৃদুহসিত-মুষিত-শশি-শোভা
মহুরধিক-মুখকমল-মধুরিমণি লীয়ে ॥ ৫৩ ॥

সামান্যোক্তিঃ। বৈদগ্ধ্যা তথা মদেন মুদিতং তদ্ধাষ্ট্যর্দর্শনাৎ। যন্মৃদুহসিতং তেন মুষিতঃ শশী যেন তাদৃশশ্চ শোভয়া ক্ষণে ক্ষণে অধিকশ্চ মুখকমলস্য মধুরিমা যস্য। যদ্বা। তাদৃশহসিতেন মুষিতঃ শশী যয়া তয়া শোভয়া মুহুরধিকং তন্মুখকমলং তস্য মধুরিমা যস্মিন্। স্বান্তর্দশায়াং পূর্ব্ববৎ। বাহ্যার্থঃ স্পষ্টঃ ॥ ৫৩ ॥

এবং মদমুদিত (আনন্দ বিস্ফারিত) মৃদুহাস্যে যিনি শশধরের শোভাকে অপহৃত করিতেছেন, আর যিনি পুনঃ পুনঃ সমধিক ভাবে বর্দ্ধমান মুখকমলের মাধুর্য্যের নিলয় স্বরূপ ॥ ৫৩ ॥

অতঃপর মূর্চ্ছাপন্না শ্রীরাধার প্রতি সখীগণ প্রবোধ দিলেও ঔৎসুক্যাদি ভাবমগ্না ও প্রলাপকারিণী শ্রীরাধার বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

আমি লীন হব সেই মাধুর্য্যে তাহার ॥ সামান্য গোপিকা নাম কহিলা যে রাই। বৈদগ্ধী হইতে বস্তু আপনা জানাই ॥ তথা আর কামমদে উদয় ধৃষ্টতা। সেই গোপাঙ্গনাগণের দেখিয়া সর্ব্বথা। তাতে তার মৃদু হাসি তার শোভা হৈতে। পূর্ণিমা শশির শোভা হেন শোভা যাতে ॥ ক্ষণে ক্ষণে বাঢ়ে মুখকমলমাধুরী। তাহাতে ডুবিব আমি কি আর চাতুরী ॥ এতেক কহিতে রাই মূর্চ্ছিত হইয়া। সখীগণ প্রতি কহে প্রলাপ করিয়া ॥ ৫৩ ॥

আনম্রামসিতভ্রুবোরুপচিতামক্ষীণপক্ষ্মাঙ্কুরে-
ষ্বালোলামনুরাগিণো র্নয়নয়োরার্দ্রাং মৃদৌ জল্পিতে।
আতাম্রামধরামৃতে মদকলামম্লানবংশীস্বনে-

অথ মূর্চ্ছন্ত্যাঃ সখীভিঃ প্রবোধিতায়া অত্যোৎসুক্যাৎ তন্মাধুর্য্যস্ফূর্ত্যা ভূমৌ নিপত্য নেত্রে নিমীল্যৈব তাঃ প্রতি প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। অহো এতাদৃশদশায়ামপি মম লোচনং ব্রজশিশোঃ কিশোরস্য মূর্ত্তিং আশাস্তে দ্রষ্টুং আকাঙ্ক্ষতি। অথ বাস্য কো দোষঃ। যতো জগন্মোহিনীং। তত্র হেতুমাহ শ্যামভ্রুবোরানম্রাং কুটিলাং। অক্ষীণেষু পক্ষ্মাঙ্কুরেষু উপচিতাং সমৃদ্ধিমিতীং প্রোদ্ভটসঘনপক্ষ্মাঙ্কুরামিত্যর্থঃ। মদ্বিষয়ানুরাগযুক্তয়ো-

সেই ব্রজশিশু শ্রীকৃষ্ণের জগন্মোহিনী মূর্ত্তিকে আমার লোচন নিয়তই আশা করিতেছে, যে মূর্ত্তি ঈষৎ নম্র, কৃষ্ণবর্ণ ভ্রূযুগলে উপচিত, স্থূলতম, পক্ষ্মাঙ্কুরে ঈষৎ চঞ্চল, অনুরাগশালী যুবক যুবতির মৃদু মৃদু পরিহাস বাক্যে আর্দ্রী

যদুনন্দনঠাকুরের পদ্য।

সখি হে আশ্চর্য্য দেখিল সব আমি। এতাদৃশী দশা তেঁহ তাঁরে ভাবে প্রাণী॥ ব্রজকিশোরের মূর্ত্তি দেখিবার তরে। আমার লোচন দুই কাহা আশা করে॥ অথবা লোচন দ্বয়ে দোষ নাহি দিয়ে। জগতমোহিনী রূপ যাতে তার হয়ে॥ শ্যামভুরু আনম্র কুটিল অতিশয়। ঘনপক্ষ্মাঙ্কুরপুঞ্জ অখিল যাহায়॥ তাহাতে চঞ্চল দুই নয়নসুন্দর। মো বিষয়ে অনুরাগ যুক্ত মনোহর॥ প্রসারিত পাখা দুই উড়িবার তরে। পঞ্জরস্থ খঞ্জরীট যেন সুচঞ্চলে॥ অরুণ অধরামৃত নেত্র মনোহর। মৃদু মৃদু কথা তাহে অতি সুকোমল॥ অম্লান মুরলী গান মধুর মধুর। কামমদ উদ্গারে গহিন

আশাস্তে মম লোচনং ব্রজশিশোর্মূর্ত্তিং জগন্মোহিনীং ॥৫৪
তৎকৈশোরং তচ্চ বক্ত্রারবিন্দং

নয়নয়োরালোলাং প্রসারিতপক্ষ্মপক্ষাভ্যামুড্ডিডীষু বদ্ধখঞ্জনযুগপৎচঞ্চলাং। মৃদৌ জল্পিতে আর্দ্রাং অধরামৃতে আতাম্রামত্যরুণাং অম্লানবংশীস্বনেষু মন্দকলাং স্মরমদোদ্গারেণ গম্ভীরামিত্যর্থঃ। স্মরমদং বর্দ্ধয়তীতি বা। দশাদ্বয়ে জগন্মোহঽর্থঃ ॥ ৫৪ ॥

অহিমকরাদি-শ্লোকত্রয়যুক্ত-তত্তন্মাধুর্য্যস্ফূর্ত্ত্যা তদপ্রাপ্তিবৈক্লব্যাদ্বিলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। তৎ কৈশোরং তদ্বক্ত্রারবিন্দঞ্চ দৈবতেঽপি স্বর্গাদিবৈকুণ্ঠপর্য্যন্তস্থ-দেবসমূহেঽপি দুর্লভমিতি সত্যং সত্যং। তথা তৎ কারুণ্যং তে

ভুত, যাহার অধরযুগল ঈষৎ তাম্র (রক্ত) বর্ণ এবং সুদীর্ঘ বংশীধ্বনি বিষয়ে জগদুন্মাদকারি কলধ্বনি বিশিষ্ট ॥ ৫৪ ॥

শ্রীকৃষ্ণের মাধুর্য্যস্ফূর্ত্তিতে তাঁহার অপ্রাপ্তিবশতঃ প্রলাপকারিণী শ্রীরাধার বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন ॥

শ্রীকৃষ্ণের সেই সমস্ত কৈশোর, সেই মুখপদ্ম, সেই

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রচুর ॥ কামমদ সদাই বাড়ায় তেঁহো তাতে। ইহাতে সে লোচন চাহে কি দেখিতে ॥ কহিতে কহিতে রাই চেষ্টা বাড়ি গেলা। তিন শ্লোকে পূর্ব্বে যৈছে মাধুর্য্য বর্ণিলা ॥ সে মাধুর্য্য না দেখিয়া বৈকুল্য হইলা। তাতে হৈতে বিলাপিয়া কহিতে লাগিলা ॥ ৫৪ ॥

কৈশোর শ্রীগোবিন্দের সে মুখ কমল। বৈকুণ্ঠস্থ দেবগণে দুর্লভ কেবল ॥ এই সত্য সত্য আমি কহিলাউ সব। সে কারুণ্য সে লীলার কটাক্ষ দুর্লভ ॥ সে সৌন্দর্য্য সেই সান্দ্র স্মিত শোভাগণ। বৈকুণ্ঠস্থ দেবগণে দুর্লভ দর্শন ॥

তৎ কারুণ্যং তেচ লীলাকটাক্ষাঃ।
তৎ সৌন্দর্য্যং সাচ মন্দস্মিতশ্রীঃ

লীলাদিকটাক্ষশ্চ দুল্ল´ভাঃ। তথা তৎ সৌন্দর্য্যং সা সান্দ্রস্মিতশ্রীশ্চ দুল্ল´ভা। যদ্বা। মম পুনস্তদ্দর্শনং তাদৃশরহোলীলাদিকঞ্চ দুল্ল´ভমেবেতি ভাবয়ন্ত্যা স্তৎকালং বামোরু-নেত্র-কুচাদি-স্পন্দনমনুভূয় তস্তাগ্যমপ্যতিনৈরাশ্যেনো-পালভমানায়া বচোঽনুবদন্নাহ। হে দেব তদ্দর্শনসূচকভাগ্যং তে তবাপি তৎ-কৈশোরং তদ্বক্ত্রারবিন্দঞ্চ তদ্দর্শনমিত্যর্থঃ। পুন দুর্ল্ল´ভমেব। নমু ভাগ্যস্য দুল্ল´ভমেব ন বাচ্যং। তত্রাহ সত্যং সত্যং দুল্ল´ভমেবেত্যর্থঃ। তবাপি-চেদ্দুর্ল্ল´ভং তদ্যুক্তানাং বরাকাণাং কিমুত ইত্যর্থঃ। তদ্দর্শনমপি দুল্ল´ভং। চেত্তদা সর্ব্বাংস্ত্যক্ত্বা যেন ময়ৈব রেমে তৎ কারুণ্যং যৈ র্মাং রহঃ প্রেরিত

কারুণ্য, (দয়া) সেই সমস্ত লীলাময় কটাক্ষ, সেই সেই সৌন্দর্য্য ,এবং সেই সেই নিবিড়তর হাস্যশোভা, আমি

যদুনন্দনঠাকুরের পদ্য।

যথা সেই কৈশোরাদি কুঞ্জ আদি লীলা। পুন মোরে সে দর্শন দুল্ল´ভ হইলা॥ এই মতে বিলাপ রাই করিতে করিতে। বাম ঊরু কুচ নেত্র স্পন্দে আচম্বিতে॥ তাহা দেখি অতিশয় নৈরাশ হইয়া। কহিতে লাগিলা দেবে উপালম্ভ দিয়া॥ অহো দেব গোবিন্দের মাধুরি দর্শনে। মঙ্গলসূচক ভাগ্য দেখাহ সঘনে॥ তোমারি দুল্ল´ভ সেই কৈশোরাদি লীলা। আমারে বা দেখাইতে কি শুভ সূচিলা॥ কোন বা বরাক ভাগ্য সদা তুমি হীন। তুমি কি দেখাও মোরে শুভ দশা চিহ্ন॥ গোবিন্দ দর্শন তোরে সদাই দুল্ল´ভ। আরে হত দেব তুমি কি দেখাও সব॥ সর্ব্বত্যাগ মোর সঙ্গে যে রহিলা হরি। করুণা কটাক্ষ তোরে সুদুল্ল´ভ বলি॥

সত্যং সত্যং দুল্ল´ভং দৈবতেঽপি ॥ ৫৫ ॥

বান্‌তে লীলাকটাক্ষাশ্চ সুদুল্ল´ভা এব। এবঞ্চেত্তর্হি´ সুরতান্তে যৎ তৎ সৌন্দর্য্যং কেলিবিশেষে সুবেশাং মাং দৃষ্ট্বা যা সান্দ্রস্মিতশ্রীঃ সাচাতি দুল্ল´ভৈব। স্বান্তদ´শায়াং তয়া সহ বিলসত স্তস্য তৎ সর্ব্বমিতি। বাস্থে তদ্বৈরু-ব্যাৎ বিঠ্ঠল-রঙ্গনাথাদি-দর্শনোপদেশিনঃ স্বান্ প্রত্যুক্তিঃ। দীব্যন্তীতি দেবাঃ শ্রীনারায়ণাদয়ঃ। স্বার্থে তন্ দৈবতেতি তৎসমূহেঽপি। নন্ত তেঽপি নিত্য-কিশোরা এব তথাহ তৎসাক্ষান্মন্মথত্বেন বর্ণিতমিতি। অন্যৎ সমং ॥ ৫৫ ॥

পুনঃ পুনঃ সত্য করিয়া বলিতেছি যে, এ সমস্ত দেবগণেরও সুদুল্ল´ভ ॥ ৫৫ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাহা হৈতে সুদুল্ল´ভ সরতান্ত শোভা। তাহা হৈতে সুদু-ল্ল´ভ সেই স্মিতলোভা ॥ কেলি বিশেষের লাগি মোরে নিজ বেশ। করয়ে দেখিতে তাহা দুল্ল´ভ অশেষ ॥ তুমি কিবা এশুভ সকল প্রকাশহ। দর্শনের যোগ্য তুমি কভু তার নহ ॥ এতেক কহিতে হৈল স্ফূর্ত্তির সাক্ষাৎ। ভ্রম হৈয়া গেলা চিত্তে নাহিক সোয়াস্থ ॥ সেই স্থলে অতিশয় নৈরাশা হইয়া। পড়িলা পৃথিবী তলে মহামূর্চ্ছা পাঞা ॥ তাহা দেখি সখীগণ কহে ধৈর্য্যধর। এখনি আসিবে কৃপা-সিন্ধু তেঁহো বড় ॥ কতেক বিপদে তেঁহো রক্ষা নাহি কৈলা অকস্মাৎ কোন পথে দেখি বা আইলা ॥ এই সখী বাক্য শুনি সেই গুণগণ। গান করি পূর্ব্ব কথা কহেন তখন ॥ বিষজলে রক্ষা কৈলে বাত বৃষ্টি হৈতে। দাবানলে রক্ষা কৈলে আর নানা ভীতে ॥ ইহা কহি সর্ব্ব পথ করে নিরীক্ষণে। গোবিন্দের স্ফূর্ত্তি কথা কহে সখীগণে ॥ ৫৫ ॥

বিশ্বোপপ্লবশমনৈকবদ্ধদীক্ষং
বিশ্বাসস্তবকিতচেতসাং জনানাং।

অথ স্ফূর্ত্তিসাক্ষাৎকারয়ো র্ভ্রমঃ পঞ্চভিঃ। তত্রাতিনৈরাশ্যেন পুন র্মূর্চ্ছন্ত্যা অয়ি সখি কারুণিকেন তেন কতি বিপদ্গণান্ন রক্ষিতাঃ স্মঃ। তদধুনাপ্যকস্মাৎ কেনাপি পথাগত্য নঃ সুখয়িষ্যতীতি সখীবাক্যাদ্বিষজলাপ্যয়াদিতিবৎতদ্গানপূর্ব্বকং সর্ব্বতঃ পথোঽবলোক্য তত্র তত্র তৎস্ফূর্ত্ত্যা সখীঃ প্রতি কথয়ন্ত্যা বচোঽনুবদন্নাহ। হে সখ্যঃ মুরারেঃ পরমসুন্দরস্য তস্য শৈশবং কৈশোরং তদ্বয়ঃসৌন্দর্য্যাদি পথি পথি পশ্যামঃ কুন্তাঃ প্রবিশন্তীতি ন্যায়াৎ। কিশোরং তমেবেত্যর্থঃ। কীদৃশং। প্রকর্ষেণ শ্যামাঃ প্রতিনবাঃ ক্ষণে ক্ষণে নূতনাশ্চ যে

চিরন্তন বিশ্বাসবশে স্তবকিত অর্থাৎ প্রফুল্লচেতা ভক্তবৃন্দের বিশ্বোপপ্লব অর্থাৎ সকল বিঘ্নের উপশম (শান্তি) বিষয়ে

যদুনন্দনঠাকুরের পদ্য।

সখি হে মুরারির কৈশোর-মাধুরী। পথে পথে নিরক্ষিব সৌন্দর্য্য চাতুরী॥ প্রকর্ষে জলদ শ্যামরূপ মনোহর। ক্ষণে ক্ষণে নব নব কান্তি মনোহর॥ সে কান্তি কল্লোল যাতে সদাই কমল। তাহা নিরক্ষিব আমি এ সাধ অন্তর॥ তথা বিশ্ব উপদ্রব শান্তি করিবারে। ব্রজবাসী প্রতি যেহ ব্রতদীক্ষা ধরে॥ সব ব্রজবাসি জনে নিশ্চিন্ত যে করে। বিশ্বাস স্তবক যার আছয়ে অন্তরে॥ সেই ত করিবে রক্ষা এই ত নিশ্চয়। শুন শুন অহে সখি! মিথ্যা কভু নয়॥ তাহারে দেখিব আমি এই কুঞ্জপথে। আমার নয়ন মন সুমঙ্গল যাতে॥ এইকালে কুঞ্জপথে আইসে যেন হরি। স্ফূর্ত্তি হৈল নব নব গোবিন্দমাধুরী॥ নিজনেত্রে আগে হেন

প্রশ্যাম-প্রতিনব-কান্তি-কন্দলার্দ্রং
পশ্যামঃ পথি পথি শৈশবং মুরারেঃ ॥ ৫৬ ॥
মৌলিশ্চন্দ্রকভূষণো মরকতস্তম্ভাভিরামং বপু-

কান্তিকন্দলাস্তৈরার্দ্রং তথা জনানাং স্বীয়ানাং ব্রজবাসিনাং সর্ব্বেষামেব কিমুত অস্মাকমেবেত্যর্থঃ। বিশ্বে সর্ব্বে যে উপপ্লবাস্তেষাং। স্বান্তর্দশায়াং। তস্যাঃ সঙ্গে তথা স্ফূর্ত্তৈ্যব। বাহ্যে তু। মথুরানিকটমাগতস্য তস্য সর্ব্বত্র তৎ-স্ফূর্ত্ত্যা তথোক্তিঃ। তত্র প্রতিজ্ঞা তব গোবিন্দেত্যাদি বিশ্বাসযুক্তানাং জনানাং ভক্তানাং। তথা সকৃদেব প্রপন্নো যস্তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্‌ব্রতং মমেত্যাদি তদ্দীক্ষা জ্ঞেয়া। অন্যৎ সমং ॥ ৫৬ ॥
অথ পুরঃ কুঞ্জবর্ত্তন্যামাগচ্ছন্তমিব তং দৃষ্ট্বা প্রতিপদং নব-নব-তন্মাধুর্য্য-স্ফূর্ত্ত্যা

যে একমাত্র দীক্ষাগ্রাহী সেই শ্রীকৃষ্ণের অভিনব কান্তি দ্বারা কন্দলিত (অঙ্কুরিত) এবং আর্দ্রীভূত শৈশবকে আমি কি পথে পথে দেখিতে পাইব ? ॥ ৫৬ ॥

অতঃপর "শ্রীকৃষ্ণ যেন কুঞ্জপথে আমার অগ্রে আসিতে-ছেন" এই বোধে তদীয় নব নব মাধুর্য্য স্ফূর্ত্তিতে আশ্চর্য্য

যদুনন্দনঠাকুরের পদ্য ।

গোবিন্দ মানিয়া। পার্শ্বস্থ সখীরে কহে সে সব দেখিয়া ॥ লীলাশুক সেই ভাবে কহে সেই বাণী। বাহ্যদশাতেহো লীলাশুকের কাহিনী ॥ মথুরা নিকটে যাইতে স্ফূর্ত্তি সব ঠাঁই। সাক্ষাৎ কৃষ্ণের যেন দরশন পাই ॥ সঙ্গী বৈষ্ণবেরে পুছে ঐছে রীত করি। অন্তর্দ্দশাতেঁহ রহে সখীবেশ ধরি ॥ ৫৬ ॥

অহে সখি ! কিশোর শেখর দুই জন। দুই কুঞ্জ পথে কেবা একই বরণ ॥ মন্দ মন্দ চলি আইসে বিলাস গমন।

বক্ত্রং চিত্রবিমুগ্ধহাসমধুরং বালে বিলোলে দৃশৌ।
বাচঃ শৈশবশীতলা মদগজশ্লাঘ্যা বিলাসস্থিতি-

অদৃষ্টপূর্ব্বমিব তং মত্বা পার্শ্বস্থাং সখীং পৃচ্ছন্ত্যা বচোঽনুবদন্নাহ মৌলিরিতি। অয়ে বালে মিথোরহসি এক এবেত্যর্থঃ। কএষ মন্দং মন্দং বীথীং কুঞ্জবীথীং গাহতে বিলাসগত্যাক্রম্য গচ্ছতীত্যর্থঃ। যস্য মৌলিঃ শিরোমুকুটং বা চন্দ্রকৈ-ভূর্ষণং যস্য তথা বপুর্ম্মরকতস্তম্ভাদপ্যভিরামং। বক্ত্রং চিত্রো বিমুগ্ধশ্চ যো হাসস্তেন মধুরং। দৃশৌ বিলোচনে বাচঃ শৈশবেন কৈশোরেণ শীতলাঃ। তথা গত্যবলোকনকরচালনাদিবিলাসস্থিতি র্মদগজৈরপি শ্লাঘ্যা। পুনঃ কীদৃশী। মথুরা পশ্যতাং। মনোমথ্নাতীতি মথুরা। ঔণাদিক উরচ্ প্রত্যয়াৎ। তথা সর্ব্বপদানাং লিঙ্গব্যত্যয়েন বিশেষণমিদং। মৌলি র্মধুরবক্ত্রং মধুরমিত্যাদি। স্বান্তর্দশায়াং। তথা স্ফূর্ত্তৌ পার্শ্বস্থসখীং প্রত্যুক্তিঃ। বাহেতু মথুরাং প্রবিষ্টস্তথা স্ফূর্ত্ত্যাহ। অয়ে ইত্যাকাশে সম্বোধনং। ক এষ মথুরাবীথীং

বোধ করত সখীগণকে শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন, সেই বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন॥

আহা! যাঁহার মস্তক ময়ূরপিচ্ছ ভূষিত, শরীর মরকত (নীলকান্তমণি) স্তম্ভের ন্যায় অভিরাম (মনোজ্ঞ), মুখ সুন্দর চিত্রিত এবং মনোহর হাস্যে মধুর, লোচনদ্বয় চঞ্চল, বাক্য সকল কৈশোর হেতু সুশীতল এবং যাহার বিলাস স্থিতি মদমত্ত গজরাজের ন্যায়, সেই এই কোন পুরুষ মথু-

যদুনন্দনঠাকুরের পদ্য।

যার শিরে চন্দ্রক ভূষণ সুমোহন॥ অঙ্গ মরকত স্তম্ভ হৈতে অভিরাম। চিত্রমুখে মন্দ হাস্য মাধুরী সুঠাম॥ কৈশোর বয়স বাণী পরম শীতল। মৃদুহস্ত চালন গতি স্থিতি মনোহর॥ মদগজ গতি শ্লাঘ্যা করয়ে সঘন। মল্লকে মথন করে এইত

মন্দং মন্দময়ে কএষ মথুরাবীথীং মিথো গাহতে ॥ ৫৭ ॥
পাদৌ বাদবিনির্জ্জিতাম্বুজবনৌ পদ্মালয়ালম্বিতৌ
পাণী বেণুবিনোদনপ্রণয়িনৌ পর্য্যাপ্তশিল্পশ্রিয়ৌ।

গাহতে। যস্য দৃশৌ বালে স্মরমদালসে বিলোচনে চ। অন্যৎ সমং ॥ ৫৭ ॥

পুনস্তদতিশয়স্ফূর্ত্ত্যা সসংশয়ং প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ পাদৌ বাদে-ইত্যাদি। অহো এতৎ পুরো দৃশ্যমানং মহঃ কান্তিপুঞ্জং কিং বালং কিশোরং তদাকারমিত্যর্থঃ। যতোঽস্য পাদৌ বাদেন বিনির্জ্জিতানি অম্বুজবনানি যাভ্যাং তাদৃশৌ। অতঃ পদ্মালয়জাতানি ত্যক্ত্বা লম্বিতাবাশ্রিতৌ তথাস্য পাণী বেণুবিনোদনে যঃ প্রণয়স্তদ্যুক্তৌ। তথা পর্য্যাপ্তা শিল্পশ্রীর্যত্র যাভ্যাং বা তৌ। তথাস্য বাহূ চ মাধুর্য্যধারাং কিরত ইতি তৎকিরৌ। অতো মৃগদৃশাং

রার পথে মন্দ মন্দ ভ্রমণ করিতেছেন ॥ ৫৭ ॥

পুনশ্চ শ্রীকৃষ্ণের অতিশয় মাধুর্য্য-স্ফূর্ত্তিতে প্রলাপকারিণী শ্রীরাধার বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন ॥

অহো এই বালকরূপি তেজোরাশির কি অনির্ব্বচনীয় প্রভাব। দেখ পাদপদ্মদ্বয় বাদ (বিতণ্ডা) দ্বারা পদ্মবনকে জয় করিয়াছে,হস্তদ্বয় পদ্মালয়া লক্ষ্মীদেবীর আশ্রিত ও বেণু-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

কারণ ॥ পুনঃ তাতে হৈতে হৈল অতিশয় স্ফূর্ত্তি। সংশয় প্রলাপ কহে মহাবাণী আর্ত্তি ॥ ৫৭ ॥

সখি! হে, আগে কি এ সে কিশোর শ্যাম। মহাকান্তি পুঞ্জঘটা যার দৃশ্যমান ॥ চরণকমলদ্বায় শোভা মনোহর। বাদে নিজে পদ্মবন শোভা এ সকল ॥ লক্ষ্মী অবলম্ব করে তাহা তেয়াগিয়া। বেণু অবলম্ব কৈল প্রণয় লাগিয়া ॥ পর্য্যাপ্তি শিল্প শোভা যেই দুই করে। তাহাতে ধরিয়া

বাহূ দোহদভাজনং মৃগদৃশাং মাধুর্য্যধারাকিরৌ
বক্তুং বাগ্বিষয়াভিলঙ্ঘিতমহো বালং কিমেতন্মহঃ ॥৫৮॥
এতন্নাম বিভূষণং বহুমতং বেশায় শেষৈরলং

দোহদস্য সর্ব্বাভীষ্টস্য ভাজনং পাত্রং যৌ তথাস্য বক্তুং বাগ্বিষয়মভিলঙ্ঘয়তি যত্তদনির্ব্বচনীয়মিত্যর্থঃ। যদ্বা। নির্ব্বিশেষমাধুর্য্যস্ফূর্ত্ত্যাহ। এতন্মহঃ কিং কীদৃশং মনোনেত্রহারকত্বাদাশ্চার্য্যমিত্যর্থঃ। কিঞ্চিদ্বিশেষস্ফূর্ত্ত্যা কন্দর্পোদয়াদাহ। অহো বালং কিশোর মেতৎ। সম্যগ্বিশেষস্ফূর্ত্ত্যা মাধুর্য্যোদয়াদাহ। অস্য পাদৌ তত্রাপি বাদেতি পূর্ব্ববৎ। দশান্তরদ্বয়ে সুগমং॥ ৫৮ ॥

পুনরতিবিশেষেণ তন্মুখমাধুর্য্যস্ফূর্ত্ত্যা প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। এতদ্বক্তং

বিনোদন অর্থাৎ বেণুবাদ্যবিষয়ে প্রণয়ী এবং নিখিল শিল্পবিষয়ে প্রবীণ, বাহুদণ্ড দুইটী ব্রজাঙ্গণাগণের অভিলাষের আবাসভূমি ও মাধুর্য্যধারা স্বরূপ, তথা বদন বাক্য পথের অগোচর অর্থাৎ বর্ণনাতীত ॥ ৫৮ ॥

পুনশ্চ রতিবিশেষে শ্রীকৃষ্ণের মুখমাধুর্য্য স্ফূর্ত্তি হওয়ায় প্রলাপকারিণী শ্রীরাধার বাক্য গ্রন্থকার বর্ণন করিতেছেন ॥

কিশোরাকৃতি তেজঃপুঞ্জের যাহা এই বিভূষণ বর্ণিত

যদুনন্দনঠাকুরের পদ্য।

আছে বেণু মনোহরে ॥ তথা বাহুদ্বয় হয় শোভা মনোহর। ক্ষরয়ে মাধুর্য্য-ধারা যাতে নিরন্তর ॥ এই ত কারণে বাহু মৃগদৃশাগণে। সর্ব্বাভীষ্ট পাত্র হয় অতি মনোরমে ॥ তথা মুখপদ্ম শোভা অতিবিলক্ষণ। বাক্যের গোচর নহে ঐছে মনোরম ॥ কহিতেই পুনঃ তাহা অত্যন্ত বিশেষ। সে মুখ মাধুরী-স্ফূর্ত্তি হইল অশেষ ॥ তাহাতে প্রলাপ করি কহিতে লাগিলা। সেই বাক্য লীলাশুক তাহা প্রকাশিলা ॥ ৫৮ ॥

সখি! হে, এই লাগি গোবিন্দবদন। নানাবর্ণ-মণিগণে

বক্ত্রং দ্বিত্রিবিশেষকান্তিলহরীবিন্যাসধন্যাধরং।
শিল্পৈরল্পধিয়ামগম্যবিভবৈঃ শৃঙ্গারভঙ্গীময়ং

নাম প্রাকাশ্যে। বেশায় মহুমতং বিভূষণং। শেষৈ র্নানামণিময়ৈরলং পর্য্যাপ্তং। নম্বু নানামণীনাং বর্ণশাবল্যাৎ শোভাবিশেষঃ স্যাত্তত্রাহ। দ্বৌ বা ত্রয়ো বা বিশেষা যস্যাং তাদৃশী যা কান্তিলহরী তস্যা বিন্যাসেন ধন্যোঽধরো যস্মিন্। স্মিতাধরগণ্ডাদেঃ শৌক্ল্যারুণশ্যামতা ইতি বিশেষা জ্ঞেয়াঃ। পুনর্মাধুর্য্যাতিশয়ানুভবাৎ জ্যোতিঃপুঞ্জত্বেন স্ফূর্ত্ত্যা সর্ব্বাঙ্গাবয়বমনুভূয় তেষাঞ্চ ভূষণত্বেনানুভবাৎ সাশ্চর্য্যমাহ। ইদং মহঃকান্তিপূরশ্চিত্রং সাবয়বত্বাৎ। পুনস্তৎসৌষ্ঠবস্ফূর্ত্ত্যা অত্যাশ্চর্য্যমাহ। কস্যচিদপূর্ব্ববিধেঃ শিল্পৈরেব যাঃ শৃঙ্গারভঙ্গ্যো

হইল তাহাই যথেষ্ট, কারণ যে বেশের অনন্তদেবও অন্ত করিতে অক্ষম, কেবল বদন দুই তিনটী বিশেষ কান্তিলহরী বিন্যাসে ধন্যতম অধর সুশোভিত, অল্পবুদ্ধি জনসকল

যদুনন্দনঠাকুরের পদ্য।

বহুমত বিভূষণে, বেশ লাগে পর্য্যাপ্ত মোহন ॥ ধ্রু ॥

দুই তিন মণিকান্তি,লহরী বিশেষ ভাতি, ধন্যাধর শোভা যাতে হয়। স্মিতাধর গণ্ডদ্বয়, শুক্লারুণ শ্যামময়, এই মণি কান্তি যে নিন্দয় ॥

পুনঃ মাধুর্য্যানুভবে, কহিতে লাগিলা তবে, সর্ব্ব-অঙ্গে জ্যোতিঃপুঞ্জ স্ফূরে। কিবা কান্তিপুর এই, চিত্র অবয়ব ময়ী, আশ্চর্য্য লাগয়ে মোর পুরে ॥

পুনঃ তার সৌষ্ঠব, দেখিয়ে কহয়ে সব, অত্যাশ্চর্য্য হইল যে মনে। অপূর্ব্ব বিধাতা শিল্প, শৃঙ্গার ভঙ্গীর কল্প, ভূষণ ভঙ্গীর চিত্র সনে ॥

তাতে হৈতে অতিশয়, স্ফূর্ত্তি আবির্ভাব হয়, এই চিত্র

চিত্রং চিত্রমহো বিচিত্রমহহো চিত্রং বিচিত্রং মহঃ ॥৫৯

অগ্রে সমগ্রয়তি কামপি কেলিলক্ষ্মী-

ভূষণভঙ্গ্যস্তন্ময়ীং। অহো বিচিত্রমিদং। ততোঽপ্যতিশয়স্ফূর্ত্যাহ। অহো ইদং চিত্রং বিচিত্রং মহঃ কীদৃশৈ স্তৈঃ। অল্পধিয়াংমেতদ্বিধাদীনাম-গম্যবিভবো যেষাং তৈঃ। সন্নকণ্ঠত্বাৎ অহো ইতি বক্তব্যে অহো ইত্যুক্তিঃ। দশাদ্বয়ে সুগমং ॥ ৫৯ ॥

ততঃ সাক্ষাৎ তং মত্বা স্বভাগ্যাতিশয়মননাৎ কিমিদং সত্যমিতি স-বিচারং প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ। অগ্রে মম পুরঃ কামপি কেলিলক্ষ্মীং সমগ্র-

যাহার বৈভব জানিতে সমর্থ হয় না, তাদৃশ শিল্প সমূহ দ্বারা শৃঙ্গারভঙ্গী অর্থাৎ ভূষণ ভঙ্গিমা সুতরাং চিত্র চিত্র মহাচিত্র এবং বিচিত্র ও মহাবিচিত্র ॥ ৫৯ ॥

তদনন্তর শ্রীকৃষ্ণের সাক্ষাৎকার বোধ করত আপনার ভাগ্যাতিশয় মানিয়া "এ কি ?" এই বলিয়া সবিচার প্রলাপ-কারিণী শ্রীরাধার বাক্য অনুবাদপূর্ব্বিক কহিলেন ॥

আমার অগ্রে শ্রীকৃষ্ণ কোন এক অনির্ব্বচনীয় কেলি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

বিচিত্র মাধুরী। অল্প-বুদ্ধি-বিধি-আদি, অগম্য বৈভব সাধি, হেন চিত্র মাধুর্য্যের ধুরি ॥

এতেক কহিতে রাই, সাক্ষাৎ মানয়ে তাই, সৌভাগ্যা-তিশয় মনে করি। কিবা এই সত্য হয়, সুবিচারে প্রলপয়, লীলাশুক কহে শ্লোক পড়ি ॥ ৫৯ ॥

মোর আগে কোন কেলি শোভা বিলসয়। ইহা কহি পার্শ্ব পৃষ্ঠে নিরখি কহয় ॥ অন্য দিগ্ গণেহ দেখিয়ে সেই শোভা। এক দিকে কেনে সর্ব্বত্রয় মনোলোভা ॥ এত

মন্যাসু দিক্ষ্বপি বিলোচনমেব সাক্ষি।
হা হন্ত হস্তপথদূরমহোকিমেত-

ন্নতি সম্যক্ করোতি। অতঃ সত্যমেব পুনঃ পার্শ্বতঃ পৃষ্ঠতশ্চালোক্যাহ। অন্যাসু দিক্ষ্বপি তথা তদেকঃ কথং সর্ব্বত্র ভবত্বিতি সংশয্য সপ্রত্যয়মাহ। বিলোচনমেব সাক্ষি প্রত্যক্ষমেব দৃশ্যতে কথমন্যথা স্যাৎ ভবতু স্পৃষ্ট্বা নির্দ্ধারয়ামীতি বাহু প্রসার্য্য তত্র তত্র গত্বা ততোঽপি দূরে তমালোক্য সবিষাদমাহ। হা হন্ত হস্তপথদূরং হস্তপথাদ্দূরে এতদিতি সবিতর্কমাহ। অহো কিমেতৎ ক্ষণং বিমৃষ্য সনির্ণয়দৈন্যমাহ। অম্ব ইত্যাকাশে বিষাদসম্বোধনং।

লক্ষ্মীকে সম্যক্ রূপে প্রকটিত করিতেছেন, তৎপরে দেখিলেন সত্যই বটে, পুনর্ব্বার পার্শ্ব ও পশ্চাদ্দেশে দেখিয়া অন্যান্যদিকেও যে, সেই শোভাই দেখিতেছি। যদি বল এক বস্তু সর্ব্বত্র কি রূপে সম্ভবিতে পারে, এই বলিয়া মনোমধ্যে সংশয় হওয়ায় প্রত্যয়ের সহিত কহি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহি সংশয় মনেতে উপজিল। সপ্রশ্রয় রূপে কিছু কহিতে লাগিল॥ বিলোচন সাক্ষী মোর সর্ব্বত্র দেখিয়ে। এই সত্য হয় ইহা অন্যথা না হয়ে॥ হস্তে করে পরশিয়া করিয়ে নির্দ্ধার। কহি বাহু প্রসারিয়া যায় ধরিবার॥ যত যায় তত তত দূরে দেখে তারে। তা দেখি বিষাদ করি কহে বারে বারে॥ হায় হস্তপথ-দূরে হাতে নাহি পাই। নয়নে দেখিয়ে ঐছে কভু দেখি নাই॥ এতেক বিতর্ক করি কহে বিমর্ষিয়া। কি আশ্চর্য্য হয় এই মন মোহনিয়া॥ আকাশ চাহিয়া কহে পুনঃ ওই হয়। কিশোর হইল মোর ত্রিভুবনময়॥ এইরূপে গোবিন্দের লাগ না পাইয়া।

দাশা কিশোরময়মদ্য জগত্ত্রয়ং মে ॥ ৬০ ॥
চিকুরং বহলং বিরলং ভ্রমরং
মৃদুলং বচনং বিপুলং নয়নং।

আশা কিশোরময়ং জগত্রয়ং মে জাতং। দশান্তরদ্বয়ে সুগমং ॥ ৬০ ॥
অথ তদলাভান্মথুরাবীথ্যাং পতিতঃ পুনস্তস্যাঃ ভূমৌ নিপত্য মূর্চ্ছন্ত্যাঃ

লেন, আমার লোচন এই বিষয়ে সাক্ষী, ইহা কি প্রকারে অন্যথা হইবে। যাহা হউক আমি স্পর্শ করিয়া নির্দ্ধারণ করি এই বলিয়া বাহুপ্রসারণপূর্ব্বক তথায় গমন করিয়া দেখিলেন সে স্থান হইতে আরও দূরে গমন করিয়াছেন. তখন সবিষাদে কহিলেন। হা কষ্ট! হা কষ্ট! ইনি যে হস্ত পথের দুরবর্ত্তী হইলেন, এই বলিয়া সবিতর্কে কহিলেন "অহো একি! এই বলিয়া ক্ষণকাল বিচারপূর্ব্বক দৈন্য সহকারে কহিলেন "ওমা! আমি যে সকলদিকেই ত্রিজগৎকে কিশোরময় দেখিতেছি ॥ ৬০ ॥

অনন্তর শ্রীকৃষ্ণের অলাভ হেতু মথুরার বীথীতে পতিত হইয়া পুনর্ব্বার মথুরার ভূমিতে পতিত হওত মূর্চ্ছিত হইলে

যদুনন্দনঠাকুরের পদ্য।

পড়িলা কামিনী তথা অচেতন হৈয়া ॥ সখী কহে "এখনি মাধুর্য্যগণ তার। নয়নে দেখহ যাতে শোভা মনোহর" ॥ ইহা শুনি চেতন পাইলা সুধামুখী। কৃষ্ণলীলা অন্ত সেবা না পাইয়া দুঃখী ॥ দুই নেত্র মুদি কহে প্রলাপ বচন। মথুরার পথে পড়ি লীলাশুকের মন ॥ ৬০ ॥

সখি! হে, কবে দুঃখহরণ প্রভুর। স্নিগ্ধঘনচূড়া হেন

অধরং মধুরং বদনং মধুরং

অধুনৈবাগতস্য তত্তন্মাধুর্য্যমনুভবিষ্যসীতি সখীভিঃ প্রবোধিতায়াঃ নেত্রে নিমীল্যৈব কুঞ্জে লীলাবসান সময়ে তস্য স্বেষ্টতত্তৎসেবাদ্যপ্রাপ্তিস্ফূর্ত্ত্যা তাঃ প্রতি প্রলপন্ত্যা বচোঽনুবদন্নাহ চিকুরমিত্যাদি। হে ভোঃ সখ্যঃ বিভোরেতদ্দুঃখহরণসমর্থস্য চিকুরং কদা চূড়াত্বেন বধ্নামীতি শেষঃ। এবমগ্রেঽপি কীদৃশং বহুলং স্নিগ্ধনিবিড়ং। তথা ভ্রমরং ললাটালকং কদা উন্নচ্ছামি। কীদৃশং বিরলং অলিপঙ্ক্তিবৎ পৃথক্ পৃথক্ স্থিতং। মৃদুলং বচনং কদা শ্রোষ্যামি

এখনি আগমন করিবেন আপনি তাঁহার সেই মাধুর্য্য অনুভব করিবেন, নিজের সখীগণ কর্ত্তৃক এইরূপ প্রবোধিত হইয়া নেত্রদ্বয় নিমীলন করত কুঞ্জে লীলাবসান সময়ে তাঁহার স্বীয় ইষ্ট স্ফূর্ত্তিদ্বারা সখীর প্রতি প্রলাপকারিণীর বাক্য অনুবাদপূর্ব্বক কহিলেন॥

হে সখীগণ! যাঁহার কেশপাশ বিরল ভ্রমরমালার তুল্য, বচন মৃদু, নয়ন বিপুল, অধর মধুর, বদন মধুর ও চরিত্র

যদুনন্দনঠাকুরের পদ্য।

বান্ধিব চিকুর॥ অলকালি শোভা ভালি বিরল বিরল। কবে ভৃঙ্গপঙ্ক্তি বন্ধ করিব সোশর॥ কবে সেই মৃদু মৃদু বাণী মনোহর। শুনি শুনি জুড়াইব কর্ণের অন্তর॥ বিপুল নয়ন কবে দেখিব নয়নে। কবে পাব অধর মধুরামৃত পানে॥ কবে সে বদনচন্দ্র করিব চুম্বন। চপল চরিত কবে অনুভাবি মন॥ এইরূপে গাঢ় আর্ত্তে অতিলজ্জাচয়ে। বাক্যের সমাপ্তি নাহি এলা মিলা কহে॥ ক্ষণে উঠে বৃন্দাবনে যাইবার কালে। মূর্চ্ছা পাঞা পড়ে ধনী পুন সেই স্থলে॥

চপলং চরিতঞ্চ কদা নু বিভোঃ ॥ ৬১ ॥

পরিপালয়নঃ কৃপালবেত্য সকৃজ্জল্পিতমার্ত্তবান্ধবঃ।

বিপুলং নয়নং কদা দ্রক্ষ্যামি মধুরমধুরং কদা পশ্যামি মধুরং বদনং কদা চুম্বিষ্যামি চপলং চরিতং কদা নু ভবিষ্যামি গাঢ়ার্ত্ত্যা লজ্জয়া চ রাগসমাপ্তিঃ। দশাদ্বয়ে সুগমং ॥ ৬১ ॥

ততঃ ক্ষণাদুত্থায় বৃন্দাবনং গচ্ছন্। এতদ্বদন্ত্যাং তস্যাং মূর্চ্ছিতায়াং তৎসখীনাং অন্যোন্যপ্রলপিতস্ফূর্ত্ত্যা তদনুবদন্নাহ দ্বাভ্যাং। নু ভোঃ সখ্যঃ হে কৃপালো এত্য নোঽস্মান্ পরিপালয় ইত্যস্মাকং বহুজল্পিতানাং মধ্যে সকৃজ্জল্পিতমপি বিভুঃ সর্ব্বরক্ষাসমর্থঃ। শ্রীকৃষ্ণঃ মুরলীমৃদুলস্বনস্যান্তরে মধ্যে কদা

চঞ্চল, সেই বিভু শ্রীকৃষ্ণের এই সমুদায় কবে দর্শন করিব ? ॥ ৬১ ॥

অনন্তর তৎক্ষণাৎ উত্থিত হইয়া বৃন্দাবনে গমন করিতেছেন এমন সময়, সেই পূর্ব্বোক্ত বাক্য বলিয়া মূর্চ্ছিত হইলে তাঁহার সখীগণ যেন প্রলাপ করিতেছেন, এই স্ফূর্ত্তিতে দুই শ্লোকে কহিলেন ॥

সখীগণ "হে কৃপালো! তুমি আগমন করিয়া অমাদের সকলকে রক্ষা কর। আমাদের এইরূপ বহু

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাহা দেখি সখীগণ অন্যে অন্যে কহে। এই ত প্রলাপ স্ফূর্ত্তি লীলাশুকে হয়ে ॥ ৬১ ॥

সখীগণ কৃপালয় কেবল মুরারি। আমা সবাকারে দেখা দিবে কৃপা করি ॥ অনেক জল্পয়ে যেবা তাহারেই দিবে তার মধ্যে অল্প যে জল্পয়ে তারে দিবে ॥ মুরলী গানের মধ্যে যেই সুখসিন্ধু। কবে কর্ণে প্রবেশিবে তার একু

মুরলীমৃদুলস্বনান্তরে বিভুরাকর্ণয়িতা কদা নু নঃ ॥ ৬২ ॥
কদা নু কস্যাং নু বিপদ্দশায়াং
কৈশোরগন্ধিঃ করুণাম্বুধি র্নঃ।

আকর্ণয়িতা শ্রোষ্যতি। তত্র হেতুঃ। আর্ত্তেতি কৃপালয়েত্যসকৃদিতি পাঠে। হে কৃপালয় ইতি সকৃজ্জল্পিতং। দশান্তরদ্বয়ে সুগমং ॥ ৬২ ॥

নমু স্বজনবিপত্তরমসহিষ্ণুঃ কৃপালুরয়ং শ্রীকৃষ্ণ এত্য নঃ পালয়িষ্যতীতি কস্যাশ্চিদ্বাক্যাং সদৈন্যং প্রলপন্তীনাং বচোঽনুবদন্নাহ। স করুণাম্বুধিঃ কদা নু কস্মিন্ ক্ষণে ইতোপ্যধিকায়াং কস্যাং নু বিপদ্দশায়াং বিপুলায়তাভ্যাং

জল্পনার মধ্যে একটী জল্পনাও সর্ব্বরক্ষা সমর্থ আর্ত্তবন্ধু শ্রীকৃষ্ণ মুরলীর কোমল শব্দের মধ্যে কবে শ্রবণ করিবেন ॥ ৬২ ॥

অহে! স্বজনদিগের বিপৎ সমূহ অসহিষ্ণু কৃপালু এই শ্রীকৃষ্ণ আগমন করিয়া আমাদিগকে পালন করিবেন এই বাক্যের অনুবাদ করত কহিলেন ॥

কোন্ সময়ে কোন বিপদ্দশায় কৈশোরগন্ধি অর্থাৎ

যদুনন্দনঠাকুরের পদ্য।

বিন্দু ॥ কবে মূর্চ্ছাগত সখী পাইবে চেতন। কৃপাসিন্ধু তুমি কহি এই সে কারণ ॥ সুজন বিপত্তিভর অসহিষ্ণু হরি। এ লাগি কৃপালু নাম আছে ক্ষিতি-ভরি ॥ নিজ কৃপালুতা নাম পালন করিতে। অবশ্য রাখিবে সখী এই বিপদেতে ॥ ঐছে বাক্য কোন সখী কহে প্রলাপিয়া। লীলা-শুক সেই শ্লোক পড়ে আর্ত্ত হৈয়া ॥ ৬২ ॥

সখি! হে, কবে শ্যামসুন্দরশেখর। এই বিপত্যের কালে হৈয়া কৃপাধর ॥ বিপুল আয়ত নেত্র গোচর বিষয়ী।

বিলোচনাভ্যাং বিপুলায়তাভ্যা-
মালোকয়িষ্যন্ বিষয়ীকরোতি ॥ ৬৩ ॥
মধুরমধুরবিম্বে মঞ্জুলং মন্দহাসে

বিলোচনাভ্যামালোকয়িষ্যন্ বিষয়ীকরোতি স্বগোচরীকরিষ্যতি। ইতোঽপি বিপৎসম্ভবেন্নাম। কীদৃক্। কৈশোরগন্ধিঃ। স্বল্পার্থে ইচ্ সমাসান্তঃ। নবকৈশোর ইত্যর্থঃ দশাদ্বয়ে সুগমং ॥ ৬৩ ॥

অথোন্মত্তেবোত্থায় উপবিশ্য নেত্রে নিমিল্যৈব সখীঃ প্রতি সোৎকণ্ঠং পৃচ্ছন্ত্যা বচোঽনুবদন্নাহ। স্থ ভোঃ সখ্যস্তং মরকতমণিনীলং বালং কিশোরং

নবকৈশোর করুণাম্বুধি শ্রীকৃষ্ণ বিপুল ও আয়ত লোচনযুগল দ্বারা কৃপাকটাক্ষে অবলোকন করত নেত্রপথের কি পথিক করিবেন ? ॥ ৬৩ ॥

অনন্তর উন্মত্তের ন্যায় উঠিয়া উপবেশনপূর্ব্বক শ্রীরাধা নেত্রদ্বয় মুদ্রিত করিয়াই সখীগণের প্রতি উৎকণ্ঠার সহিত জিজ্ঞাসা করিতে থাকিলে তাঁহার বাক্যের অনুবাদ করত কহিলেন ॥

হে সখীগণ! যাহার অধরবিম্ব অতি মধুর ও মন্দ-হাস্য মনোহর, যিনি মুরলীতে শীতল অমৃত তুল্য শব্দ

যদুনন্দনঠাকুরের পদ্য।

কবে সে করিবে অতি দয়া উপজায়ি ॥ কৈশোর সুগন্ধ যেই সেই সর্ব্বক্ষণ। কৃপাতে করিবে কবে ইহা দরশন ॥ তাহা শুনি উঠে রাই নয়ন মুদিয়া। সখী প্রতি কহে রাই উৎকণ্ঠিতা হৈয়া ॥ ৬৩ ॥

সখি হে মরকতমণি নীলকাঁতি। কৈশোর শেখরবর, মৃগদৃশা তপাহর, কবে নিরখিব সে মুরতি ॥ ধ্রু ॥

শিশিরমমৃতনাদে শীতলং দৃষ্টিপাতে।
বিপুলমরুণনেত্রে বিশ্রুতং বেণুনাদে

আলোকয়ে কদা ব্রক্ষ্যামীত্যর্থঃ। কীদৃশং অধরবিম্বে মধুরং মন্দহাসে মঞ্জুলং অমৃতনাদে শিশিরং। দৃষ্টিপাতে শীতলং অরুণনেত্রে বিপুলং বেণুনাদে

করেন, যাহার দৃষ্টিপাতে ত্রিজগৎ শীতল হয়, যিনি বিপুল ও অরুণবর্ণ নেত্রশালী তথা বেণুবাদ্য বিষয়ে বিখ্যাত এবং যিনি মরকত অর্থাৎ ইন্দ্রনীলমণির তুল্য

যদুনন্দনঠাকুরের পদ্য।

বান্ধুলী সুরঙ্গ জিনি, মধুর অধর বাণী, মৃদু নব পল্লব জিনিয়া। সদাই প্রফুল্ল অতি, যাহাতে মোহয়ে মতি, কবে নেত্র জুড়াবে দেখিয়া॥ তাতে মন্দ মন্দ হাসি, উগরে অমৃত রাশি তার মঞ্জু শোভা বিলক্ষণ। সদাই অধর তাতে, স্নান করে অবিরতে, তা দেখি জুড়াব কবে মন॥

তাহাতে অমৃত বাণী, কর্ণ মন রসায়নী, অতিস্নিগ্ধ সুমাধুরীময়। তাতে পরিহাসভঙ্গী, তরুণীর প্রাণসঙ্গী, কবে তা শুনিব কর্ণদ্বয়॥

লোচন চাহনি তাতে, কত প্রেমময় যাতে, অতি সুললিত সদা যেই। বঙ্কিম চাহনি আর, অপাঙ্গ ইঙ্গিতে তার, কবে আঁখি দেখিব সদাই॥

তাহাতে অরুণ আঁখি, বিপুল আয়ত সাক্ষী, তাতে ঘন পক্ষের সুষমা। যাহা দেখি মাতে নারী, কে কহিবে সে মাধুরী, কবে সে দেখিব মনোরমা॥

তাতে বেণু গান সুধা, যে করে অমৃত মুধা, ব্রজনারী

মরকতমণিনীলং বালমালোকয়ে নু ॥ ৬৪ ॥
মাধুর্য্যাদপি মধুরং মন্মথতাতস্য কিমপি কৈশোরং।

বিশ্রুতং। দশান্তরদ্বয়ে সুগমং ॥ ৬৪ ॥

অথোত্থায় ইতস্ততোধাবন্ত্যাঃ সখীভিরঞ্চলে গৃহীত্বা সখি কিমিত্যুন্মত্তাসি- ধৈর্য্যং কুর্ব্বিতি প্রবোধিতায়াঃ সধৈর্য্যমিব বচোঽমুবদন্নাহ। মন্মথতাতস্য মনোমথ্নাতীতি মন্মথো দুঃখদঃ কামস্তং জনয়তীতি মন্মথজনকস্তস্যেতি বক্তব্যে ভাববৈভবশ্যাৎ সমানপর্য্যায়ত্বাচ্চ তত্তাতস্যেত্যুক্তিঃ। তস্য কৃষ্ণস্য কিমপ্য- নির্বচনীয়ং কৈশোরং চেতোহরতি হন্ত খেদে কিং কুর্ম্মঃ। তত্র হেতুমাহ।

শ্যামাঙ্গ সেই কিশোর শ্রীকৃষ্ণকে কবে দর্শন করিব ? ॥ ৬৪॥

অনন্তর উত্থিত হইয়া শ্রীরাধা ইতস্ততঃ ধাবমান হই তেছিলেন সখীগণ তাঁহার অঞ্চলে ধারণ করিয়া কহিলেন সখি! তুমি কি উন্মত্তা হইয়াছ, ? ধৈর্য্য ধারণ কর, সখী-

যদুনন্দনঠাকুরের পদ্য।

চিত্ত যেই হরে। সে বেণু শুনিব কবে, হেন নাকি দিন হবে, ডুবাইব শ্রবণ অন্তরে ॥

এতেক কহিতে রাই, অন্তরে সুয়াস্থ নাই, উন্মাদ বাঢ়িল অতিশয়। উঠিয়া ধাইয়া যায়, সদা কহে হায় হায়, সখী- গণ ধরিয়া রাখয় ॥

তারা. কহে শুন সখী, উন্মাদ বাঢ়াও নাকি, ধৈর্য্য অব- লম্ব কর তুমি। শুনি প্রিয়সখী-বোল, ছাড়ি অতি উত্ত- রোল, ধৈর্য্য প্রায় কহে কিছু বাণী ॥ ৬৪ ॥

সখি হে গোবিন্দের কৈশোর বয়স। অনির্ব্বাচ্য মন্ম- থন, মন্মথ বিলক্ষণ, হরে চিত্ত কি করিমু শেষ ॥ ধ্রু ॥

চাপল্যাদতিচপলং চেতোবতহরতি হন্ত কিং কূর্ম্মঃ ॥৬৫

কীদৃশং মাধুর্য্যাৎ তদ্রূপধর্ম্মাদপি মধুরং লক্ষণয়াতিমধুরমিত্যর্থঃ। ননয়ি মুগ্ধে কস্যাশ্চেতো ন হরতি কান্যা ত্বমিবোন্মাদ্যতি। তত্রাহ কীদৃশং চেতঃ চাপল্যাত্তদ্রূপধর্ম্মাদপি চপলং তস্যৈব দোষ ইত্যর্থঃ। যদ্বা তস্য কৃষ্ণস্য মন্মথকৈশোরং ব্যাপ্য মনো হরতীত্যন্বয়ঃ। কালাধ্বনোরত্যন্তসংযোগ ইতি দ্বিতীয়া। কিম্বা কৈশোরং কীদৃশং মন্মথতা তৎস্বরূপং। স্বাস্তর্দশায়াং সমান সখীঃ প্রত্যুক্তিঃ। বাহে সঙ্গিজনান্ প্রতি ॥ ৬৫ ॥

দিগের এই বাক্যে প্রবোধিতা শ্রীরাধার সধৈর্য্যের ন্যায় বাক্যের অনুবাদ করত কহিলেন ॥

সেই শ্রীকৃষ্ণের মাধুর্য্য হইতেও মধুর কোন এক অনির্ব্বচনীয় মন্মথতা এবং কৈশোর তথা চাপল্য অপেক্ষাও চপল, এই সকল আমার চিত্তকে হরণ করিতেছে হায়! এখন আমি কি করিব? ॥ ৬৫ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

শুনহ কারণ তার, মাধুর্য্যে মাধুর্য্য সার, প্রতি অঙ্গে অনঙ্গ তরঙ্গ। চঞ্চল হইতে অতি, চঞ্চল করায় মতি, তাতে নারি ধৈর্য্য করিবার ॥

যদি বোল মুগ্ধা তুমি, শুন যে কহিয়ে আমি, কার চিত্ত না হরয়ে সে। তুয়া হেন উনমত্তা, না দেখি শুনিয়ে কোথা, পরধনে লোভ কর বশে ॥

তবে তাহা শুন কহি, মোর কিছু দোষ নাহি, চিত্তের নাহিক দোষ লেশ। চাপল্য কৈশোর ধর্ম্ম, চাপল্য তাহার কর্ম্ম, চাপল্যতা করে চিত্তদেশ ॥

সখী কহে ভাল হৈল, ক্ষণেক ধৈর্য্যতা কর, এখনি দেখিহ

বক্ষঃস্থলে চ বিপুলং নয়নোৎপলে চ
মন্দস্মিতে চ মৃদুলং মদজল্পিতে চ।

নন্বধুনৈব তং দ্রক্ষ্যসি ক্ষণং ধৈর্য্যং কুর্ব্বিতি পুনস্তাভিঃ প্রবোধিতায়াঃ

অহে! তুমি এখনই তাঁহাকে দেখিতে পাইবে, ক্ষণকাল ধীর হও, এই বলিয়া পুনর্ব্বার সখীদিগের কর্ত্তৃক প্রবোধিত শ্রীরাধার সলালস বাক্য অনুবাদ পূর্ব্বক কহিলেন,—

যদুনন্দনঠাকুরের পদ্য।

তারে তুমি। সখীর প্রবোধ পাঞা, লালসা বাঢ়িল হিয়া, তাতে কহে অতিমিষ্ট বাণী ॥ ৬৫ ॥

সখি! হে, কৃষ্ণ নবকিশোরশেখর। সুবিলাস মহানিধি, রসে নিরমিল বিধি, কবে দেখি জুড়াব অন্তর ॥ ধ্রু ॥

বক্ষঃস্থল পরিসর, দর্পণ সুছটাধর, তরুণীর হিয়া লোভে যাতে। সুশীতল সুকোমল, অনঙ্গের তাপ হর, কবে আমি আলিঙ্গিব তাতে ॥

তৈছে নীলোৎপলদ্বয়, পরম বিদীর্ণময়, অতিদীর্ঘ অতি সুচাপল। কমল উপরে যেন, নাচে খঞ্জরীট হেন, কবে শোভা দেখিব তরল ॥

তৈছে মৃদুমন্দ হাস, পুষ্পগুচ্ছ পরকাশ, সদাই প্রসন্ন মুখচন্দ্র। কবে নিরখিয়া আমি, জুড়াইব দুনয়ানি, কবে আঁখি ভাঙ্গিবেক অন্ধ ॥

বচনে মৃদুতা হেন, অমৃত উগরে যেন, অর্দ্ধ বাণী শ্রবণে পশিলে। কুল ছাড়ে কুলবতী, সদা হয় উনমতি, কবে তা শুনিব শ্রুতিমূলে ॥

বিম্বাধরে চ মধুরং মুরলীরবে চ
বালং বিলাসনিধিমাকলয়ে কদা নু ॥ ৬৬ ॥
আর্দ্রাবলোকিতধুরা পরিনদ্ধনেত্র-

সলালসং বচোঽনুবদন্নাহ। নু ভোঃ সখ্যস্তং বিলাসনিধিং তৎসমুদ্রং বালং নবকিশোরং কদা আলোকয়ে দ্রক্ষ্যামীত্যর্থঃ। কীদৃশং। বক্ষঃস্থলে চ নয়নোৎপলে চ বিপুলং বিস্তীর্ণং॥ মন্দস্মিতে চ মদজল্পিতে চ মৃদুলং। বিম্বাধরে চ মুরলীরবে চ মধুরং। দশান্তরদ্বয়ে সুগমং ॥ ৬৬ ॥

অথাতিদৈন্যোদয়াৎ সদৈন্যাং তদ্দর্শনকারিণোঽভিনন্দন্ত্যা বচোঽনুবদন্নাহ।

অহে সখীগণ! যাঁহার বক্ষঃস্থল ও নয়নোৎপল বিপুল, মন্দহাস্যও মদজাল্পত মৃদুল, এবং যাঁহার বিম্বাধর মধুর ও মুরলীরব মধুর, সেই বিলাসনিধি বাল অর্থাৎ কিশোরকে আমি কবে নিরীক্ষণ করিব? ॥ ৬৬ ॥

অতিশয় দৈন্যের উদয় হেতু সদৈন্যে শ্রীকৃষ্ণের দর্শন

যদুনন্দনঠাকুরের পদ্য।

বিম্বাধর সুমধুর, উদ্গারে রসের পূর, অরুণ বরণে সুধা মাখা। কবে নিরখিব আমি, কহ দেখি সখী তুমি, এই ওষ্ঠাধরে হবে দেখা ॥

মুরলীর রবে তেন, মাধুরী বিষয়ে যেন, অমৃত ঝরয়ে দশ দিশা। শ্রবণে শুনিব কবে, হেন কি সুদিন হবে, পূর্ণ হবে এই মোর আশা ॥

কহিতে কহিতে অতি, দৈন্য বাড়ি গেল মতি, সেই কৃষ্ণ দেখে যেই জন। তার ভাগ যে বাখানে, তারে কহি ধন্য জনে, লীলাশুক করয়ে বর্ণন ॥ ৬৬ ॥ ১৬.৩.৫৮

সখি হে পুরুষের শ্রেষ্ঠ সে গোবিন্দ। কৃতি যেই কৃতপুণ্য, পুঞ্জগণ মহাধন্য, সেই দেখে তার মুখচন্দ্র ॥ ধ্রু ॥

মাবিষ্কৃতস্মিতসুধামধুরাধরৌষ্ঠং।
আদ্যং পুমাংসমবতংসিতবর্হিবর্হ-

আর্দ্রাবলোকিতেত্যাদি। তমাদ্যং পুমাংসং পুরুষশ্রেষ্ঠং যে কৃতিনঃ কৃত্যপুণ্যপুঞ্জাঃ তএবালোকয়ন্তি। আকর্ণয়ন্তীতি পাঠে তাদৃশং যে শৃণ্বন্তি ত এব ধন্যাঃ। কিমুত যে পশ্যন্তীত্যর্থঃ। আদ্যং প্রেমবজ্জনৈরাস্বাদ্যং ইতি বা। কীদৃশং। প্রণয়করুণরসৈরার্দ্রয়া অবলোকিতধুরা তদতিশয়েন পরিনদ্ধে যুক্তে নেত্রে যস্য আবিষ্কৃতং যৎ স্মিতং তদেব সুধা তয়াতিমধুরাবধরৌষ্ঠৌ যস্য তথা-

কারিণী শ্রীরাধার বাক্য অভিনন্দন পূর্ব্বক কহিলেন ॥

যাঁহার নেত্র আর্দ্র দৃষ্টিভারে আলিঙ্গিত ও প্রকাশিত, মধুর হাস্যরূপ সুধাদ্বারা অধরৌষ্ঠ মধুর,সেই ময়ূরপিচ্ছধারী আদ্য

যদুনন্দনঠাকুরের পদ্য।

সদাই নয়নে যার, করুণা রস অবতার, আর্দ্র অবলোকে অতি ধুরা। তাহাতে প্রণয়যুক্ত, বাক্যে তাহা নহে উক্ত, তাহা দেখে ভাগ্যবান্ যারা ॥

অধরোষ্ঠ সুমধুর, যাতে স্মিত সুধাপূর, সদাই বিলাসে তাহা সনে। তাহা যে বা নিরীখয়, ভাগ্যবান্ সেই হয়, ধন্য রহু তার দুনয়নে ॥

চূড়াতে ময়ূরপুচ্ছ, তাতে বেড়া পুষ্প গুচ্ছ, তার যেই শোভা পরিপাটী। যেই কৃত পুণ্যগণ, নিরীখয়ে অনুক্ষণ, ধন্য রহু তার আঁখি দুটি ॥

আমার দুর্ভাগ্যগণ, কোথা পাবে দরশন, তৈছে ভাগ্য কভু করে নাই। কহি সখীগণ সঙ্গে, কান্দে বহু পরবন্ধে. অতিমুক্তকণ্ঠধ্বনি রাই ॥

মালোকয়ন্তি কৃতিনঃ কৃতপুণ্যপুঞ্জাঃ ॥ ৬৭ ॥

মারঃ স্বয়ং নু মধুরদ্যুতিমণ্ডলং নু

বতংসিতানি বর্হিণাং বর্হাণি যেন তং। দশান্তরদ্বয়ে সুগমং ॥ ৬৭ ॥

অথ শ্রীবৃন্দাবনং প্রবিষ্টে তস্মিন্ লীলাশুকে শ্রীকৃষ্ণ স্তাসাগাবিরভূদিতি-বৎ তাসাং মধ্যে আবির্ভূতস্তল্লীলাবিশিষ্ট এব তস্যাগ্রেঽপ্যাবিরভূৎ। সচ তং

পুরুষকে যাহারা পুঞ্জ পুঞ্জ পুণ্য করিয়াছে তাহারাই দর্শন করিয়া থাকে ॥ ৬৭ ॥

অনন্তর লীলাশুক বৃন্দাবনে প্রবেশ করিলে "শ্রীকৃষ্ণ শ্রীরাধাপ্রভৃতি গোপীগণের মধ্যে আবির্ভূত হইলেন" এই লীলাবিশিষ্ট শ্রীকৃষ্ণ লীলাশুকের অগ্রেও যেন আবির্ভূত হইলেন, তিনি তাঁহাকে অবলোকন করিয়া শ্রীরাধার ভ্রম স্বয়ং উপস্থিত হওয়ায়, আমাদের শ্রীকৃষ্ণ দর্শনের ভাগ্য নাই, সখীদিগের সহিত এই কথা বলিতে বলিতে অকস্মাৎ শ্রীকৃষ্ণকে দূরে অবলোকন করিয়া প্রলাপ কারিণী শ্রীরাধার বাক্যের অনুবাদ পূর্ব্বক কহিতেছেন ॥

প্রথম দর্শন মাত্রেই বিরহবিক্লবা শ্রীরাধা কন্দর্প ভ্রমে সভয়ে কহিতেছেন। হে সখীগণ! যিনি অদৃশ্য হইয়া

যদুনন্দনঠাকুরের পদ্য।

অকস্মাৎ এইকালে, কিছু দূর পথে হেরে, কৃষ্ণ দেখি অতি ভ্রম হৈল। তাহাতে প্রলাপ করি, বোলে যাহা সুনাগরী, লীলাশুক দেখা যেন পাইল ॥ ৬৭ ॥

সখি হে কে দেখি যে সম্মুখে আমার। কিবা কাম মূর্ত্তিমান্, দেখ এই বিদ্যমান, দেখি শঙ্কা না হয় কাহার ॥ ধ্রু ॥

মাধুর্য্যমেব নু মনোনয়নামৃতং নু।

বিলোক্য স্বয়ং জাততত্তদ্ভ্রমোহপি তস্যাঃ শ্রীরাধায়াঃ অস্মাকং তদ্দর্শনভাগ্যং নাস্ত্যেবেতি। সখীভিঃ সহ রুদন্ত্যাঃ অকস্মাত্তং কিঞ্চিদ্দূরে বিলোক্য ভ্রমবাহুল্যেন প্রলপন্ত্যা বচোহনুবদন্নাহ। প্রথমং দর্শনাদেব বিরহবিক্লবা কন্দর্প-ভ্রান্ত্যা সভয়মাহ। যস্তাবদদৃশ্য এব জগন্মারয়তি স মারঃ স্বয়মাগতঃ কিং নু বিতর্কে পুনর্ম্মাধুর্য্যমনুভূয় সাশ্চর্য্যমাহ। স তাবদীদৃঙ্মধুরো ন ভবতি। তদিদং মধুরদ্যুতীনাং মণ্ডলং নু কিং পুনরত্যাশ্চর্য্যমাহ। ন তদেতৎ কিন্তু মাধুর্য্যমেব তদ্ধর্ম্ম এব পরিণতঃ সন্নাগতঃ কিং। পুন্ মনোনয়নয়োরতিতৃপ্ত্যা

জগৎকে মারিয়া থাকেন, সেই মার অর্থাৎ কন্দর্প কি স্বয়ং আগমন করিলেন?। পুনর্ব্বার মাধুর্য্য অনুভব করিয়া আশ্চর্য্যের সহিত কহিলেন, কন্দর্প ঈদৃশ মধুর হইতে পারে না, তবে একি মধুরদ্যুতি সকলের মণ্ডল, পুনর্ব্বার অত্যন্ত আশ্চর্য্য

যদুনন্দনঠাকুরের পদ্য।

ক্ষণেক রহিয়া কহে, সখি এই কাম নহে, দৃশ্য নহে সেই কামরাজ। জগত মারয়ে সেহ, তারে না দেখয়ে কেহ, এতাদৃশ তার নহে সাজ॥

মাধুর্য্য মণ্ডলদ্যুতী, কিবা হৈল মূর্ত্তিমতী, সেহ নহে গতি হীন তার। কিবা সুমাধুরী দেখি, যাতে সেই ধর্ম্ম সাক্ষী, তাহার না হয় যে আকার॥

মম মন লোচন, সুখী করে অনুক্ষণ, মন নেত্রামৃত এই কিবা। অবয়ব দেখি পুনঃ, সম্ভ্রম হইল দুন, তবে আর দেখি এই কিবা॥

গোর বেণীপুঞ্জ যেই, সম্মুখে বা দেখি সেই, কিবা কান্ত আইলা প্রোষ্য হৈতে। এতেক কহিতে রাই, সম্যক্

বেণীমৃজো নু মম জীবিতবল্লভো নু

সসন্তোষমাহ। মনোনয়নয়োরমৃতং তদ্রূপমিদং নু কিং। পুনরবয়বমনুভূয় সসম্ভ্রমমাহ। বেণীমৃজো নুবেণীং মার্ষ্টি উন্মোচয়তীতি বেণীমৃজঃ প্রোষ্যাগতঃ কান্তঃ স এবায়ং কিং। পুনঃ সম্যগবলোক্য সানন্দমাহ। নু ভোঃ সখ্যঃ মম জীবিতবল্লভোঽয়ং বালঃ নবকিশোরঃ মম লোচনায় তদা নন্দয়িতুমভ্যুদয়তে যূয়ং পশ্যতেতি শেষঃ। স্বাস্তর্দশায়ান্ত তদনুগত্যৈব

বোধ করিয়া কহিলেন ইহা তাহা নয়, কিন্তু মাধুর্য্যই তদ্ধর্ম্ম-রূপে পরিণত হইয়া আগমন করিলেন কি! পুনর্ব্বার মন ও নয়নের অতিশয় তৃপ্তির সহিত কহিলেন, ইহা কি মন ও নয়-নের তৃপ্তি কারী? পুনর্ব্বার অবয়ব অনুভব করিয়া সসম্ভ্রমে কহিলেন, বেণী উন্মোচনকারী বিদেশাগত কান্ত ইনি কি সেই? পুনর্ব্বার সম্যক্‌রূপে অবলোকন করিয়া আনন্দের সহিত কহিলেন, অহে সখীগণ! ইনি আমার জীবিতবল্লভ বাল অর্থাৎ নবকিশোর আমার লোচনকে আনন্দ দিবার

যদুনন্দনঠাকুরের পদ্য।

নিরিখে তাই, দেখ সখি এই না সাক্ষাতে॥

অমার জীবন পতি, নবীন কিশোরাকৃতি, আগে আসি উদয় হইলা। তাপিত আমার আঁখি, জুড়াবার তরে দেখি, কৃপাকরি মোরে দেখা দিলা॥

এইরূপে রাধিকার, যত সখীগণ তার, কৃষ্ণসঙ্গে মিলন হইলা। তাহা দেখি লীলাশুক, অন্তরে পাইলা সুখ, বাহ্যস্ফূর্ত্তি তব হি ভৈগেলা॥

তাহার মাধুরী হৈতে, আকর্ষে ইন্দ্রিয় চিত্তে, মন্মথ

বালোঽয়মভ্যুদয়তে মম লোচনায় ॥ ৬৮ ॥
বালোঽয়মালোল-বিলোচনেন
বক্ত্রেণ চিত্রীয়িতদিঙ্মুখেন ।

ব্যাখ্যেয়ং। বাহ্যেঽপি স এবার্থঃ। নিশ্চয়ান্তসন্দেহনামায়মলঙ্কারঃ ॥ ৬৮ ॥

• অথ তয়া তাভিশ্চ সহ মিলিতং সাক্ষাদ্দৃষ্ট্বা জাতবাহ্যস্ফূর্ত্তিস্তন্মাধুর্য্যাকৃষ্ট-সর্ব্বেন্দ্রিয়ঃ সাক্ষান্মন্মথমন্মথরূপস্য তস্য সর্ব্বেন্দ্রিয়ানন্দনত্বং সপ্তভিঃ শ্লোকৈ-র্ব্বর্ণয়ন্ প্রথমং নয়নানন্দত্বমাহ দ্বাভ্যাং। অয়ং বালঃ কিশোরঃ বক্ত্রেণ বেশেন চ নোঽস্মাকং নয়নয়োরুৎসবং ভূঙ্গে প্রপূরয়তি। বক্ত্রেণ কীদৃশা। স্বাপরাধভয়েন

নিমিত্ত আগমন করিয়াছেন তোমরা অবলোকন কর ॥ ৬৮ ॥

অনন্তর শ্রীরাধা সখীগণের সহিত আগত শ্রীকৃষ্ণকে সাক্ষাৎ দর্শন করিয়া বাহ্যস্ফূর্ত্তি হেতু তদীয় মাধুর্য্যদ্বারা সর্ব্বেন্দ্রিয় আকৃষ্ট হওয়ায়, সাক্ষাৎ মন্মথের মন্মথরূপি-শ্রীকৃষ্ণের সর্ব্বে-ন্দ্রিয়ের আনন্দ সাত শ্লোকে বর্ণন করত প্রথমতঃ নয়না-নন্দ দুই শ্লোকে কহিতেছেন ॥

হে সখীগণ ! যাহাতে নিজের অপরাধ ভয় ও এক কালীন সকলের দর্শনহেতু লোচন অতিচঞ্চল এবং ঈষৎ হাস্যা-

যদুনন্দনঠাকুরের পদ্য ।

মন্মথ রূপ রাশি। সর্ব্বেন্দ্রিয়ানন্দন, সপ্ত শ্লোক বর্ণন, করে হর্ষামৃত রসে ভাসি ॥ ৬৮ ॥

দেখ শ্যাম কিশোর মাধুরী। বদন নয়ন আর, কেশ অতি মনোহর, নেত্রোৎসব পুরে মো সবারি ॥ ধ্রু ॥

নিজ অপরাধ ভয়ে, রাধা আদি সখীচয়ে, এক কালে দর্শন লাগিয়া। সম্যক্ চঞ্চল আঁখি, সেই ভাবে সেই সাক্ষী, সবা সুখী করে নিরখিয়া ॥

বেশেন ঘোষোচিতভূষণেন
মুগ্ধেন দুগ্ধে নয়নোৎসবং নঃ ॥ ৬৯ ॥
আন্দোলিতাগ্রভুজমাকুললোলনেত্র-

যুগপৎ সর্ব্বাসাং দর্শনেন চ আ সম্যক্ লোলে বিলোচনে যত্র। তথা স্মিতাধরাদিকান্তিধারাভিশ্চিত্রমিব কৃতং দিশাং মুখং যেন। বেশেন কৃদৃশা। ঘোষো ব্রজস্তদ্যোগ্যানি বর্হগুঞ্জাদীনি ভূষণানি যত্র অতো মুগ্ধেন ॥ ৬৯ ॥

কাচিৎ করাম্বুজং শৌরেরিত্যাদিবৎ তাভি মিলিত্বা নৃত্যন্তমিবাগচ্ছন্তং

স্মিত অধরাদির কান্তিসমূহদ্বারা দিক্ সকলের মুখকেয়ে চিত্রীয়িত অর্থাৎ চিত্রের ন্যায় করিয়াছে এতাদৃশ বদনদ্বারা তথা ঘোষোচিত অর্থাৎ ব্রজযোগ্য বর্হ ও গুঞ্জা প্রভৃতি ভূষণবিশিষ্ট মনোহর বেশদ্বারা এই বাল অর্থাৎ কিশোর আমাদের নয়নোৎসবকে পূর্ণ করিতেছেন ॥ ৬৯ ॥

অপর হে সখীগণ! গোপীদিগের অঙ্গস্পর্শ নিমিত্ত কম্প এবং সনৃত্য গতিদ্বারা যাঁহার ভুজের অগ্রভাগ আন্দোলিত এবং করুণাবশতঃ যাঁহার লোচন চঞ্চল। তথা আর্দ্রীভূত

যদুনন্দনঠাকুরের পদ্য।

বদন মাধুরী অতি, স্মিতকান্তি ধারা ততি, তাহাতে অধরকান্তি ধারা। চিত্র কৈলা দিশামুখ, অখিল-নয়ন-সুখ, মুখ কোটিচন্দ্রমুখহরা ॥

ব্রজযোগ্য বেশ অতি, বর্হাগুঞ্জা অলঙ্কৃতি, তাতে আর মণি ভূষাগণ। অতি মনোহর শোভা, দরশে নয়ন লোভা, কহি করে শ্লোক উচ্চারণ ॥ ৬৯ ॥

দেখ সখি! আঁখি রসায়ন। হাসিতে হাসিতে আগে, আইসে এই অনুরাগে, যাতে স্নিগ্ধ করে দুনয়ন ॥ ধ্রু ॥

মাদ্র´স্মিতার্দ্রবদনাম্বুজচন্দ্রবিম্বং।
শিঞ্জানভূষণচিতং শিখিপিঞ্ছমৌলি

তং বিলোক্য নেত্রাতিতৃপ্ত্যা সহর্ষমাহ। ইদং শীতং বিলোচনয়োরসায়নং অভ্যুপৈতি পুরত আয়াতি। কীদৃশং। তাসাং স্পর্শোত্থকম্পাৎ সনৃত্যগত্যা চান্দোলিতৌ অগ্রভুজৌ যস্য। করুণয়া আকুলে পূর্ব্বললোলে চ নেত্রে যস্য। আর্দ্রস্মিতেনার্দ্রং বদনাম্বুজচন্দ্রবিম্বং যস্য। তত্র তাসাং দর্শনানন্দোৎফুল্লত্বাৎ সুরভিত্বাচ্চাম্বুজত্বং শৈত্যমাধুর্য্যকান্ত্যাদিভি নে´ত্রপ্রীণনত্বাচ্চন্দ্রত্বং। শিঞ্জা-

ঈষৎ হাস্যদ্বারা যাঁহার বদন পদ্ম ও চন্দ্রবিম্বের ন্যায় অর্থাৎ গোপীদিগের দর্শনানন্দ জনিত প্রফুল্ল ও সৌগন্ধি হেতু পদ্ম এবং শৈত্য, মাধুর্য্য ও কান্ত্যাদিদ্বারা নেত্রতৃপ্তি কারিত্ব প্রযুক্ত চন্দ্রতুল্য হইয়াছে এবং যিনি কঙ্কণভূষণপ্রভৃতির শব্দসমূহে পরিব্যাপ্ত, তথা যিনি শিখিপিঞ্ছমৌলী সেই

যদুনন্দনঠাকুরের পদ্য।

পরশে অঙ্গুল্যা পাণি, কম্প হৈল অনুমানি, তাতে নৃত্য গতি মনোরম। ভুজাগ্র দোলায়মান, নবকিশলয়ভান, তাতে নখচন্দ্র ঝলকন॥ করুণা আকুল আঁখি, অতি লোল তাতে সাক্ষী, পূর্ব্বপ্রায় সখি দেখ আরে। মুখাব্জ চান্দের কাঁতি, মৃদুহাস্য সুধাভাঁতি, দর্শনে প্রফুল্ল মধু ঝরে॥

কঙ্কণ নূপুর আর, কিঙ্কিণ্যাদি মনোহর, মণিভূষা শব্দ মনোহর। শ্রবণে আনন্দ দেই, কর্ণরসায়ন যেই, শিখি-পিঞ্ছ চূড়ার উপর॥

এতেক কহিতে পুনঃ, দেখে সখীগণ যেন, বসিলেন গোবিন্দ বেড়িয়া। অঙ্গবাসাসন দিয়া, মনে কোপ উপজিয়া, কহে কথা সবাই হাসিয়া॥

শীতং বিলোচনরসায়নমভ্যুপৈতি ॥ ৭০ ॥
পশুপাল-বাল-পরিষদ্বিভূষণঃ

নানি যানি কঙ্কণনূপুরাদিভূষণানি তৈশ্চিতং। অনেন শ্রোত্রানন্দনত্বং চোক্তং। শিখিপিঞ্ছে মৌলি র্যস্য ॥ ৭০ ॥

অথ পরিতস্তা দৃষ্ট্বা চকাস গোপীপরিসদগতোবিভুরিত্যাদি লীলাবিশিষ্টং তং বিলোক্য সহর্ষমাহ। এষ শিশুঃ কিশোরঃ শ্রীকৃষ্ণঃ সর্ব্বাসামপি বিশে-

---

শীতল লোচনদ্বয়ের রসায়নস্বরূপ শ্রীকৃষ্ণ আমার সম্মুখে আগমন করিতেছেন ॥ ৭০ ॥

অনন্তর শ্রীকৃষ্ণের চতুর্দ্দিকে সখীগণ এবং লীলাবিশিষ্ট শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া শ্রীরাধার বাক্য লীলাশুক কহিতেছেন ॥

হে সখীগণ! যিনি পশুপাল বালা অর্থাৎ গোপকিশো-রীদিগের সভার বিভূষণস্বরূপ এবং যাঁহার লোচন অতিশয়

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাহার উত্তর দিতে, কৃষ্ণ হৈলা হরষিতে, তাতে রূপ শোভার মাধুরী। লীলাশুক কহে তাহা, শুনিয়া আনন্দ যাহা, মধুময় শ্লোকৈক উচ্চারি ॥ ৭০ ॥

সখি! হে, এই যে কিশোর কৃষ্ণ আঁখি। মুখচন্দ্র মন্দ-হাসি, রাধা আদি গোপী রাশি, মোর হৃদি ব্যাপ্ত্যে করে সুখী ॥ ধ্রু ॥

সখী প্রশ্ন কোপ শুনি, তাতে মৃদুস্মিত খানি, তাতে আর্দ্র যেই মুখচন্দ্র। তাতে যেই প্রেম উক্তি, তার জ্যোৎস্না পুঞ্জযুক্তি, সেই ব্যাপ্ত হয় হৃদি কন্ধ ॥

শিশুরেষ শীতলবিলোললোচনঃ।

মৃদুলস্মিতার্দ্রবদনেন্দুসম্পদা-

যতো মদীয়ানাং স্বসম্মুখস্থশ্রীরাধাললিতাদীনাং হৃদয়মেতন্মোক্ত্রহীত্যাদিনা-স্বান্তকোপঃ স্বপ্রশ্নশ্রবণাৎ যন্মৃদুলস্মিতং তেনার্দ্রো যোবদনেন্দুস্তস্য মাস্থয়িতং মাহর্থেত্যাদি ন পারয়েহহমিত্যাদি প্রেমোক্তিকৌমুদীরূপয়া সম্পত্তয়া মদয়ন্নানন্দয়ন্ বিগাহতে ব্যাপ্নোতীত্যর্থঃ। তদ্দৃষ্ট্বা মম হৃদয়ঞ্চ কীদৃক্ পশুপালবালানাং গোপকিশোরীণাং পরিষদং বিভূষয়তীতি। তথা তৎসদৈব বিভূষণং যস্যেতি বা। তয়া বেষ্টিতো বভাবিত্যর্থঃ। অগ্রে রাধাপয়োধরেত্যাদৌ ধেনুপালদয়িতাস্তেন স্থলীত্যাদৌ তথা বর্ণিতত্বাৎ প্রেমবৈবশ্যেন বালাপরি-ষদিতি বক্তব্যে বালপরিষদিত্যুক্তিঃ। যদ্বা। পশুপালানাং বালা যস্যাং সা পশু-পালবালা সা চাসৌ পরিষচ্চেতি কর্ম্মধারয়ে পুম্বাবঃ।ভ কিম্বা। তদ্বাল-

শীতল, সেই এই কিশোর শ্রীকৃষ্ণ সকলের এবং বিশেষতঃ আমাদিগের অর্থাৎ স্বসম্মুখস্থ শ্রীরাধা ললিতাপ্রভৃতির হৃদয়ে "অহে! আমাদিগকে ইহাই বল" ইত্যাদি বাক্যে শ্রবণাদি নানাভাবে শ্রীকৃষ্ণ আর্দ্রবদন হইয়া "তোমরা অসূয়া করিও

যদুনন্দনঠাকুরের পদ্য।

পশুপাল নারীগণ, ভূষণ যে মনোরম, হেন মানে নীল-মণি যেন। নায়ক সোসর শোভা, যাতে হয় চিত্ত লোভা, মোর হিয়া ব্যাপ্তে রস তেন॥

শীতল লোচন তাতে, সদাই করুণা যাতে, সেই নেত্র ব্যাপ্ত হৈল হিয়া। তিন শ্লোক গান্ত কহি, কৃষ্ণবর্ণে সুখ পাই, মোর প্রাণ এসব কহিয়া॥

কৃষ্ণ কহে ঋণী আমি, এই আদি সুধাবাণী, তাতে গোপী ঈর্ষ্যা পঙ্ক ক্ষালে। বিলাস লালসা পুনঃ,নদী উচ্ছলিতে দুন, লোভ বাড়ে কৃষ্ণের অন্তরে॥

মদয়ন্মদীয়হৃদয়ং বিগাহতে ॥ ৭১ ॥
কিমিদমধরবীথীকু৯প্তবংশীনিনাদং

গোষ্ঠীনাং বিভূষণবদ্বিভূষণং যস্থ সঃ।। তদুক্তং। বেশেন ঘোষোচিত-ভূষণেনেতি। সামান্যবয়স্যবর্গবৃত ইত্যর্থস্থ প্রক্রমমব্যাপ্তং। তথা শীতলে বিলোলে চ লোচনে যস্য ॥ ৭১ ॥

ইতি শ্লোকত্রয্যা সামান্যত্বেন তং নির্ব্বণ্য তন্মম জীবিতমেবৈতদিতি বর্ণয়ন্ প্রথমং তাসাং ন পারয়েঽহমিত্যাদি। স্ববাগমৃতক্ষালিতের্ষ্যা নবপঙ্কে

না” ইত্যাদি বহুবিধ বাক্যরূপ কৌমুদীসমূহে আনন্দবিধান করত প্রবেশ করিতেছেন ॥ ৭১ ॥

এই প্রকার তিন শ্লোকে সামান্যরূপে শ্রীকৃষ্ণের বর্ণন করিয়া, তিনি আমার নিশ্চয়ই জীবন এই বর্ণন করত প্রথমত সেই সকল গোপীর (নপারয়েঽহং নিরবদ্য সংযুজাং) ইত্যাদি শ্রীকৃষ্ণের বাক্যামৃতদ্বারা ঈর্ষ্যারূপ নবপঙ্কক্ষালিত অন্তঃকরণ মধ্যে পুনর্ব্বার বিলাস লালসারূপ তরঙ্গিণী অর্থাৎ নদীকে উচ্ছলিত করিবার নিমিত্ত কৃষ্ণমেঘ বংশীনাদামৃত বর্ষণ করিতে থাকিলে তাহাতে লীলাশুক প্রেমানন্দে বিহ্বল হওত “এ কি বস্তু” এই বলিয়া সংশয় করত পুনর্ব্বার নিশ্চয় করত কহিতেছেন ॥

হে সখি! এ কি বস্তু, যিনি আমাদের নয়নদ্বয়ে কোন

যদুনন্দনঠাকুরের পদ্য।

বংশীগানামৃতবর্ষে, কৃষ্ণমেঘ অতিহর্ষে, অতি প্রেমানন্দ হৈল তায়। একি একি ঘন বলি, লীলাশুক কুতূহলী, পুন, এক শ্লোক উচ্চারয় ॥ ৭১ ॥

সখি হে কিবা বস্তু আগে যে দেখিয়ে। যাতে হৈতে

কিরতি নয়নয়োর্নঃ কামপি প্রেমধারাং।
তদিদমমরবীথীবল্লভং দুর্ল্লভং ন-

স্বান্তে পুনর্বিলাসলালসা তরঙ্গিণী মুচ্ছলয়িতুং বংশীনাদামৃতং বর্ষতি কৃষ্ণ-ঘনে যত্র জাতপ্রেমানন্দোদ্রেকঃ। কিমিদং বস্ত্বিতি সংশয্য পুনর্নিশ্চিনোতি কিমিদং বস্তু যন্নোঽস্মাকং নয়নয়োঃ কামপি প্রেমধারাং কিরতি। ক্ষণং বিমৃষ্য আঁং বিদিতং তদেবাস্মাকং দৈবতমিদং। পুনঃ সশঙ্কং কিমুত দৈবতং বল্লভঞ্চ। পুনঃ সপ্রণয়ং। কিমুত বল্লভং জীবিতঞ্চ কথং জ্ঞাতং। তত্রাহ। অধরবীণ্যাং

এক প্রেমধারা নিক্ষেপ করিতেছেন অনন্তর ক্ষণকাল বিচার করিয়া কহিলেন আ! জানিতে পারিলাম, ইনি আমাদের দেবতা। পুনর্ব্বার সশঙ্কে কহিলেন, ইনি কেবল দেবতা নহেন, আমাদের বল্লভও হয়েন। পুনর্ব্বার সপ্রণয়ে কহিলেন, ইনি যে কেবল বল্লভ বটেন তাহা নয়, ইনি আমাদের জীবনও হয়েন, যদি বল কিরূপে জানিতে পারিলা, এই অভিপ্রায়ে কহিতেছেন, ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

মো সবার, আঁখি বহে প্রেমধার, কোন প্রেম উপজায় যায়ে ॥ ধ্রু ॥

এত কহি ক্ষণ এক, বিমর্ষিয়া পরতেক, কহে হয় জানিল জানিল। মো সবার দৈব সেহো, দেখ আগে আইলা তেঁহো, এই আমি নির্ণয় কহিল ॥

পুনঃ সশঙ্কিতে কহে, কেবল দেবতা নহে, দেখ আইলা বল্লভ আমার। পুনঃ সপ্রণয়ে কহে, কেবল বল্লভ নহে, প্রাণ আইলা আমা সবাকার ॥

যদি বল কি লক্ষণে, জান তার আগমনে, শুন তার কহি

ত্রিভুবনকমনীয়ং দৈবতং জীবিতঞ্চ ॥ ৭২ ॥
তদিদমুপনতং তমালনীলং

কল্পিতচিত্রবদর্পিতা যা বংশী তস্যা নিনাদো যত্র। অতোঽমরবীথ্যাং দেবশ্রেণ্যাং তস্যা অপি বা দুর্ল্লভং। অতস্ত্রিভুবন-কমনীয়ং তদিদং মন্নেত্রগোচরমিত্যহো ভাগ্যমিতি ভাবঃ ॥ ৭২ ॥

রাসোৎসবঃ সংবৃত্ত ইত্যাদিবৎ পুনস্তদ্বিলাসারম্ভিণং তং নিশ্চিত্যাহ। তদিদং মম জীবিতং উপনতং সমীপমাগতং। কীদৃশং। বিলাসি রাস-

ইহাঁর অধরশ্রেণীতে আশ্চর্য্যরূপে অর্পিত বংশীর নিনাদ উদ্গত হইতেছে। অতএব দেবশ্রেণীতে এই বংশীরব অতি-দুর্ল্লভ, সুতরাং ইনি ত্রিভুবন-সুন্দর। অহো ভাগ্য! আমার নেত্রগোচর হইলেন! ॥ ৭২ ॥

পুনর্ব্বার শ্রীকৃষ্ণ রাসলীলা আরম্ভ করিয়াছেন নিশ্চয় করিয়া লীলাশুক কহিতে লাগিলেন ॥

হে সখি! সমুদায় গোপীমণ্ডলের বদন দর্শন নিমিত্ত

যদুনন্দনঠাকুরের পদ্য।

বিবরণ। অধরে বিচিত্র বংশী, তরুণী পরাণদংশী, তার নাদ যাতে সুধাকণ ॥

দেবতাগণের যে, দুর্ল্লভ আইলা সে, ত্রিভুবন কমনীয় রূপা। তেঁহো মোর নেত্র আগে, দেখিয়া আশ্চর্য্য লাগে, তেঁই মোর ভাগ্য মহামুদা ॥

এত কহি দেখি পুনঃ, কৃষ্ণসুখী হৈয়া দুন, রাসলীলা আরম্ভ করিলা। তাহা দেখি লীলাশুক, অন্তরে পাইয়া সুখ, শ্লোক পড়ি কহিতে লাগিলা ॥ ৭২ ॥

সখি! হে, আমার জীবন কৃষ্ণচন্দ্র। নিকটে আইলা এই, দেখ বিদ্যমান সেই, রাসলীলা করিয়া আরম্ভ ॥

তরলবিলোচনতারকাভিরামং।
মুদিতমুদিতবক্ত্রচন্দ্রবিম্বং
মুখরিতবেণুবিলাসি জীবিতং মে ॥ ৭৩ ॥
চাপল্যসীম চপলানুভবৈকসীম

বিলাসারস্তি। মুখরিতো বেণুর্যেন শব্দিতবেণোর্বিলাসযুক্তং বা। তমালনীলং কনকবল্লবীনাং তাসাং মধ্যে তমালবৎ ভ্রাজমানং। সর্ব্বগোপীমণ্ডলবক্ত্র-দর্শনায় তরলাভ্যাং বিলোচনয়োস্তারকাভ্যাং অভিরামং। মুদিতমুদিতং অতি-মুদিতং বক্ত্রচন্দ্রবিম্বং যস্য মুদিতমানন্দিত উদিতবক্ত্রচন্দ্রবিম্বমিতি বা ছেদঃ॥৭৩

রাসে তস্য তত্তচ্চাপল্যাদিকমনুভূয় সাশ্চর্য্যমাহ। প্রথমং নৃত্যগতিলাঘব

লোচনদ্বয়ের চঞ্চলতারকাযুগলে যিনি অভিরাম। যাঁহার বদন উদিত চন্দ্রমণ্ডলের ন্যায় প্রফুল্ল। এবং যিনি শব্দিত-বেণুর বিলাসযুক্ত, আমার জীবনস্বরূপ সেই এই তমালনীল শ্রীকৃষ্ণ আসিয়া উপস্থিত হইলেন ॥ ৭৩ ॥

রাসমধ্যে শ্রীকৃষ্ণের দ্বিগুণতর চাপল্য অবলোকন করিয়া

যদুনন্দনঠাকুরের পদ্য।

শব্দযুক্ত বেণু যাতে, অখিল তরুণী মাতে, অমৃত মাধুরী সদা গলে। হেমলতা গোপীগণ, মাঝে অতি মনোরম, দীপ্তিমান্ তমাল সুনীলে ॥

সর্ব্বগোপীযূথবর, মুখচন্দ্র মনোহর, সর্ব্বমুখ দর্শন কারণ। তরল লোচনদ্বয়, তারকাভিরাম হয়, তাতে অতি ফুল্ল মনোরম ॥

তাহাতে প্রফুল্ল মুখ, চন্দ্র বিম্বোদয় সুখ, আনন্দ আনন্দ ময় যাতে। এতেক কহিতে পুনঃ, চাপল্যতা দেখে ছুন, রস মাঝে সুখসিন্ধুরীতে ॥ ৭৩ ॥

সখি হে মোর প্রাণ কিশোর শেখর। রাস মাঝে নৃত্য

চাতুর্য্যসীম চতুরাননশিল্পসীম।
সৌরভ্যসীম সকলাদ্ভুতকেলিসীম

দৃষ্ট্বাহ। তদিদং মম জীবিতং চাপল্যসীম তেষাং সীমা যত্র তদবধিভূতমিত্যর্থঃ। তাদৃশগোপীভিশ্চুম্বিতালিঙ্গিতং বিলোক্যাহ। সহ নৃত্যচুম্বনাদ্যর্থং চপলানামাসাং য স্তৎস্পর্শাদিসুখানুভবস্তস্যৈকপ্রধানং সীম। তাদৃশীভিস্তাভিরেব অনুভবিতুং শক্যমিত্যর্থঃ। তচ্চাতুর্য্যং দৃষ্ট্বাহ চাতুর্য্যেতি। সৌন্দর্য্যং দৃষ্ট্বাহ।

লীলাশুক আশ্চর্য্যান্বিত হওত প্রথম নৃত্যগতির লাঘব (শীঘ্রতা) দর্শনে কহিতে লাগিলেন॥

হে সখি! কি আশ্চর্য্য! ইনি চাপল্যের একমাত্র সীমা, এই সকল চপলা গোপীদিগের যে স্তন স্পর্শাদি সুখানুভব তাহার একমাত্র সীমা, চাতুর্য্যের সীমা, চতুরানন বিধাতার শিল্পের একমাত্র সীমা, সৌভাগ্যের সীমা, সকল আশ্চর্য্য

যদুনন্দনঠাকুরের পদ্য।

গতি, দেখ মহাশীঘ্র অতি, সীমা যাতে পরম চাপল॥

গোপাঙ্গনাগণ মুখ, চুম্বনাদি মহাসুখ, স্পর্শ আদি সুখ অনুভবে। নৃত্যগতি সঙ্গে এই, চাপল্যতা সীমা নাই, তাহার না জানে অনুভবে॥

সেই সেই চাতুরি করি, আলিঙ্গয়ে ব্রজনারী, তা দেখি কহয়ে পুনর্ব্বার। চাতুর্য্যের সীমা হরি, একা এত ব্রজনারী, সদা আকর্ষয়ে বার বার॥

গোবিন্দ সৌন্দর্য্য দেখি, পুনঃ কহে হৈয়া সুখী, দেখ সখি কি রূপ বন্ধান। বিধাতার শিল্প সীমা, দেখ এই মনোরমা, তুল্য দিতে নাহি যার স্থান॥

দূর হৈতে গন্ধ পাঞা, কহে আনন্দিত হৈয়া, সৌরভের

সৌভাগ্যসীম তদিদং ব্রজভাগ্যসীম ॥ ৭৪ ॥
মাধুর্য্যেণ দ্বিগুণশিশিরং বক্ত্রচন্দ্রং বহন্তী
বংশীবীথীবিগলদমৃতস্রোতসা সেচয়ন্তী।

চতুরাননস্য বিধেঃ শিল্পস্য সীমা যত্র। দূরাৎ সৌরভ্যং লব্ধ্বাহ সৌরভ্যেতি। তৎকেলিপরিপাটীং দৃষ্ট্বাহ সকলেতি। ব্রজদেবীনাং তৎপ্রেমাবেশং সৌন্দর্য্যাদিকঞ্চ দৃষ্ট্বাহ সৌভাগ্যেতি। ক্ষণং বিমৃশ্য ন কেবলমাসাং ব্রজস্যাপি ভাগ্যসীমা যত্র ॥ ৭৪ ॥

তাদৃশস্তস্য সাক্ষাদ্দর্শনানন্দেন স্বসৌভাগ্যাতিশয়ং মত্বা সাশ্চর্য্যমাহ। অহো আশ্চর্য্যং মৎপুণ্যানাং পরিণতিঃ পরিপাকোঽয়ং মন্নেত্রয়োঃ সন্নিধত্তে

কেলির সীমা, সৌভাগ্যের সীমা, অধিক আর কি বলিব বৃন্দাবনের ভাগ্যের একমাত্র সীমাস্বরূপ ॥ ৭৪ ॥

সেই লীলাশুক শ্রীকৃষ্ণের সাক্ষাৎকার জনিত মহানন্দে আপনার অতিশয় সৌভাগ্য মানিয়া আশ্চর্য্যসহকারে কহিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

সীমা কৃষ্ণ অঙ্গ। কেলি পরিপাটী দেখি, কহে স্নিগ্ধ হৈয়া আঁখি, অদভূত কেলি সীমারঙ্গ ॥

যত ব্রজদেবীগণ, প্রেমরস অনুক্ষণ, সৌন্দর্য্যাদি দেখি পুনঃ কহে। ব্রজস্ত্রী সৌভাগ্য যাতে, প্রেম পরবীণ তাতে, তিলেক বিচ্ছেদ যাতে নহে ॥

ক্ষণেক বিমর্শি কহে, গোপীভাগ্য কেবল নহে, ব্রজবাসী ভাগ্য সীমাময়। আপন সৌভাগ্য কহি, দর্শন-আনন্দ-ময়ী, পুন এক শ্লোক উচ্চারয় ॥ ৭৪ ॥

সখি! হে, আশ্চার্য্য মোর পুণ্য পরিপাক। গোবিন্দের

মদ্বাণীনাং বিহরণপদং মত্তসৌভাগ্যভাজাং

সাক্ষাদ্বভূব। অহো মম ভাগ্যমিতি ভাবঃ। কীদৃশী। বক্তুচন্দ্রং বহন্তী। কীদৃশং। তং স্বভাবশীতলমপি মাধুর্য্যেণ দ্বিগুণশিশিরং। তথা বংশীবীথীভিস্তন্মার্গৈবিশেষেণ গলন্তি যান্যমৃতস্রোতাংসি তৎপ্রবাহৈস্তৈ ব্রজদেবী র্মাং জগচ্চ সেচয়ন্তী। তথা মদ্বাণীনাং বিহরণপদং বিহারস্থানং। কীদৃশাং। মত্তাঃ

দ্বিগুণতর শীতল মুখচন্দ্রকে ধারণ করিতেছে এবং বংশীর ছিদ্রপথ হইতে বিগলিত সুমধুর নিনাদরূপ অমৃত প্রবাহদ্বারা ব্রজদেবীদিগকে, জগৎকে এবং প্রেমোন্মত্ততাবশত সৌভাগ্য শালী মদীয় বাক্য-পথকে (বর্ণনাকে) সেচন করি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

শ্রীকৃষ্ণের যে মূর্ত্তি, নৈসর্গিক শীতল হইলেও মাধুর্য্যবশত মুখচন্দ্র, সকল আনন্দ কন্দ, যাতে হৈতে নেত্রের সাক্ষাৎ॥

স্বভাব শীতল মুখ, তরুণী নয়ন সুখ, তাতে তার মাধুর্য্য হইতে। দ্বিগুণ শীতল শোভা, মোর লাগে নেত্রে লোভা অদর্শন তাপ নাশে যাতে॥

তাতে বংশীরন্ধ্র দিয়া, ঘন পড়ে বিগলিয়া, অমৃত প্রবাহ কত কত। ব্রজদেবীগণ আর, আমার অন্তরে আর, জগতে সেচয়ে অবিরত॥

ঐছে মোর বাণীগণ, লীলাস্থানে মনোরম, কৈছে তাহা শুন মন দিয়া। তাকে বর্ণিবারে মত্তা, তাতে প্রেম উনমত্তা, আছয়ে সৌভাগ্য ভাজাইয়া॥

অথ রাসে নৃত্য গতি, দেখিলেন শীঘ্র অতি, এক অঙ্গ বহু গোপীগণ। হিয়ার মাঝার হৈতে, আধ তিল অনির্গতে কান্ত্যাচিন্ত্যপ্রবাহোচ্ছলন॥

এমতে গোবিন্দ দেখি, বর্ণিতে লাগিলা লেখি, আশ্চর্য্য

মৎপুণ্যানাং পরিণতিরহো নেত্রয়োঃ সন্বিধত্তে ॥ ৭৫ ॥
তেজসেঽস্তু নমো ধেনুপালিনে লোকপালিনে।

